প্রকাশক:

শীপ্রেমময় মজুমদার

-৪৮/১, মহাত্মা গান্ধী রোদ্,
কলিকাতা->

প্রথম প্রকাশ : ১৭ আখিন, ১৩৬৭

मूजक:

্শ্রীবিভাষকুমার গুহঠাকুরতা ব্যবসা ও বাণিজ্য প্রেস ৯০, রমানাথ মজুমদার দ্রীট কলিকাতা-১

প্রচ্ছদ-পরিকল্পনা : শ্রীকমল শেঠ

বেঁধেছেন : ___
সারদা বাইণ্ডিং ওয়ার্কদ
১০, স্থা দেন স্ট্রীট,
কলিকাতা-১২

আমার শ্রদ্ধাভাজন অধ্যাপক শ্রীবিভৃতি চৌধুরী শ্রীচরণেষু

নিবেদন

কলিকাতা এবং বর্ধমান বিশ্ববিত্যালয় তিন বছরের স্নাতক শ্রেণীর ছাত্রদের পাঠক্রমে বাংলা সাহিত্যের আধুনিক যুগের অধ্যান আবিত্যিক বলে নির্দেশ করে বাঙালী মাত্রের ক্বতজ্ঞতাভাজন হয়েছেন। বর্তমান গ্রন্থটি ছাত্রদের প্রতি দৃষ্টি রেখে লেখা।

গ্রন্থটিকে তথ্যভারে ভারাক্রান্ত করি নি, অবশ্য শুরুত্বপূর্ণ কোন তথ্য যাতে বাদ না পড়ে দে-দিকে লক্ষ্য রেখেছি। পূর্বস্থরীদের নিকট থেকে তথ্য সঙ্কলিত হয়েছে। বিষয়-বিস্থাস, যুগ-বিভাগ প্রভৃতি ব্যাপারে একালের সাহিত্যের ইতিহাদের আলোচকগণের মধ্যে মতৈক্য আছে; সে বিষয়েও বর্তমান লেখকের মৌলিকভার দাবি নেই। তবে পূর্বাপর ঐতিহাদিক যোগস্ত্ত অমুসন্ধানে এবং ঐতিহাদিক সমস্যাগুলি ভূলে ধরবার চেষ্টায় লেখকের স্বাধীন ভাবনার পরিচয় মিলতে পারে।

রবীন্দ্রপর্ব পর্যস্ত ইতিহাসের বিস্তৃত আলোচনা করা হয়েছে। দাম্প্রতিক কালের (অর্থাৎ ১৯৩০-য়ের পরবর্তী পর্বের) আলোচনা দে তুলনায় অনেক দংক্ষিপ্ত। দাম্প্রতিক কালের দিক্দর্শনের চেষ্টা মাত্র এ-গ্রন্থে আছে; ঘটমান কালের দামগ্রিক ইতিহাদ রচনার ভার কিছু ভবিষ্যৎকে দিতে হবে।

আলোচনার সংক্ষিপ্ততা সবক্ষেত্রে সাহিত্যিকের গুরুত্বের যথার্থ প্রতিফলন নয়। ইতিহাসে কোন সাহিত্যিক কতটা প্রাধান্ত পাবের করের মাপকাঠি ছটি। এক। শিল্পী হিসেবে তাঁর সাফল্যের পরিমাণ। ছই। ইতিহাসের ধারায় তাঁর প্রভাবের গুরুত্ব। বিহারীলালের ন্তায় কোন কোন লেখক দিতীয় কারণেই বিস্তৃত আলোচনার যোগ্য। কিন্তু হেম-নবীনাদির ন্তায় কোন কোন কবি এবং অনেক নাট্যকার এর কোন সর্ত পালন না করেও শুধুমাত্র রচনার প্রাচুর্য এবং পূর্বকালে আহরিত খ্যাতির জোরে ইতিহাসের বিস্তৃত জমি অধিকার করে আছেন। শিল্পোৎকর্ষ সত্ত্বেও অনেক গীতিকবি তার সামান্যতম অংশেও আসন পান নি। কিন্তু এই নীতি অনুসরণ করা সম্ভব হয় নি। আন্তরিক দিধা সত্ত্বেও প্রথার প্রতি অনুগত থেকেছি; ছাত্রদের এই সমস্তায় টেনে নেওয়া যুক্তিযুক্ত মনে করি নি।

এই গ্রন্থ রচনায় বন্ধুবর অধ্যাপক শব্ধ ঘোষ, অধ্যাপক নিরঞ্জন চক্রবর্তী,
অমুজপ্রতিম অধ্যাপক কুমারেশ চক্রবর্তী, অধ্যাপক অচিন্তা ভট্টাচার্য,

অধ্যাপক দেবী মিশ্র আমাকে প্রতিনিয়ত উৎসাহিত করেছেন। অধ্যাপিকা জ্যোৎসা গুপু পরিকল্পনায়, তথ্যসংগ্রহে এবং গ্রন্থরচনায় আতম্ভ সাহায্য ক্রেছেন। বন্ধুবর চিন্ময় মজুমদার মুদ্রণ প্রভৃতির ব্যাপারে বিশেষ যত্ন নিয়েছেন।

সিটি কলেজ

কেত্র গুপ্ত

বিষয়-সূচী

প্রথম অধ্যায়	
ভূমিকা	3
দ্বিতীয় অধ্যায়	-
উনবিংশ শতাব্দীর প্রথমার্ধ ঃ	
নব্জাগৃতির প্রস্তুডি	3•
এক। গলসাহিত্য	77
ছুই॥ শুগসন্ধির কবিতা	8৬
তৃতীয় অধ্যায়	
উনবিংশ শতাব্দীর দ্বিতীয়ার্ধ ঃ	
নবজাগৃতির স্থষ্টিউল্লাস	ራ ъ
এক ॥ নাট্য-সাহিত্য	ap
ছুই ॥ কাব্য-কবিতা	৯ ৩
তিন ॥ গল্ল-উপস্থাস	১২৬
চার॥ প্রবন্ধ-সাহিত্য	\$48
চতুর্থ অধ্যায়	
त्रदौक्-भर्व	5 th
এক 🛚 রবীন্দ্রনাথ	১৬৯
ছই ॥ রবীক্র-পর্বের গল্প-উপস্থাস	১৯৩
তিন ॥ রবীব্দ্র-পর্বের কাব্য-কবিতা	200
চার॥ রবীক্র-পর্বের প্রবন্ধ-সাহিত্য	2°¢
পাঁচ। রবীক্র-পর্বের নাটক	২০৯
পঞ্চম অধ্যায়	
সাম্প্রতিককাল	۶,55
এক॥ উপক্তাস ও ছোটগল্প	२ऽ२
ছুই॥ কবিত।	250
তিন ॥ নাটক	२८৮
চার। প্রবন্ধ-সাহিত্য	255
নির্ঘণ্ট	***

লেখকের অন্যান্য গ্রন্থ

প্রাচীন কাব্য: সৌন্দর্য জিজ্ঞাসা ও নব মূল্যায়ন।
কুমুন্রঞ্জনের কাব্যবিচার।
বাংলা সাহিত্যের ইতিহাস (প্রাক্-বিশ্ববিভালয়)
মধুস্দনের কবিআঃ আ ও কাব্যশিল।

अथय जशाञ्च

॥ ভূমিকা ॥

পূর্বতন সাহিত্যিক ঐতিহের সঙ্গে সম্পর্ক

উনবিংশ শতাব্দীতে বাংলা দাহিত্যের ইতিহাদে নূতন দিগন্ত উন্মোচিত হল। জীবনে ব্যাপক পরিবর্তন এল, পরিবর্তন এল চিন্তাধারায়, দাহিত্যিক স্থাইতেও। এই নবীনের রথে পশ্চিম পৃথিবীর পতাকার লেখা নিশ্মই দৃষ্টি এড়ায় না। কিন্তু উনবিংশ শতাব্দীর পিছনেও প্রায় আটশ্ত বংসরের দাহিত্যিক ঐতিহ্য আছে বাংলাদেশের। দে দাহিত্যের পরিমাণ যেমন সামান্ত নয়, তেমনি মূল্যও একেবারে অকিঞ্চিৎকর নয়। একালের দাহিত্যের পবিচয় দেওয়ার আগে দেকালের গৌরচন্দ্রিকা তাই করা প্রয়োজন। একথা মনে রাখবার মত যে কোন জাতির ইতিহাদে কোন যুগে যত গুরুত্বপূর্ণ পরিবর্তনই ঘটুক না কেন প্রানো কালের দঙ্গের মত যোগ দে হারিয়ে ফেলে না। প্রানো বলেই তা শেলেটের লেখার মত সহজে মুছে ফেলবার নয়।

পাল-পর্ব থেকে আরম্ভ করে ইংরেজ বিজ্ঞার পূর্ব পর্যন্ত বাংলা-দেশের যে অর্থনৈতিক কাঠামো তার বিশেষ পারিভারিক নাম হল দামন্তবাদ। গ্রামকে কেন্দ্র করে আর কৃষিকে আশ্রেম করেই এর বিকাশ। এই অবস্থায় বাংলাদেশের গ্রামগুলি হয়ে পড়েছিল আল্প-নির্ভরশীল আত্মসংভরণদক্ষ এবং সম্পূর্ণ আত্মকেন্দ্রিকও। গ্রামের প্রয়োজন গ্রামেই মিটত, বাহিরে যাওয়ার প্রয়োজন ছিল সংকীর্ণ, স্লযোগ-স্মবিধা সংকীর্ণতর।

এই জাতীয় অর্থনীতি বাংলাদেশে এক বিশেষ ধরনের সমাজব্যবস্থার জন্ম দিল। গ্রাম-প্রধান ও কৃষিনির্ভর এই ব্যবস্থায় ধর্মের প্রভাব সঞ্চারিত ছিল জীবনের গভীর অন্তর্দেশ পর্যন্ত। তার মধ্যে কুসংস্থারের পরিমাণও নেহাৎ দামান্ত ছিল না। এই দমাজে মাস্থ্যের ব্যক্তিসন্তার কুম্ল্য স্বীকৃতি পেত না। বংশগত মাপকাঠির দ্মুথে ধর্মীয় কুসংস্থারের মোহে ব্যক্তিত্বের চরম লাঞ্চনা সহাস্থৃতি আকর্ষণ করত না।

এই একই সমাজব্যবন্থা বাংলার বুক জুড়ে দীর্ঘকাল জয়ধ্বনি তুলেছে। রাষ্ট্রশক্তির পরিবর্তন হয়েছে, বক্তিয়ারের আক্রমণে বাংলাদেশের হিন্দু-প্রাধান্ত বিলুপ্ত হয়েছে, অনেক রক্তপাত, অনেক হানাহানি বাংলাদেশের মাটিকে সিক্ত করেছে, আকাশ বাতাসকে করে তুলেছে ক্রন্থন রাষ্ট্রকে সিক্ত করেছে, আকাশ বাতাসকে করে তুলেছে ক্রন্থনর রাষ্ট্রক আবার বর্গীর বর্বর আঘাতে গ্রাম-বাংলা বিধ্বন্ত হয়েছে—কিন্তু মূল অর্থনৈতিক কাঠামেকে সেই সব ঘটনা পারে নি আদে পরিবর্তিত করতে। তাই পারে নি সমাজন্যবন্ধার মধ্যেও কোন মৌল পরিবর্তন আনতে। সেই ক্রিপ্রধান ও আত্মকেন্দ্রক গ্রামীণ ব্যবন্থা, চিন্তার জগতে সেই ধর্মের একছত্র আধিপত্য, রাজায়-প্রজায় সেই একই ধারার সম্বন। সেই উদ্ধানপ্রবন্ধ, পরিহাসরসিক, প্রণয়াত্মরাগী বাঙালীচরিত্র, জীবনচর্চার সেই একই পথে পরিক্রমা—খণ্ডিত জীবনবােধ, সংকীর্ণ পরিপ্রেক্ষিত আর প্রকৃতির সঙ্গে সংগ্রামে বিক্ষত মাত্ম্যের ক্রন্ণনরাল।

ইংরেজ আগমনের পূর্বে এই সমাজব্যবস্থার মূল ভিন্তি অর্থনীতিতে কোন আঘাত পড়ে নি। কখনো কখনো রাষ্ট্রনৈতিক সংঘর্ষে গ্রাম বিপর্যস্ত হয়েছে, নল বেঁধে এক গ্রামের মামুষ গ্রামান্তরে পালিয়ে গিয়েছে, কিন্ত সংঘর্ষের ভারকেন্দ্র পরিবর্তনের সঙ্গে সাবার ভারা ফিরে এসেছে, পূর্বতন জীবনযাত্রার কোন মৌল পরিবর্তন ঘটে নি। এ বিপর্গয় অনেকটা প্রাকৃতিক বিপদপাতেরই মত।

তাই সাধারণ ভাবে বলতে পারা যায় যে অগ্টাদশ শতাকী পর্যস্ত দীর্ঘ আটশত বংসর একই অর্থনৈতিক বাবস্থার পৌনঃপুনিকতার যুগ। ফলে মনন ও মানসস্ষ্টের দিক থেকেও এই যুগ স্বভাবতই একই স্কর ধারণ ও বহন করবে।

দেকালীন বাংলা দাহিত্যের মূল লক্ষণগুলির দংক্ষিপ্ত পরিচয় নেওয়া থাক।

এক॥ সাহিত্যে অস্করণ ধর্ম॥ একালের সাহিত্যের প্রধানতম বৈশিষ্ট্য হল বৈচিত্রের অভাব। মোটামুটি ছটি ধারায়ই বাংলা সাহিত্য চলেছে—পাঁচালী কাব্যের ধারা আর পদাবলী। একের পর এক কবির দল ঐ কাব্য-কাঠামোকেই অস্সরণ করেছেন দিধাহীন ভাবে। ভারবস্তুতেও বৈচিত্রের অভাব লক্ষণীয়। হয় মনসামঙ্গল, চণ্ডীমঙ্গল, ধর্মসঙ্গল, না হলে রামায়ণ-মহাভারত-ভাগবতের অস্বাদ। একই কাহিনী, একই ধরনের পয়ার আর ত্রিপদীতে একই চঙে বলা। পদাবলীর ক্ষেত্রেও

অন্তহীন, একঘেরেমী। অবশ্য চণ্ডীদাস, মুকুন্দরাম বা •ভারতচন্ত্রের মত বড় কবি এই বৈচিত্রাহীনতার মধ্যে বিশিপ্ততা আনতে কতকাংশে সমর্থ হয়েছেন। তবে এক্সপ উদাহরণ বেশি নেই। তেমনি মুসলমানী রোমান্টিক কাব্য এবং পূর্ববন্ধ-গীতিকার স্থায় প্রথাবিরোধী রচনার আয়োজনও সমগ্রের তুলনায় নেহাৎ সামান্থ।

ছই॥ ধর্মের প্রভাব॥ ধর্মকে করে দে-যুগের অধিকাংশ সাহিত্য রচিত; স্পষ্টত ধর্মমত প্রচারই এর প্রধানতম অংশের প্রত্যক্ষ উদ্দেশ্য। মঙ্গলকারেয় নানা লৌকিক দেবদেবীর মাহাত্ম্যকীর্তন এবং পূজাপ্রচারই লক্ষ্য; বৈষ্ণবপদাবলীর প্রেমগীতিও ভক্ত করির লীলাকীর্তন, প্রেমরস আস্বাদন—এ করিতা তাই "বৈষ্ণব ধর্মতন্ত্বের রসভান্ত"। বাঙ্গালীর ধর্ম-প্রাণতার আধিক্য মহামানব রামচন্দ্র ও ক্লফকে কাব্যাত্মবাদ কালে ভগবানে ক্রপান্তরিত করেছে। এমন কি ভারতচন্দ্রের একান্ত লৌকিক প্রণয়কাব্যও কালীমাহাত্ম্যকীর্তনের নামাবলীতে আর্ত। শেকালীন বাংলা সাহিত্যে এই প্রবণতার ঘূটি মাত্র ব্যতিক্রম দেখা যায় আরাকান রাজসভার মূসলমান করিদের রচিত আখ্যায়িকা কাব্যে এবং মৈমন্ট্রাংছ অঞ্চলে প্রাপ্ত কতকগুলি প্রেমগীতিকায়।

তিন। ভাবোচ্ছাদের আধিক্য। বাঙালীর সাধনভজনে ইন্দ্রিয়ালু ভাবাবেগের প্রাধান্ত স্বাই লক্ষ্য করেছেন। বাংলার সেকালীন সাহিত্যেও মননের স্থান সংকীর্ণ, হৃদয়াবেগেরই প্রাধান্ত। ভক্তিতে কিংবা প্রীতিতে যেখানে উদ্ধান প্রকাশ করবার বেশি স্থযোগ পেয়েছে সেগানেই বাঙালী সার্থক ভাবে নিজেকে প্রকাশ করেছে।

চার॥ কবিতার একাধিপত্য॥ আদি ও মধ্যযুগের বাংলা সাহিত্যে স্বটাই কবিতার আয়োজন। জাতীয় চরিত্রে ভাবোচ্ছাদের অতিরেকই সম্ভবত এর প্রধান কারণ। এমন কি চৈত্যভাগবতের মত সমাজদচেতন জীবনীগ্রন্থ বা চৈত্যচরিতামূতের মত তত্ত্বহুল দার্শনিক গ্রন্থ প্রারে রচিত হয়েছে। সাহিত্যে গড়ের ব্যবহার সমকালীন অন্থ কোন ভারতীয় ভাষায় এতটা অচলিত ছিল না।

পাঁচ॥ জীবনম্থিতা॥ ধর্মকে আশ্রয় করে দে-যুগের বাংলা দাহিত্য গড়ে উঠলেও দে-ধর্ম এমনই ধর্ম মানবতার প্রকাশে বাধা দেয় নি। "বাংলা-দেশে এই মানবের মধ্যেই সাধনা, প্রেমই হল ধর্মের প্রাণ। এই সবক্থাই বাংলার যোগমতে, বাংলার তান্ত্রিক সাধনায়, বাংলার প্রাকৃত

শানে চলে আগছে। বাংলাদেশের সাধনার এইটেই প্রাণবস্ত । তেই বাধীনতার জন্ম বাংলাদেশকে অন্থ প্রদেশের সনাতনপন্থীরা কোনদিনই হচক্ষে দেখিতে পারেন নি। অথচ বাংলার বাউলদের এই সব হল সাধনার মূল তত্ব। বাংলাতে বৌদ্ধর্ম এই সবের সঙ্গে মিশে গিয়ে মহাযান হয়ে দাড়াল। প্রেমের সাধনায় অনেক হুঃখ অনেক বিপদ আছে, তবু বাংলা তাকেই স্বীকার করেছে, তবু শুদ্ধ আচার ও জ্ঞানের পথে যায় নি।"— [ক্ষিতিমোহন সেন। বাংলার সাধনা]। বৈক্ষবপদাবলীর ভগবত প্রেমনলীলার মধ্যেও মানবপ্রেমের বাণীই ভাষাবদ্ধ হয়েছে; মঙ্গলকাব্যের সাম্প্রদায়িক উদ্দেশ্যের চারপাশে তৎকালীন মাহুষের জীবনের যে বাশুব চিত্র অন্ধিত হয়েছে তা লক্ষ্যকে ছাপিয়ে উঠেছে। মঙ্গলকাব্যের দেবতারা পর্যন্ত মাহুষের ক্রোধ-ক্ষোভ-লোভের দ্বারা রঞ্জিত হয়ে মহুষ্যপদ্বাচ্য হয়ে পড়েছে। শাক্রসঙ্গীতে বাংলার মাতা-কন্থার আনন্দ-বেদনার স্করই বেজেছে: চাণাগীতির তত্ত্তলিও সমকালীন সমাজ্জীবন ও বঙ্গপ্রকৃতিকেই রূপকের আধাররূপে বরণ করে নিয়েছে।

এই আটশত বছর ধরে বাংলা সাহিত্যে কোনরূপ পরিবর্তন ঘটে নি, একথা অবশ্য ঠিক নয়। কিন্তু শাড়ালীর জীবনে বা সাহিত্যুস্টিতে কোনরূপ মৌলিক রূপান্তর ঘটে নি। মুসলমানদের সঙ্গে সংস্পর্শের ফলে, চৈতন্তদেবের আবির্ভাবে ও ধর্মান্দোলনে কিংবা মুসলমান শাসনের অবক্ষয়ের যুগে নানা রূপজের পরিবর্তন (quantitative changes) দেখা দিয়েছিল ঠিকই, কিন্তু ইংরেজ সংস্পর্শের পূর্ব পর্যন্ত গুণগত পরিবর্তন (qualitative changes) স্তর হয় নি।

ইংরেজ সংস্পর্শের সাংস্কৃতিক ফলাফল

১৭৫৭ সালে প্লাশীর যুদ্ধে ইংরেজদের জয় হল। বাংলাদেশের প্রকৃত রাট্রনৈতিক ক্ষমতা এই সময় থেকেই তাদের হাতে এসে গেল। কিন্তু সাংস্কৃতিক জীবনে উনবিংশ শতাব্দীর পূর্বে ইংরেজী তথা পাশ্চাত্য প্রভাব অম্বভূত হয় নি। প্রধানত ইংরেজদের শিক্ষা ও সাহিত্যের সঙ্গে পরিচয় ঘটার মধ্য দিয়ে এই শতকের বাঙালী বুদ্ধিজীবীশ্রেণী যুরোপের সংস্কৃতির নিক্টবর্তী হল। এর ফলে এদেশবাদীর চিন্তায়, কর্মে ও স্টিতে যে-স্বন্ধ প্রচিত হল তাকেই বাংলার নবজাগৃতি নামে আখ্যাত করা হয়ে থাকে।

মধ্যযুগ থৈকে আধুনিক যুগের যে সামাজিক-সাংস্কৃতিক বিচ্ছেদ তাকেই নবজাগৃতি বা রেনেদাল নাম দেওয়া হয়। যুরোপের রেনেদাল ঘটে গঞ্চদশ-মোড়শ শতকের ইতালীতে ক্লারেল নগরে। প্রায় একশত বছর পরে ইংলণ্ডে এর লক্ষণগুলি দেখা দেয়। বাংলাদেশের রেনেদালের কালু আরও আড়াইশ-তিনশ বছর পরে। এই কালের ব্যবধানে ছটি গুরুত্বপূর্ণ ঘটনা ঘটে গিযেছিল যুরোপে। ইংলণ্ডের শিশ্পবিপ্রব সারা যুরোপের জীবন-যাবায় এবং জীবনাদর্শে ব্যাপক পরিবর্তন নিয়ে এল। দ্বিতীয়ত, পশ্চিমদেশে সাহিত্য-শিল্পের ক্লেত্রে রোমান্টিক আন্দোলন নামে একটা অত্যন্ত প্রভাবশালী আন্দোলনর জন্ম হল। আনাদের দেশের নবজাগৃতি বেনেদাশের প্লবকেবরণ করবার সঙ্গে এই ছুণ্টি ঘটনার তাৎপর্যকেও আয়ন্ত করতে চাইল।

বাংলা দেশের নবজাগৃতির প্রধান লক্ষণগুলি সংক্ষেপে বিবৃত হল।

এক ॥ মানববারে॥ রেনেদান্সের ফলে মান্থবের নহিমা ঘোষিত হল।

ঈধব পেকে দৃষ্টি মান্থবের দিকে ফিরে এল। মান্থবের জাবন ও ভাগ্যই

হল আলোচ্য। এ পৃথিনীকে মধ্যযুগে ছ'দিনের প্রবাদ বলে মনে করা হত,
জীবন ছিল শুধুমাত্র পদাণ্ডে জলবিন্দুর মত—এমুগে সেই পৃথিবীক্ষপ

'চিত্রিত পদ্দেতে পদে ভ্রমর ভূলে র'ল'। মূহুর্তের জলবিন্দুর বর্ণবিকিরণে

দৃষ্টি হল উল্লিসিত। রামমোহন-বিভাগাগর প্রমুখের গনাজদংস্কার, রাষ্ট্রনৈতিক

চিন্তা, শিক্ষাসংস্কার ও শিক্ষাবিন্তারের উৎসে এই মানববাদেই সর্বদা দক্রিয়

ছিল। মধুস্দনের কাব্যে, বিশ্বনের উপভাবে, দীনবন্দুর'নাটকৈ স্বত্র এই

মানববাদের প্রতিষ্ঠা হল নবজাগৃতির প্রধানতম দান।

ছই ॥ যুক্তিবাদ ॥ ঈশ্বর, অর্গ, ধর্ম থেকে মাখ্য ও পৃথিবীর দিকে দৃষ্টি প্রদারিত হলে ভক্তি দিয়ে আব কাজ চলে না, যুক্তির আশ্রয় নিতে হয়। যুক্তিবাদ তাই একালের অন্যতম প্রধান লক্ষণ হযে দাঁড়াল। এই শতকের প্রধান চিন্তানায়কেরা প্রায় সকলেই অল্লাধিক যুক্তিবাদী। একদল যুক্তি দেখিয়ে প্রাচীনকে অস্বীকার করতে চেয়েছেন, একদল যুক্তি দেখিয়েই বরণ করেছেন। বিধবাবিবাহের সমর্থনে যেমন যুক্তি এদেছে তেমনি প্র্কিত এদেছে এর বিরুদ্ধতায়ও। এমন কি হেমচন্দ্র-নবীনচন্দ্রের কোনও কোনও কাব্যের মধ্যেও একটি যুক্তির ক্রম লক্ষ্য করা যায়।

তিন ॥ ঐতিহ্-উদ্ধার ॥ যুরোপের দর্বত্র রেনেদান্স প্রাচীন গ্রীক-লাতিন-হিকে সাহিদ্যোর সমন্ধির দিকে পঞ্চিতদের দৃষ্টি আকর্ষণ কর্মেছে। মধা-যাগেব ধর্মাধিপত্য ও কুনংস্কারের তুমসাগর্ভ থেকে তাকে উদ্ধার করে মানব-মূল্যের পরিপ্রেক্ষিতে দাঁড় করান হল। বাংলাদেশের নবজাগৃতি একদিকে রুরোপের অহুসরণে ঐ দেশের প্রাচীন শাস্ত্র ও সাহিত্যলোকের নৈকট্য ক্রমনা করল, তেমনি আ্বার এদেশীয় প্রাচীন ঐতিহ্যের দিকে তাকাবার তাগিদও অহুভব করল। রামমোহন-বিভাগাগর-দেবেন্দ্রনাথ-কালীপ্রসরভ্দেব-বঙ্কিমের মত মনীধীগণ প্রাচীন ভারতীয় শাস্ত্র ও সাহিত্য গ্রন্থাদি উদ্ধারের চেষ্টা করলেন। প্রাচীন সাহিত্যিক ঐতিহ্য থেকেই কাব্য-কাঠামো গ্রহণ করে অগ্রসর হলেন এই শতকের ক্লাদিক ধারার বাঙালী কবিরা।

চার ॥ নবধর্মান্দোলন ॥ বাংলাদেশে ধর্মসংস্কার আন্দোলনও প্রবল হয়ে উঠল এই পর্বে। প্রাচীন ঔপনিষদিক আদর্শে ব্রাক্ষধর্মের প্রতিষ্ঠা হল। হিন্দুধর্মের মধ্যেও নানাবিধ সংস্কার-প্রয়াস এবং নবজাগরণের লক্ষণ দেখা দিল। এর সঙ্গে মুরোপের রিফ্মিজমের কিছু তুলনা করা চলে।

পাঁচ ॥ ছই ধারার দক্ষ। বাংলাদেশে ইংরেজি শিক্ষা-দীক্ষা-দাহিত্যসংস্কৃতি প্রচারের ফলে এক্টি শ্রেণীর মধ্যে বিদেশীয় ভাবধারা গ্রহণ
করবার অতি-উৎসাহ নির্বিচার পরাস্করণে পরিণত হল। আচার-আচরণে
আহারে-বিহারে এঁরা দেশীয় ভাবধারার বিরোধী হয়ে উঠলেন। এঁদের
সাধারণত "ইয়ং বেঙ্গল" নামে আখ্যাত করা হয়ে থাকে। আবার এর
প্রতিবাদী অপর একদল বৃদ্ধিজীবী দেশীয় ঐতিহ্নকে গ্রহণের পক্ষেই মত
দিলেন। "হিন্দু রিভাইভ্যালিষ্ট" নামেই এঁরা পরিচিত। এঁদের অবশ্য
বাংলার নবজাগৃতির বিরুদ্ধপন্থী বলা সঙ্গত হবে না; কারণ বিদেশী চিন্তাধারার
প্রতি এঁদের অন্ধ বিভ্ন্ধা ছিল না এবং রেনেসালের অনেক মন্ত্রই এঁরা
প্রহণ করেছিলেন।

ছয় ॥ স্বদেশচেতনা ॥ স্বাধীনতা-চেতনা, স্বদেশভক্তি প্রভৃতিও নবজাগৃতির দান। মধ্যযুগের রাজামুগত্য বা কুলগোরব-চেতনার দঙ্গে এর মূলগত পার্থক্য ছিল। মুরোপের জাতীয়-চেতনার দংস্পর্শ এবং দেশীয় ঐতিহাচর্চা, ভারতীয় ঐক্যবোধ প্রভৃতির মধ্যে এই স্বদেশ-বোধের জন্ম হল। এক লেলর সাহিত্যৈ নানাভাবে স্বদেশচেতনা প্রকাশিত হয়েছে। তবে উনবিংশ শতকে শাসকদের প্রতি এদেশীয় চিস্তাবিদ্দের দৃষ্টিভঙ্গি দিধামুক্ত ছিল না। তাদের যুগপৎ শোষকর্মপে এবং নৃতন ধারার উদ্গাতার্মপে এবা দেখেছেন। কাজেই এদের স্বাধীনতা-বাসনা ও সাম্রাজ্যবাদ্বিরোধী মনোভাব একক্ষেক্র সাম্বান্ত লি।

শাত । বাংলার নবজাগৃতির দীমা। দর্বশেষে একটি কথা মনে রাখা প্রয়োজন, আমাদের নবজাগৃতি রোমান্টিক আন্দোলন ও শিল্পবিপ্লবের মনন ও কল্পনার দিকটা যতটা আয়ন্ত করেছে, বান্তবজীবনের মুক্তিতে তার দামান্ততম অংশও অস্থভব করতে পারে নি। চিন্তার স্থনীল আকাশে দে মুক্তি পেয়েছে, কিন্তু বান্তবজীবনযাত্রায় পরাধীন পশ্চাংপদ দেশের বন্ধন তাকে নিয়ত পীড়িত করেছে।

বাংলা সাহিত্যের নূতন দিক্দর্শন

ৰাংলাদেশে নৰজাগৃতির ফলে ভাব-ভাবনায়, চিন্তা ও উপলব্ধিতে যে দব নবত্ব সঞ্চারিত হয়েছে গাহিত্যে তার প্রতিফলন পড়েছে; ফলে অষ্টাদ্শ শতক পর্যন্ত বাংলা গাহিত্যের যে স্বব্ধপ ছিল উনবিংশ শতক থেকে তাতে বড় বড় এবং মূলগত পরিবর্তন দেখা দিয়েছে।

এক ॥ মানবপ্রাধান্ত॥ এ যুগের সাহিত্যের কেন্দ্রে এল মাহুষ, তার জীবন, ভাগ্য ও চরিত্র, তার জাশা-আকাজ্জা-কামনা-বাদনা। পুরাণ, ধর্ম প্রভৃতির নবন্ধপায়ণেও মানবিক দৃষ্টিভঙ্গিই প্রাধীন্ত পেল। ধর্মের একাধিপত্য ঘুচে গেল, যুক্তির দঙ্গে তাকে সন্ধি করতে হল।

ত্বই ॥ গভদাহিত্যের উদ্ভব ॥ বাঙালী তার চরিত্রগত ভাবোচ্ছাদ ও হৃদয-ধর্ম বিদর্জন না দিলেও চিন্তা ও জ্ঞানের নানা দিগন্ত তার কাছে উন্মোচিত হল। কবিতার ভাষা তাই অপর্যাপ্ত বোধ হল। শিক্ষা ও জ্ঞান বিস্তারের কাজে প্রথম সাহিত্যিক গভা আল্লনিয়োগ করল; ক্রমে প্রেটাজন ছাপিয়ে সাহিত্যিক সৌন্ধর্য-স্পষ্টির রাজ্যও দে অধিকার করে বদল। দাহিত্যিক গণ্ডের আবির্ভাবে বাংলা দাহিত্য বহুমুখী বিচিত্রতা পেল।

তিন ॥ দাময়িকপত্রের আবির্ভাব ॥ মধ্যযুগে দাহিত্য ছিল রাজ্পভা কিংবা মঠ মন্দিরের সীমানায় আবদ্ধ। নব্যুগে ব্যাপকভাবে জনদাধারণের মধ্যে জ্ঞান ও আনন্দ বিতরণের উদ্দেশ্যে দাহিত্য দাময়িকপত্রের আশ্রয় গ্রহণ করল।

চার ॥ সাহিত্যে বিচিত্র ভঙ্গি ॥ উপস্থাদ, ছোটগল্প, প্রবন্ধ প্রভৃতি ব্লিচিত্র ভঙ্গির ও আম্বাদের গল্পসাহিত্যের উদ্ভব ঘটল।

পাঁচ ,॥ নাট্যদাহিত্যের জন্ম॥ মুরোপীয় পদ্ধতির রঙ্গমঞ্চ স্থাপিত হল এবং প্রধানত ইংরেজী নাটকের স্থাদর্শে নাটকু রচনার স্থ্রপাত ঘটল।

ছয় । কাব্যসাহিত্যে নবত । পুরাতন একবেয়েমীর স্থানে অজস্র বৈচিত্র্য

এবং অভিনবত্বের স্ত্রপাত হল। কাব্যরূপের দিক থেকে মহাকাব্য,
নুতন ধরনের আখ্যায়িকা কাব্য, সনেট, গীতিকবিতা প্রভৃতির আবির্ভাব ঘটল।
প্রানো মঙ্গলকাব্য বা পদাবলীধারা ক্রুত লুপ্ত হয়ে গেল; কবিতায় জীবনী
লিখবার কথা লোকে আর কল্পনা করতেও পারল না॥

দাত ॥ প্রকৃতিবাধ ॥ বিশ্বপ্রকৃতির বিচিত্র দৌন্দর্য সাহিত্যে নানারূপে দেখা দিতে আরম্ভ করল।

এই যুগের বাংলা দাহিত্যের ইতিহাস আলোচনা কালে, আমরা উপরে নির্দেশিত লক্ষণগুলির বিস্তৃততর পরিচয় পাব।

পর্ববিভাগের যুক্তি

মোটামুটি ভাবে ধরলে ১৮০০ দাল থেকে ১৯৫০ দাল পর্যস্ত এই দেড়শত বংসরের দাহিত্যের ইতিহাস বর্তমান গ্রন্থে আলোচিত হবে। এই যুগকে দাধারণ ভাবে আধুনিক যুগ বলা চলে। এই যুগকে কয়েকটি পর্বে স্থপষ্ঠভাবে ভাগ করে পাঠ করা চলে। তবে সাহিত্যের ইতিহাসে পর্ববিভাগ সংক্রান্ত দাল তারিখগুলিকে খুব কড়াকড়ি ভাবে মেনে নেওয়া কিছু কঠিন।

এই যুগের ইতিহামে চারটি প্রস্পষ্ট দাহিত্যিক পর্বের অন্তিত্ব লক্ষ্য করা চলে—

এক। উনবিংশ শতাকীর প্রথমার্ধ অর্থাৎ ১৮০০ থেকে ১৮৫০ সাল 'নব-জাগৃতির প্রস্তৃতি' নামে এই পর্বকে অভিহিত করা যায়।

ছুই। উন্ত্ৰিশ শতাব্দীর দ্বিতীয়ার্ধ অর্থাৎ ১৮৫০ থেকে উনবিংশ শতাব্দীর শেযপর্যন্ত। নিবজাগৃতির সৃষ্টি উল্লাস'নামে একে আখ্যাত করা হবে।

তিন। রবীন্দ্র পর্ব। রবীন্দ্রনাথের তাবৎ দাহিত্য এবং তাঁর প্রভাবে প্রভাবিত সমকালীন ও পরবর্তী দাহিত্যিকদের এই পর্বাস্তর্গত করা উচিত।

চার। সাম্প্রতিক সাহিত্য। ১৯৩০ থেকে ১৯৫০ সাল। রবীন্দ্র ভাব-মণ্ডলের বাহিরের কবি-সাহিত্যিকদের এই পর্বে আলোচনা করব।

নবজাগৃতির প্রস্তুতি॥ এই পর্বের কাল নির্ধারণ থ্ব কঠিন নয়।
এ পর্যন্ত বাংলা দাহিত্যে নুতন ধরনের স্টেম্লক প্রচেষ্টার স্ব্রেপাড হয় নি।
কবিতা এখনও লেখা চলেছে। তা কতকটা প্রাতন ধারার অমুবৃত্তি, আর
কতকুটা প্রাতন ও নবীন ধারার মধ্যবর্তী একটি স্বল্লস্বায়ী রচনাভঙ্গা। এই
পর্বের প্রধান স্টে বিচিত্র গভার্চনা। দাহিত্যিক গভের উত্তব ঘটেছে এই
পর্বে, এবং পৃষ্টিও। অবশ্য উপস্থাসাদির জন্ম ঘটে নি এখনও। সাময়িকপ্রের

জন্ম, বিভিন্ন সমাজ-সংস্কার ও ধর্মকেন্দ্রিক বিতর্কে এই সমায় নবজাত বাংলা সাহিত্যিক গল্প যেমন পুষ্ট হয়েছে তেমনি বিভিন্ন বিষয়ক জ্ঞান ও চিন্তায় বাঙালীর মনকে নূতন যুগ-ভাবনার উপযোগী করে তুলেছে।

নবজাগৃতির স্থাই উল্লাস ॥ উনবিংশ শতাকীর দিতীয়াই জুড়ে এই পর্বের স্থিতি। এবং এই শতকের শেষভাগ রবীক্ররনার সমৃদ্ধ। কিন্তু রবীক্রনাথকে এই পর্বের বাহিরে রাখা হয়েছে। এই পর্বে নাইক, নূতন ধরনের কাব্যক্রিতা, উপস্থাস প্রভৃতি বিচিত্র স্ক্রনধর্মী সাহিত্যক্রপের জন্ম এবং গবিশেষ পুষ্টি ঘটেছে। প্রবন্ধ-দাহিত্য বিশ্বয়কর উন্নতিলাভ করেছে, সাময়িক পত্রিকায় এসেছে গুণগত উৎকর্ষ। পূর্ব পর্বে বৃদ্ধি ও জ্ঞান চর্চায় যে ভিন্তিকে দৃঢ় করা হয়েছে এই পর্বে তাই-ই যেন বিচিত্র সোক্র্যমৃতিতে বিকশিত হয়ে উঠেছে। রচনার প্রাচুর্যে, উল্লোগ-আয়োজনের বহুলতায় সমগ্র জাতির জীবনের কর্ম-চাঞ্চল্য দাহিত্যের তটে স্থগভীর আলোড়ন ভূলেছে। একথা অবশ্য ঠিক যে এই পর্বের স্বল্লসক্রই উচ্চ প্রতিভার অধিকারী বলে স্বীকৃত হয়েছেন। কিন্তু প্রথম স্থরের প্রতিভা কখনও অজন্ত্র সংখ্যায় জন্মান না। মাফল্যের পরিমাণ যাই-ই হোক না কেন স্থায়ের উল্লাসে বাংলার মাহিত্যিককুল সেদিন মেতে উঠেছিলেন। তার গুরুত্ব অধীকার করার নয়।

রবীন্দ্র পর্ব ॥ রবীন্দ্রনাথের স্থাইকাল উনবিংশ শতান্দীর শেষভাগ থেকে আমৃত্যু বিস্তত। বিংশ শতান্দীর একটা বড় অংশ জুড়ে তিনি বাংলা সাহিত্যে একছত্র আধিপত্যে স্থিত ছিলেন। তাঁকে তাই উনবিংশ শতান্দীর অন্তভূকি রূপে নিঃসংশয়ে প্রতিষ্ঠিত করা উচিত নয়। বিশেষ করে. রচনার প্রাচুর্যে, বিচিত্রতায় এবং উৎকর্ষে, সমকালের সাহিত্যিকদের উপরে গভীর প্রভাব বিস্তার করায় তাঁর প্রতিভার স্থান এতই অন্ত যে তাঁর নামে একটি স্বতম্ন পর্বকে চির্হিত করা অবশ্য কর্ত্য।

সাম্প্রতিক সাহিত্য॥ কিন্তু রবীন্দ্রনাথের জীবৎকালেই (১৯৩০ সালের কাছাকাছি সময় থেকে) রবীন্দ্রপ্রভাবোত্তীর্ণ একটি নব্য ধারার প্রতি স্ত্রপাত লক্ষ্য করা যায়। এই সাহিত্যিকদের সংক্ষিপ্ত পরিচয় বাংলা সাহিত্যের একালের ইতিহাসের আলোচনায় একরূপ অপরিহার্য॥

षिठीय व्यथाय

॥ উনবিংশ শতাব্দীর প্রথমার্ধ : নবজাগৃতির প্রস্তুতি ॥

নৃতনের আবির্ভাবে প্রানোকে, পথ ছেড়ে দিতেই হয়, যেমন জীবনে তেমনি সাহিত্যেও। তবে সাংস্কৃতিক জীবনে এই পরিবর্তন রাতারাতি ঘটে না। নানাবিধ জটিলতা দেখা দেয়। বুদ্ধি, চিন্তা ও জ্ঞানের রাজ্যে প্রথমত নানাবিধ সংঘাতের স্ফেই হয়। বুদ্ধির পথ ধরেই নবীন প্রথম মান্তবের অন্তরে প্রবেশ করে। হৃদয়ধর্মের দঙ্গে বিজ্ঞিত হতে তার অপেক্ষাকৃত কিছু বেশি সমম লাগে।

উনবিংশ শতাকীর প্রথমার্থ জুড়ে শিক্ষাবিস্তার, সমাজসংস্থার, নব্য মান্বকেন্দ্রিক জ্ঞানচর্চা, ধর্মান্দোলন প্রভৃতির তরঙ্গে বাংলাদেশ আন্দোলিত হয়েছে। এই সব আন্দোলনের মধ্য দিয়ে আমরা চিন্তা-চেতনা ও জ্ঞানের রাজ্যে নব যুগধর্মে দীক্ষিত হয়েছি। লক্ষণীয়, এই পর্বেই চিন্তা, বৃদ্ধি ও জ্ঞানের ভাষা গভের উত্তব ও বিকাশ সম্ভাবিত হয়েছে। ইতিহাস নানাভাবে তার প্রয়োজন মিটিয়ে নিয়েছে। কিন্তু অহুভৃতি-উপলব্ধির ক্ষেত্রে নবীনকে আয়ন্ত করতে আরন্ত কিছু সময় লেগেছে। এই পর্বের কবিতায় তাই কতকাংশে প্রাচীনের অম্বর্তন চলেছে, কতকাংশে যুগসন্ধির লক্ষণ প্রকাশিত হয়েছে। প্রাতন কাব্যধারা বাঙালীর অন্থিমজ্জায় জড়িয়েছিল, তাকে বিসর্জন দেওয়ার বাসনা জাগা সহজ, কিন্তু সর্বাংশে পরিহার করা তত সহজ নয়। বিশেষ করে গ্রামাঞ্চলে সেকালীন কাব্য-কবিতার প্রচলন দীর্ঘকাল অব্যাহত ছিল। কিন্তু শিক্ষিত লেখকদের হাতে প্রানো কবিতার যথায়থ অম্বর্গণ ঘটল না। নবীনের স্বার্দেশে পেঁছিবার চেষ্টা তাঁরা করলেন।

উনবিংশ শতাব্দীতে গলসাহিত্যের উত্তব ও বিকাশ ঘটেছে ঠিকই, কিছ সত্যকার স্থলনশীল রচনার আবির্ভাব ঘটে নি দিতীয়ার্থের পূর্বে। এক্ষেত্রেও কারণটি একই। বুদ্ধি-চিন্তা-জ্ঞান রাজ্যের বাহন হিসেবে গল্প-সাহিত্য বিকশিত হয়েছে, ধীরে ধীরে রস-স্প্রের ক্ষমতাও সে সংগ্রহ করেছে। কিছ রসস্প্রের অমুক্ল মনের জন্ম হতে কিছুকালের পশ্চাৎভূমির প্রয়োজন হয়েছে।

গভূসাহিত্য

ভূমিকা

সাধারণভাবে উনবিংশ শতাকীর প্রথমাধুকে আমর। নবজাগৃতির প্রস্তুতিকাল বলে অভিহিত্ন করেছি) কিন্তু দাহিত্য মনোরাজ্যের স্টে বলেই দাল মিলিয়ে এর কাল-ভাগ করা পুরোপুরি দফল হবার নয়। খোলা মন নিয়ে এদিক দিয়ে আমাদের অগ্র্যার হতে হবে। গ্র্যাহিত্যের ইতিহাদের বিচার করলে দেখা যাবে বঙ্কিমচন্দ্রের সাহিত্যক্ষেত্রে আবির্ভাব এ রাজ্যে শুণগত পরিবর্তন নিয়ে এল। স্টির উৎসবে নিদ্মভাবে বাংলা গভের প্রাণি হল। কাজেই গভ্নাহিত্যের দিক থেকে বঙ্কিমের পূর্ব পর্যস্ত প্রস্তুতি যুগের মধ্যে প্রহণ করা যুক্তিদঙ্গত) তার ফলে কালমাপ ১৮৫০ থেকে আরও একটি দিকে লক্ষ্য রাখা প্রয়োজন। প্রস্তুতি যুগের অনেক গদ্যলেখকই বঙ্কিমের আবির্ভাব এবং গাহিত্যিক প্রতিষ্ঠার পরেও গ্রন্থ রচনা করেছেন। সেই দব প্রস্তুকারদের রচনাগুলিকে গাল ধরে প্রাক্-বঙ্কিম এবং বঙ্কিম যুগে ছ'ভাগ করে দেওয়া চলে না। বাদেরই ব্যক্তিত্ব প্রাক্-বঙ্কিম যুগে বিকশিত, এবং কিছু কিছু প্রধান রচনা এই কালে প্রকাশিত তাঁদের এই পর্বের লেখক বলেই আমরা গ্রহণ করব।

প্রথম যুগের বাংলা গলসাহিত্যের কতকগুলি দাধারণ লক্ষণ এবং সমস্তা সতর্ক পাঠকের দৃষ্টিতে অবশ্যই পড়বে।

এক॥ /বাংলা গভার উদ্ভব ও বিকাশে বিদেশী লেখকদের অবদান বিষয়ে পণ্ডিত-গবেষকদের মধ্যে মতভেদ আছে) কিন্তু এ দম্বন্ধে বিস্তারিত আলোচনায় দেখা যাবে গভাদাহিত্যের লেখক হিদেবে তাঁদের ভূমিকা উল্লেখযোগ্য নয়। তিবে বাংলা গভার সংগঠক এবং পরিকল্পনা রচনার দিক দিয়ে কেরী সাহেব, মার্শম্যান প্রমুখ ইংরেজ মিশনারীদের ভূমিকা অত্যন্ত গুরুত্বপূর্ণ। এঁ দের প্রত্যক্ষ সহযোগিতা এবং পরিকল্পনা ছাড়া বাংলা গভার বিকাশ যে ব্যাহত হত তাতে দন্দেহ নেই। গ্রন্থকার হিদেবে এঁ দের মধ্যে কেরীই উল্লেখযোগ্য। কিন্তু ভাষার দিক থেকে গুরুত্বপূর্ণ তার বাংলা গ্রন্থগুলি অভ্যের রচনা, তিনি দেখানে সম্পাদক মাত্র। কিন্তু ফোর্ট উইলিয়মের বিভাগীয় পরিচালকরণে

এবং মিশন প্রেসের কর্মকর্তারূপে, উৎসাহ ও প্রেরণা দিয়ে, পরিকল্পনা রচনা করে বাংলা গভাদাহিত্যের স্থাষ্টকৈ তিনি দহজ করে তুলেছেন। ইংরেজ মিশনারীদের স্থাপিত ছাপাখানা এবং প্রচারিত সাময়িক পত্রের কথাও এদিক দিয়ে বিবেচ্য।

ছই। বাংলা গভের আদিরূপেরমধ্যে চারটিরীতি বিশেষ ভাবে লক্ষণীয়। মিশনারীদের বাইবেল অম্বাদের মুধ্য দিয়ে ইংরেজী ধরনের পদবিভাদপুষ্ঠ তুর্বোধ্য একটি রীতি দেখা দিল। "দাহেবী বাংলা" নামে এদের অভিহিত করা চলে। মুদলিম যুগের ফার্দী শিক্ষার ঐতিহ্যবাহী মুনদীদের রচনায় ফার্দীবহুল একটি গঘভঙ্গী অমুস্ত হল। এটিকে বলা হয় "আদালতী রাংলা"। এ ছাড়া সংস্কৃত ভাষার আনুর্শে গম্ভীর তৎসম শব্দাদি যোগে প্রচলিত "দাধুরীতি" এবং লোকপ্রচলিত কথ্য ভাষার উদাহরণ হিদেবে "কথ্যরীতি"ও গ্রন্থাদিতে স্থান পেয়েছিল \ সাহেবী এবং আদালতী বাংলা খুবই স্বল্পায়ী হয়েছে। বাংলা ভাষার প্রাণধর্মের সঙ্গে এদের যোগ সামান্ত বলে এই ছুই ধারা একেবারেই লুপ্ত হয়েছে। (কিন্তু মৃত্যুঞ্জের হাতে পুষ্ট, বিভাদাগরের বারা পরিণত, অক্ষরকুমারের দারা শংহত সংস্কৃতাহুণ "দাধুরীতি" বাংলা গণ্ডের প্রধানতম ভাষাভঙ্গি হিসেবে দীর্ঘকাল প্রচলিত থেকেছে। জ্ঞানচর্চা এবং শিল্প-দেশ উভয়ের প্রকাশেই এই ভাষা আপন যোগ্যতাকে নিঃদংশয়ে প্রমাণিত করেছে। "কথারীতি" প্রথমে 'কথোপকথন' প্রভৃতি গ্রন্থে উদাহরণরূপে সঙ্কলিত হয়েছে। মৃত্যুঞ্জয়ের হাতে সংলাপের ভাষা হিসেবে কথ্যভাষা প্রাণবন্ত ও মাজিত রূপ ধারণ করেছে। পরবর্তীকালে প্যারীচাঁদ সরল, অবোধ্য ভাষায় সাহিত্য রচনা করতে চেয়েছেন। অবশু এদিক থেকে বৈপ্লবিক অভিনযত্ব এনেছেন কালীপ্রদর। পূর্ববতী কণ্যরীতির কাঠামোটি ছিল দাধু, কালীপ্রসন্ন উচ্চারণ বৈশিষ্ট্যদহ পূর্ণাঙ্গ চলিত ভাষার প্রয়োগ করলেন। তবে দাধারণভাবে এই যুগ দাধুরীতির যুগ)

তিন। (গল্পাদির অম্বাদ দিয়ে গভগাহিত্যের স্ত্রপাত ঘটলেও এই যুগে অতি ক্রত প্রবন্ধ সাহিত্যের উত্তব ও অনেকখানি বিকাশ ঘটেছে। দর্শন-বিজ্ঞান, সাহিত্যসমালোচনা, ইতিহাস, সমাজনীতি, রাজনীতি প্রভৃতি নানা বিষয় অবলম্বনে প্রবন্ধ রচিত হতে পারে। যুক্তি তথ্য প্রমাণের সাহায্যে কেইন সিদ্ধান্তে পোঁছানই প্রবন্ধের লক্ষ্য। প্রবন্ধ জ্ঞানবিস্তার করে, তবে স্কলকলেজের শিক্ষকের ভূমিকা প্রবন্ধ গ্রহণ করে না; জ্ঞানচর্চা, চিস্তা ও চেতনার নব নব মারোদ্বাটনেই এর যথার্থ সার্থকতা। এই জাতীয় প্রবন্ধকে "বিষয়

গৌরবী" (objective) নামে আখ্যাত করা চলে) অপুর শ্রেণীর প্রবন্ধকে সাহিত্যিক প্রবন্ধ, রসরচনা বা "আজ্পোরবী" (subjective) প্রবন্ধ বলা চলে। জীবনমূতি, শ্রমণকাহিনী, চিঠিপত্র, ডায়েরী, নকদা—আত্মারবী প্রবন্ধও নানা জাতের হতে পারে। যে-কোন বিষয়বস্তু অবলম্বন করে এ ধরনের রচনা লেখা চলে। 'এর প্রধান বৈশিষ্ট্য হল এই যে লেখক এখানে শিক্ষাদাতাও নন; জ্ঞান-চিন্তার চর্চাও তাঁর কাজ নয়[®]। যুক্তি তথ্য সহযোগে তিনি কিছুই প্রমাণ করতে চান না। তিনি মূলত সৌন্ধ্স্রাইটা, পাঠককে चानन (मुख्याहे जांत नका। এখানে লেখক আপন উপলব্ধির কথা বলেন, নিজের হৃদয়ের গোপন কথা ব্যক্ত করেন, ভাষা দিয়ে ছবি আঁকেন, ব্যঙ্গ কৌতৃকের স্পর্শে রচনাকে আস্বান্ত করে তোলেন। বাংলা গল্ভ-গাহিত্যের প্রথম যুগেই প্রবন্ধ-দাহিত্যের উদ্ভব ঘটেছে। রামমোহনকে বিষয়গৌরবী প্রবন্ধের প্রস্থা বলা উচিত। বিভাগাগর, অক্ষরকুমার, ভূদেব মুখোপাধ্যায় প্রভৃতির মধ্য দিয়ে বাংলা প্রবন্ধ ক্রমেই পরিণতি লাভ করে। আত্মগৌরবী প্রেবন্ধের স্থাপত ভবানীচরণের নক্ষায়; বিভাসাগরের ক্ষেক্টি লেখার মধ্য দিয়ে 'হুতোম প্যাচার নকদা'য় এবং দেবেন্দ্রনাথেশ রচনায় তা বিশেষ উৎকর্ম লাভ কবে।

সমালোচনা প্রবন্ধদাহিত্যের একটি প্রধান বিভাগ। প্রাক্-বিশ্বম বিংলা গভে সমালোচনা-প্রবন্ধ কিছুটা বিকাশ লাভ করে। ১৮২৪-২৫ সাল থেকে "সমাচার দর্পণ" পরিকায় পুস্তক সমালোচনা প্রকাশিত হতে থাকে। সেগুলি অবশ্য সমালোচনা-প্রবন্ধ নামের যোগ্য নয়। ১৮৩০ সালে কাশীপ্রসাদ ঘোষ ইংরেজীতে বাংলা সাহিত্য সম্বন্ধে এক প্রবন্ধ লিখলেন। ঐ বছরেই তার বাংলা অহ্বাদ প্রকাশিত হয় সমাচার দর্পণে। সমালোচনামূলক প্রথম প্রবন্ধ হিসেবে এ প্রবন্ধের কিছু মূল্য আছে। ইংরেজী সাহিত্যের সংস্পর্ণে এসে বাঙালী তরুণদের সাহিত্যক্ষচি বেড়ে যায়; "বেঙ্গল রিভিউ" পরিকায় ইংরেজীতে সমালোচনা প্রবন্ধ প্রকাশিত হতে থাকে। ১৮৫১ সালে বিভাসাগরের "সংস্কৃত ভাষা ও সংস্কৃত সাহিত্য শাস্ত্র বিষয়ক প্রস্তাব"টি বীটন সোসাইটিতে পঠিত হয়। গ্রন্থাকারে এটি প্রকাশিত হয় ১৮৫০ সালে। পরবৃতী উল্লেখযোগ্য সমালোচনা-প্রবন্ধ "বিবিধার্থ সংগ্রহ" পরিকায় প্রকাশিত হয়।

বাংলা গদ্যদাহিত্যের প্রথম যুগের এই প্রবণতাগুলির পটভূমিকায় এই পর্বের ইতিহাদ পাঠ করা উচিত 🕽

প্রাক্-আধুনিক বাংলা গগ

ন্যাংলা পয়ার ছন্দের ছিল এক আশ্চর্য প্রকাশক্ষমতা। গছাত্মক ভাবভাবনাকে পর্যন্ত এই ছন্দে স্বছন্দে প্রকাশ করা যেত; উদাহরণ, "এটিত ছাচরিতামৃত"। নিত্যকার প্রয়োজন ব্যতীত গছের স্থান সাহিত্যের প্রাঙ্গনে
অবারিত ছিল না। কিন্তু অষ্টাদশ শতক পর্যন্ত এদেশে বাংলা গছে কিছু
কিছু লেখা হয়েছে। সেগুলির কথা ইতিহাদ পাঠক বিশ্বত হতে পারেন না।
বৈশ্বর কড়চা নিবশ্বগুলিতে গছা ভাষার কিছু চিষ্ণ মেলে। "শৃষ্টা
পুরাণে"র ভাষাও অংশত গছা এমন মনে করবার কারণ আছে। তবে এই
রচনাগুলির কোনটিকেই সপ্তদশ শতকের পূর্ববর্তী কালের বলে গ্রহণ করা
চলে না। যোড়শ শতকের কুচবিহারের মহারাজার গছো লেখা একটি পত্র
পাওয়া গিয়েছে। সপ্তদশ-অষ্টাদশ শতকের কয়েকটি পত্র ও দলিল-দন্তাবেজেও
বাংলা গছোর নিদর্শন মিলেছে। গছাভাষা হিদেবে এগুলির মূল্য বিশেব
নেই। পরবর্তীকালের সাহিত্যিক গছোর উপরে এর কোন প্রভাবত নেই।

মিশনারী প্রচেষ্টায় বাংলা গত

পোতৃ গীজ মিশন ॥ 'য়ুরোপীয় জাতিগুলির মধ্যে পোতৃ গীজদের সঙ্গেই বাংলা দেশের প্রথম সম্পর্ক স্থাপিত হয়। খ্রীষ্টধর্ম প্রচার করতে গিয়ে তাঁরা বাংলা ভাষা শিষে বাংলায় বই লেখা প্রয়োজনীয় বলে বোধ করতে লাগলেন। সপ্তদশ শতকেই যে এ জাতীয় কিছু গভ রচনার আবির্ভাব ঘটেছিল তার পরোক্ষ প্রমাণ আছে। অষ্টাদশ শতাকীতে রচিত কিছু গ্রন্থ পাওয়া গিয়েছেঃ—

এক। দোম এন্তনিও রচিত "ব্রাহ্মণ রোমান ক্যাথলিক সংবাদ"। লেখক বাঙালী জমিদারপুত্র: মগদস্যদের দারা অপহৃত হলে, পোতৃগীজ পাদরীরা তাকে কিনে নেয় ও গ্রীইধর্মে দীক্ষা দান করে।

ছই। মানো-এল-দা-অস্ফুম্পসাম এর গ্রন্থ "ক্রপার শাস্ত্রের অর্থভেদ।"
অনেক গবেষকের মতে এই গ্রন্থের বাংলা অংশের অনুধাদ অস্ফুম্পদাম
দেশীয় প্রীষ্টানদের দিয়ে করিয়েছিলেন।

্তিন। মানো-এল একথানি বাংলাভাষার ব্যাকরণ ও পোতু গীজ বাংলা শক্ষােষ রচনা করেন।

পরবর্তী বাংলা গলে পোর্ডুগীজ মিশনের কোনই স্থায়ী প্রভাব রক্ষিত

হুয়নি। তবে দেশীয় ভাষার প্রতি য়ুরোপীয়দের আগ্রহের স্চনা এঁদের মধ্যে; কেরী, মার্শম্যানের এঁরাই পূর্বস্বী।

ইংরেজ শাসকুও শ্রীরামপুর মিশন। এদেশে রাষ্ট্রাধিকার স্থাপিত হওয়ায়
ইংরেজ শাসকবর্গ দেশীয় ভাষার প্রতি স্বভাবতই কিছুটা আরুষ্ট হলেন।
ইংরেজদের বাংলা শেখাবার জন্ম হালহেড অষ্ট্রাদেশ শতকে একটি বাংলা
ব্যাকরণ বই লিখলেন ইংরেজিতে। এই শতাকীতেই আইনের বঙ্গান্থবান
করা হল। বলা বাহুল্য এ ভাষা অত্যন্ত জড়। কিন্তু এরা বাংলা
সাহিত্যের স্বাপেক্ষা উপকার করলেন মুদ্রাযন্ত্র স্থাপন করে।

মুদ্রাযন্ত্র প্রতিষ্ঠিত হবার পূর্বে আমাদের দেশে হাতে লেখা পুঁথি প্রচলিত ছিল। তুলাই কাগজ, তালপাতা বা ভূজ পাতায় এই দব পুঁথি লিখিত হত। যাদের প্রয়োজন তারা নকল করিয়ে নিত। তখন অক্ষর জ্ঞানসম্পন্ন লোকের লংখা বেশী ছিল না। কথকতা-কীর্তন-পাঁচালী গানের মারফং তখনকার ন্যাইত্য লোকের কাছে পৌছত। কিন্তু গত-দাহিত্য ঐ ভাবে প্রচারিত হুট্রে পারে না। স্কুল-কলেজের পাঠ্য বই মুদ্রিত হওয়া দরকার, অনেক শিক্ষিত লোক থাকলে বহু সংখ্যক মুদ্রিত পুস্তক ছাড়া তাদের জ্ঞানত্য়া নির্ভ করা যায় না। মুদ্রাযন্ত্র একদঙ্গে অল্লায়াদে বহু সংখ্যক গ্রন্থ প্রস্তুত করে। নকলকারেরা ইচ্ছামত মূল বইয়ের পরিবর্তন করত, মুদ্রিত বইয়ের পরিবর্তন অসম্ভব। নানা কারণেই মুদ্রাযন্ত্রের স্থাপনা যে-কোন সাহিত্যের পক্ষে থ্রই গুরুত্বপূর্ণ ঘটনা। শাসনকার্যের জন্ত ইংবেজ কর্ত্বিক্ষ মুদ্রাযন্ত্রের প্রয়োজনীয়তা অন্তব করছিলেন। হালতেডের ব্যাকরণ বইটি এদেশে মুদ্রিত হল। উইল্কিনেশ হরফ তৈরী করে দিলেন। শ্রীরামপুরের পঞ্চানন কর্মকার তার কাছ থেকে হরফ তৈরী শিথে কলকাতায় একটি কারখানা বসালেন।

এদিকে ইংরেজ মিশনারীরা কেরীর নেতৃত্বে শ্রীরামপুরে আগর জমালেন।
এক পুরানো মুদ্রাযন্ত্র ইংলও থেকে আনিয়ে, পঞ্চানন কর্মকারের কাছ থেকে
বাংলা অক্ষর যোগাড় করে শ্রীরামপুরে প্রেদ বদানো হল। শ্রীরামপুর প্রেদ এবং মিশন বাংলা গভদাহিত্যের ইতিহাদে কিছু গুরুত্বপূর্ণ অবদান রেখে
গিয়েছে।

কেরী, টমাদ, ওয়ার্ড, মার্শম্যান প্রভৃতি মিশনারীরা এটি ক্র প্রচারের জন্ত দেশীয় ভাষার আশ্রম নিতে মনস্থ করলেন। ১৮০০ সালে কেরী "মুলল সমাচার ১৮০১ সালে সম্পূর্ণ New Testament এবং Old Testament এর কতকাংশ অনুদিত হয়ে প্রকাশিত হল । ১৮০৯ সালে "ধর্মপুস্তক" নামে সমগ্র বাইবেলের অম্বাদ প্রকাশিত হল । এই বাইবেলের ভাষা অত্যন্ত জড় এবং ক্বত্রিম । বাংলার নিজস্ব পদবিভাসের প্রতি দৃষ্টিপাত না করে ইংরেজী পদবিভাসের অম্বাদ করায় এ গভ বাঙালীদের কাছে পরিহাসের বিষয় হয়ে পড়েছিল।

গভভাষার দিক থেকে শ্রীরামপুর মিশন ও শ্রীরামপুর প্রেদ কোন উল্লেখ-যোগ্য অবদান রেখে যেতে পারে নি। কিন্তু এদের প্রচেষ্টায় ক্বন্তিবাদী রামায়ণ ও কাশীদাদী মহাভারত এবং কয়েকখানি উৎকৃষ্ট সংস্কৃত গ্রন্থ মুদ্রিত হয়ে প্রকাশিত হওয়ায় বাঙালীর কাছে শ্রীরামপুর মিশন আদরণীয় প্রতিষ্ঠানে পরিণত হয়েছিল।

কোর্ট উইলিয়ম কলেজ

রাষ্ট্রশাসন পরিচালনের জন্ম ইংরেজ সিভিলিয়ানদের দেশীয় ভাষা निका করা একান্তভাবেই প্রয়োজন। কোম্পানী এই উদ্দেশ্যে কলকাতায় একটি কলেজ স্থাপন করলেন ১৮০০ দালে। কোম্পানীর উদ্দেশ্যের মধ্যে রাই-শাসন ব্যবস্থা ব্যতীত অন্ত কিছুই ছিল না। কিন্তু ইতিহাসের রথচক্র কোন শাসকের প্রয়োজনকেই খাতির করে না। তাই উক্ত কলেজ কর্তৃপক্ষের প্রয়োজনের গীমায় বদ্ধ রইল না। বাংলা গলসাহিত্যের স্ষষ্টিতে এই প্রতিষ্ঠান এক উল্লেখযোগ্য ভূমিকা গ্রহণ করল। এই কলেজটি হল ফোর্ট উইলিয়ম কলেজ। ১৮০১ খ্রীষ্টাব্দে উইলিয়াম কেরী এই কলেজের বাংলা ও সংস্কৃত বিভাগের ভার পেলেন। ১৮১৪ দাল পর্যন্ত এই কলেজট তার উদ্দেশ্য পালন করে গিয়েছে। কিন্তু ১৮১৫ দালের পরে তার ইতিহাস সমস্ত গুরুত্বহারিয়েছে। ১৮০১—১৮১৫ এই কয় বৎসর ফোর্ট উইলিয়ম কলেজ বাংলা গত্যনাহিত্যের ভিত্তি স্থাপন করে এদেশের সাংস্কৃতিক ইতিহাদে বিশেষ প্রভাব বিস্তার করেছে। অবশ্য ১৮১৫ সালের পরে রামমোহনের আবিভাবে, ফোর্ট উইলিয়ম কলেজের বাইরেকার নানাবিধ প্রতিষ্ঠান গভ সাহিত্যের দায়িত্ব গ্রহণ করায় ভারকেন্দ্র ফোর্ট উইলিয়ম কলেজ থেকে সরে গেল। অথচ বাংলায় গছসাহিতা রচনা করা এই কলেজের লক্ষ্য ছিল না, ছিল উপলক্ষ মাত্র। এই উপলক্ষই কিন্তু কলেজটিকে ইতিহাসের वूटक गर्गाना निरम्र ।

অবখ এর জন্ত প্রথমেই কেরীর ভূমিকার কথা শরণ করতে হয়।
কেরী পূর্বেই বাংলা গভের প্রতি আক্কুই হয়েছিলেন বাইবেল অম্বাদপ্রসঙ্গে।
বাংলা বিভাগের প্রধান হিদেবে গভ-গ্রন্থের অভাব প্রথমেই তিনি লক্ষ্য
করলেন। তিনি যে-সব পণ্ডিত ও মুনসীকে শিক্ষকরূপে নিযুক্ত করেছিলেন
তাঁদের সাহায্যে নিজে যেমন গভগ্রন্থ সঙ্কলনের কাজে হাত দিলেন তেমনি
তাঁদেরও স্বাধীনভাবে গ্রন্থরচনায় উৎ্যাহিত করতে লাগলেন।

কোট উইলিয়ম কলেজের মধ্যে প্রধান হলেন তিনজন—স্থাং কেরী, প্রধান পণ্ডিত মৃত্যুঞ্জয় বিভালস্কার এবং কেরীর প্রাক্তন মুনসী রামরাম বস্থ। অভাভ পণ্ডিতদের রচিত গ্রন্থভালির একটি তালিকা নিমে প্রদত্ত হল—

১। গোলকনাথ শর্মা—"হিতোপদেশ" (১৮০২), ২। তারিণীচরণ , মিত্র—"ওরিয়েন্টাল ফেবুলিস্ট" (১৮০৩) ৩। চণ্ডীচরণ মুনদী—"তোতা হ'তহাদ" (১৮০৫); ৪। রাজীবলোচন মুখোপাধ্যায়—"মহারাজ-ক্ষচন্দ্র-রায়ুষ্ঠেরিত্রং" (১৮০৫); ৫। হরপ্রদাদ রায়—"পুরুষপরীক্ষা" (১৮১৫)।

আরও হু'তিনখানি গ্রন্থ ফোর্ট উইলিয়মের লেখকগোষ্ঠার দারা রচিত ও প্রকাশিত হয়েছিল। এই গ্রন্থভিল প্রধানত ইংরেজী, ফার্দী বা সংস্কৃত গ্রন্থের অহ্বাদ। এবং আখ্যানধর্মী।) ক্লঞ্চন্দ্রের জীবনীও প্রকৃত প্রস্তাবে গালগল্পের সঙ্কলন। এই দব গ্রন্থের ভাষায় অকারণ সংস্কৃতাধিক্য এবং ফারদী শব্দের প্রয়োগ যেমন দৃষ্ট হয়, তেমনি দ্রান্বয়, বিভক্তিযুক্তপদ গঠনে ত্রুটি লক্ষ্য করা যায়। (ভাষা অনেকাংশে ছুর্বোধ্য, প্রাণহীন এবং ক্বত্রিম। কিন্তু এর পূর্বে বাংলা গভে থে-সব পুস্তক প্রকাশিত হয়েছে (মিশনারী প্রচেষ্টার কথা এ প্রসঙ্গে স্মরণীয়) তার তুলনায় এঁদের ভাষা বহুগুণে শ্রেষ্ঠ এবং প্রকৃত বাংলা ভাষার অনেক নিকটবর্তী 🕽 এদিক দিয়ে বিচার করলে এঁদের সাধারণভাবে সাহিত্যিক বাংলা গভের স্থাপয়িতার সন্মান দিতে হয়। কলেজের প্রধান তিনজন গ্রন্থকারকে ধরলে এ কথা নিঃদংশয়ে মেনে নিতে হয় যে ফোর্ট উইলিয়ম কলেজই বাংলা সাহিত্যিক গছের প্রকৃত ভিদ্তি স্থাপন করল। পূর্বোক্ত পণ্ডিতদের মধ্যে ·হরপ্রসাদ রায়, তারিণাচরণ প্রভৃতির গ্রন্থ কলেজের বাহিরেও বেশ কিছু জনপ্রিয়তা লাভ করেছিল। সম্ভবত এঁদের গল্পের নবীনতাই তার কারণ। সব দিক বিবেচনায় ফোর্ট উইলিয়ম কলেজের মর্যাদা বাংলা গভাসাহিত্যের ইতিহাসে অবশুই স্বীকার করে নিতে হয় 🕽

এবারে কোর্ট উইলিয়ম কলেজের প্রধান তিনজন গ্রন্থকারের বিষয়ে আলোচনা করা যাক।

উইলিয়ম কেরী (১৭৬১-১৮৩৪)

পরিচয় / বাংলা গভদাছিত্যের ইতিহাদে কেরীদাহেবের অবদান বিশেষ উল্লেখযোগ্য। বাংলা গভভাষার চর্চা ধর্য-প্রচারন্ধপ লক্ষ্যের উপায় হিদেবে তিনি গ্রহণ করেছিলেন। কিন্তু শেষ পর্যন্ত উপায়ের গৌণভূমিকায় না থেকে লক্ষ্যের মৃথ্য ভূমিকা দে অধিকার করে বদল। শ্রীরামপুর থেকে কেরী পূর্বেই বাইবেলের বঙ্গান্থবাদ প্রকাশ করেছিলেন। ফোর্ট উইলিয়ম কলেজের বিভাগীয় প্রধান ন্ধপে তিনি পণ্ডিত-মুনগীদের দ্বারা বই লিখিয়ে মুদ্রণের ব্যবস্থা করতে লাগলেন। প্রস্কারাদি বিতরণ করে লেখকদের উৎদাহকে দজীব রাখার ব্যবস্থাও করলেন। তিনি নিজেও প্রত্যক্ষভাবে গ্রহকার ন্ধপে অবতীর্ণ হলেন)

গ্রহাবলী ও ভাষা॥ কলেজে তাঁর ছটি গ্রন্থ প্রকাশিত ইয়—

"ক্থোপকথন" (বা Dialogue, ১৮০১) এবং "ইতিহাসমালা" (১৮১২)।

গ্রন্থ ছটির ভাষা ও ভঙ্গির পরিচয় নিলে বিশিত হতে হবে। প্রথমাক্ত

গ্রন্থটিইংরেজ সিভিলিয়ানদের এ-দেশের কথ্য ভাষার বিচিত্র ভঙ্গির সঙ্গে
পরিচিত করাবার উদ্দেশ্যে সঙ্কলিত। গ্রন্থটিতে মোট একত্রিশটি অধ্যায় আছে;

অধ্যায়গুলিতে মজ্রের কথাবার্তা, ঘটকালী, হাটের বিষয়, স্ত্রীলোকের

হাট করা, মাইয়া কন্দল, জমিদার-রাইয়ত কথা প্রভৃতি সমাজের সম্ভাব্য

সকল স্থরের লোকের কথোপকথনের উদাহরণ রয়েছে। ফলে গ্রন্থটিতে

সমকালীন সমাজের বাস্তবজীবন্যাত্রার ছবি অনেকথানি ধরা পড়েছে।

এর ভাষাও কম বিশ্রের সঞ্চার করে না। এই রচনায়ই প্রথম কৃত্রিম

সংস্কৃতাসুগ ভাষার স্থলে যথার্থ কথ্য ভাষা গ্রন্থ স্থান পেরছে। যেমন—

"আয়টে সকাল করে চল স্থতা না বিকেলে তো স্থন তেল বেসাতি পেতে হবে না)

ও টে বুন সে দিন কলবাটার হাটে গিয়াছিলাম তাহাতে দেখিয়াছি স্তার কপালে আগুন লাগিয়াছে। পোড়া কপালে তাঁতি বলে কি আটপণ করে স্তাখান। সে সকল স্তা আমি এক কাহন বেচেচি টে।"

বাংলা প্রবাদ-প্রবচনের ব্যবহারে কণোপকথনে এই ভাষা বেশ জীবস্ত হয়ে উঠেছে। এই গ্রন্থের পরিকল্পনা এবং সম্পাদনার কাজ কেরীই করেছিলেন। গ্রন্থটির প্রকৃত রচয়িতাদের সম্পর্কে তিনি ভূমিকায় লিখেছেন, "That the work might be as compleat as possible, I have employed some sensible natives to compose dialogues upon subjects of a domestic nature, and to give them precisely in the natural stile of the persons supposed to be speakers." নিজে রচয়তা না হলেও কেরী সাহেব পরিকল্পনার ব্যাপারে যে সাহস, বিচক্ষণতা ও বিবেচনাবৃদ্ধির পরিচয় দিয়েছেন যে কোন পান্দ্রীর পক্ষেতা বিশেষকর। কিন্তু গ্রন্থটি প্রকৃতপক্ষে কার রচনা সে প্রশ্নের সমাধান করা প্রয়োজন। সমকালে কলেজের পণ্ডিত-মুনসীরা যেক্রপ গছ লিখতেন তাতে মনে হয় না স্ত্যুক্তর বিছালয়ার ছাড়া অছ কেউ এক্রপ ভাগারচনায় সক্ষম ছিলেন।) তাঁর নিজের নামে প্রকাশিত গ্রন্থতিনতেও কথোপকথনের ভাষায় বঁতুক্লেলে প্রাণ্রন্ত কথারীতির অক্সরণ লক্ষ্য করা যায়।

কেরীর "ইতিহাসমালা" লাগলে ইতিহাস নয়, প্রাচ্য ও পাশ্চাত্য স্ত্র থেকে সঙ্কলিত কতগুলি গল্পের সমষ্টি। "ইতিহাসমালার ভাষা ফোর্ট-উইলিয়ম কলেজের প্রাথমিক যুগের ভাষা অপেক্ষা অনেক উন্নত এবং গল্প রচনার একটা ফাইলও ইহাতে লক্ষিত হয়। গল্পগুলির অধিকাংশই ব্যঙ্গপ্রধান, বত্রিশ সিংহাসনের টুকরা টুকরা গল্পের মত। কেরী যদি স্বয়ং এগুলি রচনা করিয়া থাকেন, তাহা হইলে বলিতে হইবে, বাইবেল অস্থাদের আড্ইতা তিনি ইহাতে বর্জন করিয়াছেন—অব্শু কুণোপকথনের সবেগ গাবলীলতা ইহাতে নাই, কিন্তু ভাষা নিতান্ত নীরসও নয়।" কিন্তু "কেরী সন্তবতঃ এক্ষেত্রেও সম্পাদক ও সম্ভলনকর্ভা," লেখক নন।

প্রধানত সম্পাদক, পরিকল্পনা ও প্রেরণার উৎসম্বল হিসেবে বাংলা সাহিত্যিক গছের ভিত্তি স্থাপনে কেরীর অতুলনীয় দানের কথা শ্রদ্ধার সঙ্গে মরণ করতে হয়)

মৃত্যুঞ্জয় বিদ্যালস্কার (১৭৬২-১৮১৯)

পরিচয়॥ ক্ষার্ট উইলিয়ন কলেজের বাংলা বিভাগের প্রধান পণ্ডিত ছিলেন মৃত্যুঞ্জয় বিভালস্কার। রামমোহন-পূর্ব যুগের স্মরণীয় বাঙালীদের মধ্যে তাঁর নাম সর্বাথ্যে উল্লেখ করতে হয়। বাংলা, গদ্যুগাহিত্যের প্রকৃত স্রাপ্তান্ত্রের প্রকৃত স্থাক্রপে মৃত্যুঞ্জয়কেই সম্মান দেওয়া উচিত। ফোর্ট উইলিয়ম কলেজের যে পণ্ডিতদের চেষ্টায় বাংলা 'গভদাহিত্য প্রকৃত ভিন্তি লাভ করে, মৃত্যুঞ্জয় তাঁদের মধ্যে দরিচত প্রস্থের সংখ্যাধিক্য এবং ভাষার শিল্পদ্ধপের দিক থেকে নিঃসন্দেহে শ্রেষ্ঠ স্থানের অধিকারী ছিলেন। সহমরণ প্রথার বিরোধী হিসেবে তিনি যে উদারতার পরিচয় দিয়েছিলেন দেকালের পক্ষে তা যে কতথানি বিশ্য়য়কর সহজেই অমুমান করা চলে।

গ্রন্থাবলী ও ভাষারীতি॥ মৃত্যুঞ্জয় সমকালীন লেখকদের তুলনায় আনেক বেশী সংখ্যক বই লিখেছিলেন। ১। "বিত্রিশ সিংহাসন" (১৮০২), ২। "হিতোপদেশ" (১৮০৮), ৩। "রাজাবলি" (১৮০৮)। ৪। "প্রনাধ-চন্দ্রকা" (রচনা আহুমানিক ১৮১৩), ৫। "বেদান্তচন্দ্রিকা" (১৮১৭)। মৃত্যুঞ্জয়ের ভাষা অত্যন্ত উৎকট ও সংস্কৃতাহুদারী বলে একটি ধারণা প্রচলিত আছে। "প্রবোধচন্দ্রিকা"র "কোকিলকুলকলালাপবাচাল যে মলমাচলানিল দে উচ্ছলচ্ছীকরাত্যান্থ নিম্রাঞ্জঃ কণাচ্ছর হইয়া আসিতেছে"। এই বাক্যাটির উদাহরণে মৃত্যুঞ্জয়ের গলকে ছ্রেছ এবং অপাঠ্য বৈল্ অভিহিত করা হয়ে থাকে। কিন্তু তা যুক্তিহীন। 'প্রবোধচন্দ্রিকা'র কোন ক্লোন ছলে মূলান্থ্যরণ করতে গিন্তে ছ্রেছতা এদেছে ঠিকই কিন্তু সাধারণভাবে মৃত্যুঞ্জয়ের ভাষা সম্বন্ধে এ অভিযোগ গ্রান্থ নয়।

মৃত্যুঞ্জয়ের ভাষাবিষয়ক ক্ষতিত্ব বর্ণনা করে প্রথণ চৌধুরী যে মন্তব্য করেছেন তাকে যথার্থ বলে স্বীকার করবার কারণ আছে,—"মৃত্যুঞ্জয় তর্কালঙ্কার কালের হিদাব এবং ক্ষমতার হিদাব,—ছই হিদাবেই এই শ্রেণীর লেখকদিগের অগ্রগণ্য। তিনি একদিকে যেমন সাধু ভাষার আদিলেখক—অপরদিকেও তিনি তেমনি চল্তি ভাষারও আদর্শ লেখক।) নিমে তাঁহার চল্তি ভাষার নমুনা উদ্ধৃত করিয়া দিতেছি।—(মোরা চাষ করিব ফ্সল পাবো, রাজার রাজ্ম দিয়া যা থাকে তাহাতেই বছর শুদ্ধ অন্ন করিয়া খাবো; ছেলেপিলাগুনি প্রবি) যে বছর শুকা হাজাতে কিছু খন্দ না হয়, সে বছর বড় ছঃখে দিন কাটি, কেবল উড়ি ধানের মুড়ী ও মটর মন্থর শাক পাত শামুখ গুগুলি সিজাইয়া খাইয়া বাঁচি।' ইহা যে খাঁটি বাঙ্গালা দে বিবয়ে সন্দেহ নাই। এ ভাষা সজীব সত্তেজ সরল স্বছন্দ ও সরস। ইহার গতি মুক্ত; ইহার শরীরে লেশমাত্রও জড়তা নাই। এবং এ ভাষা যে সাহিত্য রচনার উপযোগী, উপরোক্ত নমুনাই তাহার প্রমাণ পানার বিশ্বাস, (আমাদের পূর্ববর্তী লেখকের। যদি তর্কালঙ্কার মহাশয়ের রচনার এই বঙ্গীয় রীতি

অবলম্বন করিতেন, তাহা হইলে কালক্রমে এই ভাষা স্বসংস্কৃত ও পুষ্ট হইরা আমাদের গাহিত্যের এবিদ্ধি করিত।

কিন্তু তাঁহার (অর্থাৎ রামমোহন রায়ের) অবলম্বিত রীতি যে বঙ্গদাহিত্যে প্রাত্থ হয় নাই তাহার প্রধান কারণ, তিনি সংস্কৃত শাস্ত্রের ভায়ুকার দিগের। রচনাপদ্ধতি অনুসরণ করিয়াছিলেন। এ গদ্য, আমুরা যাহাকে modern prose বলি, তাহা নয়। পদে পদে পৃষ্পক্ষকে প্রদক্ষিণ করিয়া অগ্রদর হওয়া আধুনিক গদে)র প্রকৃতি নয়।"

মৃত্যুঞ্জ রামমোহনের গদ্যদাহিত্যে প্রবেশের পূর্বে চারিখানি বই লিখেছেন। রামমোহনের গ্র অপেক্ষাও তাঁর গল অনেক বেশি দহজ, দাবলীল। বাংলা গলের তিনিই প্রথম শিল্পী

রামরাম বস্থ (১৭৫৭-১৮১৩)

পরিচুর । রামরাম বস্থ দীর্ঘকাল ইংরেজ মিশনারীদের সঙ্গে সংশ্লিষ্ট ছিলেন। অন্তাদশ শতকের শেষভাগে কেরী সাহেবের বাংলা শিক্ষক এবং মুনদী হিসেবে তিনি শ্রীরামপুর মিশনে বেশ কিছুকাল অবস্থান করেছিলেন। অবশেষে তাঁর দাক্ষাৎ পাই ফোর্ট উইলিয়ম কলেজের শিক্ষক হিসেবে। কেরীর উৎসাহে তিনি বাংলা ভাষার গ্রন্থ প্রথমে অগ্রনর হলেন। তাঁর "রাজা প্রতাপাদিত্য চরিত্র" ১৮০১ সালে মুদ্রিত ও প্রকাশিত হয়। এটিই বঙ্গাক্ষরে বাংলা গল্লাহিত্যের প্রথম মুদ্রিত মৌলিক গ্রন্থ। তবে এ ঘটনাটি যতটা আক্ষিক তঁতটা তাৎপর্যবহ নয়। তাঁর বই প্রথম মুদ্রিত হয়েছিল বলেই তাঁকে ফোর্ট উইলিয়ম কলেজের মধ্যে প্রথম লেখকের মর্যানা দেবার অবকাশ নেই। বরং কলেজের প্রধান তিনজন গ্রন্থকারের মধ্যে রামরাম বস্কর ভূমিকা স্বাপেক্ষা ক্রটপূর্ণ)।

গ্রন্থালী ও ভাষারীতি॥ রামরাম বস্থর গছগ্রন্থ ছটি। "রাজা প্রতাপাদিত্য চরিত্র" (১৮০১) এবং "লিপিমালা" (১৮০২)। প্রথম গ্রন্থার বিষয়বস্তু নানা ফার্দী গ্রন্থ এবং কিম্বদন্তীর রাজ্য থেকে সঙ্কলিত। বিষয়বস্তু গালগল্প রচনার যুগে কিঞ্চিৎ অভিনব দন্দেহ নেই, কিন্তু ফার্দী পদ্ধতিতে শিক্ষিত মুন্দী রামরাম বাংলা ভাষার স্বাভাবিকুত ফার্দী শন্দের বাহুলে অনেকটা নই করেছেন। যেমন "যে কালে দিল্লির তক্তে হোমাঙ্গু বাদ্দাহ তথন ছোলেমান ছিলেন কেবল বঙ্গ ও বিহারের নবাব পরে হোমাঙ্গু বাদ্দাহ তথন ছোলেমান হিলেন কেবল বঙ্গ ও বিহারের নবাব পরে হোমাঙ্গু বাদ্দাহ ব্যক্তি বাজে কিল্ল প্রক্রের

হোমাঙু ছিলেন বৃহৎ গোটি তাহার অনেকগুলিন সন্তান তাহারদের আপনার-দের মধ্যে আত্মকলহ হইয়া বিস্তর বিস্তর ঝকড়া লড়াই কাজিয়া উপস্থিত ছিল ইহাতে স্থবাজাতের তহশিল তাগদ। কিছু হইয়াছিল।" পদবিভাস রীতির বিশৃখলাও এ ভাষার মধ্যে বিশেষ ভাবে লক্ষ্য করা যায়। তার উপরে রয়েছে অশুদ্ধ সংস্কৃত শব্দের ব্যবহার। তবে মাত্র এক বৎদর পরে লেগা 'লিপিমালা'র ভাষা বেশ সরল। যেমন "কন্তে তুমি কিমর্থে এখানে আদিয়াছ তোমার স্বামী ভূতের পতি শ্মশানে মদানে তাহার অবস্থিতি হাড়মালা গলায় দাপ লইয়া তাহার খেলা বাদিয়ার বেশ তোমার কপাল মন্দ অতএব এমত ঘটনা তোমাকে হইয়াছে আমি তাহাকে নিমন্ত্রণ করিলান না।" উপযুক্ত স্থানে যতি বদিয়ে পড়লে দেখা যায় পূর্ববর্তী গ্রন্থের তুলনায় বস্ত্রনাশয়কত এই পত্র সম্বলনে পদবিভাস অনেক স্বাভাবিক হয়ে এসেছে, ফার্গী শব্দের অকারণ আধিক্য একেবারেই লোপ থেয়েছে। সম্ভবত সামনে কোন আদুর্শ না থাকায় প্রতাপাদিত্য চরিত্রের ভাষা দম্বন্ধে তিনি মনস্থির করতে প্রের নি। কিন্তু প্রতাপাদিত্য ওু লিপিমালা প্রকাশের মধ্যে "কথোপকথন" (কেরী সংকলিত এবং সম্ভবত মৃত্যুঞ্জয় লিখিত) এবং মৃত্যুঞ্জয়ের "ব্তিশ সিংহাদন" লিখিত হয়েছে। ফলে গছ ভাষার একটা আদৃশ তিনি সামনে পেয়েছেন। দেই আদর্শ অনুসরণে রামরাম বস্থ মাফল্য দেখিয়েছেন। এখানেই কলেজের অন্তান্ত শিক্ষক গ্রন্থকারের দঙ্গে তাঁর পার্থক্য। রামরাম বস্থ গদ্ম ভাষার পথ তৈরী করতে সমর্থ হন নি, কিন্তু স্বচ্ছন্দ গতিতে প্রথমেই পথ চলেছেন। এর মূলতে অনস্বীকার্য॥

সাম য়িক পত্র (বঙ্গদর্শন-পূর্ব)

গভদাহিত্য ও দাময়িক পত্র॥ বাংলা গভদাহিত্যের বিবর্তনে দাময়িক পত্র উলেথযোগ্য ভূমিকা গ্রহণ করেছে। গ্রীষ্টান মিশন, মুদ্রায়ন্ত্র, ফোর্ট উইলিয়ম কলেজের ভায় প্রথম যুগের বাংলা দাময়িক পত্রও এমন একটি ব্যাপার (Institution) প্রথম যুগের গভ দাহিত্যের নিমিতিতে যা শুরুত্বপূর্ণ ভূমিকা গ্রহণ করেছিল। গভদাহিত্য কিছুটা প্রকাশক্ষম না হলে দাময়িক পত্রের উদ্ভব দন্তব নয়। ফোর্ট উইলিয়ম কলেজের প্রতিষ্ঠার সংয়্র থেকেই গভে পাঠ্যপুত্তক রচনা করবার দিকে একটা ব্যাপক প্রচেষ্টার স্বেপাত হয়। অল্পকালের মধ্যে কয়েকখানি পুত্তক রচিত হয়। এর ফলে গভভাষা

পুস্তকগুলি কুল কলেজের চেহিদীর মধ্যেই আবদ্ধ ছিল। সাময়িক পত্র ছাত্রবোধ্যতার হাত থেকে বাংলা গল্পদাহিত্যকে উদ্ধার করে ব্যাপ্ক ভাবে জনসাধারণের কাছে উপস্থিত করল। রাজকীয় আফুকূল্য থেকে মুক্তি পেয়ে এ-যুগের সাহিত্য জনজীবনে আসন নিয়েছে। ছাপাখানা যে-কাজের স্ত্রপাত করল সাময়িক পত্র তাকেই এগিয়ে নিয়ে গেল। অবশ্য প্রথম দিকে গল্পনাহিত্যের পাঠকশ্রেণী একান্ত স্বল্প থাকায় শিক্ষার্থীদের উপরে সাময়িক পত্রকে নির্ভর করতে হয়েছে এমন প্রমাণ আছে। "দিগ্দর্শন", "পশ্বাবলী"র মত পত্রিকা কুল বুক গোসাইটির আফুকুল্য লাভ করেছিল।

প্রথম যুগের দাময়িক পত্রের বৈশিষ্ট্য॥ দাময়িক পত্রের ইতিহাদের স্ব্রপাত উনবিংশ শতাব্দীর দ্বিতীয় দশকে। বঙ্গদর্শনের আবিভাবের পূর্ব পর্যন্ত বাংলা সাময়িক পত্রের প্রথম যুগ চলেছে। এই যুগে বাংলা সাম্যাধিক পত্নানা পরীক্ষা-নিরীক্ষার মধ্য দিয়ে ক্রমেই সমুনত হয়েছে। हैश्तुकी मश्क्रित मरम्मार्ग वाम वहे काल वाला जिला जिता जान-বিজ্ঞান, সমাজ-সংস্কার ও সাহিত্যচিন্তায় নবজাগরণ স্থচিত ২চ্ছিল। জাতীয় জীবনে এই যুগে ভিন্নমুগী ভাবধারার সংঘাত অহুভূত হচ্ছিল। এ-কালের সাম্যাকি পত্র জাতির তিন্তা-জীবনের সেই পরিচয় ধরে রেখেছে। এই পর্বে চলেছে স্ষ্টির প্রস্তৃতি। স্ক্রনশীল সাহিত্যের যুগ এসেছে আরও কিছু পরে। এ-কালের সাময়িক পত্তে তাই গল্প-কবিতাদির আয়োজন বড় চোথে পড়ে না। এই পর্বের শেষ দিকে কাব্য-দাহিত্যে নবদিগন্ত উন্মোচিত হওয়ায় সাময়িক পত্রে তার কিঞ্চিৎ প্রতিফলন অবশ্য পড়েছিল। এই যুগের গাময়িক পত্তে সামাজিকসংস্কার আন্দোলন বিশেষ ভাবেই স্থান করে নিষেছিল। সহমরণ, বিধবা বিবাহ, বছবিবাহ, কৌলীভ প্রথা, স্ত্রীশিক্ষা, ইংরেজীশিক্ষাকে কেন্দ্র করে যে-সব বিতর্ক এবং আন্দোলনের চেউ উঠেছিল তাতে সাময়িক পত্তের ভূমিকাও বড় গৌণ ছিল না। এ ছাড়া ধর্মপ্রচারকে কেন্দ্র করেও নানাবিধ বিতর্ক ও আন্দোলন এ-যুগে বাংলা **(**नगरक चारला ७ ठ करति हिल। औष्टीन गिननाती (नत अहात, वाकाश्यर्भत উদ্ভব ও প্রতিষ্ঠা, রক্ষণশীল হিন্দুধর্মের আত্মরক্ষার প্রয়াদ সবই আপ্রাপন ্র্রুব্য প্রচারের বাহন হিসেবে এক বা একাধিক সাময়িক পত্রের আঁশ্রয় নিয়েছিল। তাছাড়া ভূগোল, বিজ্ঞান, ইতিহাদ, জীবনী, সাহিত্য প্রভৃতি বিবিধ মানববিভাগংক্রান্ত নানা আলোচনাও সমকালীন পর্মপত্রিকাকে শিক্ষিত শহরবাদীর কাছে আকর্ষণীয় করে ভূলেছিল।

ক্ষেক্টি প্রধান সাময়িক প্রের পরিচয় ॥ ১৮১৮ সালের এপ্রিল মাসে শ্রীরামপুর মিশন থেকে "দিগ্দর্" নামক মাসিকপত্র প্রকাশিত হয়। জন ক্লার্ক মার্শম্যান বাংলাভাষার এই প্রথম মাসিকটির সম্পাদক ছিলেন এবং এই পত্রিকায় "যুবলোকের কারণ দংগৃহীত নানা উপদেশ" থাকত। ঐ একই বছরে মে মাদে জৈ মার্শম্যানের সম্পাদনায় প্রীরামপুর মিশন "সমাচারদর্পণ" নামে বেশ উচ্চাঙ্গের একথানা সাপ্তাহিক পত্রিকা প্রকাশ করেন। বাঙালী পরিচালিত প্রথম সাময়িক "বাঙাল গেছেটি" (সাপ্তাহিক) ঐ একই বছরে সম্ভবত জুন মাসে প্রকাশিত হয়। গঙ্গাকিশোর ভট্টাচার্য এর সম্পাদক ছিলেন। রামমোহন রায়ের কোন কোন প্রবন্ধ এ-পত্রিকায় প্রকাশিত হয়েছে এক্লপ সংবাদ পাওয়া যায়। "সমাচার দর্পণে" হিন্দুধর্মকে আক্রমণ করে নিয়মিত রচনা প্রকাশিত হতে থাকে। এদিকে বাঙালীদের নিজস্ব পতিকা "বাঙাল গেজেটি" বন্ধ হয়ে যাওয়ায় হিন্দুদের পক্ষ থেকে একখানি পত্রিকার প্রয়োজন অহুভূত হয়। রামমোহন রায় ও ভবানীচল্লের যুগা উদ্যোগে ১৮২১ দালে "দম্বাদ কৌমুদী" নামে সাপ্তাহিক পত্রিকা প্রকাশিত হয়। হিন্দুদের প্রচলিত প্রথার সংস্কারের প্রশ্নে ভবানীচরণের সহিত অন্তদের মতভেদ হওয়ায় তিনি "দমাচার চল্রিক্।" (১৮২২) প্রকাশ করেন। এটি সমকালীন রক্ষণশীল হিন্দুদের মুখপত্ররূপে একটি বিশিষ্ট পত্রিকায় পরিণত হয়। ১৮২৩ দালে মুদ্রাযন্ত্রবিষয়ক আইন বিধিবদ্ধ হল। দাময়িক পত্রের স্বাধীনতা ইংরেজ সরকারের হস্তক্ষেপে বিশেষরূপে থর্ব হয়।

অবশেষে ১৮৩১ সালে কবি ঈশ্বর গুপ্তের সম্পাদনায় সমকালীন শ্রেষ্ঠ
সাময়িক পত্র "সংবাদ প্রভাক্রর" প্রকাশিত হল। প্রথমে পত্রিকাটি
সাপ্তাহিকরূপে, পরে সপ্তাহে তিনবার এবং তারপর ১৮৩৯ সালে দৈনিক
রূপে প্রকাশিত হতে থাকে। এটিই বাংলা তথা ভারতীয় ভাষায়
প্রথম দৈনিক। "ইহা সে যুগের একখানি উচ্চাঙ্গের সংবাদপত্র।
দেশ-বিদেশের সংবাদ ছাড়া ইহাতে ধর্ম, সমাজ, সাহিত্য প্রভৃতি নানা
বিষয়ের আলোচনা স্থান পাইত।" কবিওয়ালাদের জীবনী এবং
কবিতাসকলন করে তিনি এই পত্রিকায় প্রকাশ করেমন্
রাজা রাধাকান্তদেব, প্রসন্ত্রক্মার ঠাকুর, রামকমল সেন ছিলেন এই
পত্রিকার লেখক গোষ্ঠার অন্তর্ভুক্ত। অক্ষয় দত্ত, বদ্ধিম, দীনবন্ধু, রক্ষদাল
প্রভৃতির লেখায় হাতে-খড়ি হয়' "সংবাদ প্রভাকরের"ই পৃষ্ঠায়। সমকালে
সাংলাজানাস অন্তর্গক্তি সাম্যাসক প্রত প্রকাশিত সংস্কিল। তোর মঙ্গের

"জ্ঞানাম্বেণ", "সংবাদপূর্ণচন্দ্রোদয়" "সম্বাদ ভাস্কর", দ্বিভাষিক "বেঙ্গল স্পেক্টেটর" প্রভৃতির নামোল্লেখ করা চলে।

১৮৪০ দালে সমকালীন বাংলার একটি প্রধান পত্রিকা "তত্ত্বোধিনী" প্রকাশিত হল। দেবেন্দ্রনাথ ঠাকুর ছিলেন এই নাদিকের পরিচালক। ব্রাহ্মধর্ম বিষয়ক আলোচনার মুখপত্র হিদেবে পত্তিকাটিকে ব্যবহার করবার ইচ্ছাই তাঁর ছিল। কিন্তু অক্ষয়কুমার দন্ত পত্রিকাটির সম্পাদক হিদেবে শুধু ধর্ম-পত্রিকায় এটিকে পরিণত হতে দিলেন না। জ্ঞানবিজ্ঞানের আলোচনায়, নানা মানববিভার উপস্থাপনায় তিনি তত্ত্বোধিনীকে সমকালের শ্রেষ্ঠ পত্রিকায় পরিণত করলেন। তাঁর নিজের বহু উচ্চন্তরের প্রবন্ধ এই পত্রিকায় প্রণত হয়েছিল। ঈশ্বরচন্দ্র বিদ্যাদাগর, রাজনারায়ণ কম্ম প্রভৃতি বহু মনীয়া পত্রিকাটির সঙ্গে ঘনিষ্ঠ ভাবে সংশ্লিষ্ট ছিলেন।

১৮৫১ দালে প্রকাশিত সচিত্র মাদিক "বিবিধার্থ দংগ্রহ" জনপ্রিয়তার দিকু থেকে পূর্ববর্তী দব দাময়িকীকেই ছাড়িয়ে গেল। রাজেন্দ্রলাল মিত্র এই পত্রিকার দম্পাদক ছিলেন। শেষে কিছুকাল কালীপ্রদন্ন দিংহ পত্রিকাটির দম্পাদনা করেন। "পুরার্ভের আলোচনা, প্রদিদ্ধ মহাত্মাদিগের উপাখ্যান, প্রাচীন তীর্থাদির বৃত্তান্ত, সভাবদিদ্ধ রহস্ত-ব্যাপার ও জীবদংস্থার বিবরণ, খাদ্যন্তব্যের প্রয়োজন, বাণিজ্য-দ্রব্যের উৎপাদন, নীতি-গর্ভ উপস্থাদ, রহস্তব্যঞ্জক আখ্যান, নৃতন গ্রন্থের দমালোচন, প্রভৃতি নানাবিধ আলোচনায়" বিবিধার্থ দংগ্রহ পূর্ণ থাকত। সধুম্দনের কাব্যনাট্যাদি নিয়ে প্রকৃত সাহিত্য-দমালোচনার স্ত্রপাত ঘটে এই পত্রিকায়। নব মুর্গের প্রথম কাবফ "তিলোন্তমাদন্তব"ও অংশত এই পত্রিকায় প্রকাশিত হয়েছিল।

সমকালীন পত্রিকাণ্ডলির মধ্যে প্রগতিশীল মতবাদের দিক থেকে "সর্বশুন্তকরী", সর্বজনবাধ্য সরল ভাষার জন্ম প্যারীচাঁদ মিত্র ও রাধানাথ শিকদারের মাসিক পত্রিকা", শুরুত্বপূর্ণপ্রবিদ্ধের জন্ম "বিদ্যোৎসাহিনী পত্রিকা"র (কালীপ্রসন্ন সিংহ সম্পাদিত) নামোল্লেখ করা চলে। প্রথমে প্যারীচরণ সরকার এবং পরে ভূদেব মুখোপাধ্যায়ের সম্পাদনায় "এভুকেশন গেজেট" একটি উৎক্রষ্ট সাপ্তাহিকে পরিণত হয়। দারকানাথ বিভাভূষণ সম্পাদিত শুরুত্বশী বাজেল্লাল নার জন্ম খ্যাতিলাভ করে। "বিবিধার্থ সংগ্রহে"র উত্তরক্ষী রাজেল্লাল মিত্র সম্পাদিত "রহস্ত" সমর্ভতে সমকালে একখানি

এখানেই বাংলা দাময়িক পত্রের প্রথমযুগের অবদান ঘটে। "বঙ্গদর্শন" পত্রিকার মাধ্যমে বাংলা দাময়িক পত্র নবতর স্তরে উন্নীত হয়।

গামমোহন রায় (১৭৭৪-১৮৩৩)

পরিচয়। পাণ্ডিত্য, ব্যক্তিত্ব এবং কর্মক্ষমতার দার্থক সমন্বয় হয়েছে तागरमारुरनत हतिरा । भरञ्जाल, व्यातवी, कातमी, हेरदत्रकी, छेपू व वारना এই কটি ভাষায়ই ছিল তাঁর গভীর জ্ঞান। মূল বাইবেল পড়বার জন্ম তিনি প্রাচীন হিক্র ভাষা শিখেছিলেন। কর্মযোগী রামমোহনের চেষ্টাই এদেশে मতीमार প্রথা নিবারণের প্রধান কারণ। খ্রীষ্টান মিশনারীদের সঙ্গে তর্ক যুদ্ধে অবতীর্ণ হয়ে তিনিই এদেশে প্রীষ্টধর্মের অগ্রগতি রুদ্ধ করেন। উপনিষদিক ছিন্দুধর্মকে পুনরুজ্জীবিত করে ব্রাহ্মধর্মের প্রচলনও তাঁরই কীতি। প্রাচীন শিক্ষাপদ্ধতি পরিহার করে আধুনিক যুরোপীয় শিক্ষাপদ্ধতি অহুসরণের পক্ষে মত প্রকাশ করে তিনি মধ্যযুগের বন্ধন থেকে দেশবাধীর মুক্তির ব্যবস্থা করেছিলেন। ব্যক্তিসাধীনতা এবং জাতীয়স্বাধীনতার স্পষ্ট চেত্রণাও তাঁরই মধ্যে প্রথম অন্ধরিত হতে দেখি। তিনি বেদান্তদর্শনের বিভন্ন জ্ঞানযোগ এবং দমাজ-সংস্কার, শিক্ষাসংস্কার-কেন্দ্রিক কর্মযোগকে সম্বিত করেছিলেন। ধর্ম ও দর্শনের ক্ষেত্রে তিনি ভারতের প্রাচীন আদর্শের পদ্পাতী, শিক্ষা ও সমাজাদর্শের দিক থেকে তিনি পাশ্চাত্য ভাবনার ভাবুক। রামমোহনের জীবন ও কর্মে, তাঁর মুক্তবুদ্ধি, যুক্তিবাদে বিশ্বাদ, স্থপভীর মানবতাবাদ, প্রাচীন শাস্তাদি উদ্ধারের চেষ্টা সব কিছু মিলিয়ে নবজাগৃতির পূর্ণ রূপ প্রতিনিম্বিত।

সাময়িক পত্র পরিচালন ॥ রামমোহনের "সম্বাদ কৌমুদী" নামক পত্রিকার ১৮২১ সালে প্রকাশিত হয়। শ্রীরামপুর মিশন প্রচারিত সাময়িক পত্রিকার হিন্দুধর্মের বিরুদ্ধে নিদাবাদ প্রকাশিত হতে দেখে তিনি তাঁর পত্রিকায় এর তীব্র প্রতিবাদ করতে থাকেন। এ ছাড়াও নানাবিধ সারগর্ভ প্রবন্ধে এই সাপ্তাহিক পত্রিকার কলেবর পূর্ণ থাকত। রামমোহন রায় একটি ইংরেজী এবং একটি ফার্সী পত্রিকাও প্রকাশ করেছিলেন।

প্রাবিধ্যিক রামমোহন ॥ রামমোহন কয়েকখানা উপনিষদের অইব্ট্রা করেন। বেদান্তদর্শন সম্বন্ধে তাঁর ছ'খানা মোলিক গ্রন্থও প্রকাশিত ক্রেমাল-"বেদান্তগ্রন্থ" ও "বেদান্তসার" (১৮১৫)। ছই খতে "দহমরণ বিষয়ক তাঁর উল্লেখযোগ্য গ্রন্থ। এ ছাড়া তাঁর বিতর্কমূলক কয়েকখানি গ্রন্থেরও নাম করা উচিত; যেমন "ভট্টাচার্যের সহিত বিচার", "গোস্বামীর সহিত বিচার", "পথ্যপ্রদান," "কায়ন্থের সহিত মন্তপান বিষয়ক বিচার" প্রভৃতি। রামমোহন তিরিশখানা বাংলা গ্রন্থ রচনা করেন, এ ছাড়া বহু ইংরেজীও সংস্কৃত প্রন্থেরও তিনি রচয়িতা। রাম্মোহনের ব্যক্তিত্বের যে পরিচয় পূর্বে দেওয়া হয়েছে তাঁর রচনাবলীর মধ্যে তারই প্রতিফলন লক্ষ্য করা যায়। তাঁর প্রবন্ধ-গ্রন্থাবলী চিন্তার স্থাবীনত। এবং সিদ্ধান্থের মৌলিকতা যেমন ধরে রেখেছে তেমনি রামমোহনের সমগ্র ব্যক্তিত্বকও যেন প্রকাশ করেছে, যে-ব্যক্তি ধর্মে প্রাচ্য হলেও সামাজিক ও ব্যক্তিগত আচারে, শিক্ষাগত, নামাজিক ও রাষ্ট্রনৈতিক মতবাদে পাশ্চাত্যাম্বসারী, বিনি জ্ঞানমার্গী বৈদান্তিক হয়েও বিষয়কর্মে স্ক্রন্থভিত্ত।

ভাষারীতি॥ রান্মাহনের হাতেই বাংলা গগুলাগ প্রথম আভিজ্ঞান্ত লাভ করল। এর পূর্বে স্কুল কলেজে পাঠ্য করবার জন্মই গগুল নানাবিধ পশুপদ্দীর কাহিনী, ভূগোল পরিচয় বা বালুমেন্য মেকালীন উপক্থাসমূহ সঙ্কলিত হত। রাম্মাহন বাংলা শিশুগগুল বেদান্ত-উপনিষ্দের তত্ত্ব নিয়ে আলোচনা আরম্ভ করলেন। প্রাচীন শাস্ত্রের প্রমাণে এবং যুক্তির প্রবলতায়, বিতর্কের তীক্ষ শরচালনায় তাঁর গগু এক কঠিন গৌরুষ লাভ করল। বাংলা গগুল যে শুরুগগুলীর বিষয়ের আলোচনা সন্তব তিনিই প্রথন দেখিয়ে দিলেন। কলে বাংলা শিশুগগু কিছু মুয়ে পড়ল, পদ্চারণায় কিছু খুলন এবং অস্বাছন্য দেখা দিল। ছ্রুহ বিষয়বস্তর আলোচনায় সর্মতা ও সরলতা সম্পাদনের কথাই তথন উঠিত না, কারণ বাংলা গগুল ছ্রুহ বিষয়বস্ত আলোচনার সন্তাবনাই রাম্মাহনের পূর্বে কেউ দেখতে পান নি। রাম্মাহনের গল্প যে সরল ছিল না এজন্ত তাই তাঁকে অভিযুক্ত করা চলে না। তবে পূর্বর্তী অনেকের তুলনায় তিনি ভাষাকে জড়্ত্ব ও অকারণ কাঠিন্ত থেকে অনেকটা মুক্ত করেছিলেন।

শব দিক দিয়ে বিচার করলে রামমোহন রায়কে বাংলা ভাষার প্রথম ্লাবিন্ধিক (বিষয়গৌরবী প্রবন্ধের রচয়িতা) বলে অবশ্যই অভিহিত

শ্রমনোহনের রচনা থেকে কিছুটা উদ্ধৃত করলে তাঁর ভাষার পৌরুষ

এবং যুক্তিপ্রাণতার পরিচয় যেমন মিলবে তেমনি দেখা যাবে পদবিভাসের

পেরেছিলেন। রামমোহন খ্রীষ্টীয় মিশনারীদের ধর্মপ্রচারের বিরুদ্ধাচরণ করে লিখেছিলেন, "শতার্দ্ধ বংদর হইতে অধিককাল এ-দেশে ইংরেজের অধিকার হইয়াছে তাহাতে প্রথম ত্রিশ বংসরে তাঁহাদের বাক্যের ও বাবহারের দারা ইহা দর্বত বিখ্যাত ছিল যে কাহারো ধর্মের সহিত বিপক্ষতাচারণ করেন না াকিন্ত ইদানীন্তন বিশ বংদর হইল কতক ব্যক্তি ইংরেজ যাঁহারা মিশনারি নামে বিখ্যাত হিন্দু ও মোছলমানকে ব্যক্তরূপে তাঁহাদের ধর্ম হইতে প্রচ্যুত করিয়া খ্রীষ্টান করিবার যত্ন নানাপ্রকারে ···যভাপিও যিশুগ্রীষ্টের শিয়্যেরা সংশ্ব সংস্থাপনের নিমি**ত** নানা দেশে আপন ধর্ম্মের উৎকর্ষের উপদেশ করিয়াছেন কিন্তু ইহা জানা কর্তব্য যে দে সকল দেশ তাঁহাদের অধিকারে ছিল না দেইক্লপ মিশনারিরা ইংরেজের অনধিকারের রাজ্যে যেমন তুরকি ও পারদিয়া প্রভৃতি দেশে যাহা ইংলভের নিকট হয় এরূপ ধর্ম উপদেশ ও পুস্তক প্রদান যদি করেন তবে ধর্মার্থে নির্ভয় ও আপন আচার্যের যথার্থ অমুগামীক্সপে প্রাসিদ্ধ হইতে পারেন কিন্তু বাঙ্গালা দেশে যেখানে ইংরেজের সম্পূর্ণ অধিকার ও ইংরেজের নাম নাত্রে লোক ভীত হয় তথায় এক্লপ হুর্বল ও দীন ও ভয়ার্ভ প্রজার উপর ও তাহাদের ধর্ম্মের উপর দৌরাত্ম্য করা কি ধর্ম্মত কি লোকত প্রশংসনীয় হয় না, যেহেতু বিজ্ঞ ও ধার্মিক ব্যক্তিরা ছ্র্বলের মনঃপীড়াতে সর্বদা সম্ভূচিত হয়েন…।" কমা, সেমিকোলন প্রভৃতি উপযুক্ত বিরতি চিহ্ন দিয়ে পড়লে বোঝা যায় যে ভাষার পদবিভাদ রীতি রামমোহন অনেকটা আয়ত্ত করেছিলেন।

একটি ঐতিহাসিক সমস্তা॥ রামমোহন রায়কে বাংলা গছের জনক বলে অনেকে অভিহিত করে থাকেন। এই অভিমতের যাথার্থ্য বিচারের অপেক্ষা রাথে। বাংলা সাহিত্যিক গছের ভিত্তিস্থাপনে ফোর্ট উইলিয়ম কলেজের পণ্ডিতদের দান অবশ্বসীকার্য। এঁরা সকলেই রামমোহনের পূর্ববর্তী। এঁদের অনেকের ভুলনায় রামমোহনের ভাষারীতি উন্নত। কিন্তু পার বংসর কাল ভাষারীতির বিবর্তনে যে কিছু প্রভাব বিস্তার করবে তা সহজেই অহ্নেয়। বিষয়বস্তার গান্তীর্য ও গৌরবের দিক থেকে অবশ্বরামমোহন পূর্ববর্তী এবং সমকালীন গছলেখকদের অনেকটা ছাড়িয়ে গিয়েছিনী কিন্তু মৃত্যুঞ্জয় বিশ্বালক্ষার তাঁর বহু পূর্বেই বাংলা গছকে সাহিষ্ট্রালেল দেবার চেষ্টা করেছেন। সাধু ও চলিত ভাষা নিয়ে তিনি পরীক্ষা-নিন্নীক্ষা ক্রেছেন। তাঁর স্থার রাম্মোহন রাম্বের ক্রেরছেন। তাঁর স্থার রাম্মোহন রাম্বের ক্রেরছেন। তাঁর স্থার রাম্মোহন রাম্বের ক্রেরায় অগ্রেরত্তী। সমক্রালীই

লেখকদের মধ্যে ভবানীচরণ বন্দ্যোপাধ্যায় তাঁর নক্সাগুলিতেও কিছু দাহিত্যগুণ সমন্বিত গল্প ব্যবহার করেছেন।

তাই রামমোহনকে বাংলা গল্পের উল্লেখযোগ্য লেখক এবং প্রথম প্রাবন্ধিক বলে অভিনন্দিত করলেও জনক বলে অভিহিত করা চলে না।

ভবানীচরণ বন্দ্যোপাধ্যায় (১৭৮৭-১৮৪৮)

পরিচয়। সমকালীন সমাজজীবনে ভবানীচরণ বন্দ্যোপাধ্যায় বিশেষ প্রতিষ্ঠাবান ব্যক্তি ছিলেন। তিনি রক্ষণশীল সম্প্রদায়ের অগ্রগণ্য নায়ক হিসেবে ইংরেজসংস্পর্শের প্রথম মুগে সামাজিক বিশ্লবে গুরুত্বপূর্ণ ভূমিকা গ্রহণ করেছিলেন। সাংবাদিক এবং গ্রন্থকার হিসেবে তাঁর খ্যাতি ছিল, তার্কিক হিসেবে তিনি বিপক্ষদলের ভীতির কারণ হয়ে দাঁডিয়েছিলেন।

সাময়িক পত্র পরিচালন॥ রামমোহন রায়ের সহিত যুক্তভাবে তিনি সাময়িক পত্র পরিচালনায় অগ্রসর হন। ১৮২১ সালে এপ্রান মিশনারীদের নিন্দাবাদের জবাব দিতে গিয়ে এঁরা ছজন যুক্তভাবে "সম্বাদ কৌমুদী" প্রকাশ করেন। পত্রিকাটির প্রথম তেরো শংখ্যা প্রকাশিত হওয়ার পরে সংস্কারপন্থী রামমোহনের সঙ্গে সনাতনপন্থী ভবানীচরণের মতভেদ ঘটে। তিনি "সম্বাদ কৌমুদী" পরিত্যাগ করে "সমাচার চন্দ্রিকা" প্রকাশ করেন ১৮২২ সালে। এই সাপ্তাহিক পত্রিকাখানি (পরে এখানি সপ্তাহে ছবার প্রকাশিত হতে থাকে) রক্ষণশীল হিন্দুদের মুখপত্র হয়ে দাঁড়ায়। একদিকে প্রীন্টান মিশনারী অন্তদিকে সংস্কারপন্থীদের বিরুদ্ধে ভূবানীচরণ বিশেষ যোগ্যতার সঙ্গে আদর্শের সংগ্রাম চালিয়েছিলেন।

গ্রন্থপরিচয় ও ভাষারীতি॥ ভবানীচরণ ব্যঙ্গাত্মক নক্ষা জাতীয় গ্রন্থ রচনায় বিশেষ পারদর্শিতা দেখিয়েছিলেন। তাঁর "কলিকাতা কমলালয়" (১৮২৩)' "নববাবু বিলাদ" (১৮২৫) এবং "নববিবি বিলাদ" দবচেয়ে উল্লেখযোগ্য রচনা। গ্রন্থভিলেতে সমকালীন কলকাতার মূর্থ ধনাচ্য ব্যক্তিদের প্রতি বিজ্ঞপ বাণ নিক্ষিপ্ত হয়েছে। বাংলা গছভাষার প্রথম য়ুগে রচিত এই নক্ষাভলিতে তিনি ব্যঙ্গরস সঞ্চারে যে-কৃতিত্ব দেখিয়েছেন তার লাই ক্ষাভলিতে তিনি ব্যঙ্গরস সঞ্চারে যে-কৃতিত্ব দেখিয়েছেন তার লাই স্বাধ্যায় বলেছিলেন, "তাঁহারই স্পর্ণে লাহিত্যের 'শুকং কাঠং' ধীরে ধীরে 'নীরস তরুবরঃ' ইইয়া উঠিবার লক্ষণ প্রকাশ করে, তিনিই সর্বপ্রথম সাহিত্যের দর্গণে বাবু ও বিবি বাজুলীকে নিজ নিজ মুখ দেখাইয়া আত্মন্থ হইতে শিক্ষা দেন; পথলান্ত

বাঙালীকে মাম্প করিয়া তুলিবার প্রথম ইঙ্গিত তাঁহার রচনাতেই আমর। দেখিতে পাই।" তাঁর গভারীতির দর্বাপেক্ষা কৃতিত্ব ব্যঙ্গরস স্পষ্টির দার্থকতায়, কিন্তু রামমোহনের তুলনায় তাঁর ভাষায় পদবিভাস সফলতর এক্লপ দাবি করা চলে না।

ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর (১৮২০-১৮৯১)

পরিচয়। সমাজসংস্কার, শিক্ষাবিস্তার, পাণ্ডিত্য, দয়াদ্র চিস্ততা ও তেজস্বিতায় বিদ্যাসাগর উনবিংশ শতান্দীর বাংলাদেশের একক ব্যক্তিত্ব। স্ত্রীশিক্ষা প্রবর্তনের জন্ম তাঁর চেষ্টা, বিধবাবিবাহ প্রচলন এবং বহুবিবাহ নিরোধ সম্পর্কে তাঁর হুর্দম কর্মকাণ্ড একালেও শ্রদ্ধার সঙ্গে সরণ করা হয়ে থাকে। আধ্যাত্মিক চিস্তা ও দার্শনিক ভাবনার দ্বারা কিছুমাত্র বিচলিত না হয়ে এই মানবদরদী মহাপণ্ডিত দেশের কল্যাণমন্ত্রে দীক্ষা গ্রহণ করেছিলেন। উনবিংশ শতান্দীর মানবতাবাদ তাঁর চরিত্রে যেন অনায়াদে চরিতার্থ হয়েছিল। মধুস্থদন কবির সত্যদৃষ্টি নিয়ে তাঁর চরিত্রের মূল রহস্তাটি উদ্যাটন করে লিখেছিলেন, "The man to whom I have appealed has the genius and wisdom of an ancient sage, the energy of an English man and the heart of a Bengali mother." বিদ্যাদাগরের অন্ততম পরিচয় বাংলা গদ্যের সার্থক শিল্পপ্রাণের আবিষ্ঠা হিসেবে। রামমোহন বাংলা গদ্যকে ছক্সহ দার্শনিক বিষয়সমূহের আলোচনায় নিযুক্ত করে তার ভিন্তি দৃঢ় করেছিলেন। বিদ্যাদাগর তার মধ্যে প্রাণ্যঞ্চার করলেন। দৌদ্যর্থ আবিদ্যার করলেন।

গ্রন্থানলী ॥ ঈশ্বরচন্দ্র বিদ্যাদাগরের প্রথম রচনা "বাস্থদেব চরিত" পাওয়া যায় নি। ১৮৪৭ সালে তিনি লেখেন "বেতালপঞ্চবিংশত"। গ্রন্থটি হিন্দী "বেতাল পচ্চীদী" নামক গ্রন্থের অস্থবাদ। তাঁর "শকুন্তলা" (১৮৫৪) কালিদাদের "অভিজ্ঞান শকুন্তলম্" নাটকের গদ্যাম্থবাদ। "দীতার বনবাদ"ও (১৮৬০) অস্থবাদমূলক গ্রন্থ। তবভূতির উন্তর্গরামচরিত এবং বাল্মীকির রামায়ণ অবলঘনে এটি রচিত। "মহাভারতের উপক্রমণিবা"য় মূল মহাভারত অস্থতে হয়েছে। ইংরেজী গ্রন্থাদির অস্থবাদমূলক করেনা রচনাও তাঁর আছে। "বাঙ্গালার ইতিহাদ" (১৮৪৮) মাম্বাদ্যাক তাঁর আছে। "বাঙ্গালার ইতিহাদ" (১৮৪৮) মাম্বাদ্যাক করেনাও তাঁর আছে। "বাঙ্গালার ইতিহাদ" (১৮৪৮) করি Biographies-এর অস্থবাদ। "জীবনচরিত" (১৮৪৯) চেনাদের বিত্রাকানিভি-এর অস্থবাদ। "বোধোদ্য" (১৮৫১) ঐ একই লেখা ভ্র

Rudiment of knowledge অবলম্বনে রচিত। ঈশপ ফেবলের অম্বাদের নাম দিয়েছেন "কথামালা" (১৮৫৮), দেক্সপীয়রের "কমেডি অব এররস" তাঁর হাতে পরিণত হয়েছে "প্রান্তিবিলাগে" (১৮৬৯)। লক্ষণীয়, বিভাসাগরের অম্বাদ গ্রন্থভলি মূলত আখ্যানধর্মী।

বিভাগাগর মৌলিক প্রবন্ধগ্রন্থও অনেকগুলি রচনা করেছেন। "গংস্কৃতভাষা ও সংস্কৃত দাহিত্যশাস্ত্র বিষয়ক প্রস্তার" (১৮৫৩) সমালোচনামূলক
রচনা। ছইখণ্ডে "বিধবা বিবাহ চলিত হওয়া উচিত কিনা এতদ্বিষয়ক
প্রস্তাব" (১৮৫৫) এবং ছই খণ্ডে "বহু বিবাহ রহিত হওয়া উচিত কিনা
এতদ্বিষয়ক বিচার" (১৮৭১,৭৩) ভার সমাজসংস্কার-কর্মের সাহচর্ম করেছে।
এই নিয়ে যে-সব বিতর্কের ঝড় উঠেছে তাতে স্বয়ং যোগ দিয়ে তিনি
ছন্মবেশে কয়েকটি ব্যঙ্গাল্লক রচনা লিখে প্রতিপক্ষকে বিক্ষত করেছেন।
এদের মধ্যে "অতি অল হইল", "আবার অতি অল হইল", "ব্রজবিলাদ"
প্রভৃতির নাম করা চলে। এ ছাড়া গুটিছ্য়েক আল্মনিষ্ঠ প্রবন্ধও তিনি
লিখেছিলেন, "প্রভাবতী সন্তাষণ" (আলুমানিক ১৮৬৩) এবং "বিভাগাগর
চরিত্র"।

প্রাবৃদ্ধিক বিভাসাগর॥ প্রাবৃদ্ধিক বিভাসাগর কতকটা রামমোহন রায়ের ধারাকে অস্থারণ করেছেন। 'সহমরণ বিষয়ক প্রবর্তক নিবর্তক সংবাদে'র অস্থাতি আছে তাঁর বিধবাবিবাহ ও বছবিবাহ সম্পর্কিত গ্রন্থ ছাইটিতে। তথ্য, তত্ত্ব, যুক্তি এবং প্রনাণে তাঁর সিদ্ধান্তগুলিকে তিনি প্রায় ছিদ্রহীন করে তুলেছেন। তার উপরে ভাষার লালিত্য আতম্ভ এনের প্রাণবন্ধ করে রেখেছে। কিন্তু তবুও একথা স্বীকার করতে হবে বিভাসাগরের প্রবন্ধতা সমাজসংস্কার-কর্মের অস্ক্ররূপেই আত্মপ্রকাশ করেছে। স্বাধীন প্রবন্ধের মর্যাদা স্বয়ং লেখক এদের দিতে চান নি। বিষয়বন্ধর সামাজিক গুরুত্ব, বিভাসাগরের ব্যক্তিত্ব এবং ভাষার চমৎকারিছের কথা বাদ দিলে বিষয়গৌরবী প্রবন্ধ হিদেবে এদের মূল্য সমকালীন প্রাবৃদ্ধিক অক্ষয়কুমারের তুলনায় যে অনেক কম তাতে সন্দেহ নেই।

সংস্কৃত ভাষা ও সাহিত্যের সমালোচনামূলক যে ক্ষুদ্র গ্রন্থটি বিভাগোর লিখেছিলেন তার বিশিষ্টতা ও ঐতিহাসিক মূল্য অবশ্বস্থীকার্য। সংস্কৃত স্থিতিয়া সম্পর্কে বাংলাভাষায় লেখা সমালোচনার এই স্বর্ত্রপাত। এর পূর্বে কোন ভারতবাসী সংস্কৃত সাহিত্যের ইতিহাস রচনার চেষ্টা করেন ক্রিন সমালোচনা হিসেবেও বিভাসাগরের মৌলিকতা আছে। রসশাস্ত্রের

একান্ত^{্র} আহুগত্য স্বীকার করার প্রয়োজনীয়তা তিনি দর্বত্র অহুভব করেন নি।

'প্রভাবতী সম্ভাবণে' একটি কুদ্র বালিকার মৃত্যুতে বিভাগাগরের শোকাপ্লুত হুদর আত্মপ্রকাশ করেছে। প্রথমযুগের আত্মগোরবী রচনা হিসেবে এর মূল্য আছে। বিভাগাগরের স্বরচিত আত্মজীবনীর ভঙ্গিটি বেশ সরস। তবে রসপ্রধান রচনা হিসেবে তাঁর ছল্মনামে লেখা ব্যঙ্গ-পুন্তিকাগুলি সর্বাপেক্ষা মনোরম। সমকালে বিতর্ক হিসেবে এর মূল্য ছিল। সাম্প্রতিক কালে এতে প্রকাশিত ব্যঙ্গরসটিই আমরা উপভোগ করি। প্রতিপক্ষের মৃত্তা, ছুইবৃদ্ধি ও পাণ্ডিত্যাভিমান এখানে তীক্ষ্ণ ভাবে আহত হয়েছে। তবে কোথাও তিনি রুচিন্দ্রই হন নি। তৎকালীন বাংলা গভে এরণ উচ্চাঙ্গের রসিকতা অল্লই ছিল।

ভাষারীতি ॥ রবীন্দ্রনাথ বিভাষাগরের ভাষারীতি সম্বন্ধে বলেছেন, "বিভাষাগরাবাংলা গভ ভাষার উচ্চুগুল জনতাকে স্থবিভক্ত, স্থবিগ্রন্থ, স্থারিচ্ছর এবং স্থান্থত করিয়া তাহাকে সহজ গতি এবং কার্যকুশলতা দান করিয়াছেন—এখন তাহার খারা অনেক দেনাপতি ভাব-প্রকাশের কঠিন বাধাসকল পরাহত করিয়া সাহিত্যের নব নব ক্ষেত্র আবিদ্ধার ও অধিকার করিয়া লইতে পারেন—কিন্ত থিনি এই সেনানীর রচনা-কর্তা, যুদ্ধজ্যের যশোভাগ সর্বপ্রথম তাঁহাকে দিতে হয়।"

কিন্ত বিভাগাগর বাংলা গদ্যের বিশ্ব্রাল জনতাকে কি কৌশলে স্থশ্ব্রাল দেনাবাহিনীতে পরিণত করলেন তার পরিচয় নেওয়া প্রয়েজন। প্রথমত, তিনি বাংলা ভাষার নিজস্ব পদসংস্থানরীতি আবিদ্ধার করলেন। সংস্কৃত ভাষা বিভক্তি-প্রতায়মূলক, এদের বলে inflexional। এ-ভাষার পদবিভাগ রীতির অধীন নয়। বাংলা ভাষা analytical। নির্দিষ্ট পদবিভাগ বাতীত এ-ভাষার অর্থবাধই সম্ভব নয়। পদবিভাগে শৃব্রালা আনলে এ-ভাষার শ্রী ফিরে যায়, বছবিধ জড়ত্বের অবসান হয়, ভাষা প্রাণবস্ত হয়ে ওঠে। বিভাগাগর সংস্কৃতজ্ঞ পণ্ডিত হয়েও সংস্কৃত থেকে বাংলার প্রাণধর্মের এই মূল পার্থকাটি বুরেছিলেন। তাই শক্চয়নের ক্ষেত্রে তিনি সংস্কৃত শক্ত এবং সমাসবদ্ধ পদের প্রতি কিছু বেশি আকর্ষণ দেখালেও তাঁর হাতে বাংলা গদ্য মুক্তি পেয়েছে, সংস্কৃতের দাসত্ব করে চলে নি।

দিতীয়ত, তিনি বাংলা গভের মধ্যেও ছল্দের অন্তিত্ব অস্তব ক_ালেন। নির্দিষ্ট স্থানে নির্দিষ্ট পরিমাণ বিরতির সাহায্যে এই গভের মধ্যে প্রাণভাত্রাহ কল্লোলিত করা যেতে পারে এ-সত্য তিনি বুঝেছিলেন। এই কারণেই নানা ধরনের অ্প্রচুর বিরাম চিহ্ন ব্যবহার করে সেই ছন্দসঙ্গীতটি তিনি পাঠকের কানে ধরিয়ে দিতে চেয়েছেন।

বিদ্যাদাগরের গছের তৃতীয় বৈশিষ্ট্যটি আরও তাৎপর্যপূর্ণ। ডাঃ স্থনীতি-कुमात চটোপাধ্যায় বলেছেন, "বিভিন্ন বাংলা শলৈর পরস্পর সমাবেশে অভিধানগত অর্থ ব্যতিরেকেও যে আর একটি অবর্ণনীয় রদের সৃষ্টি ছইতে পারে, এই অপূর্ব সত্য তিনিই সর্বপ্রথম মনে মনে অহভব করিয়া, লেখনীর मूर्य তाहात मछावना ७ जाहात अरमगतामी क तम्याहरू ममर्थ हहेग्राहन, এবং তাহার ফলেই শতাকীপাদের মধ্যেই বঙ্কিমচন্দ্র এবং অর্থশতাকীর মধ্যে রবীন্দ্রনাথের আবির্ভাব সম্ভব হইয়াছে।" উদাহরণ হিসেবে "দীতার বনবাদে"র দামান্ত একটু অংশ উদ্ধৃত করা হল—"এই দেই জনস্থান মধ্যবর্ত্তী প্রস্তাবণগিরি। এই গিরির শিখরদেশ আকাশপথে সতত সঞ্চরমান জলধর-মণ্ডলীর যোগে নিরম্ভর নিবিড় নীলিমায় অলম্ভত: অধিত্যকাপ্রদেশ ঘন সন্নিবিষ্ট বিবিধ পাদপদমূহে আচ্ছন থাকাতে, সতত স্নিগ্ধ, শীতল, ও রমণীয়; পাদদেশে প্রদন্ন দলিলা গোদাবরী তরঙ্গ বিস্তার করিয়া প্রবলবেগে গমন করিতেছে।" এই অংশটি আভিধানিক অর্থের সাহায্যে উক্ত স্থানের একটি পরিচিতি মাত্র দিয়ে নিরুত্ত হয় না। সংবাদ পরিবেশন ছাপিয়ে একটা ভাবলোকে পাঠককে নিয়ে যায়। মনে হয়, সত্যই যেন আমরা প্রস্তবণগিরির নিকটে গিয়ে উপস্থিত হয়েছি। সেই প্রদেশের স্লিম শীতলতা এবং ছায়াঘন শান্ত পরিবেশটি যেন লেথক আমাদের মনের মধ্যে সঞ্চারিত করে দিয়েছেন। এই কান্ধটি বিশুদ্ধ রসসাহিত্যের কাজ। বিভাসাগর বাংলা গভকে প্রয়োজনের সীমা ছাড়িয়ে রদের রাজ্যের ছাড়পত্র দিয়েছেন। তিনি পূর্ববর্তী অমুবাদক-দের মত গালগল্পের প্রতি না ঝুঁকে কালিদাদ-দেরূপীয়রের স্থায় উচ্চ প্রতিভার আশ্রয় নিয়েছেন। আখ্যান গ্রন্থের আশ্রয়েই তার অভিপ্রেত রুদের উদ্বোধন সম্ভব একথা তিনি বুঝেছিলেন। তাঁর গছগ্রন্থে কাহিনীর মৌলিকতা 'বিষয়ে প্রশ্ন তোলা অসমীচীন, তিনি ভাষানির্মাণ করেছেন, কাহিনী-সৃষ্টির ভার পরবর্তীদের উপরে দিয়ে গিয়েছেন॥

ু কুমার দত্ত(১৮২০—৮৬)

রিচ^{র্ছলেন}। অক্ষয়কুমার দত্ত আজীবন জ্ঞানদ্বাধক ছিলেন। শৈশবে ফার্সি ্রিকিংক্কত ভাষা শেখেন। পরে তিনি আরও নানা ভাষা এবং বিবিধ মানববিভা আয়ন্ত করেছিলেন। তাঁর জীবনচরিতকার লিখেছেন, ওরিয়েণ্টাল দেমিনারিতে পাঠকালে তিনি জনৈক ইংল্লেজ শিক্ষকের নিকট "কিছু গ্রীক, লাটন, হিন্তু, জার্মান ভাষা অধ্যয়ন করিতে যাইতেন। ইলিয়ড, বার্জিল, পদার্থবিচ্ছা, ভূগোল, জ্যামিতি, বীজগণিত, ত্রিকোণমিতি, উচ্চ অঙ্গের গণিতশাস্ত্র, বিজ্ঞান, মনোবিজ্ঞান ও ইংরাজি দাহিত্যবিষয়ক ভাল ভাল গ্রন্থ অল্প বা বিনা দাহায্যে অধ্যয়ন করেন। বিজ্ঞানের প্রতি ইংলার্ম স্বতঃসিদ্ধ অহুরাগ ছিল।" স্থপ্রচুর অধ্যয়ন, বৈজ্ঞানিক দৃষ্টিভঙ্গি এবং আধ্যাল্মিকতাবিমুখ বস্তুনিষ্ঠা অক্ষয়কুমারকে বাংলাদেশের নবযুগের এক প্রধান প্রক্রেষ পরিণত করেছে। এই মনীষা নিয়ে তিনি বাংলা গল্পরচনা এবং দাংবাদিকতার ক্ষেত্রে পদার্পণ করে তাকে বিশেষভাবে সমৃদ্ধ করেছেন।

দাময়িকপত্র পরিচালন ॥ ঈশ্বর গুপ্তের "দংবাদ প্রভাকরে" অক্ষয়কুমারের সাংবাদিকতা এবং গল্পরচনার হাতেখড়ি। ১৮৪২ গ্রীষ্টাব্দে তিনি "বিল্ঞাদর্শন" নামে একটি মাদিকপত্র প্রকাশ করেন। বিভিন্ন জ্ঞান ও বিজ্ঞানের প্রচারই এ-পত্রিকার উদ্দেশ্য রূপে বিজ্ঞাপিত হয়েছিল। পত্রিকাটি অল্পকালই বেঁচেছিল।

দেবেন্দ্রনাথ ঠাকুর ব্রাহ্মদমাজের মুখপত্ররূপে "তত্ত্বোধিনী পত্রিকা" স্থাপন করেন (১৮৪৩)। অক্ষয়কুমার প্রতিযোগিতা পরীক্ষা দিয়ে পত্রিকাটির সম্পাদকপদে বৃত হন। তিনি দীর্ঘ বারো বংসর পত্রিকাটির সম্পাদক ছিলেন। ব্রাহ্মধর্মের ব্যাখ্যানাদির প্রকাশই এই পত্রিকাটির লক্ষ্য ছিল। অক্ষয়কুমারের মত জ্ঞানসাধকের হাতে পড়ে পত্রিকাটি লক্ষ্য থেকে অনেকথানি বিচ্যুত হল। সেই বিচ্যুতি বাংলা দাহিত্যের উন্নতিতে সহায়ক হয়েছে। তিনি দাহিত্য-বিজ্ঞান-পুরাতত্ত্ব বিষয়ক জ্ঞানগর্ভ প্রবন্ধ প্রকাশ করে বাংলাভাষার ক্ষমতা এবং বাংলা দাহিত্যের পরিধি বাড়িয়ে দিলেন। "তত্ত্বোধিনী"ও প্রথম শ্রেণীর পত্রিকায় পরিণত হল, এর জনপ্রিয়তা বিষয়করভাবে বৃদ্ধি পেল।

প্রাবন্ধিক অক্ষয়কুমার ॥ অক্ষয়কুমার "ভূগোল", "পদার্থবিত্যা" প্রভৃতি ত্বই-একখানি পাঠ্যপুত্তকশ্রেণীর এই রচনা করেছিলেন। কিন্তু "পদার্থ-বিত্যা"র মত গ্রন্থের মধ্য দিয়েই বাংলা প্রবন্ধদাহিত্যে পর্বজনবোধ্য বিজ্ঞান বিষয়ক রচনার (Popular Science) প্রবেশ ঘটল। বৈজ্ঞানিক নানা তত্ত্বকে সাধারণ শিক্ষিত পাঠক শ্রেণীর উপযোগী করে রচনা করা চি ত্বই প্রবন্ধদাহিত্যের এক বিশিষ্ট অবদান হিসেবে বিবেচিত হয়। বাংলা লাভ প্রথম যুগেই অক্ষয়কুমার বিজ্ঞান বিষয়ক প্রবন্ধ রচনা করে এক স্কৃষ্ক ঐতিষ্ট্রী হ

করেছেন। পরবর্তীকালে বৃদ্ধ্যচন্দ্র-রবীন্দ্রনাথের মত সাহিত্যিক-শিল্পীরাও স্বাথ্যে এই ধারার অহ্বর্তন করেছেন। তাঁর তিনথণ্ডে স্ক্ষলিত "চারুপার্ঠ" (১৮৫৩-৫৪ এবং ৫৯) নানা ইংরেজী গ্রন্থ অবলম্বনে রচিত হলেও মৌলিকতা বর্জিত নম। এদের মধ্যে অনেকগুলি জ্ঞানগর্ভ প্রবন্ধ গ্রন্থিত হয়েছে। "বাহ্ববস্তুর সহিত মানব প্রকৃতির স্থান্ধ বিচার" (১ম ১৮৫১, ২ম ১৮৫৩) জর্জ কৃষ প্রণীত "কন্ফিটিউশ্বন অব ম্যান" নামক গ্রন্থ অবলম্বনে রচিত। "ধর্মনীতি"তেও কৃষ এবং অপরাপর ইংরেজ লেখকদের অহ্ব্যরণ আছে। উইলসন সাহেবের ইংরেজী গ্রন্থ অবলম্বনে রচিত ত্ইখণ্ডে "ভারতবর্ষীর উপাসক সম্প্রদায়" অক্ষয়কুমারের প্রেষ্ঠ কীর্তি। গ্রন্থয় যথাক্রমে ১৮৭০ এবং ১৮৮৩ সালে প্রকাশিত হলেও "নানাধিক ২২ বৎসর অতীত হইল, এই প্রেকের অনেকাংশ প্রথমে তত্ত্বোধিনী প্রিকাতে প্রকটিত হয়।" গ্রন্থটির প্রিক্রিত তৃতীয় খণ্ড তিনি সামান্তই লিখেছিলেন। "প্রাচান হিন্দুদিগের সমুদ্রমাত্রা ও বাণিজ্যবিস্তার" নামে তাঁর একটি স্বর্থ প্রবন্ধ "তত্ত্বোধিনী"তে প্রকাশিত হয়েছিল।

অক্ষয় দত্তের রচনা ইংরেজী ভাষার জ্ঞানরাজিকে অবলম্বন করলেও তাঁর মৌলিকতায় দলেহ করা চলে না। তিনি ইংরেজী গ্রন্থকে আশ্রয় করলেও তার অহবাদ করেন নি; প্রতিটি ক্ষেত্রে আপন মতামত ব্যক্ত করেছেন। অপরের তথ্য এবং চিন্তাপ্রণালীকে তিনি এমনভাবে দাজিয়েছেন যার মধ্যে নিজের মৌলিক চিম্তাধারাটি প্রকাশ পেয়েছে। কখনও আবার সঙ্কলিত জ্ঞান-রাজিকে ভুধু বর্ণনরীতির কৌশলে একেবারে অভিনব করে তুলেছেন, এই প্রদঙ্গে "চারুপাঠে"র স্বপ্ন দর্শন বিষয়ক প্রবন্ধগুলির কথা স্মরণ করা যেতে পারে। চারুপাঠে প্রকাশিত তাঁর স্বদেশাসুরাগও দেকালের পক্ষে কম বিশ্বয়কর নয়। তাঁর "বাহ্ববস্তুর সহিত মানব প্রকৃতির সম্বন্ধ বিচার" কুম্বের গ্রন্থ অবলম্বন করলেও এর মৌলিকতা দৃষ্টি এড়াবার নয়। তিনি উদাহরণগুলি এদেশের উপযোগী করে গ্রহণ করেছেন, মুরোপীয় জীবনচর্যার যে অংশটুকু অফুপরণীয় নয় বলে মনে করেছেন তাকে বর্জন করর্তে ছিধা করেন নি। বিশেষত কুম্বের দক্ষে তাঁরে দৃষ্টিভঙ্গির গোড়ায় পার্থক্য ছিল। কুম্ব ব**স্তু**তন্ময় বৈজ্ঞানিক দৃষ্টি এবং মধ্যযুগস্থলভ ধর্মীয় অলৌকিকতায় ক্রিশাসকে এক সঙ্গে স্থান দিয়েছিলেন। অক্ষরকুমার ঈশ্বরতত্ত্ব সম্পর্কে বড় চিস্তিত ছিলেন না। তাঁর মতে প্রকৃতি-জগতের বাহিরে ঈশ্বর নেই, প্রাকৃতিক নিশ্বমের অমুদরণই ঈশ্বরদাধনা। "ভারতবর্ষীয় উপাদক দম্প্রদায়" গ্রন্থটিও

উইলসনের লেখার অহুসরণমাত্র নয়। ভূমিকায় অক্ষয়কুমার লিখেছেন, "স্থানে স্থানে কছু কিছু পরিবর্তন, পরিবর্জন ও সংযোজন করা হইয়াছে একথা বলা বাছল্য। তিন্তন, এই প্রথমভাগে রামসনেহী, বিখলভক্ত, কর্তাভজা, বাউল, স্থাড়া, সাঁই, দরবেশ, বলরামী প্রভৃতি আর ২২ বাইশটি সম্প্রদায়ের বিবরণ অস্তরূপে সংগৃহীত হইয়াছে। তাহার মধ্যে ছইটির বৃত্তান্ত পুস্তকান্তর হইতে নীত, অবশিষ্ট ২০ কুড়িটির বিষয় নৃতন সঙ্গলিত।" এরপ ঐতিহাসিক নিষ্ঠা ও গবেষকস্থলত পরিশ্রম বাংলা প্রবন্ধের প্রথম যুগের পক্ষে যেমন বিস্মাকর তেমনি বর্তমানেও একান্ত স্থলভ নয়। তাঁর হিন্দুদের সমুদ্র্যাত্রা ও বহির্বাণিজ্য বিষয়ক প্রবন্ধতিও মৌলিক গবেষণার উজ্জ্ল দৃষ্টান্ত।

ভাষারীতি॥ অক্ষয়কুমারের ভাষা সংস্কৃতাস্থা, সমাসবদ্ধ শব্দের প্রয়োগ প্রচ্ব। তবে বিষয়বস্তু গুরুগজীর হওয়ায় ভাষা তার উপযোগীই হয়েছে। তরল রচনারীতি লঘু বিষয়ের উপযুক্ত। বিজ্ঞান-দর্শন-ইতিহাস ও ধর্মতত্ত্বের গবেষণা এবং সমাজশিক্ষা লঘু ভাষায় প্রকাশ করবার নয়। তবে তাঁর ভাষা সরল-তরল-মধূর না হলেও জড় নয়। বিষয়বিস্থাসে যুক্তিক্রম, তথ্যপ্রমাণাদির উপস্থাপন এবং তত্ত্ব্যাখ্যান এই ভাষায় যথেই যোগ্যভার সঙ্গে সাধিত হয়েছে। ভাষার যে গজীর পৌরুষ রামমোহনের মধ্যে বীজাকারে বর্তমান তাইই বিকশিত হয়েছে অক্ষয়কুমারে। ভূদেব প্রভৃতির মধ্য দিয়ে পরবর্তীকালে সেই ভাষারীতিই প্রবহমান।

বিভাগাগর এবং অক্ষরকুমার এই ছুইজনের ভাষারীতির কিছু তুলনামূলক আলোচনা করা প্রয়োজন। বাংলা গছের প্রথমযুগে এঁরা উভয়েই আবিভূতি হয়ে তাকে সমধিক উন্নীত করে উত্তরাধিকারীকে দান করে যান। বিভাগাগর ভাষার মাধুর্য ও গৌন্দর্যকে বাড়িয়ে তোলেন, অক্ষরকুমারের হাতে তা যুক্তিবহ শক্তির ভোতক হয়ে ওঠে। "একজন রদগাহিত্যমূলক এবং অন্তজন বিজ্ঞান ও যুক্তিমূলক ভাষার সাহাব্যে একইকালে মাতৃভাষার সাহিত্য সম্পদ রন্ধি করিয়া গিয়াছেন।" রমেশচন্দ্র দন্ত এঁদের ভাষারীতির তুলনায় শুরুত্বপ্ মন্তব্য করেছেন, "In Vidyasagar's style we admire the placid stillness and soft beauty of quiet lake, reflecting on its bosom the gorgeous tints of the sky and the surrounding objects. In Akhaykumar's style we admire the vehemence and force of the mountain torrent in its wild and rugged beauty."।

প্যারীচাঁদ মিত্র (১৮১৪-১৮৮৩)

পরিচয়॥ প্যারীচাঁদ মিত্র "টেকচাঁদ ঠাকুর" এই ছন্মনামে প্রস্থাদি রচনা করতেন। তাঁর "আলালের ঘরের ছলাল" (১৮৫৮) নামক ব্যঙ্গ আখ্যান তাঁকে সমকালে ও পরবর্তী যুগে স্পপ্রচুর খ্যাতি দান কুরেছে। এছাড়া তাঁর উল্লেখ-যোগ্য গ্রন্থালীর মধ্যে রয়েছে "মদ খাওয়া বড় দায়, জাত রাখার কি উপায়" নামে মছাপানের নিন্দাস্টক ব্যঙ্গ-রচনা, "ক্ষিপাঠ" নামক কৃষিবিষয়ক প্রবন্ধ, "যৎকিঞ্চিৎ" নামক ঈ্ষরতত্ত্ব বিষয়ক আলোচনা এবং "অভেদী", "রামারঞ্জিকা" প্রভৃতি নীতিমূলক আখ্যানজাতীয় রচনা। "মাসিক পত্রিকা" নামক একটি পত্রিকা প্রকাশ করে সর্বজনবোধ্য সহজ ভাষার চর্চায় তিনি উৎসাহ দেখান।

ভাষারীতি ॥ তাঁর "আলালের ঘরের ছলাল" গ্রন্থের ভাষা সম্পর্কে কিছু শোলোচনা করা প্রয়োজন। বাংলা গভের প্রথমযুগে এই ভাষা একটি বিশিষ্ট ঐতিহাস্টির চেটা করেছিল। গ্রন্থটির: উপন্যাসধর্ম সম্পর্কে যে দাবি করা হয় প্রসঙ্গান্তরে তার বিচার করা হবে। বর্তুমানে বাংলা গভের বিকাশে এর ভাষারীতির দানটুকুই আলোচ্য।

প্যারীচাঁদের ভাষা সহজ ও সরল। সাধুভঙ্গিতে লিখবার নাম করে সংস্কৃত শব্দ ও সমাসবদ্ধ পদের আড়ম্বরে বাংলা গছকে প্রাণহীন ও ছুর্বোধ্য করে তুলবার পক্ষপাতী ছিলেন না প্যারীচাঁদ। তাঁর ভাষা বোধগম্য, লোকের মুখের ভাষার অনেকটা নিকটবর্তী। তত্তব ও দেশী শব্দের অধিক ব্যবহারে এবং ভঙ্গির মধ্যে প্রাণরদ সঞ্চার করায় এ-ভাঁঘা সমকালীন অনেক লেখকের সাধূভাষা থেকে উন্নত মনে হবে। যেমন"রাত্রি প্রায় শেষ হইয়াছে— কলুরা ঘানি জুড়ে দিয়েছে, বল্দেরা গরু লইয়া চলিয়াছে—ধোপারগাধা থপাদ থপাস করিয়া যাইতেছে—মাছের ও তরকারীর বাজরা হু হু করিয়া আসিতেছে —ব্রাহ্মণ পণ্ডিতেরা কোশা লইয়া স্নান করিতে চলিয়াছেন—মেমেরা ঘাটে माति माति रहेश। পরস্পর মনের কথাবার্তা কহিতেছে।" প্যারীচাঁদ ছোট ছোট সরল বাক্যম্বারা ভাব প্রকাশ করতে চাইতেন। ধ্বতাত্মক শব্দের ব্যবহার তাঁর ভাষার প্রাণরদ বর্ধনে বেশ সহায়তা করেছে। কিন্তু এ-ভাষার মূল কাঠামোটি দাধু, ক্রিয়াপদ ও সর্বনাম পদের দিকে তাকালে তা বোঝা যায়। অভিশ্রুতির পরিবর্তে অপিনিহিত ধ্বনির ব্যবহার, স্বর্সঙ্গতির অমুপস্থিতি এবং অম্বরূপ আরও কিছু লক্ষণের সাহায্যে বোঝা যায়, এ-ভাষা কণ্যরীতি ্লিছ। সাধসীকিস সমল ৩০ অসমাধা পালাই চিলা কোঁস লক্ষা। কোস কলে মাজা ব্যবহারের অধিক প্রবণতা জটিল ও গভীর ভাব-ভাবনাকে প্রকাশ করতে বাধা দের। তা ছাড়াও প্যারীচাঁদের ভাষায় কোথাও কোথাও ফার্সী শব্দের আধিক্য পীড়াদায়ক হয়েছে। তবুও বাংলা গছকে সরল করে তোলার চেষ্টায় তাঁর অবদান অবশ্বস্বীকার্য।

দেবেন্দ্রনাথ ঠাকুর (১৮১৭-১৯০৫)

পরিচয়। ব্রাহ্মদমাজের আচার্য দেবেন্দ্রনাথ ঠাকুর সংসারধর্মের সঙ্গে অগভীর আধ্যাত্মিক চেতনাকে সমন্বিত করেছিলেন। রাজা রামমোহন রায় স্থাপিত ব্রাহ্মসভাকে তিনিই ব্রাহ্মসমাজে রূপাস্তরিত করেন। "তত্ত্বোধিনী পত্রিকা" পরিচালনার ব্যাপারে তিনি বাংলা সাহিত্যের সংস্পর্শে আসেন এবং সচেতন সাহিত্যক্রপ্তা না হয়েও বাংলা প্রবন্ধসাহিত্য, বিশেষ করে গভভাষার অনেকখানি উন্নতিসাধন করেন।

দেবেন্দ্রনাথ ব্রাহ্মদমাজের আচার্য হিদেবে অনেকগুলি বক্তৃতা দিয়েছিলেন।

দেগুলিই গ্রন্থাকারে প্রকাশিত হ্য়েছে। এই গ্রন্থগুলিই মূলত দেবেন্দ্রনাথের
সাহিত্যকৃতি। অবশ্য এর পূর্বেই তিনি কিছু গগুগুন্থ রচনা করেছিলেন।
ছই খণ্ডে সম্পূর্ণ "ব্রাহ্মধর্ম গ্রন্থ" এবং "আত্মতত্ত্বিদ্যা" গ্রন্থহিসেবেই রচিত
হয়েছিল ১৮৫০-এর কাছাকাছি সময়ে। বাকী সবই বক্তৃতার সঙ্কলন।
এর মধ্যে উল্লেখযোগ্য "ব্রাহ্মধর্মের মত ও বিশ্বাস" (১৮৫১—৬০ সালে,
প্রদন্ত বক্তৃতাবলী), "কলিকাতা ব্রাহ্মদমাজের বক্তৃতা" (১৮৬২), "মাসিক
ব্রাহ্মসমাজের উপদেশ" প্রভৃতি। দেবেন্দ্রনাথের সবচেয়ে বিশিষ্ট ও সাহিত্যভণান্বিত গ্রন্থ "ব্রাহ্মধর্মের ব্যাখ্যান" (ছই প্রকরণ ১৮৬০—৬১ সালে বির্ত)
এবং "আত্মজীবনী" (১৮৯৫ সালে স্মাপ্ত)। শেষোক্ত গ্রন্থটিতে লেখকের
আঠারো থেকে একচল্লিশ বংসর পর্যস্ত জীবনকাহিনী লিপিবদ্ধ হয়েছে।

ভাষা ও রচনারীতি॥ দেবেন্দ্রনাথের ধর্মব্যাখ্যানগুলি ঔপনিষ্দিক সত্য ও তত্ত্বে আলোচনায় পরিপূর্ণ। কিন্তু যুক্তি-তর্ক-প্রেমাণের সাহায্যে সিদ্ধান্তকে অপরিহার্য করে তোলার কিছুমাত্র চেষ্টা এখানে লক্ষিত হয় না। ধর্মব্যাখ্যা করতে গিয়ে তিনি আপনার অন্তরের উপলব্ধির কথাই বলেছেন। প্রাচীন ভারতীয় ঔপনিষ্দিক সত্য দেবেন্দ্রনাথ আপনার সম্প্র অন্তর দিয়ে গ্রহণ করেছিলেন, বৃদ্ধি বা যুক্তি দিয়ে নয়। যেমন, "ভূলোকে হ্যুলোকে, আকাশে অন্তরীকে, উষাকালে সন্ধ্যাকালে, শ্রদ্ধাবান্ একনিষ্ঠ করেন। উষার উন্মীলনের সঙ্গে সঙ্গে তুর্ঘ তিদিত হইয়া যথন অচেতন প্রাণিগণকে সচেতন করে; রূপহীন বস্তুসকলকে রূপবান্ করে; তথন সেই জ্যোতিয়ান স্থের মধ্যে সেই প্রকাশবান্ বরণীয় পুরুষকে তাঁহারা দেখিতে পান।" অবশ্য এই-সব ক্ষেত্রে বিষয়বস্তুর গোরব অর্থাৎ উপনিষদের ঋষিদের কল্পনার কবিত্বপূর্ণ সৌন্দর্য ও মাহাল্পাই অবিকৃতভাবে উপস্থিত হওয়ায় ভাষাসৌন্দর্য প্রকাশ পেয়েছে। এ-বিষয়ে দেবেন্দ্রনাথের কৃতিছ হল এখানে যে তিনি সংস্কৃত ভাষার শব্দগুলিকে সম্বত্ন ব্যবহার করে ভাবের আস্থ্যত্য যেমন বজায় রেখেছেন তেমনি বিভাসাগর আবিষ্কৃত বাংলা গভের পদবিভাদ এবং ছন্দস্গতিটিও সার্থক ভাবেই অস্থ্যরণ করতে পেরেছেন; ছইয়ের সমন্বয় সাধনে তাঁর কৃতিত্ব অনস্বীকার্য।

কিন্ত দেবেন্দ্রনাথের শ্রেষ্ঠ গ্রন্থ "আত্মজীবনী"। এই আত্মজীবনী আবার ভারতভ্রমণে পরিপূর্ণ। আত্মকথন প্রদঙ্গে দেক্তেনাথ আপনার মনের ভাণ্ডার থেকে স্মৃতির মালা গেঁথে পাঠককে উপহার দিয়েছেন। কখনো হিমালয়ের উত্তঙ্গ পার্বত্য প্রদেশের বর্ণনায়, কখনো দাবানলদগ্ধ বনানীর ভাষাচিত্র অঙ্কনে, কখনো গ্রাম্যজীবনের প্রতি মুগ্ধ দৃষ্টিপাতে এই আত্মজীবনীটি একটি উৎকৃষ্ট দাহিত্যিক রচনায় পরিণত হয়েছে। যেমন, "অরুণোদয়ে প্রভাতে আমি যথন দেই বাগানে বেড়াইতাম, যখন আফিমের শ্বেত পীত লোহিত ফুল দকল শিশির জলের অশ্রুপাত করিত, যখন ঘাদের রজত-কাঞ্চন পুষ্পদল উদ্যানভূমিতে জরির মসনদ বিছাইয়া দিত, যখন স্বর্গ হইতে বায়ু আদিয়া বাগানে মধু বহন করিত, তখন তাহাকে আমার এক গন্ধর্বপুরী বোধ হইত। কোন কোন দিন ময়ুর ময়ুরীরা বন হইতে আদিয়। আমার ঘরে ছাদের একতলায় বদিত এবং তাহাদের চিত্রবিচিত্র দীর্বপুচ্ছ স্র্যকিরণে রঞ্জিত হইয়া মৃত্তিকাতে লুটাইয়া থাকিত। একদিন মেঘ উঠিল, আর দেখি ময়ুরীরা মাথার উপরে পাখা উঠাইয়া নৃত্য করিতে লাগিল। একি আশ্চর্য দৃশ্য! আমি যদি বীণা বাজাইতে জানিতাম তবে তাহাদের নৃত্যের তালে তালে তাহা বাজাইতাম।" লেখকের যে দৌৰ্শ্ব দেখবার চোথ আছে এবং তা দেখাবার ভাষা আছে আত্মজীবনীতে •তার অনেক' উদাহরণ ছড়ানো আছে। অথচ তাঁর প্রকাশভন্তী বেশ সংযত, ভাষায় কোথাও চড়া রঙ নেই, বর্ণনায় নেই প্রগলভতা। তৎসম শব্দ এবং সমাসবদ্ধ পদের ব্যবহার অ্মিত, ভাষাকে তা প্রায় কোণাও জটিল করতে পাবে নি. চাতে কবাতে পাবে নি প্রাণরদ থেকে।

একটি ঐতিহাসিক সমস্তা। প্রখ্যাত সাহিত্য-সমালোচক অজিতকুমার চক্রবর্তী দেবেন্দ্রনাথকে বাংলা গছের প্রথম শিল্পী আখ্যা দিয়েছেন। এই অভিধার বিচার প্রয়োজন। ব্যাখ্যানগুলিতে দেবেন্দ্রনাথ গছ-শিল্পীরূপে নিজেকে যতটা প্রতিষ্ঠিত করেছেন তা বিভাসাগর মহাশয়ের গছারনাথেকে কোন দিক থেকেই অগ্রগতির চিছ্ন বহন করে না। ১৮৬০ সালের কাছারাছি সময়ে এই ব্যাখ্যানগুলি, বিবৃত হয়। তার পূর্বে বিভাসাগরের কয়েকটি প্রধান গদ্য-গ্রন্থ প্রকাশিত হয়েছে। বিভাসাগরের এই রচনাগুলি অম্বাদমূলক হলেও গদ্যভাষার সৌন্দর্য আবিষ্কারে তিনি মৌলিক অস্তর্দৃষ্টির পরিচয় দিয়েছেন এদের মধ্যে। বাংলা গদ্যের শিল্পরূপের প্রতিষ্ঠা ঘটে সেখানেই। ১৮৬০ সালে কালীপ্রসন্ন সিংহের "হুতোম প্র্যাচার নক্সা" প্রকাশিত হয়। এর গছারীতিতে বাংলা চলিত ভাষা যে শিল্পরূপ লাভ করে তা সন্দেহাতীত ভাবেই বলা যায়। আর অজিত চক্রবর্তী মহাশয় যদি দেবেন্দ্রনাথের "আত্মজীবনী"র অপরূপ ভাষাসৌরভের দিকে তাকিয়ে এ মন্তব্য করেন, তাহলেও তাকে ঐতিহাসিক সত্য বলে স্বীকার করা যায় না। কারণ বিষ্ক্ষমনন্ধের অধিকাংশ রচনাই ইতিপুর্বে প্রকাশিত হয়েছে।

তবে দেবেন্দ্রনাথ যে বাংলাগতের একজন উল্লেখযোগ্য শিল্পী একথা অবশ্যই মানতে হবে।

ভূদেব মুখোপাধ্যায় (১৮২৫-৯৪)

পরিচয়॥ ভূদেব মুখোপাধ্যায় আচারনিষ্ঠ ত্রাহ্মণ পরিবারের সন্তান, শিক্ষালাভ করেছিলেন হিন্দু কলেজে, মধুস্দনের ন্যায় পাশাত্যপন্থী ব্যক্তিরা ছিলেন তাঁর সহপাঠা। এই বিপরীত প্রভাবের ফল তাঁর চরিত্রে ফলেছিল। হিন্দুধর্ম ও ভারতীয় সমাজ-জীবনকে অমুসরণ করাই তাঁর ত্রত ছিল, কিন্তু ইংরেজী শিক্ষার দিকে পিছন ফিরে থাকবার পক্ষপাতী তিনি ছিলেন না। একজন বিখ্যাত সমালোচক তাঁর ব্যক্তিত্বের চমংকার পরিচয় দিয়েছেন, প্রপ্রাচ্য ও প্রতীচ্য সভ্যতার গ্রন্থিষরপ, মিলনবিন্দুস্কর্মপ ভূদেব এদেশ অলম্বত করিয়াছিলেন। ধর্মে নিষ্ঠাবান ভক্তিযুক্ত হিন্দু, জ্ঞানে উদার স্ক্ষদর্শী দার্শনিক, শাস্ত্রে প্রগাঢ় চিন্তাশীল অধ্যাপক, সমাজে বহুদর্শী ধীর সংস্কারক, পরিবারে প্রীতিপরায়ণ কর্তব্যশরণ কর্মযোগী, স্বয়ং শত সহস্তের শিক্ষক অধ্যত আজীবন শিক্ষার্থী শিক্ষা-এ" এ পরিচিতি অব্থার্থ নয়।

সাময়িক পত্রের পরিচালনা।। ১৮৬৪ সালে ভূদেব মুখোপাধ্যাম

শীক্ষাদর্পণ ও সংবাদসার" পত্রিকা প্রকাশ করেন। "শিক্ষাপ্রণালী প্রদর্শক এবং তৎসম্বন্ধীয় সংবাদ প্রদায়ক সাময়িক পত্রিকা" বলে এর আত্মপরিচয় দেওয়া হয়। চার বৎসরের অধিককাল পত্রিকাটি প্রচলিত থাকে।

১৮৫৬ সালে "এডুকেশন গেজেট" নামক যে বাংলা সাময়িক পত্র সরকারী তত্ত্বাবধানে প্রকাশিত হয় তার পরিকল্পনাও ছিল ভূদেবের। কিন্তু প্রথমত সরকার কোন ভারতীয়কে পত্রিকার সম্পাদক নিযুক্ত করতে রাজী ছিলেন না। অবশেষে ১৮৬৮ সাল থেকে তিনি এর সম্পাদক হলেন। ভূদেবের অধিকাংশ রচনা, হেমচন্দ্র ও নবীনচন্দ্রের খণ্ড কবিতাবলী, নানাবিধ বিদ্রপাত্মক রচনা এবং গাহিত্য সমালোচনা প্রকাশ করে তিনি পত্রিকাটিকে সমকালের একটি প্রধান শাম্যিক পত্রের স্তরে উরীত করেন।

প্রাবন্ধিক ভূদেব ॥ গণিত ও প্রকৃতি-বিজ্ঞান বিষয়ক কিছু ছাত্রপাঠ্য রচনা এবং "ঐতিহাসিক উপস্থাস" নামক গল্পগ্রের কথা ছেড়ে দিলে ভূদেব প্রধানত ঐতিহাসিক ও সামাজিক প্রবন্ধের রচয়িতা রূপেই বাংলা সাহিত্যে আপনার স্থান করে নেন। ইতিহাসের প্রতি তাঁর বিশেষ আগ্রহ ছিল। "প্রার্ত্তসারে" কয়েকটি প্রধান জাতির প্রাচীন বিবরণ সন্ধলিত, "বাঙ্গালার ইতিহাসে" লর্ড বেন্টিক্ষের শাসনকালের পরবর্তী যুগ বর্ণিত। এ ছাড়া আছে "ইংলণ্ডের ইতিহাস" এবং "রোমের ইতিহাস"। কিন্তু ইতিহাস বিষয়ে তাঁর আগ্রহ এই কয়টি ছাত্রসের্য গ্রন্থের জন্ম দিয়েছে; মৌলিক গবেষণা এবং ব্যাখ্যানের প্রতি তাঁকে আরুষ্ট করে নি। বাংলা প্রবন্ধ সাহিত্যের এ এক অপ্রণীয় ক্ষতি বলে বিবেচিত হবে। ইতিহাসকে আশ্রয় করে যে মৌলিক গ্রন্থটি তিনি লিখেছেন "স্বপ্লব্ধ ভারতবর্ষের ইতিহাস" (১৮৯৫) বিষয়-কল্পনার অভিনবত্বে তা উল্লেখযোগ্য হলেও মননশীল ঐতিহাসিক নিবন্ধব্ধপে তা গ্রাহ্থ হবে না। আলোচ্য গ্রন্থে ভূদেব মুখোপাধ্যায় তৃতীয় পানিপথ যুদ্ধে মারাঠানশক্তির বিজ্বরের স্বপ্ন দেখেছেন, ভারতেতিহাসের পরবর্তী পর্যায়ে এই ঘটনার অদূরপ্রস্রারী ফলাফলের চিত্র তিনি কল্পনা-বর্ণে রঞ্জিত করে আছিত করেছেন।

ভূদেব মুখোপাধ্যায় "বিবিধ প্রবন্ধ" গ্রন্থে কয়েকখানি সংস্কৃত নাটকের সমালোচনা করেছেন। বিদ্যুদন্তের সমালোচনা-প্রবন্ধাবলী এর স্থাগেই প্রকাশিত হয়েছে, একথা মনে রাখলে এদের গুরুত্ব অধিক বিবুর্ছিত হবে না। কিছু ভূদেবের মত প্রাচীনপদ্বী ব্যক্তিও যে সাহিত্য-সমালোচনায় ধর্ম, নীতি ও প্রাচীন অলঙ্কারশাস্ত্রের প্রভাব থেকে এতার মুক্ত হতে পারেন তা দেখে বিশ্বিত হতে হয়।

শামাজিক প্রবন্ধগুলিই ভূদেবের শ্রেষ্ঠ রচনা। চিন্তার স্ক্ষতা, স্বচ্ছতা, যুক্তিনিষ্ঠা এবং দিদ্ধান্তের মৌলিকতা এই রচনাগুলিকে "বিষয়গোরবী" প্রবন্ধের মধ্যে বেশ উচ্চ স্থান দিয়েছে। "পারিবারিক প্রবন্ধ" (১৮৮২), "শামাজিক প্রবন্ধ" (১৮৯২) এবং "আচার প্রবন্ধ" তাঁর প্রবন্ধ-গ্রন্থভালির মধ্যে দর্বোৎকৃষ্ট। দামাজিক প্রবন্ধের ভূমিকায় ভূদেব বলেছেন, "স্বদেশীয় দমাজের বিভিন্ন উপাদানগুলির মধ্যে জাতীয়ভাব সংস্থাপিত এবং পরিবর্ধিত হইতে পারে কিনা, তাহার বিচার করিয়া দেখান হইয়াছে যে, জাতীয়ভাব পরিগ্রহের পথ আমাদিগের পক্ষে একান্ত সংরুদ্ধ নহে।" গ্রন্থতায় ভূদেব কোন্ চিন্তাধারার অম্পরণ করেছেন এই ভূমিকায় তার ইঙ্গিত আছে।

ভূদেব মুখোপাধ্যায় এমন একটা সময় আবিভূতি হয়েছিলেন যখন বুদ্ধিনীবী শ্রেণীর মধ্যে বিদেশী শিক্ষার ফলে দেশীয় আচার-ব্যবহার, সমাজ-বোধ ও জীবন-দৃষ্টি সম্পূর্ণ পরিত্যক্ত হয়েছিল। ভূদেব নিজের জীবনের কর্ম ও রচনার মধ্য দিয়ে নিরলদ ভাবে ভারতীয় আদর্শ প্রচার করেছেন। পরিবার, সমাজজীবন এবং ব্যক্তিগত আচার-আচরণ সম্পর্কে তাঁর অনেক মতই বর্তমানে গ্রহণের অযোগ্য এবং অতিমাত্রায় রক্ষণশীল বলে মনে হতে পারে। কিন্তু যখন যুগের হাওয়ায় দব কিছুকে অস্বীকার ও পরিত্যাগ করাই ফ্যাদান হয়ে দাঁডিয়েছিল, তখন ভূদেবের এই দকল অভিমতের যে অনেকখানি মূল্য ছিল তা স্বীকার করতে হবে। ভূদেব অবশ্য ইংরেজী শিক্ষার বিরোধী ছিলেন না। এই শিক্ষাকে আমাদের চিরাচরিত জীবনযাত্রার দঙ্গে তিনি সমন্বিত করতে চেয়েছিলেন। অতি-পশ্চিম-প্রীতি বাঙালীর পরিবার, সমাজ ও ব্যক্তিগত জীবনকে যাতে বিপর্যন্ত না করতে পারে সেদিকে তাঁর প্রথব দৃষ্টি ছিল।

ভাষারীতি ॥ ভূদেবের যুক্তিনিষ্ঠ পৌরুষ তাঁর ভাষাভঙ্গিতেও প্রতিফলিত। তাঁর ভাষারীতিতে কাব্যরস অল্ল, শুরুগঞ্জীর সংস্কৃতাহুগত্য লক্ষণীয়। কিন্তু বিষয়গোরবী প্রবন্ধের ভাষা হিসেবে এর মূল্যও অস্বীকার্য নয়। "সাহিত্য সাধক চরিতমালা"য় ভূদেবের ভাষার পূর্বোক্ত দিকটির প্রতিগার্থক ইঙ্গিত করে বলা হয়েছে, "বাঙালীর মন গীতিপ্রবণ, এইজ্জ্ঞ বাঙালীর সংষ্ঠ সাহিত্য প্রধানতঃ গীতিধর্মী বা কাব্যপ্রধান। বাংলা সাহিত্যের গল্পও ভাবুক্তার সংস্পর্শে অল্পবিস্তর কাব্যায়িত; উপমা-লালিত্যে বাংলা গল্প বড় বেশী কোমল; বড় বেশী মধুর হইয়া উঠিয়াছে। ইউরোপীয় সাহিত্যে গদ্যকে যক্তির ভাষা (language of reason) বলা হয়: এই

যুক্তির ভাষা বাংলা সাহিত্যে অপেকাত্বত বিরল। যে ছই-চারিজন সাহিত্যিক সত্যকার গভ লিখিয়াছেন ভূদেব মুখোপাধ্যায় তাঁহাদের মধ্যে অন্তব্য প্রধান।"

কালীপ্রসন্ন সিংহ (১৮৪০-১৮৭০)

পরিচয়। কালীপ্রদন্ন দিংহ মাত্র তিরিশ বছর বেঁচে ছিলেন। কিন্তু এই অত্যল্পকাল মধ্যে তিনি বাঙালী সমাজ এবং বাংলা ভাষা ও সাহিত্যের উন্নতির জন্ম প্রভূত অবদান রেখে গিয়েছেন। বিচিত্র সমাজ-সংস্কার কার্যে, শিক্ষাবিস্তারে, সংবাদপত্র পরিচালনায়, সর্ববিধ দেশহিতৈষী কর্মতৎপরতায় এবং অমিত দানকর্মে তিনি প্রথম যৌবনেই সমাজের শীর্ষস্থানে আসন লাভ করেছিলেন। সমকালীন বাংলাদেশে এমন কোন প্রগতিশীল আন্দোলন ছিল না যাতে কালীপ্রসন্ন জড়িত ছিলেন না। বাংলা সাহিত্যে তাঁর পরিচয় নাট্যকার, সাংবাদিক এবং গছশিল্পী হিসেবে। তাঁর অন্ততম কীর্তি কতিপয় সংস্কৃতত্ত্ব পণ্ডিতের সহায়তায় সমগ্র মহাভারতের ত্মুসংক্ষেপিত অন্থবাদ প্রকাশ করা।

সাময়িক পত্র পরিচালন। কালীপ্রদান একাধিক সাময়িক পত্রের সঙ্গে সংশ্লিষ্ট ছিলেন। ১৮৫৫ সালে তিনি "বিভোৎসাহিনী পত্রিকা" নামে একটি মাসিক প্রকাশ করেন। কালীপ্রসন্মের অনেকগুলি চিন্তাভোতক প্রবন্ধ এই ক্ষুদ্র পত্রিকাটিতে প্রকাশিত হয়েছিল। পরের বংসর তিনি "সর্বতত্ত্ব প্রকাশিক।" নামে অপর একটি মাসিক পত্রিকা প্রকাশ করলেন। "সংবাদ প্রভাকরে" লেখা হল, "সর্বতন্ত্ব প্রকাশিকা অর্থাৎ প্রাণিবিছ্যা, ভূতন্ত্বিছ্যা, ভূগোলবিছ্যা ও শিল্পসাহিত্যাদিছোতক মাসিক পত্রিকা"। অতঃপর মাত্র একুশ বৎসর ক্রমপে তিনি "বিবিধার্থ সংগ্রহে"র সম্পাদক মনোনীত হলেন। রাজেন্দ্রলাল মিত্রের মত মহাপণ্ডিত ব্যক্তি দীর্ঘ ছয় বৎসর পত্রিকাটিকে যোগ্যতার সঙ্গে পরিচালিত করে একটি প্রথম শ্রেণীর মাসিকে উন্নীত করেন। রাজেন্দ্রলালের পরে কালীপ্রসন্ন সিংহের মত তরুণের হাতে এর সম্পাদনা ভার অর্পিত হওয়া থেকেই প্রমাণিত হয় সমকালীন সাহিত্য-সমাজে তাঁর স্থান কিন্ধপ উচ্চে ছিল। কিছুদিন তিনি "পরিদর্শক" নামে একটি দৈনিক সংবাদপত্রও পরিচালনা করেছিলেন।

ভাষা-শিল্পী । কালীপ্রসন্ন সিংহ বহু জ্ঞানগর্ভ প্রবন্ধ লিখেছিলেন । সেগুলি

পরিচয় মিলবে। সাহিত্যবোদ্ধা হিসেবেও তিনি নিজেকে প্রতিষ্ঠিত করেছেন। এই সব ক্ষেত্রে তাঁর ভাষা গুরুগন্তীর বিষয়ের উপযোগী বেশ গন্তীর এবং বিভাসাগর-অক্ষয় দত্ত প্রবর্তিত সাধুরীতি অমুসারী। কিন্তু "হুতোম প্যাচার নক্শা" নাম দিয়ে তিনি একটি গ্রন্থ লিখলেন '১৮৬১-৬২ সালে। দ্বিতীয় ভাগের কিছু লেখা এর পরেও রচিত হতে পারে। এই গ্রন্থে গভ ভাষারীতিতে কালীপ্রসন্ন এক বৈপ্লবিক পরিবর্তনের স্থচনা করলেন। গ্রন্থটি আগন্ত চলিত ভাষায় রচিত। কলকাতার কথ্য ভাষাকে অবিকৃতভাবে ও ধিধাহীন চিত্তে তিনি বাংলা সাহিত্যের আসরে স্থান দিলেন। একট উদাহরণ নিলে দেখা যাবে এ-ভাষার চলিত রূপ কত অবিমিশ্র এবং প্রাণবন্ত--"এত দিন জুতোর দোকান ধূলো ও মাকড্সার জালে পরিপূর্ণ ছিল, কিন্তু পুজোর মোরশুমে বিয়ের কনের মত ফেঁপে উঠ্চে; লোকানের কপাটে কাই দিয়ে নানারকম রঙ্গিন কাগজ মারা হয়েচে, ভেতরে চেয়ার পাড়া; তার নীচে এক টুকুরো ছেঁড়া কারণেট। সহরে সকল দোকানেরই শীতকালের কাণের মত চেহার। ফিরেচে। যত দিন ঘুনিয়ে আস্চে, ততই বাজারের কেনাবেচা বাড়চে, ততই কলকেতা গ্রম হয়ে উঠ্চে। পলীগ্রামের টুলো অধ্যাপকেরা বৃত্তি ও বার্ষিক সাধ্তে বেরিয়েচেন, রাস্তায় রকম রকম তরবেতর চেহারার ভিড় লেগে গ্যাচে।" এর পূর্বে মৃত্যুঞ্জয় বা কেরীকৃত গ্রন্থে লোকের মুখের ভাষার উদাহরণ দিতে গিয়ে চলিত ভাষাকে সাহিত্যের এক প্রান্তে দীন আসন দেওয়া হয়েছিল। প্যারীচাঁদের "আলালের ঘরের ত্নাল"ও কথ্যরীতিতে সহজবোধ্য ভাষায় লেখা গ্রন্থ হলেও, এর কাঠামোটি সাধুরীতির; ক্রিয়া পদগুলি বা দর্বনামগুলি দাধু তো বটেই, চলিত ভাষার উচ্চারণভঙ্গিও ভাষায় বজায় রাখা হয় নি। কালীপ্রদাের হুতােম অবিমিশ্র চলিতে লেখা। পরবর্তীকালে বঙ্কিম যুগেও কোন গভলেথকই চলিত ভাষার এই বিশুদ্ধি ক্ষা করে কিছু লিখতে পারেন নি। বিংশ শতক শুরু হবার প্রায় চল্লিশ বছর আগে কালীপ্রদন্ন গভারীতির ক্ষেত্রে পরবর্তী শতকের জন্ম মহামূল্য ঐতিহ রেখে গেলেন। ক্রিয়াপদ বা সর্বনাম পদ্গুলি, উচ্চারণ বৈশিষ্ট্য (স্বরসঙ্গতি, অভিশ্রতি, খাসাঘাতের নির্দিষ্টতা প্রভৃতি), প্রবাদ-প্রবচনের সাবলীল ব্যবহার সব দিক থেকেই তিনি চলিত রাতিটিকে পরিপূর্ণভাবে আয়ন্ত করে সার্থকভাবে প্রকাশ করেছিলেন।

"হতোম পাঁ্যাচার নকুশা" নকশাজাতীয় রচনা, "আত্মগোরবী" প্রবন্ধের / Carbiactiva accar \ ভোলকে এব জান মধ্যা টানিক। স্লেখক সমকালীন কলকাতার উচ্চ্ছাল জীবনের উপরে ব্যঙ্গের কশাঘাত।করেছেন। তাঁর নক্শাগুলিতে বৃদ্ধিপৃপ্ত ব্যঙ্গহাস্ত চমৎকার প্রকাশ পেয়েছে। "আলালের ঘরের ছলালে"র দঙ্গে এ-গ্রন্থের ছুলনা চলে না, কারণ দেখানে উপস্থাসলকণ মোটাম্টিভাবে প্রকট। হতোমের ভাষা চিত্ররচনায় নিপুণ। এ চিত্র বর্ণবহুল,—তার মধ্যে বাহিরের এবং লেথকের মনের ছু'রকম বর্ণই মিলবে। কোথাও কোথাও ব্যঙ্গদৃষ্টি পরিহার করে স্থৃতি রোমন্থনের মধ্য দিয়ে চমৎকার রসরচনার জন্ম দিয়েছেন হতোম। যেমন, "আমরাও দেই-ওলো (অর্থাৎ কবিতা) মুখস্থ করে স্কুলে, বাড়ীতে ও মার কাছে আওড়াতেম—মা শুনে বড় খুসি হতেন ও কথন কথন আমাদের উৎসাহ দেবার জন্ম ফি প্যার পিছু একটি করে সন্দেশ প্রাইজ দিতেন: অধিক মিষ্টি খেলে তোৎলা হতে হয়, ছেলেবেলা আমাদের এ সংস্কারও ছিল, স্থতরাং কিছু আমরা আপনারা খেতুম, কিছু কাক ও পায়রাদের জন্ম ছড়িয়ে দিত্ম; আর আমাদের মুঞ্জুরী বলে একটি সাদা বেড়াল ছিল (আহা! কাল সকালে সেটি মারা গ্যাচে—বাচ্চাও নেই) বাকা সেপাদ পেত।"

আরও কয়েকজন গদ্য লেখক

রেভারেণ্ড কৃষ্ণমোহন বন্দ্যোপাধ্যায় (১৮১৩-৮৫)॥ বাংলা গছের প্রথম যুগে কৃষ্ণমোহন বেশ উল্লেখযোগ্য অবদান রেথে গিয়েছেন। কিন্তু সম্ভবত খ্রীষ্টধর্ম গ্রহণ করার জন্ম সমকালীন অন্যান্ম লেখক এবং সাময়িক পত্রের সঙ্গে তাঁর ঘনিষ্ঠ সম্পর্ক ছিল না। তাঁর শ্রেষ্ঠ রচনা "বিচ্ছাকল্পক্রম" বিশ্বকোষ জাতীয় গ্রন্থ। এটি তেরো খণ্ডে সঙ্কলিত হয়েছিল। গ্রন্থটি কৃষ্ণমোহর্শের স্থগভীর পাণ্ডিভ্যের পরিচয় বহন করে। তাঁর ভাষাও সমকালের পক্ষে এমন কিছু কঠিন ছিল না।

রাজেন্দ্রলাল মিত্র (১৮২২-৯১)॥ রাজেন্দ্রলাল মিত্র বহু ভাষাবিদ্ পণ্ডিত ছিলেন। পুরাতত্ত্বে আলোচনায় তাঁর খ্যাতি বিশ্বব্যাপ্ত হয়েছিল। উড়িয়ার পুরাতত্ত্ব বিষয়ক তাঁর স্থবিপুল ইংরেজী গ্রন্থ বাঙালী মনীমার কীতিন্তজ্জরূপে পরিগণিত হবে। সাংবাদিক এবং প্রাবৃদ্ধিক হিসেবেও বাংলা গভাসাহিত্যের ইতিহাসে তাঁর স্থান বিশেষ উচ্চে। তিনি "তত্ত্ব-বোধিনী" পত্রিকার সঙ্গে সংশ্লিষ্ট ছিলেন। তাঁর স্থযোগ্য সম্পাদনায় "বিবিধার্থ সংগ্রহ" সমকালীন পত্রিকার মধ্যে সর্বাপেকা জনপ্রিয় হয়ে উঠেছিল।

"রহস্ত দক্ষর্ভ" পত্রিকাটিও তাঁর অন্তম কীর্তি। তাঁর প্রকাশিত বাংলা গ্রন্থভালির মধ্যে "প্রাক্তত, ভূগোল", "শিল্পিক দর্শন", "শিবাজীর চরিত্র", "মেবারের রাজেতির্ত্ত" প্রভৃতি বিখ্যাত। এগুলি ১৮৫৪-৬০ দালের মধ্যে প্রকাশিত। শিল্পবাণিজ্য (industry) এবং শিল্পকলা (art and craft) উভয় বিষয়েই তাঁর দক্ষতা ছিল। তিনি এ-বিষয়ে প্রবন্ধ রচনা করে বাংলা গভের নৃতন দিগন্ত খুলে দিলেন। সাহিত্য দমালোচনায়ও তাঁর বিশেষ কৃতিত্বের অনেক প্রমাণ "বিবিধার্থ সংগ্রহে" ছড়িয়ে আছে।

রাজনারায়ণ বহু (১৮২৬-১৯)॥ বাংলা প্রবন্ধ-দাহিত্যের প্রথম যুগের একজন খ্যাতনামা লেখক রাজনারায়ণ বহু। তাঁর ব্রাহ্মদভার আচার্যক্রপে বক্তৃতাবলী গ্রন্থাকারে প্রকাশিত হয়েছিল ১৮৫৫ সালে। "ধর্মতত্ত্বনীপিকা", "দেকাল ও একাল", "বাঙলা ভাষা ও সাহিত্য বিষয়ক বক্তৃতা" তাঁর বিখ্যাত রচনা। সমালোচক হিসেবে তিনি রসজ্ঞানের পরিচয় দিলেও কোথাও কোথাও সামাজিক গোঁড়ামীকেও প্রশ্রম দিয়েছেন। তবুও সমালোচনা-দাহিত্যের প্রথম বুগের পক্ষে তাঁর রচনা মুল্যহীন নয়। তাঁর শ্বতিকথামূলক গ্রন্থ "দেকাল ও একাল" গবেষণামূলক নিবন্ধ না হয়ে একটি অন্তরক্ষ সরস্তার স্পর্শে অনেকটা উপভোগ্য হয়ে উঠেছে।

বিভাদাগরের অম্পরণে সংস্কৃত, ইংরেজী বা অস্থান ভাষার আখ্যানাদি আনেকেই এই সময়ে ভাষান্তরিত করেছেন। বাংলা গভ নিয়ে তাঁদের অম্পীলন কোনকেত্রেই পূর্বস্থরীদের থেকে উন্নতি স্চিত করে না। তবে এর মধ্যেও নাম করার মত বই তারাশঙ্কর তর্করত্বের "কাদম্বরী"র অম্বাদ ।

11 5 11

যুগসন্ধির কবিভা

র্জন্বিংশ শতাকীর প্রথমার্ধে নবস্টির উল্লাদ কাব্য-জগৎকে আন্দোলিত করে নি। অবশ্য তাই বলে প্রানো কাব্যধারার যথাযথ অমুবৃত্তি চলোছল এমন মনে করবার কারণ নেই। প্রাতন ভাব-পরিমণ্ডল বাংলাদেশ থেকে নিশ্চিতভাবে অবলুপ্ত হচ্ছিল। তাই প্রাতন ধারার অম্পরণকালেও নুত্তন ভাবের অমুর কোথাও কোথাও মাথা তুলেছে। অবশ্য এই নব ভাব এখনও নির্দ্দ হয়ে ওঠে নি। এই পর্বের কবিতাকে তাই 'যুগদিমি' বিশেষণে ভূষিত করা হয়েছে।

বাংলা কাব্যক্ষেত্রে মধুস্থানের আবির্ভাব ঘটেছে ১৮৫৯ সালে তিলোন্তমাসম্ভব রচনার মধ্য দিয়ে। ১৮৫০ সালকে স্থনিদিষ্ট সীমারেখা করে সাহিত্যের যুগবিভাগ করা যে অসম্ভব তা পূর্বেই বলা হয়েছে। গভদাহিত্যের ক্ষেত্রে যেমন বঙ্কিমচক্রের আবির্ভাবে ঘটল যুগান্তর, তেমনি কাব্যাহিত্যের ক্ষেত্রে যেমন বঙ্কিমচক্রের আবির্ভাবে ঘটল যুগান্তর, তেমনি কাব্যাহিত্যের ক্ষেত্রে মধুস্থানের আগমনের মধ্য দিয়ে নবযুগে প্রবেশ ঘটল। অবশ্য বঙ্কিমপূর্ব বাংলাগভ্য সম্পূর্ণই নবযুগের দান। নবজাগৃতির প্রাণলক্ষণ তার সর্বদেহে। তার যা কিছু অপরিণতি তা প্রথম তারুণারে। কিছু কাব্যাহিত্যের ক্ষেত্রে ব্যাপারটি কিছু পৃথক। এর পিছনে আট শত বছরের ইতিহাস আছে। দেই ঐতিহের হুত্রে ঐতিহাসিক কারণেইছেদ পড়েছে। কিছু কবিদের পিছুটানের সমাপ্তি ঘটে নি। বুদ্ধি দিয়ে কেউ কেউ নবীনকে অল্পল্ল আমন্ত্রণ জানালেও সমগ্র কবিকল্পনার মধ্য দিয়ে স্পৃষ্টির্থন তাকে সার্থকতা লান সম্ভব হয় নি। স্কেনধর্ম শুধু বুদ্ধির্ত্তজাত নয়। তাই গভা বা কাব্য উভয় রাজ্যেই কিছুকাল তার জন্ম প্রতীক্ষা করতে হয়েছে।

কবিওয়ালার। পুরাতন ধারার অম্বর্তন করেছেন। কিন্তু পুরাতন কাব্যদাহিত্যের স্বাভাবিক অম্বন্ধন কালপ্রভাবেই আর সম্ভব ছিল না। অথচ নবীনকে চিনবার এবং আত্মন্থ করবার চেষ্টা বা শক্তি তাঁদের ছিল না। পুরানোর প্রসঙ্গে এই নেতিবাচকতাই যুগদন্ধিতে তাদের স্থানলাভের ছাড়পত্র।

ঈশ্বর গুপ্ত বা রঙ্গলাল নব্যুগকে অংশত চিনেছিলেন। এই চিনবার প্রতিক্রিয়া মনকে যেভাবেই নাড়া দিক না কেন, চঞ্চলতা সেখানে ক্রেগ্রেলিটি সেই বৃদ্ধি ও চিম্বাজগতের তরঙ্গ নিঃসংশয়ে উনবিংশ শতকের দান।

ক্বিওয়ালা

পরিচয়। কবিগানের ঐতিহাসিক স্থতের সন্ধানে অষ্টাদশ শতক ,এমন কি সপ্তদেশ শতক পর্যন্তও অভিযান করা যেতে পারে। কিন্তু কৃবিগানের বিকাশ ঘটেছিল ১৭৬০-১৮৩০-এর মধ্যে। কলকাতার নগরসংস্কৃতির পটভূমিতেই কবিগানের জন্ম রবীন্দ্রনাথের এরূপ অভিমত স্বীকার্য। মধ্যযুগের কাব্যকবিতা গ্রাম্য পটভূমিতে আবিভূতি ও বিকৃশিত হয়েছিল। রাজ্যভা, ধর্মকেন্দ্র প্রভৃতিই ছিল তাদের উৎস। কিন্তু কবিগানের জন্মলথ্নে এই উৎস শুক্ক হয়ে গিয়েছে। অথচ নবশিক্ষিত জনসাধারণ যে আধুনিক সাহিত্যের পোষ্টা হয়ে দাঁড়িয়েছিল সেরপ কিছুও ঘটে নি। "ইংরেজের নৃতন স্থাই রাজধানীতে পুরাতন রাজ্যভা ছিল না। তথন কবির আশ্রমদাতা রাজা হইল সর্বসাধারণ নামক এক অপরিণত স্থূলায়তন ব্যক্তি, এবং সেই হঠাৎ-রাজার সভায় উপযুক্ত গান হইল কবির দলের গান। তথন যথার্থ সাহিত্যরস আলোচনার অবসর, যোগ্যতা এবং ইচ্ছা কয়েরজনের, তথন নৃতন রাজধানীর নৃতন সমৃদ্ধিশালী কর্মশ্রান্ত বিণক্ সম্প্রদায় সন্ধ্যাবেলায় বৈঠকে বিসয়া আমোদের উত্তেজনা চাহিত, তাহারা সাহিত্যরস চাহিত না।" (—রবীন্দ্রনাথ); ক্রিগানের এই স্টে-পরিবেশ আধুনিক যুগোপ্যোগী। সাহিত্যের গণ্ডন্ত্রীকরণের এটি প্রথম ধাপ) অবশ্য সন্তা আমোদদানের হীনতায় অবন্মিত হয়ে আধুনিকতার উৎকর্ষ এখানে কিছুমাত্র অস্থৃত হয় দি।

কবিগান নামটি সাধারণত ব্যাপক ভাবে ব্যবস্থাত হয়ে থাকে। কবি, তরজা, খেউড়, আখড়াই, হাফ আখড়াই, গাঁচালী, চপ এদের মধ্যে সঙ্গীত পরিবেশনের আঙ্গিকগত নানা পার্থক্য থাকলেও কবিতা হিসেবে এদের মোটামুটি এক শ্রেণীভুক্ত করা চলে। এই সব নানা ধরনের গীতিমূলক কবিতাকারেরা উনবিংশ শতকের প্রথমদিকে একটা বিশেষ গোষ্ঠীতে পরিণত হয়েছিল।

কবিগানের প্রধান বিষয় রাধাক্ককের প্রেম, উমাসঙ্গীত এবং শ্যামাসঙ্গীত।
কিন্তু প্রাতন বৈশ্বর বা শাক্ত পদাবলীর সঙ্গে এদের মিল নামমাত্র।
ভক্তির অনাবিলতা, আন্তরিকতা এবং রচনাভঙ্গির উৎকর্ষে পদসাহিত্যের
সমকক্ষতা এরা দাবি করতে পারে না। শ্যামাসঙ্গীতগুলিতে তুলনামূলকভাবে
কবিওয়ালারা বেশী কৃতিত্ব দেখিয়েছেন। প্রেমের গান রচনা করতে গিয়ে
এঁরা ভেকে এনেছেন চরম ব্যর্থতা। ধর্মীয় বিষয়কে আশ্রয় করলেও
স্থীসংবাদ ও বিরহের গানে এঁরা মানবলোকের চারপাশেই খুরেছেন।
তবে এ লক্ষণ আধুনিক মানবতাবাদের নয়, মধ্যমূগের দেবনির্ভর কাব্যেও
এ ধরনের মানবরসের সাক্ষাৎ মিলেছে। বহু ক্লেত্রেই উত্তর-প্রত্যুত্তরে
প্রতিপক্ষের চাপানের কাটান দিতে গিয়ে মুথের মত গান বাঁধতেন
কবিওয়ালারা। মুথের মত ধারালো জবাব, ভাবের গভীরতা চাইত না,
উত্তররচনার ক্রততাকে বেশি মূল্য দিত।) (স্থানন্দ না হয়ে, আমোদ লক্ষ্য

কারুকার্যের অত্যধিক প্রাচ্য দেখা যেত। এরা স্থপ্রযুক্ত হত না, আসরের বহু লোককে উত্তেজিত]করে প্যালার থালাটকে পূর্ণ করে তোলাই ছিল এদের লক্ষ্য)

্ অবশ্য কারুনিপুণতা যথেষ্ট পরিমাণে না থাকলে ক্রুত গানে গানে জবাব তৈরী, শ্রবণোত্তেজনাকর যমক-অম্প্রাদের ব্যবহারে সাফল্য লাভ করা যায় না। কবিওয়ালারা অশিক্ষিত-পটুড় দেখাতেন না। তাঁরা রীতিমত গুরুর দলে দীর্ঘদিন ধরে অভ্যাস করতেন। তবে এ-সাধনা চারুকলার নয়, নেহাৎই কারুরীতির।

উনবিংশ শতকের কবিওয়ালা। হরুঠাকুর, কেষ্টামুচি, নিতাই বৈরাগী, ভবানী ইবেনে উনবিংশ শতাব্দীর প্রথমদিকে বেঁচেছিলেন এবং গানও বেঁধেছেন। কিন্তু এঁরা অষ্টাদশ শতকেই কবিওয়ালা হিসেবে প্রতিষ্ঠিত হয়েছেন। উনবিংশ শতাব্দীর কবিওয়ালাদের মধ্যে নাম করতে হয় রাম বস্থর। রাম বস্থর কবিগান সংখ্যায় স্থপুচুর। অপরাপর অনেক কবিওয়ালার তুলনায় এওলি কিছু মার্জিতওবটে। কবির লড়াইয়ের পৃষ্টি রাম বস্থরই হাতে। রাম বস্থর সমকালীন কবিওয়ালাদের মধ্যে ভোলা ময়রা, এণ্টুনী ফিরিঙ্গি প্রভৃতির নাথোল্লেখ করা চলে। তবে এঁদের কারও রচনাই ব্যক্তিত্বর চিহ্নবাহী নয়।

টপ্পাগান ও নিধুবাবু

রামনিধি শুপু বা নিধুবাবু অষ্টাদশ এবং উনবিংশ ছই শৃতকেই দীর্ঘকাল ধরে বেঁচছিলেন এবং টপ্পাগান লিখেছিলেন। হিন্দুস্থানী টপ্পাগানের অসুসরণে নিধুবাবুর আদিরসাত্মক লঘু স্থরের গানগুলি রচিত। এগুলিও মূলত গানে, কবিতা নয়। কিন্তু কাব্যসাহিত্যের ইতিহাসে এর প্রসঙ্গ ভিলেখযোগ্য। এই প্রেমসঙ্গীতগুলিতে ভক্তিভাবের স্পর্শ নেই, আধ্যাত্মিকতার আবরণও নেই। উন্নত শুরের সাহিত্যিক রচনা না হলেও কবিগানের তুলনায় এদের মূল্য তাই স্বীকার্য।

দাশরথি রায়ের পাঁচালী

দাশর্থি রায় (১৮০৬-১৮৫৭) উনবিংশ শতাব্দীর কবি। কবিগানের পরিবেশেই তাঁর মন বর্দ্ধিত, কিন্তু উনবিংশ শতাব্দীর ত্ব-একটি ভাব-তরঙ্গ তাঁর চিন্তের উপরতল সামান্ত স্পর্শ করেছিল। বিধবা-বিবাহ আ্বোলনের প্রতি তাঁর কৌতুকমিশ্রিত সমর্থন ছিল। কবিতার আকারে তা তিনি প্রকাশও করেছেন। কিন্ধ তাঁর প্রধান কাব্যকীতি পাঁচালীর পালাগান রচনায়। রামায়ণ-মহাভারত-ভাগবতের বিষয়বস্তু তিনি গ্রহণ করেছেন এবং উনবিংশ শতাব্দীতে প্রানো বিষয়বস্তুর নব কাব্যরপায়ণের বে-ধারা মধূস্দন থেকে প্রচলিত হয় তার সঙ্গে পাভাবিকভাবেই দান্ত রায়ের কোন সম্পর্ক ছিল না। মধ্যমুগীয় ভক্তি-ভাবনার দিক থেকেই তিনি পালাগানগুলি রচনা করেছিলেন। কিন্ধ দাশর্থি পালাগানের কাহিনীগঠন, চরিত্র-চিত্রণ প্রভৃতির দিকে কিছুমাত্র দৃক্পাত করেন নি। যেন কোন গান্তীর্য বা ভাবগভীরতার (Seriousness) স্পর্শ নেই কাহিনীতে, চরিত্রে কিংবা বর্ণনায়। লঘু রসিকতা, অকারণ পল্লব্র্যাহিতা এবং রঙ্গ-ব্যঙ্গাত্মক মন্তব্যের মালায় তাঁর পালাগানগুলি পরিপূর্ণ। ক্রম্ম গোপীদের বস্ত্রহরণ করলে দান্ত রায় সেখানে সৌথীন শাড়ীর জন্ম বিলাসিনী নারীদের ছঃখ ছাড়া অন্ত কিছু দেখতে পান না। দক্ষয়ত্তে জামাই-শ্রন্তরের বিবাদ ব্যাখ্যা করতে গিয়ে তিনি লঘু কৌতুকেরই প্রশ্রয় দেন—

আমাদের ভাব কেমন জামাই আর খণ্ডরে

যেমন দেবতা আর অস্থরে।
বেমন পক্ষী আর সাতনলা
যেমন আদায় আর কাঁচকলা।
বেমন দিনকতক হইয়াছিল ইংরাজে আর মণ্ডে॥

দাশু রায় উনিশ শতকের কবি হয়েও কবিওয়ালাদের মত অষ্টাদশ শতকেরই যেন Projection। যুগদন্ধির স্ত্রপাত এঁরা নির্দেশ করেন।

যুগদন্ধির সমাপনে নব যুগ অভ্যুদয়ের আশার দক্ষেত দেন ঈশ্বর গুপ্ত এবং বঙ্গলাল।

ঈশ্বর গুপ্ত (১৮১২-৫৯)

পরিচয়। ঈশ্বর গুপ্ত সাংবাদিক হিসেবে বাংলা সাহিত্যের ইতিহাসে উল্লেখযোগ্য ভূমিকা গ্রহণ করেছিলেন। দেশীয় প্রথম দৈনিক প্রিকা প্রকাশের গৌরব তাঁরই প্রাপ্য। ইংরেজী শিক্ষা ও সংস্কৃতির সংস্পর্শের ফলে বাঙালীদের সমাজে ও জীবনে যে-সব বিচিত্র পরিবর্তন স্থচিত হয়েছিল তাতে ঈশ্বর গুপ্ত সর্বদা অগ্রগতির পক্ষভুক্ত ছিলেন না একথা সত্য। কিছু শিক্ষা-সংস্কার, ধর্মসংস্কার প্রভৃতি ক্ষেত্রে তাঁর সমর্থন ছিল। মোটামুটিভাবে বলা থেতে পারে যে উনবিংশ শতাকীর প্রথমভাগের সমাজ-আন্দোলনে তিনি

ছিলেন মধ্যপন্থী। রাধাকান্ত দেবেদের রক্ষণশীলতার সমর্থক তিনি ছিলেন না, অপরপক্ষে ডিরোজিও শিশুমণ্ডলীর সঙ্গেও ছিল না তাঁর মনের যোগ।

নবযুগের স্থচনাকালেই বাংলা সাহিত্যের ইতিহাদে গবেষক হিসেবেও তিনি কিছু উল্লেখযোগ্য অবদান রেখে গিয়েছেন। রামপ্রসাদ ও ভারতচন্দ্রের জীবনী ও কাব্য-কবিতাবলী তিনি সঙ্কলন করে প্রকাশ করেছিলেন। বহু যদ্ব ও নিষ্ঠার সঙ্গে কবিওয়ালাদের জীবনী ও কবিতাবলী তিনি সঙ্কলন করেছিলেন। অন্তথায় বাংলা সাহিত্যের একটা বিশেষ পর্বের প্রত্যক্ষ প্রমাণাবলী প্রায় সবই বিনম্ভ হত। তরুণ কবি ও লেখকদের অনেকেই তাঁর দারা উৎসাহিত হয়েছিলেন। অক্ষয়কুমার দন্তের হাতেধড়ি "সংবাদ প্রভাকরে"; তা ছাড়া বঙ্কিমচন্দ্র, দীনবন্ধু, রঙ্গলাল, দ্বারকানাথ অধিকারী, মনোমোহন বন্ধ প্রভৃতি অনেকেই তাঁর শিষ্যশ্রেণীভুক্ত ছিলেন।

কাব্যপরিচয় ও দাহিত্যের ইতিহাদে বিশিপ্ত স্থান ॥ ঈশ্বর গুপ্তের খণ্ড কবিতাবলী পত্রপত্রিকায় ছড়িয়ে ছিল। তাঁর মৃত্যুর পরে দেগুলি সঙ্কলিত ও সম্পাদিত হয়ে প্রকাশ পেয়েছে। কবিতা রচয়িতা হিসেবে বাংলা সাহিত্যে তাঁর বিশিষ্ট স্থান বর্তমান প্রসঙ্গে আলোচ্য। শেই সঙ্গে কবিতা হিসেবে তাঁর রচনাবলীর মূল্যও বিচার্য। ঐতিহাদিক ব্রজেন্দ্রনাথ বন্দ্যোপাধ্যায় বলে-(ছন, "বাংলা কাব্যসাহিত্যের ইতিহাসে তাঁহার স্থান অন্যসাধারণ, নৃতন ও পুরাতনের দক্ষিস্থলে দণ্ডায়মান থাকিয়া পুরাতন প্রবাহকে অব্যাহত রাখিয়াই তিনি নৃতনের জম্ম খাত খনন করিয়া তাহাতে নব নব ধারা প্রবাহিত করিয়াছেন। ... কাব্যুদাহিত্যে পুরাতন ধারার তিনি শেষ করি এবং নুতন থারার তিনি উদ্বোদ্ধা ।…নৃতন ও পুরাতনের সংগর্ষে যেখানে পথবিপর্যয় ঘটিয়াছে, ঠিক দেইখানেই তিনি আপনাকে মাইলটোনের মত মৃত্তিকাগর্ভে প্রোথিত রাথিয়া বিরাজ করিতেছেন; হয়ত কালের প্রবাহে ধুলিজঞ্জালে দে-্লিনের স্থম্পন্ত পরিচয় চিহ্নটি ঢাকা পড়িয়াছে। ইহার মধ্যে পরব্তীযুগের বাঙালীদের অন্বতজ্ঞতা প্রকাশ পাইলেও সবটাই তাহাদের অপরাধ নহে। মহাকালের উধ্বে সমস্ত ঘাত-প্রতিঘাতকে অবজ্ঞা করিয়া যে-প্রতিভা আপনাকে সমুনত রাখিতে পারে, ঈশ্বরচন্দ্র ঠিক সেই জাতীয় প্রতিভাবান ছিলেন না।" ঈশ্বর গুপ্তের কবিতার এই ঐতিহাদিক লক্ষণগুলি স্থতাকারে বিবৃত করা হচ্ছে।

এক। পুরাতন গানের (পদসঙ্গীত) স্থলে পাঠ্য খণ্ড কবিতার আবির্ভাব ঘটল। বৈষ্ণব কিংবা শাক্ত পদাবলীর যে-ধারা বহিরক্ষের দিক দিয়ে কবি-গানের কাল পর্যস্ত চলেছে তার নিশ্চিত অবসান হল ঈশ্বর গুপ্তের হাতে।

ছই। ঈশর গুপ্ত কবিতাকে সম্পূর্ণভাবে ধর্মভাবমুক্ত করলেন। কবিওয়ালাদের গানে আধ্যাত্মিকতা ছিল না, কিন্তু রাধার্রুঞ্জ, উমা, শ্রামা, শিবের নামের সম্পর্কে ধর্মীয় ভাবাত্রতা একেবারে ঘোচে নি। ঈশর গুপ্ত পার্থিব বিষয় নিয়ে কবিতা লিখলেন। "তপসে মাছ", "পাঁটা", "হুভিক্ষ", "পোষপার্বণ", "গ্রীম্ম", "নীলকরে"র হ্যায় "নিগুণ ঈশর"ও কখনো কখনো তাঁর কবিতার বিষয়বস্ত হয়েছে নাত্ম। অর্থাৎ মধ্যযুগের কবিদের মত তাঁর রচনা ব্রহ্মকেন্দ্রিক না হয়ে মানবকেন্দ্রিক হয়ে নব্যুগের লক্ষণ প্রকাশ করেছে। ধর্ম, ঈশর প্রভৃতি মানবভাবনার অংশ হিসেবেই তাঁর কবিতায় শ্বান পেয়েছে। চারপাশের প্রত্যক্ষণম্য বস্তু, বিভিন্ন সামাজিক আন্দোলনই কবি ঈশ্বর গুপ্তকে সর্বাধিক আকর্ষণ করেছে। প্রাকৃতিক পরিবেশের বর্ণনা, মাহ্যের দৈনন্দিন জীবন-বিবরণ, নীতিতত্মূলক উপদেশ তাঁর রচনায় স্থান পেয়েছে। বিষয় নির্বাচনে ঈশ্বর গুপ্ত যে প্রাতনকে পিছনে ফেলে নবীনের পথ ধরেছেন এ-কথা মেনে নিতে হয়।

তিন। সমাজ-চেতনা পুরাতন কবিতায় স্থান পায় নি, সমাজ-ভাবনা মধ্যযুগের ব্যক্তিত্বের দচেতন অংশ হয়ে উঠতে পারে নি। কবি ঈশ্বর গুপুষ্পত ছিলেন সাংবাদিক। সাংবাদিক হিদেবে সমকালীন সমাজজীবন দম্পর্কে যে তাক্ষ্ণ সচেতনতা তিনি বহন করতেন তাঁর কবিতায় তা প্রকাশিত হয়েছে। অতি রক্ষণশীলতার তিনি পক্ষপাতী ছিলেন না, কিন্তু সমকালীন ইয়ং বেঙ্গলের উচ্চুঙ্খলতাকে তিনি ব্যঙ্গবিদ্ধ করেছিলেন—

যত কালের যুবো, যেন স্থবো, ইংরাজী কয় বাঁকা ভাবে।

ধোরে গুরু পুরুত মারে জুতো,

ভিখারী কি অন পাবে ?

স্ত্রীশিক্ষার বাড়াবাড়ি দেখে তিনি আতঙ্কিত হয়েছেন—

যত ছুঁড়ীগুনো, তুড়ী মেরে

কেতাৰ হাতে নিচ্চে দৰে।

তখন "এ, বি", শিখে, বিবি সেজে,

विनाजी वान करवरे करव।

চার। সমাজচেতনারই বিশিষ্ট প্রকাশ দেশাত্মবোধে। ঈশ্বর গুপ্তের কবিতারই প্রথম জাতীয় জীবন ও ঐতিহের প্রতি শ্রদ্ধা এবং মাতৃভাষার প্রতি ভালবাসা প্রকাশ পেয়েছে। সে ভালবাসা সঙ্কীর্ণ হতে পারে— ভাতৃভাব ভাবি মনে, দেখ দেশবাদিগণে, প্রেমপূর্ণ নয়ন মেলিয়া।

কতরূপ স্নেহ করি,

দেশের কুকুর ধরি,

বিদেশের ঠাকুর ফেলিয়া॥

কিন্তু তার আন্তরিকতায় সম্পেহ প্রকাশ করা চঞলনা। কথনও ব্যঙ্গ-বক্ত বাচনে তিনি বৃটিশ শাসনব্যবস্থার প্রতিও তীক্ষ্ণ শরসন্ধান করেছেন--

তুমি মা কল্পতরু,

আমরা সব পোষা গরু,

শিখি নি সিং বাঁকানো।

(करन थार्या (थान, विकिन घान॥

যেন রাঙা আমলা তুলে মামলা,

গামলা ভাঙেনা।

আমরা ভূষি পেলেই খুসি হব,

ঘুষি খেলে বাঁচৰ না॥

এই বিশিষ্ট ভাবধারা একালের বাঙালী কবিদের প্রধান অন্তর-শক্তি। জাতীয় ভাবনার স্ত্রপাত তাই খুবই তাৎপর্যপূর্ণ।

ঈশ্বর গুপ্ত খণ্ড কবিতা লিখেছেন। গীতিকবিতা লেখেন নি। গীতি-কবির কল্পনা তাঁর ছিল না। বাংলা কবিতার ভবিষ্যৎ গীতিকবিতার করায়ন্ত ছিল। দে-ভবিয়াৎকে তিনি প্রভাবিত করতে পারেন নি ঠিকই, কিন্তু খণ্ড কবিতায় তাঁর একটা pattern ধরে রেখেছেন। নব্য মানবতা ্বাধকে তিনি বৃদ্ধি দিয়ে কিছু বাহিরের দিক থেকেই গ্রহণ করেছিলেন। তার অন্তর আলোড়নের তীব্রতা গুপ্ত কবির অমুভূতি-রাজ্যে ধরা পড়ে নি।

তাঁর. নারী প্রেমমূলক কবিতাগুলি শুধুমাত্র ক্বতিম, অগভীর এবং গতাছ-্রতিকই নয়, ভারতচন্দ্র ও কবিওয়ালাদের রুচি-বৈকল্যের প্রভাব দেখানে বর্তেছে। পুরাতন ধারার কবিতার দঙ্গে তাঁর সম্পর্কের এই স্ত্রটি গুরুত্বপূর্ণ। বিতীয়ত, কবিওয়ালাস্থলভ বাক্ভঙ্গিমা তাঁর কবিতায় স্থপ্রুর। শব্দালঙ্কারের ব্যবহারে তাঁর কবিতার দেহরূপের চড়া প্রদাধন বহক্তেই পীড়াদায়ক। তৃতীয়ত, হাস্তরদ স্প্রীর ক্ষেত্রেও তাঁর স্থলতা পুরাতন ধারার উত্তরস্রীত্বের পরিচয়ই বহন করে।

यूगमित कित मेथत छथ किविधानारित चामत (शरक, मछ। चारमारित হাত থেকে বাংলা কবিতাকে উদ্ধার করে' শিক্ষিত পাঠকের নিকট নিয়ে করলেন। এই ঐতিহাসিক ভূমিকার মূল্য অবশ্বস্থীকার্য। কিন্তু "The poetry is not of a high order" (—রমেশ দন্ত)। কবি হিসেবে তাঁর বিশিষ্টতা এবং দীমাবদ্ধতা সম্পর্কে মনোজ্ঞ আলোচনায় বঙ্কিমচন্দ্র লিখেছিলেন, "মহুদ্য হৃদযের কোমল, গান্তীর, উন্নত, অস্ফুট ভাবগুলি ধরিয়া, তাহাকে গঠন দিয়া, অব্যক্তকে তিনি ব্যক্ত করিতে জানিতেন না। সৌন্দর্যস্থীতৈ তিনি তাদৃশ পটু ছিলেন না। তাঁহার স্পত্তিই বড় নাই।…তাঁহার কাব্যে স্কল্ব, করুণ, প্রেম এদব দামগ্রী বড় বেশী নাই।…তাঁহার কাব্যে স্কল্ব, করুণ, প্রেম এদব দামগ্রী বড় বেশী নাই।…তাঁহার কাব্যে চালের কাঁটায়, রানাঘরের ধ্রায়, নাটুরে মাঝির ধ্বজির ঠেলায়, নীলের দাদনে, হোটেলের খানায়, পাঁটার অহিন্থিত মজ্জায়। তিনি আনারদে মধুর রদ ছাড়া কাব্যরদ পান, তপদে নাছে মণ্ডের ভাব ছাড়া তপথী ভাব দেখেন, পাঁটার বোকা গন্ধ ছাড়া একটু দ্বীচির গায়ের গন্ধ পান। স্থলকথা ঈশ্বর গুপ্ত Realist এবং ঈশ্বর গুপ্ত Satirist।"

রঙ্গলাল বন্দ্যোপাধ্যায় (১৮২৭-৮৭)

পরিচয়। নব্য ইংরেজীশিক্ষিত বাঙালী কবিগণের মধ্যে রঙ্গলাল বন্দ্যোপাধ্যায় বিশেষ জনপ্রিয়তা হুর্জন করেছিলেন। ইংরেজী কাব্যসাহিত্যের সঙ্গে তাঁর মোটামুটি ভাল পরিচয় ছিল। মুর, বায়রন, স্কটের
আদর্শে কবিতা রচনা করার চেষ্টা তিনি করেছিলেন। সংস্কৃত সাহিত্যেও
তাঁর জ্ঞান ছিল। "ঋতুসংহার" ও "কুমারসভ্যবের" বঙ্গামুবাদে তাঁর
প্রমাণ রয়েছে। একাধিক সাময়িক পত্রের সঙ্গে তাঁর ঘনিষ্ঠ সম্পর্ক ছিল এবং
তিনি যোগ্যতার সঙ্গে কোন কোনটির সম্পাদনাও করেছিলেন। মংগুর্গের
বাংলা সাহিত্য সম্পর্কে সেকালে যতটা সম্ভব তাঁর জ্ঞান ছিল, তার চেয়েও
বেশি ছিল তাঁর ভালবাসা। "কবিকঙ্কণ চণ্ডী"র সম্পাদনায় তার পরিচম্ব
মিলবে। রঙ্গলাল নব্যর্গের শিক্ষিত অন্ত পাঁচজন বাঙালীর মত জ্ঞানসাধনায় বিশেষ আগ্রহ অমুভব করতেন। উড়িয়ার ভাষা ও গংস্কৃতি সম্বন্ধে
তাঁর ছিল বিশেষ আকর্ষণ। প্রাতত্ত্ব ও অতীত ইতিহাস তাঁকে আক্বন্ধ করত।

কাব্যগ্রন্থাবলী ॥ বঙ্গলালের মৌলিক কাব্যগ্রন্থাবলীর মধ্যে "পদ্মিনী" প্রকাশিত হয় ১৮৫৮ দালে । প্রাক্-মধ্ম্দন যুগের এটিই তাঁর একমাত্র কাব্য । এই কাব্যগ্রন্থটির জন্মই মুখ্যত তাঁকে মধ্ম্দনের পূর্বযুগে স্থাপিত করে আলোচনা করা হয় । তাঁর "কর্মদেবী" (১৮৬২), "শূরস্করী" (১৮৬৮) এবং

পরবর্তী কালের রচনা। "কর্মদেবী—রাজস্থানীয় সতীবিশেষের চরিত্র", "শ্রম্বন্ধরী—রাজস্থানীয় বীরবালা বিশেষের চরিত্র", "কাঞ্চীকাবেরী—উৎকলদেশীয় বীররসাত্মক আখ্যান বিশেষ"। রঙ্গলালের অধিকাংশ কাব্যই সতী নারীর গৌরবগাথা। বীরধর্ম আনুষ্টিকর্মপেই এসেছে। তাঁর কাব্যের অল্র সাধারণ লক্ষণ রাজপুত ইতিহাসের গৌরবমার যুগের প্রতি আকর্ষণ।

রঙ্গলাল বন্দ্যোপাধ্যায়ের "পদ্মিনী" উপাখ্যানের কাহিনী টডের রাজস্থান থেকে দম্বলিত। দেকালে টডের গ্রন্থ শিক্ষিত সমাজে ইতিহাস বলে গণ্য হত। রঙ্গলাল ইতিহাসের কাহিনীকে কান্যুমাহিত্যের বিষয়ক্সপে গ্রহণ করলেন। বাংলা কাব্যদাহিত্যের ইতিহাসে মধ্যযুগে আলাওল "পদ্মাবতী" কাব্য লিখেছিলেন। কিন্তু রঙ্গলাল দে-কান্যের দঙ্গে আদে পরিচিত ছিলেন বলে মনে হয় না। বাংলা পুরানো আগ্যানকাব্যের সঙ্গে রঙ্গলাল সম্পূর্ণত বিচ্ছেদ ঘটালেন "পদ্মিনী" কাব্যে। যুগদন্ধির পূর্ববর্তী কবি ঈশ্বর গুপ্তের খণ্ড কবিতার মধ্যে বাংলা কবিতার ভবিষ্যৎ মুক্তি তিনি দেখেন নি। তিনি ঈশ্বর গুপ্তের পথ না ধরে নতুন পথে পদার্পণ করলেন। পদ্মিনী-উপাখ্যান অব্যবহিত পরবর্তী বাংলা কাব্যসাহিত্যের গতিপথের দ্বারদেশ চিহ্নিত করল। খণ্ডকবিতা-গীতিকবিতা নয়, আখ্যান কাব্যের পথ ধরেই তার সাম্প্রতিক অগ্রগতি ঘটবে পুলিনী সেই ইঙ্গিডটিই যেন দিতে চাইল। লক্ষণীয়, রঙ্গলাল পরবর্তীকালেও এই প্রত্যয় থেকে ভ্রপ্ত হন নি। পরপর চারটি আখ্যানকাব্য তিনি লিখেছেন। এই চারটিই তাঁর মৌলিক রচনা, অন্তবিধ কাব্যন্ধপের প্রতি বড় আকর্ষণ তিনি বোধ করেন নি ! এই আখ্যানকাব্যের ধারা ভাবে এবং রূপে মধ্যযুগের মঙ্গলকাব্য থেকে যে মূলত পৃথক হবে এ-বোধও তাঁর ছিল। পুরাতন আদর্শের অসুসরণ তাই রঙ্গলাল করেন নি।

দিতীয়ত, রঙ্গলাল পগ্নিনী-উপাখ্যানের ভূমিকায় লিখেছিলেন, "উপস্থিত কাব্যের স্থানে স্থানে অনেকানেক ইংলগুীয় কবিতার ভাবাকর্যণ আছে, দেই সকল, দর্শনে ইংলগুীয় কাব্যামোদিগণ আমাকে ভাবচোর জ্ঞান না করেন, আমি ইচ্ছাপূর্বকই অনেক মনোহর ভাব স্বীয় ভাষায় প্রকাশ করণে চেষ্টা পাইয়াছি,…ইংলগুীয় বিশুক্ত প্রণালীতে যত বঙ্গীয় কাব্য বিরচিত হুইবেক, ততই ব্রীড়াশৃত্য কদর্য কবিতাকলাপ অন্তর্দ্ধান করিতে থাকিবেক, এবং তন্তাবতের প্রেমিকদলেরও সংখ্যা হ্রাদ হইয়া আদিবেক।" ইংরেজী কবিতার আদর্শেই যে বাংলা কাব্যে নবযুগী সঞ্চারিত হবে এ গুঢ় তত্ব তিনি

ছিল। কালিদানের একাধিক সংস্কৃত কাব্য তিনি বাংলায় অসুবাদ করে-ছিলেন। কিন্তু প্রাচীন সংস্কৃত কাব্য এবং মধ্যযুগীয় বাংলা কাব্যের পথে যে নব্যুগের বাংলা কাব্যের মুক্তি আসবে না এ-বিষয়ে তাঁর দ্বিধা ছিল না। ইংরেজী কাব্য-কল্পনার দিকে তিনি বহু আশা নিয়ে তাকিয়ে ছিলেন। এদিক দিয়ে তিনি যে গুরু ঈশ্বর গুপুকে অনেকথানি ছাড়িয়ে গিয়ে আধুনিকতার মূল স্বরটি ধরতে প্রয়াস পেয়েছেন তাতে সন্দেহ নেই।

তৃতীয়ত, ঈশ্বর গুপ্তের তুলনায় আরও একটি দিকে তিনি নিশ্চিতভাবে অগ্রগামী। কবিওয়ালাদের সঙ্গে তার সম্পর্কের কোন স্পষ্ঠ স্ত্রই লক্ষ্য করা যায়না।

চতুর্থত, "পদ্মিনী-উপাখ্যান"কে রোমান্স-রদান্ধক রচনা হিসেবে আধুনিক রোমান্টিকতার পথিস্কৎ বলে অনেকে অভিহিত করতে চেয়েছেন। এই দাবি স্বীকার্য নয়। রোমান্টিক দৃষ্টিভঙ্গির অধিকারীই রোমান্সরদ স্বষ্টিতে দক্ষম। বিষয়বস্তু নির্বাচনে অতীতমুখীতাই রোমান্সের একমাত্র পূর্বদর্ত নয়।

পক্ষমত, পদ্মিনী কাব্য স্বাজাত্যবোধের স্থরটিকে তীব্রভাবে বাজাতে চেয়েছে। এই স্থরের স্টনা ঈশ্বর গুপ্তে, কিন্তু রঙ্গলালের রচনা একে স্পষ্টতর করে তুলেছে। "ঈশ্বর গুপ্তের 'মিউটিনী' প্রভৃতি পত্যে উদ্দীপনা থাকিলেও, যিনি নব্যবঙ্গের হাদয়ক্ষেত্রে উদ্দীপনার রসে সিঞ্চিত করিয়া দেশহিতৈষণার বীজ বপন করেন তাঁহার নাম রঙ্গলাল।" শুধু মাত্র "স্বাধীনতা হীনতায়" কবিতাই নয়, পদ্মিনী কাব্যে মুগলমান শক্তির বিরুদ্ধে হিন্দু রাজপুতের স্বাতস্ত্র্য রক্ষার চেষ্টায় জাতীয়তাবাদের যে-স্থরের চর্চা করা হয়েছে দীর্ঘকাল ধরে বাঙালী হিন্দুর স্বাজাত্য চিন্তার তাই ছিল প্রবপদ। আর তারই সঙ্গে ছিল ব্রিটিশ শাসনের কল্যাণময় ফলশ্রুতিতে বিশ্বাদ। হেমচন্দ্র, নবীনচন্দ্র, বিশ্বুমচন্দ্রের কাব্যোপন্থাদ, এমন কি জ্যোতিরিন্দ্রনাথ-দ্বিজেন্দ্রলালের ঐতিহাদিক নাটকা-দির কথাও এই প্রদক্ষে স্বরণ করা যেতে পারে।

কিন্ত তব্ও রঙ্গলালের এ-কাব্য যুগদন্ধির চিহ্নবাহী, নব্যুগের উল্লাদ এতে পরিপূর্ণভাবে অহুভূত হয় নি। নব্যুগের প্রধানতম লক্ষণ যে মানবতাবাদ তার স্থর পদ্মিনী কাব্যে বড় মেলে না। এবং যে স্বাঞ্চাত্যবোধের জন্ম এ কাব্যের এত প্রশংসা তাও কাব্যটির মূল প্রত্যয়ন্ধপে আসে নি। প্রাসন্ধিক ভাবে মাত্র স্থান পেয়েছে। ঈশ্বর গুপ্তের তুলনায় তা তীব্রতর হলেও, প্রবর্তী উল্লাদপর্বের স্পষ্টতা বা গভীরতার স্পর্শ তাতে লাগে নি। তিনি

কাহিনীগঠনে, বর্ণনায় সেকালীন গতামুগতিকতাকে তিনি অমুদরণ করেছেন একরূপ নির্বিচার ভাবে। ইংরেজী কাব্যের বহিরক্ষের চেতনা মাত্র তিনি লাভ করেছিলেন, গভীরভাবে তাকে আত্মস্থ করতে পারেন নি। অথচ এই আত্মীকরণের মধ্যেই লুকিয়ে ছিল বাংলা কাব্যের নবজীবনের মস্ত্র।

এমন কি মধুস্দনাদির আবির্ভাবের পরেও তিনি একের পর এক কাব্য রচনা করে চললেন, এবং মধুস্দন প্রবৃতিত নবকাব্যধারা তাঁকে কিছুমাত্র স্পর্শ করতে পারল না। তাঁর আধুনিকতা যে কতটা বহিরঙ্গ ছিল তা এ থেকে দহজেই অন্থান করা যায়। বীররদাত্মক কাব্য আমাদের দেশে দেকালে একেবারে অচলিত ছিল না। সংস্কৃত রামায়ণ-মহাভারত জাতীয় গ্রন্থ এবং মঙ্গলকাব্য শ্রেণীর ধর্মমঙ্গল প্রভৃতির নাম এ প্রদঙ্গে মনে পড়ে। মুরোপীয় পদ্ধতির Heoric Poetry স্প্রের বাদনা যদি রঙ্গলালের আদে থেকে থাকে তবে তা যে কিছুমাত্র দিদ্ধিলাভ করে নি, একথা বলা বাহল্য। 'মেঘনাদ বধ' রচনার পরেও বীররদের বর্ণনায় তিনি ভারতচন্দ্রের ছন্দরাজ্যে নিশ্চিস্তে পরিক্রমা করেছেন—

ঠুকে তাল, আঁথি লাল, কি করাল মৃতি।
মহাকায়, হরি-প্রায়, যেন পায় ফুতি॥
চলে যায়, পদ-ঘায়, বয়ধার কম্প।
কভু ধায়, ঠায় ঠায়, মেরে যায় ঝম্প॥
টিট্কার, চীৎকার, শীৎকার ক্রোধে॥
কর্মার, কলেবর, পরস্পার রোধে॥
কর্মারে, কলেবর, পরস্পার রোধে॥
(—কর্মাদেবী)

প্রকৃতি বর্ণনায় আধুনিক কবিস্থলভ চিত্রাঙ্কনের পথ নাধরে মধ্যযুগীয় কবিদের অসুরূপ তালিকাচয়ন করে চলেছেন রঙ্গলাল—

বিশাল বিশাল শাল সরল অর্জুন তাল,
বাধিক্রম বট তরুবর ॥
হরিতকী বিশীতকী পিণ্ডীতকী আমলকী
গিবিমল্লী জয়ন্ত্রী কেশর ॥

দ্ব দিক থেকে বিচার করলে রঙ্গলাল বন্দ্যোপাধ্যায়কে যুগাদন্ধির দ্বাপেক্ষা বিশিষ্ট কবি বলে আখ্যাত করা চলে, নবযুগ উৎদবের প্রথম কবি বলে অভিনন্ধিত করা হায় না॥

ठ्ठीय वधाय

॥ উনবিংশ শতাকীর দিতীয়ার্ধঃ নব-জাগৃতির স্ঠি-উল্লাস ॥

বাংলা দাহিত্যে প্রকৃত পূজনধর্মী রচনার জোয়ার এল উনবিংশ শতকের দিতীয়ার্ধে। নাট্যদাহিত্যের উদ্ভব ও বিকাশ হল,পাবলিক থিয়েটার প্রতিষ্ঠিত হল। যে নাট্যধারার চিহ্ন মাত্র ছিল না বাংলা দাহিত্যে তার উদ্ভবই শুধু হল না, (গুণগত উৎকর্ষে না হলেও) রচনা-প্রাচুর্যে এবং বিষয় ও স্বরের বৈচিত্রে তা এ-যুগের বাঙালী চিন্তের প্রাণচাঞ্চল্যের যোগ্য প্রতিফলন হয়ে দাঁড়াল। নব্যুগের কাব্য স্কষ্টি করলেন মধুস্থদন, বিষমচন্দ্র লিখলেন উপস্থাদ। এঁদের অম্পরণ করে বহু কবি সাহিত্যিকের উদ্ভব ঘটল। চারদিক থেকেই বাংলা সাহিত্য সমৃদ্ধ হয়ে উঠল। নবজাগৃতির সাহিত্যিক ফদল এই পর্বেই বাঙালীর ঘরে উঠল।

উনবিংশ শতাকীর দ্বিতীয়ার্ধের শেষভাগের একটা অংশ জুড়ে রবীন্দ্রনাথের রচনাদি বাংলা দাহিত্যকে নানাদিক থেকে দবিশেষ সমৃদ্ধ করেছে। কিন্তু রবীন্দ্রনাথের স্থানির এক পদ উনবিংশ শতাকীতে হলেও অপর পদ বিংশ শতকের প্রথমার্ধের একটা ব্যাপক কালসীমাকে অধিকার করেছে। বিশেষ করে রচনাবলীর বিপ্লতায়, অতুলনীয় উৎকর্ষে, সমকালীন এবং পরবর্তীদের উপরে প্রভাবের পরিমাণে তাঁকে একটা বিশিষ্ট যুগের শীর্ষে স্থাপিত করাই যুক্তিযুক্ত। উনবিংশ শতকের দ্বিতীয়ার্ধ থেকে স্বভন্ত রবীন্দ্রযুগ বলে পরবর্তী যুগ কল্পনা আমরা করেছি তা নিশ্রষ্ট ইতিহাসদম্মত বলে বিবেচিত হবে।

রবীন্দ্রনাথের সমকালীন বহু লেখককে বর্তমান যুগের প্রতিভূ হিসেবে গ্রহণ করা হয়েছে, আবার সমকালীন যে-সব লেখকের উপরে রবীন্দ্রনাথের প্রভাব গুরুতর তাঁদের রবীন্দ্রযুগের লেখক বলেই অভিহিত করা হয়েছে॥

া এক ।

<u> নাট্যসাহিত্য</u>

ভূমিকা

এক। উনবিংশ শতাব্দীর নাটকের ইতিহাস কয়েকটি বিশেষ দিকে দৃষ্টি আকর্ষণ করে। উনবিংশ শতকের দ্বিতীয়ার্ধে বাংলা নাটকের জন্ম হয়। এই

প্রথম শ্রেণীর নাট্যপ্রতিভার অভাবে বাংলা মঞ্চাত্মণ নাট্য-সাহিত্যে অতি উচ্চস্তরের নাটক দেখা যায় নি । কাব্য-কবিতা এবং গল্প-উপস্থানের ক্ষেত্রে এই যুগে বাংলা সাহিত্যে যে সমুন্নতি ঘটেছে নাটক তা থেকে বঞ্চিত থেকে গিয়েছে। এর জন্ম প্রথমত দায়ী হল উচ্চ শ্রেণীর, নাট্যপ্রতিভার অভাব। দিতীয় কারণটি বাঙালীর বিশেষত মধ্যবিস্ত শ্রেণীর জীবনে নাটকোপযোগী সংঘাতের প্রবলতা ও তীব্র কর্মোদীপনার অভাব।

ছই॥ বাংলা নাটকের জন্মের পিছনে পুরানো বাংলা অভিনয়কলার কোন প্রভাবই অহভূত হয় নি। তথন বাঙালী বৃদ্ধিজীবীদের সামনে তিনটি পথ দেখা দিয়েছিল। সংস্কৃত নাট্যসাহিত্য, লৌকিক দেশীয় অভিনয়কলা বা যাত্রা এবং যুরোপীয় ধরনের মঞ্চাভিনয় এবং ইংরেজী নাট্য-সাহিত্য। বাংলা নাটক যাত্রার ঐতিহ্নকে সরাসরি অধীকার করেছে জন্মলগ্রেই। পাশ্চান্ত্য রীতির প্রতি আহগত্য উচ্চকণ্ঠে ঘোষিত হলেও মোটামুটি ভাবে সংস্কৃতরীতির অহসরণও কিছু কম ছিল না। অবশ্য সংস্কৃত নাট্যরীতি থুব ক্রত প্রভাব হারায়। সংলাপের আলঙ্কারিকতা ব্যতীত সাধারণ রঙ্গনঞ্চ স্থাপিত হবার পর থেকে এর অন্তিত্ব আর অহভূত হয় নি। অপরপক্ষে জন্মলগ্রে পরিত্যক্ত যাত্রারীতি মনোমোহন বস্থু থেকেই বাংলা নাটকে নানাভাবে প্রভাব বিস্তার করে। ইংরেজী ও দেশীয় যাত্রারীতির সংঘাত-সমন্বয়ের পথেই বাংলা মঞ্চান্থ্য নাট্যধারা এই শতান্ধীর শেষ ভাগ পর্যন্ত এগিয়ে চলে।

তিন। বাংলা নাট্যদাহিত্যে পৌরাণিক, দামাজিক, ঐতিহাদিক এবং কাল্লনিক প্রভৃতি নানা বিষয়ের এবং নানা রদের নাটক দেখা যায়। জন্মের সঙ্গে দঙ্গেই প্রায় পৌরাণিক, কাল্লনিক ও দামাজিক নাটকের উৎপত্তি ঘটে। ঐতিহাদিক নাটকের স্থচনা মধুস্থদনের হাতে। এই ধারাগুলিই বিকশিত হয়ে বাংলা নাট্যদাহিত্যের ভাণ্ডার পূর্ণ করেছে। এর প্রতিটি ধারাই নিজের মধ্যে স্থরের ও ভাবের নানা বৈচিত্যের জন্ম দিয়েছে, পরবর্তী আলোচনায় আমরা তা দেখব।

চার। নাটকের জন্মকাল থেকেই 'সিরিয়াস কমেডী,' ুর্টুাজেডি' এবং প্রহসনের চর্চা চলেছে। ট্রাজেডির সীমানা পরবর্তীকালে ক্রমে বেড়েছে।

ভূমিকার এই স্ত্রগুলি ধরে বাংলা নাট্যদাহিত্যের বিবর্তন-কাহিনীতে

নাটকের জন্মের পূর্বে

যাত্রার পরিচয় । সংস্কৃত নাটকের স্থপ্রাচীন ঐতিক্সের সঙ্গে বাংলা দেশের কোন কালেই গভীর যোগ ছিল না। বিশেষ করে সংস্কৃত নাট্যাভিনয় রাজা ও রাজামাত্যদের গৃহপ্রাঙ্গণে সীমাবদ্ধ থাকত। বাঙালী জনসাধারণ যে বিশিষ্ট নাট্যাভিনয়ে সেকালে তৃপ্ত হত তাকে যাত্রা নামে অভিহিত করা হত। বাংলা যাত্রা বা নাটগীত এদেশের প্রাচীনতম দৃখ্যাভিনয়। প্রাচীন যাত্রার প্রত্যক্ষ নিদর্শন একাল পর্যন্ত বড় এসে প্রাচীয় নি।

অষ্টাদশ শতক থেকে যাত্রার নবজীবনের স্ট্রনা হয়। সমকালে কবি, পাঁচালী, চপ, কীর্তন প্রভৃতির পরিবেশে এই নবীন যাত্রার জন্ম। উপরোক্ত পর্যায়ের সঙ্গীতাবেদনে কিছুটা দৃশ্যগুণও ছিল। এই যাত্রাপালায়ও থাকত গানেরই প্রাধান্ত। সংলাপাদি গানে গানেই চলত। বিষয়বস্তুর মধ্যে কৃষ্ণ-বাধা-দৃতী (বড়াই বা বৃন্দা) কথা "কৃষ্ণ-যাত্রা" নামে প্রচলত হয়েছিল। এ ছাড়া ছিল "কালীয় দমন" যাত্রা, চণ্ডী-মনসার লীলাজ্ঞাপক যাত্রাও চলিত ছিল। "বিদ্যাস্থন্দর" যাত্রায় বিদ্যা-স্থন্দর-হীরামালিনীর ভূমিকা থাকত। ঘটনাংশ হত শিথিলবদ্ধ। ঘটনার ঘাতপ্রতিঘাত সম্পর্কে প্রাথমিক বোধও এখানে প্রত্যাশিত ছিল না। কিছু স্থল হাস্তরসের আয়োজনও থাকত। এ ছাড়া থাকত তরল ভক্তিরসের স্পর্শ। শিশুরাম অধিকারী, পরমানন্দ, শ্রীদাম, স্থবল, বদন অধিকারী, গোবিন্দ অধিকারী, গোপাল উড়ে প্রভৃতি যাত্রাকার রূপে দেকালে খ্যাত হয়েছিলেন। এঁদের কেউ কেউ ছিলেন যাত্রার অধিকারী ও অভিনেতা, কেউ কেউ অবশ্য পালা-রচিয়িতাও ছিলেন।

যাত্রার উত্তরাধিকার ॥ উনবিংশ শতকে কৃষ্ণকমল গোস্বামী যাত্রারীতিকে অবলম্বন করেন। কবিওয়ালাদের অতি-সচেতন সন্তা মনোরঞ্জনমুখী কারুচর্চা ও স্থল রুচির পরিবেশ থেকে তিনি যাত্রাকে উদ্ধার করে নবরূপ দেবার চেষ্টা করেছিলেন। তিনি "রাই উন্মাদিনী", "স্বপ্পবিলাদ" প্রভৃতি যাত্রাপালা লিখলেন। এই সব পালায় ভক্তিরগ ও গীতিধর্মের সমন্বয় ঘটল, রুচিও অনেকটা মার্জিত হল।

কিন্তু কুশুকমলের একক চেষ্টা ইতিহাদের গতিকে ফেরাতে পারে নি।
শিক্ষিত বাঙালী ইংরেজী নাট্যশালায় নব্য রুচির পাঠ নিয়েছে। যাত্রাগানকে
ভারা পরিহারযোগ্য রুচিহীন একটি পদার্থ বলে মনে করলেন। পরবর্তী

যাত্রার বিবর্তনের ফলে বাংলা নাটকের যে জন্ম হয় নি একথা নিশ্চিত। অনেকে ইংরেজী নাটকের পিছনে মধ্যযুগীয়. Miracle Plays এবং Morality Plays-এর প্রভাবের প্রসঙ্গ এনে যাত্রার সঙ্গে তুলনামূলক আলোচনা করেছেন। কিন্তু এ-ক্ষেত্রে বৈশাদৃশ্য এতই বেশী যে তুলনায় আলোচনা একরূপ অর্থহীন।

মোট কথা এই যে ইতিহাস-বিবর্তনের সদর রাঁন্তা দিয়ে যাত্রা পরবর্তী নাট্যধারায় আপন প্রভাব ফেলতে পারে নি, ছ'একটি রম্ভ্রপথে কারও কারও রচনায় ছায়া ফেলেছে।

বাংলা রঙ্গমঞ্চের কথা

ভূমিকা। রঙ্গমঞ্চের দঙ্গে নাটকের দক্ষক ঘনিষ্ঠ। বাংলাদেশে রঙ্গমঞ্চ এবং বাংলা নাট্যদাহিত্যের বিকাশ যুগপৎ ঘটেছে। লক্ষণীয়, রঙ্গমঞ্চ এবং বাংলা নাটক উভয়ই দেশীয় ঐতিহ্যকে যথেষ্ট মূল্য না দিয়ে য়ুরোপীয়, বিশেষ করে ইংরেজী ধারার দারা পুষ্ট হয়েছে। খোলা যাত্রার আসর বা পুরানো সংস্কৃত নাটকের অভিনয়কলার প্রতি আগ্রহ না'দেখিয়ে পাশ্চান্ত্য মঞ্চব্যবস্থা ও তদস্যায়ী দে-দেশীয় নাট্যকলার দিকে প্রথমাবধি বাঙালী বৃদ্ধিজীবীরা আগ্রহ প্রকাশ করেছেন।

অন্তাদশ শতাব্দীর মাঝামাঝি সময় থেকেই ইংরেজরা কলকাতায় রঙ্গালয় প্রতিষ্ঠিত করতে থাকে। ১৭৫০ সালে "প্লে হাউদ" নামে তাঁদের প্রথম রঙ্গালয় স্থাপিত হয়। তারপর তাঁদের পরিচালনায় বহু রঙ্গমঞ্চ প্রবাদী ইংরেজদের এবং ইংরেজী শিক্ষিত বাঙালীদের মনোরঞ্জন করতে থাকে। কালিদাসাদির সংস্কৃত নাটক ইংরেজীতে অনুদিত হয়ে কখনো কখনো অভিনয়ের ব্যবস্থা হয়। এই সব প্রচেষ্টার মোট কল হল এই যে বাঙালী শিক্ষিতসমাজ ইংরেজী নাটক এবং নাটকাভিনয় সম্বন্ধে সবিশেষ আগ্রহী হয়ে উঠল। বাঙালীর নিজস্ব রঙ্গালয় প্রতিষ্ঠা এবং বাংলা নাট্য-সাহিত্যের উন্তব এই ঘটনাবলীর দ্বারা বিশেষভাবে প্রভাবিত হয়েছে।

১৭৯৫ দালে গেরাদিম লেবেডফ বেঙ্গলি থিয়েটার নামে একটি বুরুমঞ্চ প্রস্তুত্বরেছিলেন। রুশদেশীয়এই ভদ্রলোক "The disguise" এবুং "Love is the best doctor" নামে ছ'খানি লঘু রদের ইংরেজী নাটক বাংলায় অহ্বাদ করিয়ে মঞ্চস্থ করেছিলেন। অহ্বাদের কাজে তাঁর ভাষা-শিক্ষক গোলোকনাথ দাদের বেশ হাত ছিল বলে মনে হয়। এই নাটক ছটি

পাওয়া গেলে বাংলা নাটকের ইতিহাসে প্রথম রচনা হিসেবে সম্মানিত হত। সংখর থিয়েটার ॥ বিদেশীদের দ্বারা বাংলা রঙ্গালয় প্রতিষ্ঠিত হলেও দীর্ঘ-কাল এই ঘটনার অনুবৃত্তি ঘটে নি। প্রত্রেশ-ছত্রিশ বছর পরে যথন বাঙালীর প্রচেষ্টায় প্রথম রক্ষমঞ্চ গড়ে উঠল তখন তাতে ইংরেজী নাটকের অভিনয়ের বাঁবস্থা হল। প্রদানুকুম্ধর ঠাকুরের হিন্দু থিয়েটার দেকুদপীয়র প্রভৃতির ইংরেজী নাটক এবং কালিদান-ভবভৃতির সংস্কৃত নাটকের ইংরেজী অমুবাদের অভিনয় করে খ্যাতি অর্জন করে। অবশেষে ১৮৩৫ সালে নবীনচন্দ্র বস্তর প্রতিষ্ঠিত রঙ্গালয়ে "বিত্যাস্থন্দর" নাটকের অভিনয় হয়। বাঙালী পরিচালিত থিয়েটারে বাংলা নাটকের এই প্রথম অভিনয়। উনবিংশ শতাব্দীর মাঝামাঝি সময় থেকে সখের থিয়েটারগুলি কতকটা নিয়মিত অভিনয়ের ব্যবস্থা করতে লাগল। এই দব রঙ্গালয়ের মধ্যে "বিদ্যোৎসাহিনী রঙ্গমঞ্চ", "বেলগাছিয়া নাট্যশালা", "পাথুরিয়াঘাটা রঙ্গনাট্যালয়", "জোড়াসাঁকো, থিয়েটার", "বছবাজার বঙ্গনাট্যালয়" প্রভৃতির নাম উল্লেখ করা চলে। যে সাময়িক উত্তেজনা বা বড়লোকের খেয়ালখুশিতে সাধারণত এই রঙ্গমঞ্গুলি গড়ে উঠত তা ছিল নেহাৎই সাময়িক। কিন্তু উপরোক্ত রঙ্গালয়গুলি তুলনামূলকভাবে দীর্ঘকাল টিঁকৈছিল। এমন কি কোন কোন নাটক পাঁচ সাতবার (এমন কি আরও বেশী বার) অভিনীত হয়েছে। সখের থিয়েটারের এই তুলনামূলক স্থায়ীত্বে পাবলিক থিয়েটারের পূর্বস্থরীত্বের চিহ্ন আছে। এই সখের থিয়েটারগুলি আরও একটি কারণে গুরুত্বপূর্ণ। কালীপ্রদন্ন সিংহ, উমেশচন্দ্র মিত্র, রামনারায়ণ তর্করত্ব, মধুস্থান দন্ত, মনোমোহন বস্থা, দীনবন্ধু মিত্র প্রভৃতির নাটকাবলী এই সব রঙ্গালয়ে নিয়মিত অভিনীত হত। এই সব রঙ্গালয়ের উৎসাহ এবং প্রেরণাই আবার তৎকালীন বহু নাট্যকারের নাট্যরচনাবলীর কারণ।

পেশাদারী থিষেটার॥ এইভাবে বাংলাদেশের সথের থিষেটার একটা নির্দিষ্ঠ পরিণতি লাভ করার ফলে বৃহত্তর একটি প্রয়োজন অমৃভূত হতে লাগল। স্থায়ীত্ব যতই থাক, অভিনয়কলা যতই উন্নত হোক সথের থিষেটার সর্বসাধারণের জন্ম উন্মুক্ত ছিল না। নাট্যশালার ইতিহাসকার ব্রজেন্দ্রনাথ বন্দ্যোপাধ্যায় লিখেছেন, "সথের অভিনয়ে বাঙালী জনসাধারণের নাট্যাভিনয় দেখিবার আগ্রহ তৃপ্ত হয় নাই। এই সকল অভিনয় প্রায়ই কোন-না-কোন অভিজাত-বংশীয় ধনীর উৎসাহে ও সাহায্যে তাঁহার নিজের বাড়িতে বা বাগান-বাড়িতেই হইত। তাহাতে উদ্যোগকর্তার গশ্রীমান্য আত্মীয় বন্ধুবর্গ ও পরিচিত জনেরা সাদরে নিমন্ত্রিত ইইলেও সাধারণের অবারিত প্রবেশ ছিল না।

রবাহুত হইয়া গেলেও বিমুখ হইয়া ফিরিবার ভয় ছিল। স্কুতরাং তখনকার দিনে ইচ্ছা হইলেই সকলের পক্ষে উৎকৃষ্ট নাটকাভিনয় দেখা সম্ভব হইত না। ইহা ছাড়া আর একটি অমুবিধাও ছিল। তথন পর্যন্ত বাংলাদেশে অবিচিছন ও ধারাবাহিকভাবে নাট্যাভিনয় আরম্ভ হয় নাই। কোন ধনী বা বিভাম-রাগী ব্যক্তির উৎসাহে মাঝে মাঝে নাট্যশালা প্রতিষ্ঠা ও অভিনয়ের হজুক দেখা যাইত বটে, কিন্তু তাঁহার মৃত্যু, মত-পরিবর্তন বা উৎসাহ লোপ হইলে দে^মনাট্যশালাও সঙ্গে বিলুপ্ত হইত; এবং আর একজন নাট্যামুরাগী ব্যক্তির আবির্ভাব না হওয়া পর্যন্ত প্রতীক্ষা করা ছাড়া উপায় ছিল না।" "বাগবাজার অ্যামেচার থিয়েটারে"র নিঃসম্বল যুবকগণ এই সভ্যটি অমুধাবন করেছিলেন। অবশেষে ১৮৭২ সালে উক্ত সথের দলের যুবকবৃন্দ "গ্রাশনাল থিয়েটার" নাম দিয়ে একটি পেশাদারী দাধারণ রঙ্গালয় স্থাপিত করলেন। উত্যোক্তাদের মধ্যে নগেন্দ্রনাথ বন্দ্যোপাধ্যায়, রাধামাধ্ব কর এবং অর্ধেন্দুশেখর মুস্তাফীর নাম উল্লেখযোগ্য। গিরিশচন্দ্র প্রথমে এই দলে থাকলেও মতভেদ ঘটায় তিনি দল ত্যাগ করেছিলেন। ত্যাশনাল থিয়েটার প্রতিষ্ঠার ব্যাপারে তাঁর কোন ভূমিকাই ছিল না। টিকিট বিক্রের করে নাট্যালয়ের উদ্বোধন ঘটল। সর্বসাধারণ পেল প্রবেশাধিকার। ইতিহাসের নির্দেশ অমুসরণ করে বাগবাজারের নিঃসম্বল যুবকেরা যে কাজ করলেন সথের থিয়েটারের ধনী পৃষ্ঠপোষকেরা তা করতে পারেন নি।

এরপরে বাংলা পেশাদারী রঙ্গমঞ্চে নানা ভাঙাগড়া চলতে লাগল; গড়ে উঠল ব্যাপক প্রতিযোগিতা একাধিক পেশাদারী রঙ্গমঞ্চের মধ্যে। রঙ্গমঞ্চ নাট্যসাহিত্যের মপেক্ষা করতে লাগল, নাটক-স্ষ্টি হতে লাগল রঙ্গালয়ের প্রয়োজন মেটাবার জন্ম। নাট্যাভিনয়ের ক্ষেত্রে যেমন এর ফলে নবজীবনাবেগ দেখা দিল, তেমনি প্রাচুর্য এল নাট্যস্টিতে। উৎকৃষ্ট নাটক রচনার পটভূমি গড়ে উঠল। চারদিকে উৎসাহ আগ্রহের দীমা রইল না। তব্ও অভ্যুৎকৃষ্ট মঞ্চাহণ নাটক যে রচিত হল না তার প্রধান কারণ প্রথমশ্রেণীর নাট্যপ্রতিভার অভাক।

বাংলা নাট্যসাহিত্যের জন্ম

ভদ্রাজুন ও কীতিবিলাদ। ১৮৪০ দালে বিশ্বনাপ স্থায়রত্ব অনুদিত শপ্রবোধ চন্দ্রোদয়" বাংলা ভাষায় রচিত প্রথম নাটক বলে ঐতিহাদিক গবেষকগণ কতু ক অভিহিত হয়েছে। মৌলিক নাটক পাওয়া যাচ্ছে ১৮৫২ শাল থেকে। এই বংশর ছটি মৌলিক নাটক প্রকাশিত হল। তারাচরণ
শিকদার লিখলেন "ভড়াজুন"। কাহিনী মহাভারতের অজুন ও স্বভন্তার
বিবাহ-ঘটনাকে আশ্রয় করেছে। কিন্তু ভূমিকার নাট্যকার রুরোপীর আঙ্গিকঅস্পরণের অঙ্গীকার করেছেন, "এই পৃত্তক অত্যন্ত নৃতন প্রণালীতে রচিত
হইয়াছে,—। এই নাটক জিয়াদি ও ঘটনাস্থানের নির্ণয় বিষয়ে রুরোপীর নাটক
প্রায় হইয়াছে, কিন্তু গভ পভ রচনার নির্মের অভ্যথা হয় নাই। সংস্কৃত নাটক
শন্মত কয়েকজন নাট্যকারের জিয়াদি গ্রহণ করি নাই, যথা প্রথমে নালী,
তৎপরে স্ত্রধর ও নটার রঙ্গভূমিতে আগমন, তাহাদিগের দ্বারা প্রস্তাবনা ও
অভ্যান্ত কার্য, এবং বিদ্ধক ইত্যাদি। এতদ্ব্যতিরিক্ত সংস্কৃত নাটক প্রায়
য়ুরোপীয় নাটক হইতে বিভিন্ন নহে।" নাট্যরচনা হিসেবে "ভদ্রাজুনের" মূল্য
সামান্ত । নাট্যপ্রট গঠনে, চরিত্রস্ক্টিতে কিংবা সংলাপরচনায় নাট্যকার কিছু
মাত্র দক্ষতা দেখাতে পারেন নি; পারা স্বাভাবিকও ছিল না। এ নাটকটির
মূল্য ঐতিহাদিক কারণে। লক্ষ্য করবার মত, নাট্যরচনার স্বচনায়ই বাঙালী
নাট্যকার ইংরেজী নাটকের প্রতি কতটা আকর্ষণ অম্বভব করেছেন।

যোগেল্র চন্দ্র গুপ্ত রচিত "কীতিবিলাস"ও ঐ একই বছরে প্রকাশিত হয়।
"ভদ্রার্জ্ন" কমেডী ধরনের রচনা, কীতিবিলাস "ট্রাজেডি" রচনার চেষ্টা।
ক্লপকথার শীত-বসস্ত জাতীয় একটি কাহিনী অবলম্বনে তিনি য়ুরোপীয় আদর্শে
ট্রাজেডি লিখতে চেয়েছেন। সব দিকের বিচারেই এই চেষ্টা ব্যর্থ হয়েছে।
কিন্তু এই চেষ্টার ঐতিহাসিক মূল্য আছে। নাটকের ভূমিকায় যোগেল্র চন্দ্র লিখেছিলেন, "অনেকের এইরূপ ভ্রান্তি জন্মিতে পারে যে অভিনয় অবলোকন করিলে অন্তরে অশেষ শোক উপস্থিত হয়, সে অভিনয় দর্শন করিতে কিরূপে মানবগণ স্বভাবতঃ আভলাষী হইবে। অত্যন্ত বিবেচনা করিলে স্পষ্ট প্রতীত হইবে যে, শোকজনক ঘটনা আন্দোলন করিলে মনোমধ্যে এক বিশেষ স্থান্যে হয়, এ কারণ সেক্স্পীয়র নামা ইংলণ্ডীয় মহাকবি লিখিয়াছেন—
আমার অন্তকরণ শোকানলে দহন হইতেছে, তত্রাপি আমার মন অবিরত ঐ শোক-প্রয়াসী।" অতএব যোগেন্দ্রচন্দ্র ট্রাজেডি লিখবার চেষ্টা করলেন। যে দেশেব সাহিত্যিক ঐতিহ্ এই জাতীয় রচনাকে প্রশ্রম্ব দিতে নারাজ্ঞ সে দেশে এইরূপ সাহিদিক প্রচেষ্টার ঐতিহাসিক গুরুত্ব অবশ্যনীকার্য।

হরচন্দ্র ঘোষ॥ ১৮৫৩ সালে হরচন্দ্র ঘোষের অম্বাদধর্মী নাটক "ভাম্মতী চিন্তবিলাস" প্রকাশিত হয়। নাটকটি দেক্সপীয়রের "Merchant of Venice"-এর মুক্ত অম্বাদ। কিন্ত ইংরেজী নাটকের অম্বাদ করতে

বদেও তিনি সংস্কৃত নাটকস্থলত নালী-স্ত্রধরের মোহ পরিত্যাপ করতে পারেন নি। তাঁর নাটকে নাট্যগুণ পূর্ববর্তী নাটকম্বয়ের তুলনায়ও অল্প । রচনা একেবারে বির্তিধর্মী। কথোপকথনে পাঠ্যপুস্তক জাতীয় গ্রন্থ রচনারই ইচ্ছা তাঁর ছিল। তাঁর "কোরববিয়োগ" নাটক ১৮৫৮ সাল্পে এবং অপর ছটি নাটক "চারুমুখ-চিন্তহারা" (দেক্সপীয়রের রোমিও জ্লিয়েটের স্বাধীন অহ্বাদ) এবং "রক্তেতগিরিনন্দিনী" মধুস্দন-দীনবন্ধুর পরবর্তী কালের রচনা হলেও উন্নতত্র নাট্যকলার স্পর্শমাত্র তাঁকে বর্তায় নি। হরচন্দ্র ঘোষের একমাত্র দান বলে এটুকুই স্বীকার্য যে সেক্সপীয়রের নাটকের অম্বাদের তিনিই স্বচনা করেন।

রামনারায়ণ তর্করত্ন (১৮২২—৮৬)

পরিচয়। রামনারায়ণ তর্করত্ব বাংলা নাটকের প্রথম রচয়িতা নন। তাঁর প্রথম নাটক প্রকাশিত হয় ১৮৫৪ সালে। কিন্তু বাংলার প্রথম নাট্যকার রূপে তিনি অভিহিত হয়ে থাকেন। এইরূপ অভিধা দেওয়া ঐতিহাসিক নয় ঠিকই, তবুও একে একেবারে অকারণ বলা যায় না। তাঁর প্রথম নাটক "কুলীনকুলসর্বস্বে" বাস্তব সমাজ-সমস্থা যেভাবে প্রকটিত হয়েছিল পূর্বে তা আর দেখা যায় নি।

রামনারায়ণ সংস্কৃত কলেজের অধ্যাপক ছিলেন। আধুনিক ইংরেজী শিক্ষার সঙ্গে তাঁর বিশেষ পরিচয়ও ছিল না। সংস্কৃত নাট্যশাস্ত্রের বিভালয়েই তিনি পাঠ নিয়েছিলেন। অনেকগুলি সংস্কৃত নাটক অম্বাদ করে' তিনি হাত পাকিয়েছিলেন। সংস্কৃত নাট্যআঙ্গিকের প্রভাব অতিক্রম করা তাঁর পক্ষেছিল একরূপ অসম্ভব। এমন কি সমকালীন বিষয়বস্তু নিয়ে রচিত নাটকেও তিনি নান্দী-প্রস্ভাবনা পরিহার করতে পারেন নি, গছে-পছে সংলাপ লিথেছেন। কিন্তু সংস্কৃত নাট্যকলার দারা গভীরভাবে প্রভাবান্থিত হয়েও ইংরেজী অনভিজ্ঞ রামনারায়ণ শুধু মাত্র আপন অন্তর্দু ষ্টির বলে নব্যুগের আহ্বায়ক হতে পেরেছেন। প্রথমত, সমকালীন সামাজিক সমস্থা অবলম্বনে তিনি একাধিক নাটক ও প্রহুসন রচনা করেছেন, সংস্কৃত নাটকের অম্বনাদ এবং প্রাণের রাজ্যে আপনাকে আবদ্ধ করে রাথেন নি। শ্বিতীয়ত, সমসামন্ত্রিক সমাজসমস্থা বিষয়ে তিনি বিশেষ সচেতনতার পরিচয় দিয়েছেন। তাঁর সমাজচেতনা নব্যুগের অগ্রগতির সঙ্গে তাল মিলিয়ে চলেছে। প্রহুসনের সমাজবোধে যে লঘুতা থাকে তাঁর ছু'থানি পূর্ণাঙ্গ নাটক তা থেকে

মুক্ত ছিল। তৃতীয়ত, সংস্কৃতজ্ঞ পণ্ডিত হয়েও তিনি একখানি ট্রাজেডি লিখে মোহমুক্ত মনের পরিচয় দিগ্নেছেন। চতুর্থত, প্রধানত সংস্কৃতাস্থ্য আলম্কারিক রীতির সংলাপ রচনা করলেও কখনো কখনো তাতে জীবননৈকটা এবং .উস্তাপ অমুভূত হয়েছে।

নাট্যগ্রহাবলী। "কুলীনকুলসর্বস" (১৮৫৪) তাঁর প্রথম নাটক। তারপর তিনি "বেণীসংহার", "র্ত্মাবলী" ও "শকুন্তলা" নাটকের অমুবাদ করেন। ১৮৫৬-৬০)। পরে তিনি "মালতী মাধ্ব" নাটকেরও অমুবাদ করেন। তাঁর পুরাণাশ্রিত নাটকগুলির মধ্যে "রুক্মিণীহরণ," "ধর্মবিজয়" (হরিশ্চন্দ্র-কাহিনী অবলম্বনে রচিত) ও "কংসবধে"র নামোল্লেখ করতে হয়। এ-ছাড়া তিনি "চক্মুদান", "উভয়সন্কট" প্রভৃতি প্রহসন এবং "ন্বনাটক" (১৮৬৬) নামক গন্তীর সামাজিক নাটকও লিখেছিলেন।

তাঁর অহবাদ নাটকগুলির সম্বন্ধে বলবার কিছু নেই। লক্ষণীয়, আক্ষিক-ভাবে "কুলীনকুলসর্বস্থ" লিখে প্রশংসা পেয়ে নাট্যকারের জীবন যখন তিনি বরণ করতে চাইলেন তখন পর পর সংস্কৃত নাটকের অহ্বাদ করতে লাগলেন। এর মধ্যে শিক্ষানবীশের মনোভাব থাকা অসম্ভব নয়। "রত্বাবলী" প্রভৃতি কোন কোন অহ্বাদ সমকালীন রঙ্গমঞ্জেও সাফল্য লাভ করেছিল।

রামনারায়ণের পৌরাণিক নাটকগুলি তাঁর অহ্বাদগুলিরই কিছু
রূপভেদ মাত্র। চরিত্রচিত্রণ বা কাহিনী-সংগঠনে তিনি বিশেষ কোন সাফল্য
দেখাতে পারেন নি। পুরাণ-কাহিনীর পরিবর্তন বা কাহিনীতে ধর্ম ও
ভক্তিমূলক কোন উদ্দেশ্য আরোপের চেষ্টা তিনি করেন নি। সংস্কৃত নাটকের
মত বিবৃতিপ্রাধায় এদের প্রাণহীন করে তুলেছে।

রামনারায়ণের প্রথম নাটকটি লঘু ভঙ্গিতে রচিত হলেও বিষয়গুরুত্থে মামূলী প্রহানের পর্যায়ে আদে পড়ে না। প্লটে সংহতির অভাব আছে, কতকগুলি বিচ্ছিন্ন নক্শার মত শিথিলবদ্ধ সঙ্কলন বলে একে মনে হয়। তবে কুলপালকের তিন ক্যার চরিত্র-স্প্রতিত এবং তাদের অলক্ষারবর্জিত সংক্লাপরচনায় তিনি বিশ্বয়কর জীবনদামীপ্য দেখিয়েছেন। কৌলীন্ত-প্রথার বিরুদ্ধে লেখনী ধারণ করে রহস্তরস স্প্রতি করলেও রামনারায়ণ মনের দিক থেকে ছিলেন 'সিরিয়াদ'। গন্ধীর রসের দামান্ধিক নাটকের সাফল্য-সন্তাবনা ব্রতে না পারায় দে-পথে পা বাড়াতে তথন তিনি দাহদ করেন নি। বছ বিবাহকে ধিকার দিয়ে লেখা নাটকে তিনি "নীলদর্পণে"র আদুর্শে ব্রহ

মৃত্যুঘটিত ট্রাজেডি স্প্টির চেষ্টা করেছেন। অবশ্য নাট্যরচনা হিসেবে "নবনাটক" সাফল্যুমণ্ডিত হয় নি।

কালীপ্রদান দিংছ। কালীপ্রদান দিংহের "বাবু" নামক প্রহদন ১৮৫৪ দালে প্রকাশিত হয়। "কুলীনকুলদর্বস" ঐ একই বছরে কিছু পরে প্রকাশিত হয়। "বাবু" বাংলা দাহিত্যের প্রথম প্রহদন। এই ঐতিহাদিক মূল্য ব্যতীত বিশেষ কোন দাহিত্যিক মূল্য এই নাটকের নেই। তিনি "বিক্রমোর্বশী" এবং "মালতী মাধব" নাটকের অহ্বাদ করেছিলেন। তাঁর অহ্বাদে অভ ওণ বিশেষ না থাকলেও তা যে নিশ্চিতভাবে মূলাহুগ ছিল তাতে দলেহ নেই। ১৮৫৮ দালে তিনি পুরাণ কাহিনীকে আশ্রয় করে "দাবিত্রী-সত্যবান" নামে একটি নাটক রচনা করেছিলেন। অনেকগুলি নাটকরচনা, বিদ্যোৎসাহিনী নামক রহ্মঞ্চ পরিচালনা, অভিনয় প্রভৃতি নানা দিক দিয়ে কালীপ্রদান বাংলা শিশু নাট্যদাহিত্যের অগ্রগতিকে সাহায্য করেছিলেন।

উমেশচন্দ্র মিত্র ও "বিধবাবিবাহ" নাটক॥ রামনারায়ণ দমকালীন দমাজসমস্তা নিয়ে নাট্যরচনার পথ দেখালেন। এই পথ ধরে এনেক নাটক রচয়িতা
অগ্রসর হলেন। দেকালের সমাজদংস্কারমূলক আন্দোলনগুলির স্বপক্ষে ও
বিপক্ষে কয়েকটি নাটক রচিত হল। তার মধ্যে নাটকীয় গুণের দিক থেকে
উমেশচন্দ্র মিত্রের "বিধবা বিবাহ" (১৮৫৬) উল্লেথযোগ্য। এই নাটকে
বিভাগাগর প্রবৃতিত দামাজিক আন্দোলনকে প্রচারধর্মী বক্তৃতায় রূপাস্তরিত না
করে একটি পূর্ণাঙ্গ নাটকর্মপেই উপস্থিত করলেন। এটি বাংলা নাটকের
দ্বিতীয় ট্রাজেডি এবং নিঃসন্দেহে ট্রাজেডির রস এখানে অনেকটা দানা বেঁধেছে।

ইতিহাসের বিচার: পথের অম্পদ্ধান ॥ মধুস্বন-পূর্ববর্তী বাংলা নাটকে পথ খোঁজার পালা চলেছে। প্রত্যক্ষভাবে যাত্রার ঐতিহ্নকে অস্বীকার করে বাংলা নাটক চলতে শুরু করল। কিন্ত ইংরেজী ও সংস্কৃত নাটকের মধ্যে ভবিশুৎ বাংলা নাটকের পথ খোঁজা চলেছে এই পর্বে। ইংরেজী রঙ্গালয়ের অম্পরণে সথের থিয়েটার স্থাপিত হয়েছে। ত্থুকথানা ইংরেজী নাটকের অম্বাদও হয়েছে। কিন্তু সংস্কৃত নাটকের অম্বাদের দিকে অথনও ঝোঁকটা বেশি। সংস্কৃত নাটকের অম্পরণেই গর্ভক প্রাণাশ্রিত নাটক। সংস্কৃত নাট্যকলার নানা ভলির অম্পরণ চলেছে। মৌলিক সামাজিক নাটকে, এমন কি ইংরেজী নাটকের অম্বাদেও নাকী-প্রস্তাবনা স্থান পেয়েছে। সংলাপে গ্রু-প্রত্রের মিশ্রণ চলেছে।

এমন কি অঙ্কবিভাগ ও বিদ্যক চরিত্র-কল্পনায়ও সংস্কৃতাহুদারিতা চলেছে। সংলাপের সংস্কৃতাহুগ বর্ণনামূলক ভাষা এবং সামগ্রীকভাবে নাটকের বিবৃতিধর্মও (narrative nature) লক্ষণীয়। সংস্কৃত প্রভাবের আধিক্য সত্ত্বেও সচেতনভাবে অনেকে ইংরেজী আদর্শ অহুসরণের প্রস্তাব করলেন। ইংরেজী আদর্শকে তাঁরা হয়ত য্থাযথ অহুধাবন করতে পারেন নি, কিন্তু তাঁদের বাসনার ঐতিহাদিক ভূমিকাটি স্বীকার্য। ট্রাজেডি রচিত হতে লাগল। কেউ কেন্ট্র সংস্কৃত আঙ্গিকের প্রতি উচ্চকণ্ঠ বিরূপতা দেখালেন।

বাংলা নাটকের প্রথম পর্বেই আমরা ট্রাজেডি, গন্তীর রদাত্মক কমেডী এবং প্রহদনের দঙ্গে পরিচিত হলাম। পৌরাণিক, দামাজিক এবং কাল্পনিক নাটক লাভ করলাম। একমাত্র ঐতিহাদিক নাটকের এখনও স্থচনা হয় নি। কিন্তু প্রথম পর্বের নাট্যকারেরা দমকালীন দামাজিক আন্দোলন বিষয়ে বিশয়কর দচেতনতা দেখালেন। প্রধান নাট্যকারেরা দবাই প্রগতিশীল মনোভাবের পরিচয় দিলেন, এটি বাঙালীর পক্ষে শ্লাঘার কথা।

মধুস্দন দত্ত (১৮২৪—৭৩)

পরিচয়॥ মধুছদন দন্ত বাংলা কাব্যে আধুনিকতার দ্বারোদ্বাটন করেন। প্রকৃত প্রস্তাবে বাংলা নাটকেও তিনি আধুনিকতাকে প্রতিষ্ঠিত করেছেন। তিনি নবজাগৃতির মর্যসত্যকে রামমোহন-বিভাগাগরের ভায় বুদ্ধি দিয়ে গ্রহণ করেন নি, জ্ঞানসাধনা ও সমাজকর্মের মধ্যে প্রয়োগ করতে চান নি। তিনি আপন ব্যক্তিত্বের মধ্যে, উপলদ্ধির সমগ্রতা দিয়ে এই সত্যকে ব্রেছিলেন। শিল্পরূপে সেই বোধকে তিনিই প্রথম সার্থকভাবে প্রতিষ্ঠিত করে গিয়েছেন। অবশ্য একথা স্বীকার্য, মধুছদনের প্রতিভা যে-পরিমাণ কাব্য-সাফল্য লাভ করেছিল, সে-পরিমাণ শ্রেষ্ঠত্ব নাট্য-রচনার আয়ক্ত করতে পারে নি। তিনি প্রথম শ্রেণীর কাব্যরচনা করেছেন, কিন্তু প্রথম শ্রেণীর নাটক লেখেন নি। কিন্তু বাংলা নাট্যসাহিত্যের সাধারণ ছর্বলতার কথা মনে রাখলে মধুছদনের নাট্য-কৃতিরও প্রশংদা না করে পারা যাবে না। মঞ্চাছ্য নাট্যধারায় বাংলা সাহিত্যে প্রথম শ্রেণীর নাটক কেউই লেখেন নি। তুলনামূলক ভাবে উৎকৃষ্ট নাটক বাঁরা লিখেছেন মধুছ্দন তাঁদের মধ্যে অন্যতম। বাংলা ভাষায় তিনিই প্রথম ভাল নাটক লিখেছেন। তার চেয়েও বড় কথা বাংলা নাট্যসাহিত্যের মুক্তির পথটি তিনিই স্পষ্ট ভাষায় দেখিয়ে দিয়েছেন।

ইতিহাসের বিচার॥ প্রাক-মধস্থদন নাট্যধারার সঙ্গে তলনা করলেই

ইতিহাসের দিক থেকে মধুস্দনের ভূমিকার যোগ্য বিচার করা হবে। এক। প্রাক্-মধুস্থদন নাট্যকারদের মধ্যে কেউ কেউ স্পষ্ট ভাষায় ইংরেজী নাট্যকলাকে অম্পরণ করার প্রয়োজনীয়তা ব্যক্ত করেছেন, ইংরেজী নাট্যাদর্শ অম্পরণ করতে চেয়েছেন। কিন্তু প্রক্বতপক্ষে তাঁরা ইংরেজী আদর্শটি সম্যক উপলব্ধি করতে পারেন নি। মধুস্দন সংস্কৃত ধারা ও ইংরেজী ধারার পার্থক্যটি স্পষ্ট ও গভীর ভাবে অমুধাবন করেছিলেন। তিনি একটি পতে লিখেছিলেন, "In the great European Drama you have the stern realities of life, lofty passion, and heroism of sentiment; with us it is all softness, all romance. We forget the world of reality and dream of fairy land....Ours are dramatic poem..." 1 ছই। বাংলা সাহিত্যের পরিধিকে তিনি বিস্তৃততর করলেন। পূর্বধারা মত পৌরাণিক এবং দামাজিক প্রহদন তিনিও লিখেছেন। কিন্তু ঐতিহাদিক বিষয়-বস্তুকে অবলম্বন করে তিনিই প্রথম নাটক লিখলেন আমাদের দাহিত্যে। দেশীয় পৌরাণিক কাহিনীর নাট্যক্রপের পাশাপাশি তিনি গ্রীক পুরাণকাহিনীকেও স্বচ্ছন্দ ভাবেই তাঁর নাটকে গ্রহণ করলেন। তিন। নাট্যগুণের দিক থেকে পূর্ববর্তীদের তুলনায় তিনি বিষয়কর সমুন্নতি দেখালেন। নাটকের পক্ষে ন্যুনতম প্রয়োজন একটি সম্পূর্ণাঙ্গ কাহিনী। কাহিনীটি বিরৃতিধর্মী হবে না— শংঘাতদম্বল ঘটনায় তার প্রকাশ ঘটবে এবং জীবন্ত চরিত্র-সৃষ্টি বালস্থলভ সামান্ততা থেকে নাটককে রক্ষা করবে। এই তিনটি লক্ষণই মধুস্থদনের নাটকে প্রথম দেখা দিল, এবং কয়েকটি ক্ষেত্রে এর পরিণত রূপ 'উপভোগের সামগ্রী হয়ে উঠল। চার। পরবর্তীকালে গণদ্ধীবনের যে রূপ দীনবন্ধুর নাটককে বিশিপ্টতা দিয়েছে তারও আদিঅপ্টা মধুস্থদন। পাঁচ। মধুস্থদন যুগ-সত্যের উদ্বেলিত হৃদয়াবেগকেই শুধু গ্রহণ করেন নি, বুদ্ধি দিয়ে তার অপুর্ণতা, মূল ভাবনাম্বন্দ্র এবং স্থগভীর দঙ্কটও বুঝেছিলেন। তাঁর এই তীক্ষ্ণ দ্যাজ-চেতনা প্রকাশ পেয়েছে বিশেষ করে প্রহেশন ছ'খানিতে। ছয়। নাট্যকলাবিষয়ে তিনি বিশেষ দচেতন ছিলেন। তাঁর একাধিক পত্রে এর প্রমাণ আছে। মাত্র অভিনয়ের মধ্য দিয়েই যে নাটকের আবেদন জনমানদে গিয়ে পেঁছিতে পারে এ গত্য তিনি জানতেন। তাঁর নাটকগুলির অভিনয় সম্বর্দ্ধে তিনি অতাধিক আগ্রহ পোষণ করতেন।

নাট্যগ্রন্থাবলী ॥ মধুস্থান নাট্যকার রূপেই বাংলা সাহিত্যের প্রাঙ্গণে দেখা দিলেন। এর আগে তিনি ইংরেজী ভাষার চর্চা করেছেন, বাংলায় কিছু

লেখেন নি। থুব আকম্মিকভাবেই তিনি বাংলা নাট্যরচনায় অগ্রসর হন। বেলগাছিয়া থিয়েটারের দঙ্গে শুভ যোগাযোগই এর জন্ম দায়ী। রত্মাবলীর নাট্যগুণগত তুর্বলতা (তথন রত্বাবলীর বঙ্গাহ্মবাদ বেলগাছিয়া থিয়েটারে জাঁক-জমকের দঙ্গে অভিনীত হত।) এবং বাংলা ভাষায় নাটকের অভাব দেথে তিনি নাটক লিখতে গুরু করলেন। মহাভারতের শর্মিষ্ঠা-দেবযানী-য্যাতির কাহিনীটি অবলম্বন করে তিনি পৌরাণিক নাটক রচনা করলেন। "শর্মিন্তা" (১৮৫১) নাটকে মধুস্দন সংস্কৃত নাটকের প্রভাব অতিক্রম করতে পারেন নি। একটি প্রস্তাবনা দঙ্গীত এবং একটি উপদংহার গীতি এর প্রথম দংস্করণে ছিল, পরবর্তী সংস্করণে তা তুলে দেওয়া হয়েছে। নাটকের সংলাপের ভাষা একান্ত ভাবেই সংস্কৃতামুগ। সংস্কৃত নাটকে যেমন বর্ণনাত্মক অতিদীর্ঘ সংলাপ সংযোজনার রাতি প্রচলিত, শমিষ্ঠায় তার অত্যধিক প্রয়োগ নাটকটিকে অনেকাংশে কৃত্রিম করে তুলেছে। বিশেষ করে শকুন্তলা নাটকের অধুসরণ চোথে পড়ে। কালিদাসস্থলভ কোমল স্পর্শকাতরতা এই নাটকে বড়ই প্রকট। শর্মিষ্ঠা নাটকে মধুস্থদন পাশ্চান্ত্য নাট্যকলার আদর্শটিকে আদে জয়যুক্ত করতে পারেন নি। নাটকটিতে ঘটনা (action) এবং সংঘাত (conflict)-য়ের তুলনায় বিবৃতিধর্ম (narration) প্রাধান্ত পেয়েছে। চরিত্র-চিত্রণের ক্ষেত্রেও মেঘনাদবধ স্থলত বিদ্রোহী স্বাতস্ত্র্যের স্পর্শমাত্র নেই। তবে মহাভারতের বিরুদ্ধতা না করেও তিনি দেবযানী ও শুক্রাচার্যের চরিত্রে ব্যক্তিস্বাতস্ত্র্যের কিছু পরিচয় দিতে সমর্থ হয়েছেন। শর্মিষ্ঠা-চরিত্রে সংস্কৃত নাটকের নায়িকার চিরাচরিত কোমল লালিতাই অমুস্ত হয়েছে।

ধিতীয় নাটক "পদ্মাবতী" এর অব্যবহিত পরেই রচিত, অবশ্য প্রকাশিত হয় কিছু পরে, ১৮৬০ দালে। গ্রীক প্রাণের কাহিনীকে আশ্রয় করে মধ্যুদন প্রথমেই দাহদের পরিচয় দিলেন। শুধুমাত্র কাহিনীটি গ্রহণই করলেন না, তাকে দম্পূর্ণত দেশীয় রূপ দান করলেন তিনি। প্রগংস্কারে আছে না হলে পদ্মাবতীর কাহিনীটি যে বিদেশী তা ব্যবার উপায় নেই। বেশ নিপৃণতার সঙ্গে গ্রীক apple of discord-এর কাহিনী ভারতীয় রূপে প্রাণ লাভ করেছে। গ্রীক স্বর্ণ আপেল গল্পের পরিণতিতে প্যারিদের হেলেন-লাভই মাত্র নয়, আছে ইয়যুদ্ধ এবং দর্বন্ধংদের অগ্নিয়ন্ড। 'পদ্মাবতী' নাটকে আছে শচী, রতি ও মুরজা নামী তিন দেবীর স্বর্ণআপেল লাভের বাদনা, রাজা ইন্দ্রনীল কর্তুক রতিকে স্বর্ণরী-শ্রেষ্ঠা আখ্যা দান এবং পরিশেষে ইন্দ্রনীলের পদ্মাবতী লাভ ; এবং কিছু বিশংপাতের পরে স্থায়ী মিলন। শেষ মিলনদশ্যের পরিকল্পনায় শক্ষজার

প্রভাব খ্বই স্পষ্ট। পদ্মাবতী নাটক নানা কারণে উল্লেখযোগ্য। এক।
শর্মিষ্ঠার তুলনায় এটি নাট্যগুণে অনেক সমৃদ্ধ। ঘটমানতা এবং সংঘাতভিছি
আছস্ত রক্ষা করার চেষ্টা হয়েছে। অবশ্য বির্তিধর্মকে একেবারে পরিহার
করা যায় নি। সংলাপে বহু স্থানে সংস্কৃতাস্থ্য আলঙ্কারিকতা ও অকারণ দৈর্ধ্য
এখনও বজায় আছে। ছই। চরিত্রচিত্রণে ব্যক্তির্ম্বাতিন্ত্র্য স্পষ্ট হয়ে উঠেছে।
তিন দেবীর ব্যক্তিচরিত্রের পার্থক্যটি যেমন স্ক্ষুভাবে আঁকা হয়েছে তেমনি
তাদের মানবিক স্বাভাবিকতাও উজ্জ্বলভাবে ফুটেছে। নারদ চরিত্রের
কৌতৃককর রূপ এবং যুরোপীয় ধরনের ভিলেন কালপুরুষ বেশ ভাল ভাবেই
চিত্রিত হয়েছে। তিন। ভারতীয় নাম কিন্ত গ্রীক স্বভাবসম্পন্ন দেবতা
এই নাটকে প্রথম তিনি স্পষ্ট করেছেন। মেঘনাদবধ কাব্যে এই ধারার
অস্পরণ লক্ষণীয়। চার। কালপুরুবের সংলাপে অমিত্রাক্ষর রচনার প্রথম
প্রয়াদের ঐতিহাসিক মূল্য আছে। এ-ক্ষেত্রেও মধুস্থদনের নাট্যক্রচির বিশেষ
প্রশাংদা করতে হয়। ঐ চরিত্রটির কল্পনায় যেমন বিশিষ্টতা আছে, তেমনি সে
আছস্তই অমিত্রাক্ষর ছন্দে কথা বলেছে। ছন্দ নিয়ে পরীক্ষা চালাতে গিয়ে
চরিত্রটিকে তিনি বলি দেন নি।

মধুসকন "একেই কি বলে সভ্যতা" এবং "বুড়ো শালিকের ঘাড়ে রেঁ।"(১৮৬০) নামে ছ'খানি প্রহসন লিখেছিলেন। সমকালীন বাংলা সাহিত্যের এ ছ'খানি শ্রেষ্ঠ প্রহদন এবং এযাবৎ উৎকৃষ্টতর প্রহদন বাংলা ভাষায় রচিত হয় নি। এ-যুগের প্রায় অসংখ্য প্রহসনের মধ্যে এ ছ'টির অনক্ততা তুধুমাত রচনা ভঙ্গির জক্তই নয়, সমাজচেতনার বিশিষ্টতা এবং ব্যাপকতার দ্বারাও সিদ্ধ। •প্রহ্সন রচনা করতে বদে অধিকাংশ নাট্যকারই সমাজের নানা সমস্থা, কিংবা ব্যক্তিচরিত্তের বিচিত্র তুর্বলতাকে অবলম্বন করেন। মধুস্থদনের নাটকে সমাজ-সমস্থার চিত্র আছে, ব্যক্তিগত তুর্বলতাকেও বিষয়ত্মণে গ্রহণ করা হয়েছে। কিন্তু বিধবা-বিবাহ কিংবা কৌলিগুপ্রথাকে ব্যঙ্গবিদ্ধ করার তুলনায় এ ছু'টির স্বাতস্ত্র্য কত গভীর। এ ছু'টি প্রহদনে দমগ্র যুগদঙ্কট যেন প্রতিফলিত হয়েছে। নবযুগের উল্লাস-উদ্বেলতার অন্তরালে নব্যপন্থীদের উচ্ছুগুলতা এবং প্রাচীনপন্থীদের বর্বরতা যে-গভীর অন্ধকারের শৃষ্টি করে রেখেছে সেদিকে মধুস্থদনের তীক্ষ্ণ ব্যঙ্গ দৃষ্টিপাত ঘটেছে। দ্বিতীয়ত, বিময়কর নিরপেক্ষতা ও বাস্তববোধ নিম্মে তিনি প্রহদন ত্ব'টি রচনা করেছেন। কোন পন্থার প্রতিই ক্পপাবর্ষণ করেন নি। তৃতীয়ত, ছু'টি প্রহ্মনই নক্সাধর্মী বিচ্ছিন্ন নাট্য-চিত্র না হয়ে পুর্ণাঙ্গ কাহিনী-ভিস্তিক রচনা হয়ে উঠেছে। বিশেষ করে 'বুড়ো শালিকের ঘাড়ে রেঁ।' প্রায় সব

দিক থেকেই পূর্ণাঙ্গ নাটকের লক্ষণযুক্ত। চতুর্থত, চরিত্রসৃষ্টিতে বহু ক্ষেত্রে শ্রেণীধর্ম প্রশ্রম পেলেও, অধিকাংশ চরিত্রই প্রাণবস্ত। 'বুড়ো শালিকের ঘাড়ে রোঁ' য়ে অনেকগুলি ক্ষুদ্র চরিত্রই ব্যক্তিস্বাতস্ত্র্যে উজ্জ্বল হয়ে প্রকাশ পেয়েছে। পৃঞ্চমত, সংলাপ রচনায় চলিত ভাষার ব্যবহার দার্থক, তীক্ষ্ণ এবং প্রাণবস্ত হয়ে উঠেছে। সংলাপ চরিত্রাহ্নযায়ী। গ্রাম্য ভাষার ও উচ্চারণ ভঙ্গির ব্যবহারে, ইংরেজীমিশ্রিত বুলিতে, ফার্সীমিশ্রিত কথায় তিনি ব্যক্তি-মাহুষের মুখভাবকেও অনেকটা ধরে রেখেছেন।

মধুস্দনের "কৃষ্ণকুমারী" (১৮৬১) টডের রাজস্থান গ্রন্থ থেকে সঙ্কলিত কাহিনী অবলম্বনে রচিত। টডের রাজস্থান কিম্বদন্তীবহুল হলেও দে-কালে ইতিহাস রূপেই সম্মানিত হত। টডের রাজস্থান থেকে বহুযত্নে ও পরিশ্রমে কাহিনীটি তিনি গ্রহণ করেছেন, তাঁর পত্রে এ-বিষয়ে স্বীকৃতি আছে। এটিকে ঐতিহাসিক নাটকরূপে তাই গ্রহণ করা যায়। বাংলা ভাষার এই প্রথম ঐতিহাসিক নাটকেই স্বাদেশিকতার ত্মর বেজেছে। অবশ্য দেকালে এই চেতনা যথেষ্ঠ স্পষ্ঠ এবং তীব্র হওয়া সম্ভব ছিল না। এই সুর তাই কৃষ্ণকুমারীতে ক্ষীণভাবেই মাত্র অহুভব করা যায়। কৃষ্ণকুমারী একটি ট্রাজেডি। এর পূর্বে বাংলা ভাষায় আরও ছু'খানি ট্রাজেডি রচিত হয়েছে। "বিধবা-বিবাহে"র দাফল্য স্বীকার্য হলেও নিরপরাধ কৃষ্ণকুমারীর আত্মহত্যার মধ্য দিয়ে অজ্ঞাত নিয়তির প্রবল শক্তি এবং মানবজীবনের দৈবতাড়িত অনিবার্য পরিণতি এমন একটা শুদ্ধ হাহাকারে চিন্ত ভরে দেয় যা অনাস্বাদিতপূর্ব। এই নাটকের घठेनामः शास्त्रास्य रयमन-रेनशुगु चार्ष्ट एकमनि चार्ष हित्रविष्ठित ७ मःनाभत्रहनाम সংলাপে কোথাও কোথাও সংস্কৃতাত্মকারিতা থাকলেও সহজ স্বাভাবিকতাই বেশী। মদনিকা ও ধর্মদাদের চরিত্র ও সংলাপে বৃদ্ধির তীক্ষতা, চাতুর্য, খলতা বা সহুদয়তা বিচিত্রভাবে প্রকাশ পেয়েছে। বিলাসবতীর চরিত্রকল্পনায় সংস্কৃত বদস্তদেনার চরিত্রের কিছু প্রভাব থাকা অসম্ভব নয়, কিন্তু বারবনিতার চরিত্রে প্রকৃত প্রণয় আবিষ্কার করে মধুস্থদন নবমানবত:কেই জ্বয়ী করেছেন। কৃষ্ণকুমারী-চরিত্তের বিকারহীন সরলতা এবং ভীমসিংহের মধ্যে দেশপ্রেম ও সস্তান বাৎদল্যের হন্দ এবং তার স্পর্শে জ্রুড়িত একটি গন্তীর বিষয়তা স্থাচিত্রিত হয়েছে। অবশ্য প্রথম শ্রেণীর ট্রান্ডেডি একে বলা যায় না। সংলাপের দৈর্ঘ্য, স্বগতোক্তির বাহল্য, গঠনরীতির রোমান্টিক অতিবিস্তার এর नां हे। विक्रु के विक्रु के विक्र के वि

মধৃস্বদন শেষজীবনে "মায়া-কানন" নামে যে নাটকটি লিখেছিলেন তাতে

নাটকীয় গুণ অধকি নেই। কবির ব্যক্তিগত জীবনের হতাশার প্রতিফলন এই রচনাটতে স্পষ্ট।

দীনবন্ধ মিত্র (১৮৩০-৭৩)

পরিচয়॥ বাংলা নাট্যদাহিত্যের ইতিহাদে দীনবন্ধর অবদানের মূল্য অপ্রচুর। মধুস্দনের অব্যবহিত পরেই তিনি নাট্যক্ষেত্রে অবতীর্ণ হন। প্রধানত মধুস্দন ও দীনবন্ধর দাধনায় বাংলা নাটক প্রাথমিক পর্বের বিচিত্র ছর্বলতা ও অদঙ্গতি কাটিয়ে ওঠে। যে দিধা-দদ্দের মধ্য দিয়ে বাংলা নাটকের শৈশব চলেছে এঁদের ছ'জনের হাতেই তার অবদান ঘটে। তার পথ খোঁজার পালা শেষ হয়। মধুস্দন ও দীনবন্ধু বাংলা নাটকের ঐতিহাদিক ভবিশ্বৎ দেখিয়ে দেন।

নাট্যগ্রন্থাবলী। দীনবন্ধুর প্রথম নাটক "নীলদর্পণ" প্রকাশিত হয় ১৮৬০ সালে। প্রথম সংস্করণে নাট্যকারের নাম ছিল না। কারণ স্বভাবতই রাজরোষের ভয়। নীলদর্পণের ঐতিহাসিক মূল্য অপরিণীম। সমাজ-জীবনের উপরে এই একটিমাত্র গ্রন্থ দেকালে যে প্রভাব বিস্তার করেছিল তাতে আঞ্চল টমস্ কেবিনের দঙ্গে দত্যই এর তুলনা করা চলে। ইংরেজ নীলকরেরা অতিরিক্ত মুনাফার লোভে কিভাবে বাংলার চাণীদের উপর অত্যাচার চালিয়েছিল তার মর্মস্তদ চিত্র এই নাটকে স্থান পেয়েছে। এই মুনাফাবাজীতে ইংরেজ শাসনকর্তৃপক্ষের প্রত্যক্ষ সহযোগিতা ছিল এবং দরিদ্রতম রায়ত থেকে শুরু করে অবস্থাপন্ন জোতদারেরা পর্যন্ত এর ফলে বিপর্যক্ত হয়েছিল। এই প্রদক্ষে উল্লেখ করা যেতে পারে অত্যাচারিত নীলচাষীরাই সভ্যবদ্ধ হয়ে এদেশের ইতিহাসে প্রথম সাধারণ হরতাল পালন করেছিল। কলকাতার এক শ্রেণীর বৃদ্ধিজীবী সাংবাদিকতা প্রভৃতির মাধ্যমে যে তুমুল আলোড়ন গড়ে তুলেছিলেন দীনবন্ধুর নাটক তাতে ভাবাবেগ সঞ্চারিত করল। বুদ্ধির ও যুক্তির সঙ্গে ছদয় যুক্ত হল। জনসাধারণের মধ্যে এই ছদয়গত আবেদনের প্রভাব অনেক বেশী গভীর। নানা অর্থনৈতিক কারণে পরে নীলচাষ বন্ধ হয়ে গেল। "নীলদর্পণে"র ভূমিকার গুরুত্ব এ व्याभारत वर्ष कम हिल ना। किन्न नीलनर्भण नावेक अर्एए त मानिस्मर्गर्भन ব্যাপকতর প্রভাব বিস্তার করেছিল। নীলদর্পণ সমকালীন আর পাঁচটি সমাজ-गःश्वात्रभूमक ना हेरकत अञ्चल नय। **এत मृश्या এक** है वृह९ ता खरेन िक श्रम्भारक छेन्नछ करत्र राजाना श्रम्भ । नीनगरीत्मत छेन्नरत हेश्यक नीनकत्रतम्त्र অত্যাচার, ইংরেজ আদালতের পক্ষপাতমূলক বিচারব্যবন্ধা, নবীনমাধবতোরাপদের প্রতিরোধ চেষ্টা পরোক্ষত কিন্তু গভীরভাবে বাঙালীর জাতীর
চেতনাকে পুষ্ট করতে লাগল। ১৮৬০ দাল থেকে শুরু করে বিংশ শতকের
প্রথমার্থ জুড়ে, প্রাক্-স্বাধীনতা কাল পর্যন্ত নীলদর্পণ বাঙালীর স্বাধীনতাকামনাকে তীব্র করেছে, স্বাজাত্যাভিমানকে দমর্থন করেছে। নীলদর্পণের
প্রতিহাদিক প্রভাব নীলচাষ আন্দেলনকৈ অবলম্বন করলেও তার মধ্যে মাত্র
দীমাবদ্ধ ছিল না। বিংশ শতকের প্রারম্ভের পূর্বে জাতির রাষ্ট্রনৈতিক
চেতনার প্রতি অপর কোন নাটকই এতবড় প্রভাব বিস্তার করতে পারে নি।

নাট্যসৌন্দর্যের দিক থেকে নীলদর্পণে নানাবিধ ব্যর্থতা আছে। কাহিনীগঠনে যথেষ্ট পরিমাণে সংহতির পরিচয় দিতে পারেন নি নাট্যকার। নবীনমাধব এবং ক্ষেত্রমণিদের কাহিনীর মধ্যে আছেছ নিবিড্তা ঘটানো সম্ভব হয়
নি। সংস্কৃত আলঙ্কারিকতার প্রতি আকর্ষণ এবং স্বতন্ত্র চিস্তা-উপলবির
মধ্যে নাট্যকারের মন আন্দোলিত হয়েছে। নীলবিদ্রোহের কাহিনীতে
তোরাপের স্থায় চাধীকে নায়কছে বরণ করবার আন্তরিক আগ্রহকে সংযত
করে ধীরোদান্ত নায়কের অন্সন্ধানে নবীনমাধবের নিকটে তাঁকে পৌছতে
হয়েছে। বৃহৎ ক্বযক-গোষ্ঠীর সর্বব্যাপক সর্বনাশের ট্রাজেডির স্থানে নবীনমাধবদের পারিবারিক করুণ কাহিনীর বিস্তৃত বিবরণ তাঁকে দিতে হয়েছে।
দে পরিবারের বেদনা ব্যাপক ক্বযকসমাজের ট্রাজেডির প্রতিভূ হতে পারে নি।
নীলদর্পণে দীনবন্ধু নাট্যসৌন্দর্যের দিক থেকে একমাত্র সফলতা দেখিয়েছেন
চাষীদের চরিত্রাঙ্কনে, পদী ময়রানী, গোপী নায়েবের মত ইতর শ্রেণীর
মামুবদের অন্তর-বেদনার উদ্বাটনে। এদের সংলাপের প্রাণবন্ত ভঙ্গি ও
ব্যক্তিগত স্বর্বৈশিষ্ট্য দীনবন্ধুর নাট্যপ্রতিভার উচ্জেল নিদর্শন।

নীলদর্পণে দীনবন্ধু এক অসাধ্য সাধনে ব্রতী হয়েছিলেন। ১৮৬০ সালেই তিনি কৃষক জনসাধারণের জীবন ও সংগ্রামকে নাট্যভাত করতে চেয়েছিলেন, কিছ তথনও কাল প্রস্তুত হয় নি। কালকে অতিক্রম করার ক্ষমতা ছিল না দীনবন্ধুর। কালপুরুষ মধুস্থানের পক্ষে যে-জাতীয় সিদ্ধি আয়স্তাতীত ছিল না, দীঅবন্ধুর কাছে তাই ছিল ব্যর্থ সাধন। ব্র্মানলীন নাগরিক সভ্যতার ক্ষর্যতাকে একহাতে ব্যঙ্গবিদ্ধ করেছেন দীনবন্ধু, প্রাম্যবর্বরতার প্রতি জানিয়েছেন ধিকার, মধ্যবিস্ত শিক্ষিত ভদ্রলোকের নিত্তরঙ্গ জীবন বড় বেশী বিবর্ণ মনে হয়েছে তাঁর কাছে। তিনি অন্তর্যুর্থক জীবনআবেগ খুঁজেছিলেন বাংলার কৃষকদের মধ্যে, গণঅভ্যুত্থানের প্রতভ্যমিতে তাঁর প্রথম নাট্যকাহিনীকে

ষাপিত করেছিলেন। কিন্তু ১৯৩০ দালের পূর্বে এ-জাতীয় বাস্তবতার জীবস্ত ভাষারূপায়ণ বাংলা দাহিত্যে ঘটে নি। দামগ্রীক নাট্যরদের দিক থেকে নীলদর্পণ তাই ব্যর্থ হয়েছে। দংলাপে-দরদতায়-প্রাণবস্ত চারিত্ররূপে এর যে বিচ্ছিল্ল অংশগুলি দাহিত্যকর্মরূপে অমরত্বের দাবীদার তা মহন্তর দাফল্যের দন্তাবনা বহন করে।

নীলদর্পণ রচনার মধ্য দিয়ে দীনবর্ণুর ত্মস্তরের শিলীসতা অহভব করেছিল তাঁর মানস্প্রবণতাকে নাট্যভাত করবার সময় আর্দে নি। তিনি তাই কৌতুক-ক্থার দিকে ফিরলেন, রোমান্সর্য আশ্বাদে তৃপ্তি খুঁজলেন। কিন্তু "নবীন তপश्विनी" (১৮৬৩), "कमट्न कामिनी" (১৮৭৩) नांठेक এटकवादाई वार्थ इन । রোমাটিক প্রণয়কাহিনী গঠনের প্রতিভা তাঁর ছিল না। বঙ্কিমচন্দ্র ঠিকই বলেছিলেন, " শেষাহা স্থল, কোমল, মধুর, অক্তব্রিম, করুণ, প্রশান্ত সে সকলে দীনবন্ধুর তেমন অধিকার ছিল না। তাঁহার লীলাবতী, মালতী, কামিনী, দৈরিজ্ঞী, সরলা প্রভৃতি রসজ্ঞের নিকট তাদৃশ আদরণীয়া নহে। তাঁহার বিনায়ক, রমণীমোহন, অরবিন্দ, ললিতমোহন মন মুগ্ধ করিতে পারে না। কিন্ত यांश कून, व्यमक्र, व्यमःनश्च, तिश्यंख, তांश उँ।शांत रेक्टि मार्वत अधीन। ওঝার ডাকে ভৃতের দলের মত স্মরণমাত্র সারি দিয়া আসিয়া দাঁড়ায়।" রোমান্টিক কমেডি "লীলাবতী"ও চরিত্রগঠন, কাহিনীনিমিতি এবং নাট্যরস-স্ষ্টি দব দিক দিয়েই ব্যর্থ হয়েছে, বরং এ-দব নাটকে ছুই-একটি কৌতুক রসাত্মক পার্যঘটনা ও পার্যচরিত্র স্প্রিতে তিনি দক্ষতা দেখিয়েছেন। নবীন তপস্বিনীর জলধর-প্রদক্ষ স্থল হলেও উপভোগ্য, এবং লীলাবতীর হেমচাঁদ-নদেরচাঁদ কৌতুকরসে উজ্জ্ব।

দীনবন্ধুর তিনটি প্রহসন তুলনামূলকভাবে উন্নততর রচনানৈপুণ্যের পরিচয় দেয়। "বিয়ে পাগলা বুড়ো" (১৮৬৬), "সধবার একাদশী" (১৮৬৬) এবং "জামাইবারিক" (১৮৭২) সর্বাংশে ব্যর্থ হয় নি। 'বিয়ে পাগলা বুড়ো'র কাহিনী-অংশে সামাজিক ব্যঙ্গ অপেক্ষা ব্যক্তি-চরিত্রের হুর্বলতাকে কেন্দ্র করে বর্ষিত কৌতুকই বড় হয়ে উঠেছে। রচনাটিকে একেবারে কৌতুকচিত্র বলে অভিহিত করা যায় না, মামূলী হলেও একটি পূর্ণাঙ্গ কাহিনী এ-রচনায় স্থান পেয়েছে। স্থল হাস্তরসের স্পষ্টিতে এ-নাটক অনেকটা সফল ইয়েছে। "সধবার একাদশী" অবশ্য নাট্যচিত্রের উধর্বস্তরে উঠতে পারে নি। বিচ্ছিল্ল চিত্রের মধ্যে সংহতিক্ত্রে আবিদ্ধার করে নাটকীয় প্লট-নির্মাণে দীনবন্ধু এখানে ব্যর্থ হয়েছেন। এ-নাটকের প্রধানতম আকর্ষণ নিমে দন্তর চরিত্র।

চরিত্রটি আমুপূর্বিক স্থগঠিত নয়। কাহিনীরদের পূর্ণতার অভাব এবং নাট্যছন্দের ছ্র্বলতাই এর জন্ম দায়ী। কিন্তু চরিত্রচিত্র হিসেবে নিমে দন্তকে
অবশুই প্রশংসা করতে হয়। উনবিংশ শতান্দীর উচ্চশিক্ষিত কিন্তু লক্ষ্যহীন
জাবনের উচ্চহাস্থ এবং অর্ধক্ষুট হাহাকার যেন এই ব্যক্তিটির মধ্যে রূপ লাভ
করেছে। সমাজ-সংসার-ঐতিহ্য-পরিবেশ সব কিছুর প্রতি তাঁর বিদ্রুপ-বাণ
উন্থত। কিন্তু এর অনেকগুলি শর সে নিজের প্রতিও নিক্ষেপ করেছে, নিজের
পতনের অসন্থতি তার নিজের ঠোটের কোণে ব্যঙ্গহাস্থ সঞ্চিত করেছে।
নানার্মপ স্থল রঙ্গকথায় ও ব্যামীর বিবরণে নাটকটি পূর্ণ হলেও নিমে দন্তর
চরিত্র "সংবার একাদশী"কে ভাঁড়ামীর পর্যায় থেকে উনীত করেছে। "জামাই
বারিক" ঘরজামাই প্রণা এবং বহুবিবাহজনিত লাজ্নাকে ব্যঙ্গ করে রচিত।
এ প্রহুসনটি একান্ডভাবেই কয়েকটি ব্যঙ্গচিত্রের শিথিল গ্রন্থন। কাহিনীস্থাট অত্যন্ত ক্ষীণ। জীবন্ত চরিত্রের বালাই নেই, আছে কয়েকটি ব্যঙ্গান্থক
ক্যারিকেচার। স্থল হাস্থরস স্থিতে অবশ্য তিনি এ-নাটকেও কতকটা সাফল্য
নিধিয়েছেন।

নুর্স্ট্রকার হিদেবে বিশিষ্ট্রতা ও ইতিহাসে স্থান ॥ আমাদের দাহিত্যের ইতিহাসে দীনবন্ধুর নাট্যপ্রতিভার প্রকৃত মূল্যকে কিছুটা বাড়িয়ে দেখা হয়েছে। তাঁর চেয়ে উৎকৃষ্টতর প্রহদন পূর্বেই মধুস্থদন লিখেছেন। এবং এমন একটিও নাটক বা প্রহদন তিনি লেখেন নি যাতে দামগ্রীক দাফল্য এদেছে।

দ্বিতীয়ত, প্রহদন-রচনা তথা কোতুকরদ স্ষ্টেতে তাঁর স্বাভাবিক প্রবণতা থাকলে অন্তত দেক্ষেত্রে তার অধিকতর দিদ্ধি ঘটত। তাঁর হাস্তরদ প্রায়ই স্থলতাকে অতিক্রম করতে পারে নি। হাস্তরদ স্থজনে তিনি অভিনবত্ব দেখিয়েছেন ব্যঙ্গের উতরোলের পশ্চাতবর্তী বেদনার ভিত্তি আবিকারে। "তিনি নিমচাঁদ দন্তের ন্তায় বিশুদ্ধ জীবন-স্থু বিফলীকত শিক্ষা, নৈরাশ্যপীড়িত মহুপের ছুঃখ বুঝিতে পারিতেন, বিবাহ বিষয়ে ভগ্ণ-মনোরথ রাজীব মুখোপাধ্যায়ের ছুঃখ বুঝিতে পারিতেন, গোপীনাথের ন্তায় নীলকরের আজ্ঞাবর্তিতার যন্ত্রণা বুঝিতে পারিতেন।" (—বিদ্যাচন্ত্র) প্রহদনকারের ব্যঙ্গদৃদ্ধির তুলনায় এ-বোধ গভীরতর। তোরাপ-চরিত্রে ব্যঙ্গের উপাদান নেই অথচ দে কৌতুকস্পর্শ বর্জিত নয়। আবার ক্ষেত্রমণির উপরে অত্যাচার, ক্ষেত্রমণির মৃত্যু, রেবতীর ক্রন্দন, রোগ-উড়ের অত্যাচারমূখী চরিত্রের সাধারণ লক্ষণের মধ্যেও সংকীর্ণ ব্যক্তি-স্বাতস্ত্র্য, রায়তদের ব্যক্তি-বৈশিষ্ট্য দীনবন্ধুর যে-সাফল্যের ইঙ্গিত করে তার সঙ্গে হাস্তর্যের প্রতিত তাঁর বিশিষ্ট

প্রবণতার কোন দম্পর্ক নেই। দীনবন্ধু মাটির নিকটের মামুষ এবং উদ্ধাম উন্মুক্ত জীবন, রক্ততরঙ্গিত স্থূল ও প্রবল মান্দিকতার চিত্র আঁকতে চেয়েছেন। সেথানেই তাঁর মনের মুক্তি। বাংলা নাটকের শুধু নয়, বাংলা দাহিত্যের ইতিহাদে এই মনোভাব বহু পরবর্তী যুগপ্রবণতার পূর্বাভাগ দেয়।

তৃতীয়ত, মধুস্দনের কাছে দীনবন্ধর ঋণের পরিমাণ অনেক। 'বুড়ো শালিখের ঘাড়ে রেঁ' বৈ প্রভাব "বিয়েঁ পাঝলা বুড়ো"তে বেশ স্পষ্ট, 'একেই কি বলে সভ্যতা'র নিশ্চিত প্রভাব আছে "সধবার একাদশী"র পরিকল্পনায়। এমন কি তোরাপ প্রভৃতি একাধিক চরিত্র, মায় তাদের মুখের কথ্য ভাষা 'বুড়ো শালিখের ঘাড়ে রেঁ' বৈ আদর্শে অঞ্চিত।

মনোমোহন বস্থ (১৮৩১—১৯১২)

পরিটয়॥ মনোমোহন বস্থ ঈশ্বর গুপ্তের সাহিত্যশিশ্য ছিলেন। ঈশ্বর গুপ্তের অপরাপর সাহিত্যশিশ্যর তুলনায় তাঁর প্রবণতা ছিল পিছনের দিকে। অবশ্য সাংবাদিক গুরুর কাছ থেকে তিনি যে-স্বৃদেশমন্ত্রে দীক্ষিত হয়েছিলেন তাঁর কর্মজীবন ও ভাবজীবনে তার গুরুতর প্রভাব পড়েছে। এদিকে তিনি সমকালের তুলনায় পশ্চাৎমুখী নন, বরং প্রগতিশীল। হিন্দুমেলার অন্ততম প্রতিষ্ঠাতা রূপে তিনি স্বাদেশিকতাকে নিজ জীবনের মূলমন্ত্র হিসেবে গ্রহণ করেছিলেন, দেশবাদীর মধ্যে এর বহুল প্রচার কামনা করেছিলেন। কিন্তু বাংলা নাট্য-সাহিত্যে তাঁর ভূমিকাকে যথেষ্ট প্রগতিশীল বলা চলে না। আমাদের নাটকের ইতিহাদে পিছন ফেরার স্কর প্রথম বাজালেন মনোমোহন বস্ক, রাজরুক্ষ রায়ের মধ্য দিয়ে গিরিশচন্ত্রে তা-ই মহাসঙ্গীতে পরিণত হয়েছে।

অতীত স্থরের চর্চা॥ মনোমোহন বস্থর সাহিত্যিক খ্যাতি ধিমুখী। কবিআখড়াই জাতীয় সঙ্গীতরচনায় তিনি যথেষ্ট জনপ্রিয়তা অর্জন করেছিলেন।
কবি-যাত্রার পরিবেশেই তাঁর শিল্পী-মন পৃষ্ট হয়েছিল। যে যাত্রাভিনয়ের সঙ্গে
সর্ববিধ সম্পর্ক ত্যাগ করে বাংলা নাটকের স্ফনা হয়েছিল তারই অম্প্রবেশ ঘটল
মনোমোহন বস্থর মাধ্যমে। অথচ প্রথম পর্বের অস্পষ্ট ও অষচ্ছ চেষ্টার পরে
মধুস্থদনের নাটকেইংরেজী নাট্যাদর্শ অনেকটা জয়যুক্ত হয়েছিল। দীনবন্ধুর কাটকপ্রহানেও নব্য আদর্শেরই অম্পরণ চলেছে। মনোমোহনের নাট্যকার রূপে
আবির্ভাবের পূর্বে মুরোপীয় ধরনের রঙ্গমঞ্চের ব্যাপক প্রচলন সথের থিয়েটারের
মাধ্যমে আমাদের দেশে ঘটেছে। মনোমোহন সেখানে যাত্রার আসরের
আদর্শ ফিরিয়ে আনতে চাইলেন। যাত্রাভিনয়ের অম্বাভাবিকতা দোষ সংশোধন

করে নাটকের নব্য চেহার। গঠনের প্রস্তাব করলেন মনোমোহন। সঙ্গাত বাহুল্যকে সমর্থন করলেন; বললেন "ভারতবর্ষ যে ইউরোপ নয়, ইউরোপীয় সমাজ আর স্বদেশীয় সমাজ যে বিস্তর বিভিন্ন, ইউরোপীয় রুচি ও দেশীয় রুচি যে সম্যুক স্বতন্ত্র পদার্থ, তাহা তাঁহারা ভাবিয়া দেখেন না।" মনোমোহন যাত্রার চঙে নাটকে প্রচুর গান সংযুক্ত করলেন। তরল ভক্তিরসকে করে তুললেন প্রধান আবেদন। এই বিগরীও পথে গমন বাংলা নাটকের সম্ভাব্য বিকাশকে ব্যাহত করেছে। জাতীয় চরিত্রের বৈশিষ্ট্যের দোহাই তুলে অতি হুর্বল এবং অবক্ষয়কালীন সাহিত্য-রূপকে আশ্রয় করার প্রবৃত্তি নাট্য-সাহিত্যের ভবিয়্যতকে পুষ্টি থেকে ভ্রষ্ট করেছে।

নাট্যগ্রন্থানলী॥ "প্রণয় পরীক্ষা" (১৮৬৯) নামক সামাজিক এবং "নাগাশ্রমের অভিনয়" নামক প্রহদন রচনা করলেও তারা আদৌ উল্লেখযোগ্য নয়। মনোমোহনের প্রধান আকর্ষণ পৌরাণিক বিষয়ের প্রতি। তাঁর প্রথম নাটক "রামাভিষেক"(১৮৬৭) এবং "দতী" (১৮৭৩) থেকেই ভক্তিরদের প্রাচূর্য পৌরাণিক নাটকের পূর্বতন ক্লপটিকে বদলে দিল। "হরিশচন্দ্র" নাটকে ভক্তিরদের দঙ্গে হিন্দুমেলায় লালিত ধাদেশিকতার স্থরটিও বেজেছে। "পার্থপরাজয়" নাটকে বক্রবাহনের সঙ্গে য়্র্ডে অজুনের পরাজয়কাহিনী বিবৃত হয়েছে। "রাদলীলা" ও "আনক্ষয়য়" নামক অপর ছটি প্রাণাশ্রিত নাটকও তিনি লিখেছিলেন।

রাজকৃষ্ণ রায় (১৮৪৯—৯৪)

পরিচয়। সাহিত্যিক রাজক্ষ রায়ের পরিচয় দিতে গিয়ে জীবনীকার ব্রজেন্দ্রনাথ বন্দ্যোপাধ্যায় সংক্ষেপে তাৎপর্যপূর্ণ কথাই বলেছেন,— "বঙ্গবীণাপাণির ঐকান্তিক দেবা করিয়া যে-সকল সাহিত্যসাধক বাংলাদেশে গ্রাসাছাদনের সঙ্কল করিয়াছিলেন, সন্তবতঃ কবি এবং সাহিত্যিক রাজকৃষ্ণ রায় তাঁহাদের অগ্রণী। সে সমুয়ে লোকে যাহা কল্পনা করিতে পারিত না, তাহাই করিতে গিয়া তাঁহাকে ঘোরতর ছর্দশায় পড়িতে হইয়াছে, শেষ পর্যন্ত তিনি জয়ী হইতে পারেন নাই। সাহিত্য হইতে নাটক, নাটক হইতে রঙ্গমঞ্চ এবং রঙ্গমঞ্চ হইতে মুদ্রাযন্ত্র ও প্তক্রপ্রকাশ—এগুলি তাঁহার জীবনের অথকর পরিবর্তন নহে। তেওঁহাকে অতি ক্রত রচনা করিতে হইয়াছে, অসংখ্য প্তক তিনি লিখিয়াছেন। তেওঁই কারণেই তাঁহার অল্প লেখাই সার্থক ও স্কর হইতে পারিয়াছেন। তেওঁই কারণেই তাঁহার অল্প লেখাই সার্থক ও স্কর হইতে পারিয়াছেন।"

নাট্যগ্রন্থাবলী ॥ পয়ত্রিশ-ছত্রিশথানা ছোট বড় নাটক ও প্রহুসন রাজক্ষ রায় রচনা করেছিলেন। এর মধ্যে পৌরাণিক ও ঐতিহাসিক নাটক আছে, আছে গীতিনাট্য এবং প্রহ্মন জাতীয় রচনা। তাঁর প্রথম নাটক "পতিব্ৰতা" নামক নাট্যগীতি প্ৰকাশিত হয় ১৮৭৫ সালে এবং শেষ নাটক "বেনজীর বদরেমুনীর" ১৮৯৩ সালে। তখন পেশাদার রঙ্গাঞ্চর যুগ চলছে। তিনি নিজেও কিছুকাল একটি রলমঞ্পারিচালনা করেন। তাঁর বছ নাটকই সমকালীন পেশাদার মঙ্গমঞ্চের প্রয়োজন মিটিয়েছে। পৌরাণিক নাটকের মধ্যে "অনলে বিজলী", "হরধহভঙ্গ", "যহবংশ ধ্বংদ", "তরণীদেন বধ", "চন্দ্রহাদ", "নরমেধ যজ্ঞ" প্রভৃতির নাম বিশেষ উল্লেখযোগ্য। এ-জাতীয় নাটকেই তিনি অভ্নত্ত । মূল রামায়ণ-মহাভারতের সঙ্গে রাজক্ষ রায়ের ঘনিষ্ঠ পারচয় ছিল। তিনি সংস্কৃত রামায়ণ-মহাভারতের কাব্যাম্বাদ প্রকাশ করেছিলেন। প্রেরাণিক নাটকগুলিতে তিনি কাশীরামদাদ-ক্বত্তিবাদের অমুদর্ণ না করে শংস্কৃত মহাকাব্যের দ্বারম্থ হয়েছেন। কিন্তু সংস্কৃত মহাকাব্যোচিত উদ্দাম-গন্তীর রদের চর্চা কর। তাঁর সাধ্যায়ত্ত ছিল না। তিনি কাহিনীমাত্র দেখান থেকে গ্রহণ করেছেন। অতঃপর মনোমোহন ^{*}বস্থ প্রদর্শিত পথ ধরে তরল ভক্তিরদ প্রচারে মেতে উঠেছেন। তাঁর পৌরাণিক নাটকে যাত্রার প্রভাবও বেশ গভীর। সঙ্গীত বাহুল্য তাঁর নাট্যাবলীর অন্ততম লক্ষণ।

ঐতিহাগিক নাটক রূপে তিনি "রাজা বিক্রমাদিত্য", "মীরাবাঈ", "বনবীর" প্রভৃতিকে পরিচিত করতে চেয়েছেন। প্রথমটি নেহাৎই কিম্বন্তীমূলক, দ্বিতীয়টি ভক্তিমূলক ও সঙ্গীতপ্রধান। তৃতীয়টি কতকট্টা ইতিহাগাসুস্তি আছে। তাঁর প্রহদন বা গীতিনাট্যগুলির মধ্যে কোন বিশিষ্ট্তা নেই।

নাটকে তিনি ছন্দ-সংলাপ কোথাও কোথাও ব্যবহার করে আদিকগত পরীক্ষা-নিরীক্ষা চালিয়েছেন। অমিত্রাক্ষর ছন্দ, ভাঙা অমিত্রাক্ষর (বা তথা-কথিত গৈরিশছন্দ) এবং পভ্যপংক্তিকগভ্য (বা ক্ষীণভাবে গভ্য কবিতার প্রাকৃশ্বরূপ) ব্যবহারে তিনি সাহসিকতা ও বিচিত্রতা-প্রীতির পরিচয় দিয়েছেন।

ইতিহাসের বিচার ॥ নাট্যকার হিসেবে তিনি যাত্রাধর্মী পুরাতন পন্থার প্রবক্তা। ইংরেজী প্রভাবের ধারাকে রুদ্ধ করে মধ্যযুগীয় ভক্তিরস ও যাত্রা-প্রাণতা প্রবর্তনে মনোমোহন বন্ধর পূর্ব সাধনাকে তিনি উত্তরপুরুদ্ধ গিরিশচন্দ্রের সঙ্গে যুক্ত করেছেন। বাংলা নাট্যসাহিত্যের ঐতিহাসিক নিয়তি তাকে পরিহার্য পুরাতনের সঙ্গে অসম সদ্ধি করতে বাধ্য করেছে। রাজ্কক সেই স্বত্তের অন্তত্য মুখ্য গ্রান্থ।

জ্যোতিরিন্দ্রনাথ ঠাকুর (১৮৪৯-১৯২৫)

পরিচয়॥ জ্যোতিরিন্দ্রনাথ ঠাকুর বহুমুখী কর্মপ্রচেষ্টার মাছ্রষ ছিলেন। উনবিংশ শতান্দীর শেষ দিকে তিনি নবজাগ্রত স্বাদেশিকতার একজন প্রধান পৃষ্ঠপোষক হয়ে দাঁড়িংইছিলেন। স্বদেশী ব্যবসা-বাণিজ্য পরিচালনার সাধনায়,হিলুমেলার সংগঠনে এবং আদি ব্রাহ্মসমাজের অন্ততম নেতারূপে তিনি সমকালীন তরুণদের মধ্যে একজন বিশিষ্ট ব্যক্তিতে পরিণত হয়েছিলেন। বাংলা নাট্যসাহিত্যেও য়ুরোপীয় পদ্ধতির একজন প্রধান শিল্পীক্রপে তাঁর শুরুত্বপূর্ণ ভূমিকা আছে। ফরাসী সাহিত্যের সঙ্গে তাঁর সম্পর্ক ছিল ঘনিষ্ঠ। নাটক, গল্প, কবিতা এবং সাহিত্যতত্ত্বের কিছু উৎকৃষ্ট গ্রন্থ ফরাসী থেকে বাংলা ভাষায় অহ্বাদ করে জ্যোতিরিন্দ্রনাথ ফরাসী প্রভাবকে আমাদের সাহিত্যে আমন্ত্রণ জানিয়েছিলেন। সংস্কৃত এবং মারাসী ভাষার সম্পদেও বাংলাকে সমৃদ্ধ করবার চেষ্টা তিনি করেছিলেন। কোন বিশিষ্ট ধারা স্বষ্টি করতে না পারলেও এই প্রচেষ্টার মূল্য আছে।

নাট্য গ্রন্থবিলী ॥ জ্যোতিরিন্দ্রনাথ, ঠাকুর সংস্কৃত নাট্য-সাহিত্যের প্রধান গ্রন্থ গুলি প্রায় সবই বাংলায় ভাষাস্তরিত করেছিলেন। তাছাড়া, অন্তান্ত অমবাদ নাটকের মধ্যে সেক্সপীয়রের "জ্লিয়াস সিজার" এবং ফরাসীদেশের বিখ্যাত নাটকোর মলিয়ের রচিত কৌতুক নাটকের বঙ্গাহ্বাদ "হঠাৎ নবাব" এবং "দায়ে পড়ে দারগ্রহ" উল্লেখযোগ্য। "পুনর্বসন্ত", "বসন্ত-লীলা", "ধ্যান-ভঙ্গু" প্রভৃতি যে-সম গীতিনাটিকা তিনি লিখেছিলেন তার মূল্য বেশী নয়। তবে তাঁর প্রথম প্রহদন "কিঞ্চিৎ জলযোগ" (১৮৭২) এবং "এমন কর্ম আর করব না "(বা অলীকবাবু), "হিতে বিপরীত" প্রভৃতি কোতুকরসাশ্রিত নাটিকাগুলি একদিক থেকে বিশেষ উল্লেখযোগ্য। এদের মধ্যে নাট্যকার যে স্কুর্ন্নচামত স্মিতহাস্থের স্কৃষ্টি করেছেন তাতে ব্যঙ্গের জালা বা আঘাতের তীব্রতা নেই, কিন্ধ উপভোগ্যতা আছে।

জ্যোতিরিন্দ্রনাথের সবচেয়ে ভাল রচনা ইতিহাসাশ্রিত নাটকগুলি। মধ্খনের ক্লফুক্মারী নাটকের পরে প্রক্বতপক্ষে ঐতিহাসিক নাট্যধারা আর
বিকাশলাভ করে নি। দীনবন্ধু প্রক্বত ঐতিহাসিক নাটক লিখতে না চাইলেও
"নীলদর্পণ" তথ্যগত দিক থেকে না হলেও রদের দিক থেকে ঐতিহাসিক
নাটকের মর্যাদা পাওয়ার যোগ্য। রাজক্ষ রায় ছ'একখানা নাটককে ঐতিহাসিক বলে চিহ্নিত করলেও সেগুলি ঐ নামের যোগ্য নয়। কোথাও

কিম্বদন্তীমূলক কাহিনী, কোণাও ভক্তিরসাশ্রিত বিষয়বস্তু(যেমন "বিক্রমাদিত্য" ও "মীরাবাঈ" নাটকে) ঐতিহাসিক আখ্যাপত্র নিয়ে উপস্থিত হয়েছে। रमिक (थरक (জ্যাতিরিন্দ্রনাথের ভূমিকার মূল্য আছে। মধুসদনে যে-ধারার স্ত্রপাত মাত্র লক্ষ্য করেছি তারই বিকাশ ্ঘটল জ্যোতিরিন্ত্রনাথে। তাঁর চারটি ঐতিহাসিক নাটকের প্রধান বৈশিষ্ট্য হল,—১। ইংরেজী নাট্যসন্মত আঙ্গিক, ২। দেশান্তবোধ, ৩। রোমান্টিক প্রণয়কাহিনী—এই তিনের দংযোগ। তিনি "পুরুবিক্রম" (১৮৭৪) রচনা করলেন সেকেন্দার এবং পুরুর যুদ্ধ-কাহিনীকে অবলম্বন করে। অবশ্য একটি রোমান্টিক প্রেমকাহিনী এ নাটকের ঘটনাকে গ্রন্থিবছল এবং আবেগম্থিত করে তুলেছে। "সরোজিনী" (১৮৭৫) আলাউদ্দীনের চিতোর আক্রমণের পটভূমিতে রচিত। মেবারবাদীর বীরত্ব-পূর্ণ দংগ্রাম, কিন্তু প্রধান মেবারী দেনাপতিদের প্রণয়কলহে ছুর্বল হয়ে পড়ায় তাদের পরাজয়, মেবার রাজক্তা সরোজিনীর অগ্নিতে আল্ল-বিদর্জন এ নাটকে বিবৃত হয়েছে। "অশ্রমতী"তে (১৮৭৯) প্রতাপ সিংহের কল্পা অশ্রমতী, শত্রু মানসিংহ, ভ্রাতা শক্তিসিংহ, মোগলসমাট দেলিম প্রভৃতিকে কেন্দ্র করে রাষ্ট্র-দ্বন্দ, দেশপ্রেম এবং প্রণয়-সংঘাত বেশ তীব্র, ঘনপিনদ্ধ ও জটিল আকারে দেখা দিয়েছে। "স্বপ্নময়ী" নাটকে বাংলাদেশের শোভাসিংহের ঐতিহাসিক বিদ্রোহের কাহিনী থাকলেও কাল্পনিক প্রণয়কথাই মুখ্য হয়ে উঠেছে। জ্যোতিরিন্দ্রনাথের অনেক নাটক-প্রহসনই সাধারণ রঙ্গমঞ্চে অভিনীত হয়েছিল।

ইতিহাসে বিশিষ্ট ভূমিকা॥ মধুস্থান সচেতনভাবে এবং কিছুট। সাফল্যের সঙ্গে তাঁর নাটক-প্রহসনে ইংরেজী ধারার অম্পরণ করেছিলেন। দীনবন্ধুতে দেই ধারা অনেকটা বহমান ছিল। বাংলা সাহিত্যের অন্তান্ত ধারার নায় এই পথেই বাংলা নাটকেরও মুক্তি আগত। কিন্তু মনোমোহন বস্থ-রাজক্ব কায়-গিরিশচন্ত্রের চেষ্টায় বাংলা নাটক মুক্তির প্রকৃত পথ থেকে প্রস্তু হল। জ্যোতিরিক্রনাথ ইংরেজী নাট্যকলার অনেকটা সফল অম্পরণের মধ্য দিয়ে যাত্রাওয়ালাদের বিপরীত কোটির আদর্শকেই বড় করে তুলেছিলেন। তুলনামূলকভাবে শক্তিশালী এবং জনচিত্তে অনেক বেণী প্রভাববিস্তারকারী গিরিশচন্ত্রের সাধনায় জ্যোতিরিক্রনাথের ধারা ক্রত আর্ত হয়ে গেল।

গিরিশচন্দ্র ঘোষ (১৮৪৪-১৯১১)

পরিচয়। উনবিংশ শতাব্দীর দিতীয়ার্থে বাংলা দেশে যে নাট্য-আন্দোলন দেখা দিষেচিল নানা কাবণে গিরিশচন্দ্রকে তার শার্ষে স্থান দেওয়া হয়ে থাকে। পেশাদারী রঙ্গমঞ্চের সঙ্গে দীর্ঘকাল ধরে তিনি সংশ্লিষ্ট ছিলেন।
অজন্র নাটকের পরিচালক, রঙ্গমঞ্চের অধ্যক্ষ, নটনটাদের অভিনয়-শিক্ষক এবং
প্রধান ভূমিকাভিনেতা হিদেবে তিনি সমকালে বাংলাদেশে ব্যাপক জনপ্রিয়তা
লাভ করেছিলেন। সেই জনপ্রিয়তার টেউ একাল পর্যন্ত এসে পেঁছিছে।
বাংলা নাট্য-আন্দোলনের প্রধান প্রয়য় হিদেবে তাঁর এ-ভূমিকা অস্বীয়ত
হবার নয়। এর সঙ্গে যুক্ত হয়েছিল তাঁর নাটক-রচনার প্রতিভা। গিরিশচল্রের নাটকের ঐতিহাদিক ও সাহিত্যিক মূল্য বিচার করতে গিয়ে
নাট্যান্দোলনের অপরাপর বিভাগে তাঁর বিশিষ্ট অবদানের কথা ভূলে যাওয়া
সহজ নয়। কিন্তু এ-বিষয়ে বৈজ্ঞানিক পন্থার আশ্রয় নেওয়াই কর্তব্য। বাংলা
রঙ্গমঞ্চের ও অভিনয়কলার বিকাশে গিরিশচন্ত্রের গৌরবময় ভূমিকার কথা
মেনে নিয়েও বলব তাঁর নাটকের মূল্য নির্গয়ে অন্ত সব কিছু নিরপেক্ষভাবেই
অগ্রসর হতে হবে।

গিরিশচন্দ্র রঙ্গাঞ্চের প্রয়োজন মেটাবার জন্মই বাংলা উপন্থাদ ও আখ্যানকাব্যের নাট্যরূপ দিতে শুরু করলেন। সেই দব নাট্যরূপও প্রানো হয়ে
যাওয়ায় তাঁকে স্বয়ং নাট্যরচনায় হাত দিতে হল। তিনি প্রত্যক্ষভাবে রঙ্গমঞ্চের সঙ্গে যুক্ত ছিলেন, তাঁর নাটক রচনার প্রেরণাও এসেছিল মঞ্চগামী জনগাধারণের মনোরঞ্জন করবার জন্ম। জনমনোরঞ্জনবাদনা কদাচিৎ উচ্চ
শিল্পকর্মের জন্ম দিতে পারে। ইতিহাসে দমকালীন জনপ্রিয়তা ও শিল্পোৎকর্মের সময়য় খুব অল্পই ঘটেছে। গিরিশচন্দ্রকে জনমনোরঞ্জনের পিছনে
ছুটতে হয়েছে। পূর্ণাঙ্গ নাটক এবং নানা জাতের ক্ষুদ্র নাটক মিলিয়ে প্রায়
একশত খানা বই তিনি লিখেছিলেন। নিত্য নূতন নাটকের যোগান দিয়ে
রঙ্গমঞ্চের জঠর তাঁকে পূর্ণ করতে হয়েছে। এই পরিবেশের কথা মনে রেখে
গিরিশচন্দ্রের নাটকের বিচার করা কর্তব্য।

সাহিত্যিক উৎকর্ষের বিচারে গিরিশচন্দ্রকে সচরাচর যতটা প্রশংসা কর। হয়ে থাকে তার অল্লাংশও করা চলে না। কিন্তু বাংলা মঞ্চামুগ নাটকের ইতিহাসে প্রথম শ্রেণীর প্রতিভার উদ্ভব ঘটে নি। এবং বাঙালী নাট্যকারদের মধ্যে তিনি কিছুটা বিশিষ্টতা নিশ্চমই দাবি করতে পারেন।

গিরিশচন্দ্রের মন ও ইতিহাসের বিচার॥ বাংলা নাট্যসাহিত্যের অগ্রগতির ইতিহাসে গিরিশচন্দ্রের দান বিচারের অপেকা রাথে। বাংলা রজমান্ধের ছোট বড় বছ নাট্যকারের উপর তিনি স্তক্ষভর প্রভাব বিস্তার করে-সিন্ধের । , দুর্গক্ষের, কটি নিয়ন্ত্রপের ভাঁহ ভ্রমিকা গ্রকারাজ্যার অন্তভার কর।

কিন্তু মধুস্দনের পূর্ব থেকে ইংরেজী নাট্যধারার অমুসরণে বাংলা নাটক গড়ে তুলবার যে আশা প্রকাশ পেয়েছে এবং মধুস্থানের হাতে যা নিশ্চিম্ব প্রতিষ্ঠা পেয়েছে, জ্যোতিরিন্দ্রনাথ যে ধারাকে দাধ্যমত এগিয়ে নিয়ে গিয়েছেন, গিরিশ-চন্দ্র তার দঙ্গে আপন মানদদামীপ্য অহভব করেন নি। যে যাত্রার ধারা বাংলা নাটকের জন্মকাল থেকেই পরিত্যজ্ঞ্য বলে ঘোষিত হয়েছিল সেই ধারাই মনোমোহন বস্থ-রাজক্বঞ্চ রায়ের চেষ্টায় নাট্যক্ষেত্রে স্থানলাভ করল। চল্র জাতীয় ঐতিহের নামে এই ধারাটিকে আমন্ত্রণ জানালেন। কিন্তু তিনি জনসাধারণের চাহিদা বুঝতেন। মুরোপীয় নাটকের বহিরক্ষে প্রবৃত্তির বে সংঘর্ষ, ঘটনা-সংঘাতের যে তীব্রতা নাট্যচমৎকারিত্বের স্থাষ্টি করে তা সহজেই জন-মনকে আকর্ষণ করতে পারে এ তিনি লক্ষ্য করেছিলেন। যাত্রারীতির সঙ্গীতবাছল্য এবং জীবনসংঘাতের স্থানে তরল রসের সাধনা আর অপরদিকে ইংরেজী নাটকের বহিরঙ্গের ঘটনাদংঘাত—এদের মধ্যে স্বাভাবিকভাবে সমন্বয় স্ষ্টি করার স্থ্যোগ কম। কিন্তু গিরিশচন্দ্র তাই করার চেষ্টা করেছেন। ইংরেজী নাটকের প্রাণকেন্দ্রে জীবন ও ভাগ্যের যে চিত্র প্রকাশিত তাকে আয়ন্ত করতে তিনি চান নি। দ্বিতীয়ত, গিরিশচন্দ্র দর্বদা উনবিংশ শতাব্দীর নব্যমানবচেতনাকে গ্রহণ করতে পারেন নি। মধ্যযুগের ভক্তিবাদে তাঁর চিন্ত পূর্ণ ছিল। এই কারণেই দমাজদংস্কার আন্দোলনগুলির প্রতি তাঁর বিরূপতার শেষ ছিল না। তৃতীয়ত, গিরিশচন্দ্রকে হিন্দু রিভাইজ্যালিষ্টর্নপে অভিহিত করা হয়। এই আখ্যা খুব অদঙ্গতও নয়; কিন্তু বঙ্কিম-বিবেকানন্দ যেখানে প্রাচীন হিন্দু-আদর্শকে নব্যমানববাদী ধ্যান-ধারণার দঙ্গে দমীম্বত করতে চেয়েছিলেন, যুক্তিবাদকে আশ্রয় করে ভক্তি, কর্ম ও জ্ঞানমার্গের মিলন সাধনায় ব্রতী হয়েছিলেন, গিরিশচন্দ্র সেখানে অলৌকিকতা, অন্ধ ভক্তির উচ্ছাস প্রভৃতিকেই প্রধান করে তুলেছিলেন। শ্রীরামক্ষের শিশ্ব হওয়া সত্ত্বেও বিবেকানন্দের উদারতা তাঁর ছিল না, ছিল না তাঁর প্রজ্ঞাদৃষ্টি।

তবে একথা ঠিক ঐতিহাদিক নাটকে গিরিশচন্দ্র অস্পষ্ট ও অসম ভাবে হলেও কালোপযোগী স্বাদেশিকতার মন্ত্র প্রচার করেছেন। সামাজিক নাটকের ক্ষেত্রেও সমকালীন সমাজচিত্র অঙ্কনে তিনি পূর্ববর্তী উন্নত প্রহসনের ঐতিহ্নকে নিয়ে অগ্রসর হয়েছেন। এসব ক্ষেত্রে তাঁর ক্রটি-বিচ্যুতি নাইক্রীয় উৎকর্ষের দিক থেকে হানিকর হলেও বাংলা নাটকের ইতিহাসে সাধারণভাবে কোন অভীতমুখী ধারা স্পষ্ট করে নি।

নাট্যগ্রন্থারলী। গিরিশুচ্ন স্বাধীনভাবে প্রথম লিখলেন ক্রেক্ট

গীতিনাট্য; "আগমনী" (১৮৭৭), "অকালবোধন", "দোললীলা", "মোহিনী প্রতিমা" প্রভৃতি। এই নাটকগুলি একেবারেই বৈশিষ্ট্যহীন।

গিরিশচন্দ্র পৌরাণিক নাটকের জন্মই সবচেয়ে বেশী খ্যাতিলাভ করেন। তাঁর প্রতিভার মূল বৈশিষ্ট্যগুলি এই ধরনের নাটকে সর্বাধিক প্রকাশ পেয়েছে। এই নাটকগুলি সংখ্যায়ও স্বচেয়ে বেশী এবং সমকালে ও পরবর্তী নাট্যধারায় তথা জনমানদে প্রভাব বিস্তারের দিক থেকেও থুবই গুরুত্বপূর্ণ। "রাবণ বধ", "দীতার বনবাদ", "অভিমন্থা বধ", "দীতার বিবাহ", "ব্রজবিহার", "রামের বনবাদ", "গীতাহরণ", "পাণ্ডবের অজ্ঞাতবাদ", "দক্ষযজ্ঞ", "ধ্রুব-চরিত্র", "নল-দময়ন্তী", "কমলে কামিনী", "বৃষকেতু", "শ্রীবৎস-চিন্তা", "প্রহলাদ-চরিত্র", "প্রভাসযজ্ঞ", "মহাপূজা", "জনা", "পাগুরণােরর", "মণিহরণ", "নস্ত্লাল", "হরগৌরী" প্রভৃতি পুরাণাশ্রিত নাটক ছাড়া ঐতিহাসিক ও আধা-ঐতিহাসিক ব্যক্তিদের নিয়ে লেখা ধর্মমূলক নাটকগুলিকেও এই শ্রেণী-ভুক্ত করাই সঙ্গত। "চৈতগুলীলা", "নিমাই সন্ন্যাস", "বিল্নন্সল", "পূর্ণচন্দ্র", "নগীরাম", "কালাপাহাড়", "শঙ্করাচার্য" প্রভৃতি নাটককে নিঃদংশয়ে এই শ্রেণীভুক্ত করা চলে। এই নাটকগুলির প্রধান প্রধান বৈশিষ্ট্য হল-এক। ধর্মবোধ ও নীতিবাদের প্রচার। "চৈতগুলীলা" থেকে শ্রীরামক্লফের আদর্শও তাঁর নাটকে প্রতিফলিত হতে থাকে। তরল ভক্তিরণ এবং মধ্য-যুগীয় দেববাদে স্থগভীর বিশ্বাস এই নাটকগুলিতে ধরা পড়েছে। ছই। অলৌকিক ক্রিয়াকাণ্ডের প্রাচুর্য নাটকগুলিকে ঘটনাগত চমৎকারিত্ব দান করেছে। তিন। যাত্রাধর্মী সংগীতপ্রাচুর্য এবং চরিত্রবিচ্যুত রদস্কন চলেছে। তার সঙ্গে মুরোপীয় নাটকের আদর্শে ঘটনাসংঘাতকে যুক্ত করার চেষ্টা করেছেন নাট্যকার। চার। বিবেক, দয়া, স্লেহ, মোহ প্রভৃতিকে ব্যক্তিরূপ দিয়ে উপস্থিত করেছেন গিরিশচন্ত্র। পাঁচ। সংস্কৃত নাটকের বিদূষক গিরিশচন্ত্রের হাতে একেবারে নবরূপে দেখা দিয়েছে। সরল কথার লঘু কৌতুকের মধ্য দিয়ে তিনি গভীর ধর্মের তত্ত্বোপদেশ দিয়েছেন। যুগপৎ হাস্থরস ও ভক্তিরস স্ষ্টিতে এই চরিত্রগুলি এক ধরনের সার্থকতা প্রেছে। এদের কল্পনার পিছনে শ্রীরামক্বফের প্রভাব থাকা স্বাভাবিক।

গিরিশচন্ত্রের পৌরাণিক নাটকগুলির মধ্যে "পাগুবগৌরব" এবং "জনা"ই প্রধান। ভক্তদাধকদের জীবনী বিষয়ক নাটকের মধ্যে প্রথমেই নাম করতে হয় "বিশ্বমঙ্গল" এবং "বুদ্ধদেরচরিতে"র। পাগুবগৌরবের বিষয়ের মধ্যে ক্লাক্রিক, আছে,।.., আলিক, পালনেব, ক্রনেবে পাগুবরো জগরান ক্লান্ত্রের জক্ত

হয়েও তাঁর বিরুদ্ধাচরণ করেছিলেন। কাহিনী-কল্পনায় নাট্যখন্থের স্থযোগ ছিল; ভীমচরিত্রে ছিল অন্তর্ম ক্ষের সভাবনাও। একস্ক ভক্তিভাবনার আধিক্যে শেষরক্ষা হয় নি। বৃদ্ধদেবচরিত সম্পূর্ণ দেবকাহিনীতে পরিণত হয়েছে। জনা-চরিত্রে মধ্সদেনের প্রভাব আছে। কিস্ক অতিনাটকীয়তা এবং অর্থহীন উদ্ধাস-আধিক্য তার স্বাভাবিক মানবত্ব বিনষ্ট করেছে। ট্রাজেডি-রচনার সন্ত্রাবনা ভক্তিচেতনার দারা লুপ্ত হয়েছে। বিল্মঙ্গল বিশেষ কোন প্রত্যাশা নিয়ে আসে না। প্রস্ত্রিত্ত থেকে নির্ভিতে উত্তরণের সহজ ভক্তিরসাত্মক কাহিনী হিসেবে এটি মোটামুটি উপভোগ্য।

ঐতিহাদিক নাটকরূপে "দিরাজদৌলা", মীরকাশিম", "ছত্রপতি শিবাজী" ও "অশোকে"র নাম করা উচিত। অশোকে অবশু ধর্মভাবের ও অলৌকিকতার আধিক্য আছে। অপরগুলিতে ইতিহাদের সম্পূর্ণ না হলেও কিছুটা অমুস্থতি ঘটেছে। বঙ্গভঙ্গ আন্দোলনের ফলশ্রুতি হিসেবে এই নাটকগুলিতে স্বাদেশিক-চেতনার প্রকাশ আছে। দিরাজদ্বোলা-চরিত্রে কর্মপ্রবণতা ও ভাবনাধিক্যের (Action and Contemplation) মধ্যে দ্বন্দ্ব স্থান্তির সামান্ত চেষ্টা আছে। করিমচাচার চরিত্রে কালগত অনৌচিত্য দোষ আছে, অন্তথায় এটি কিছু সফল হতে পারত। শেব পর্যন্ত স্থলভ করণ রসে নাটকের ট্রাজিক সম্ভাবনা বিলুপ্ত হয়ে গিয়েছে।

গিরিশচন্দ্র অবশ্য সবচেরে বেশী ব্যর্থতা দেখিয়েছেন প্রহ্মনরচনায়।
"সভ্যতার পাণ্ডা", "বেল্লিক বাজার", "পাঁচ কনে" প্রভৃতি রচনা রুচিহীন এবং
রসহীন। আসলে গন্তীর স্করের চর্চায়-ই নাট্যকারের প্রবণতা। আদর্শবাদ,
ভক্তিরস, নীতিকথার রাজ্যে তাঁর সহজ বিহার।

গিরিশচন্দ্রের সামাজিক নাটকগুলিতে সমকালীন কলকাতার মধ্যবিপ্ত জীবনের ছবি ধরা পড়েছে। "প্রফুল্ল" (১৮৮৯), "হারানিধি", "বলিদান", "শাস্তি কি শাস্তি" প্রভৃতি নাটকগুলিকে সমাজচিত্র রূপে গ্রহণ করা চলে; তবে বিশিষ্ট কোন সামাজিক সমস্থা এর মধ্যে প্রতিফলিত নয়। রোমাঞ্চকর ঘটনার সমাবেশচেষ্টা এ ধরনের নাটকে লক্ষণীয়। খ্ন-জথম, মাতলামী, মামলা-মোকদ্মা, জাল-জ্য়াচুরির দারা ঘটনাসংঘাত রচনার চেষ্টা আছে। এই নাটকগুলিতে গিরিশচন্দ্র নানাবিধ নীতি-উপদেশ দান ক্রুতে চেয়েছেন। চরিত্রকল্পনায় ব্যক্তিশাতন্ত্র্য অপেক্ষা ভাল কিম্বা মন্দ' এইরূপ সহজ শ্রেণীগত পরিচয়কেই গুরুত্ব দিয়েছেন। ট্রাজেডি-রচনার চেষ্টা তাই পরিণত হয়েছে মেলোড্রামায়। এই সব নাটকের মধ্যে "প্রফুল্ল"ই শ্রেষ্ঠা অপরগুলিতে

কোন না কোন দিক থেকে প্রফুল্লরই অমুসরণের চেষ্টা আছে। প্রফুল্ল অবশ্য ট্রান্ডেডি হিসেবে সম্পূর্ণ ব্যর্থ। নায়ক যোগেশের চরিত্র-কল্লনার ব্যর্থতা এবং সমগ্র নাটকীয় পরিকল্পনাই এর জন্ত দায়ী। একদল যন্ত্রের ন্থায় জত্যাচার করেছে, অপরদল অত্যাচারিত হয়েছে—এক্লপ ঘটনা-বিবরণ ট্রান্ডেডিস্টিতে ব্যর্থ হতে বাধ্য। তবে সমকালীন নীচুতলার কলকাতার মামুষ খুবই প্রাণবন্ত হয়ে ফুটেছে এই নাটকে। জগমণি-কাঙালীচরণের মত মৃতিমান শয়তান, ভজহরির মত বিবেকবান জ্যাচোর, মদনের মত বাউপুলে পাগল তাদের মুখের ভাষাসহ এই নাটকে ক্লপ পেয়েছে। এই জাতীয় চরিত্রান্ধনে গিরিশচন্ত্রের অনস্থীকার্য পারদর্শিতা ছিল। এইদিকে অধিক চর্চা করলে তিনি নাট্যকার হিসেবে আরও বেশী সাফল্য লাভ করতে পারতেন।

অমৃতলাল বস্থ (১৮৫৩—১৯২৯)

পরিচয়। অমৃতলাল বস্থ অভিনেতা এবং নাট্যপরিচালক হিসেবে দীর্ঘ-কাল পেশাদার রঙ্গালয়ের সঙ্গে সংশ্লিষ্ট ছিলেন। গিরিশচন্ত্রের প্রত্যক্ষ সংস্পর্লেও তিনি বহুকাল কাটিয়েছেন। নাট্যকার রূপেও তিনি বিশিষ্টতার দাবি করতে পারেন। নিজের প্রবণতা সম্বন্ধে আরও সচেতন হলে তিনি বিভিন্ন ধরনের নাট্যরচনায় আপনাকে নিয়োজিত করতেন না। তাঁর নাটকীয় প্রতিভা ছিল প্রহুসনকারের। রঙ্গ-ব্যঙ্গ-কৌতৃকস্প্টিতেই তাঁর শিল্পী-মন সবচেয়ে বেশী সাড়া দিত, কারণ তাঁর শিল্পী-দৃষ্টি জীবনের বাঁ দিকের উপরেই লক্ষ্য স্থির রেখেছিল। শুরুর প্রভাবও তাঁর উপরে বড় বর্তায় নি। কারণ গিরিশচন্দ্র মুখ্যত গন্ডীর,গভীর ও ভাবাকুল দৃষ্টিতে জীবনকে বুখতে চেয়েছেন। তাঁর প্রহুসনজাতীয় রচনা ছিল একেবারেই অকিঞ্ছিৎকর। তাই সেই ঐতিহ্য নিয়ে ক্ষমৃতলাল যাত্রা শুরুর করেন নি।

নাট্যগ্রন্থাবলী ॥ অমৃতলাল প্রহদন ছাড়া গন্তীর ভাব ও গভীর জীবন রসকে যেখানেই নাট্যভাত করতে গিয়েছেন দেখানেই নিছরুণ ব্যর্থতা তাঁকে বহন করতে হয়েছে। উদাহরণ স্বরূপ "হীরকচূর্ণ", "তর্রবালা", "হরিশ্চন্ত্র", "বিমাতা বা বিজয়বসন্ত" প্রভৃতি নাটকের নামোল্লেখ করা যেতে পারে। এদের চরিত্রচিত্রণে যেমন প্রাণরদের অভাব তেমনি ক্বরিমতায় পূর্ণ এদের সংলাপ। যে ত্থানা গীতিনাট্য তিনি লিখেছিলেন তারা একেবারেই অকিঞ্ছিংকর।

্তিনি "প্রাসদপ্রল". "নবয়েবিন" নামে ছ'থানা পর্ণাঙ্গ কমেডী লিখেছিলেন।

কিন্ত এখানেও প্রহসন-লক্ষণের বাড়াবাড়ি চোখে পড়বে। কোন গভীর জীবন-সমস্থা কিংবা রোমান্টিক মাধুর্য এদের মধ্যে দেখা যায় না। গভীরতা, গাজীর্য এবং মাধুর্যের রাজ্যে অমৃতলাল কখনই প্রবেশ করতে চান নি, ঘটনাচক্রে কখনো প্রবেশ করতে হলেও তিনি স্বাচ্ছন্দ্য বোধ করেন নি।

আসলে জীবনের লঘু অসমতির প্রতিই তিনি বঁক্র কটাক্ষপাত করেছেন। বিশেষ করে সমাজ-পরিবর্তনের পটভূমিতে নুতন ও পুরাতনের দক্ষে যে তরঙ্গ উঠেছিল তার মধ্যকার আতিশ্য্যছষ্ট, বিপর্যন্ত, সহজ বুদ্ধি ও যুক্তিতে পরিহার্য অংশের উপরেই বিদ্ধপের আঘাতে তিনি হাস্তের স্বষ্টি করতে চেয়েছেন। তাঁর রচিত চরিত্রগুলি তাই শ্রেণীবিশেষের ক্যারিকেচারে পরিণত হয়েছে। ব্যঙ্গাত্মক অতিরঞ্জন তাঁর প্রহদনের পাত্রপাত্রীদের ব্যক্তিক বৈশিষ্ট্যকে আরত করেছে, শ্রেণীবিশেষের প্রতি বিশ্বিষ্ট মনোভাব তাদের স্বাভাবিকতাকে বিনষ্ট করেছে। দিচুয়েদন স্থার বিশিষ্টতায় তাঁর নাটকে হাস্তরদ উদ্বেল হয় নি, বাচন-ভঙ্গিতে pun, wit ইত্যাদির ব্যবহার থাকলেও তা-ই প্রধান হয়ে ওঠে নি। হান্ডের অন্তরালবর্তী বেদনা আবিষ্ণারে দীনবন্ধুর মত অন্তদৃষ্টি তাঁর ছিল না। রঙ্গাত্মক নাট্যমুহুর্ত স্থাষ্ট এবং ব্যঙ্গাত্মক অভিরঞ্জন দত্ত্বেও ব্যক্তিচরিত্তে পূর্ণতা नाति **मधुरुप्तनञ्चल** नामर्था **उ**ात हिल ना । मधुरुप्तनत ञाजितक्षन नास्टरत এত নিকটবর্তী যে তাদের মাঝখানের সীমারেখাটি স্পষ্ট করে টানা সম্ভব নয়। অমৃতলালের অতিরঞ্জন বাস্তবতা-স্বাভাবিকতাকে সমূলে অস্বীকার করেছে। কোথাও কোথাও এই অতিরঞ্জন উন্তটের স্তরে গিয়ে পৌছেছে। অমৃতলালের অতিরঞ্জন এবং উদ্ভটত্ব উভয়ের মূলেই তীক্ষু সমাজ-ব্যঙ্গক্ষি। স্ত্রীশিকা বিস্তার এবং তার ফলে নারীর স্বাতম্ভ্রের সম্ভাবনা, বিধবাবিবাহ, ত্রাক্ষধর্মের প্রতিষ্ঠা ও হিন্দুধর্মের দংস্কার, জাতিভেদ প্রথার বিলোপ প্রভৃতি দামাজিক অগ্রগতিমূলক প্রতিটি কর্ম অমৃতলালের "বাবু", "বৌমা", "বিবাহ বিদ্রাট", "তাজ্ব ব্যাপার", "একাকার" প্রভৃতি প্রহদনে ব্যঙ্গাত্মক ধিকার লাভ করেছে। অমৃতলাল বস্থর দৃষ্টিভঙ্গি প্রগতিবিরোধী ছিল, তবে রুচির বিকার বা অল্লীলতা তাঁর প্রহদনে বড়দেখাযায়না। অবশ্য "চাটুয্যেবাঁড়ুয়ো" কিংবা "তিলতর্পণে"র দাফল্য অধিকতর। প্রথমটিতে ব্যক্তি-চরিত্তের বৈশিষ্ট্য এবং নাট্যমুহূর্ত স্মন্তির কৌশল হাস্তরদের কারণ হয়েছে। দ্বিতীয়টিতে সম-কালীন পেশাদার রঙ্গমঞ্চের উদ্ভট অতিরঞ্জন রঙ্গরস উদ্দাম করে তুলেছে।

প্রগতিবিরোধিতার আচ্ছন্ন না হলে প্রহসনের ধারায় অমৃতলাল বস্থ কিছু উন্নততর দান রেখে যেতে পারতেন।

দিজেন্দ্রলাল রায় (১৮৬৩—১৯১৩)

পরিচয়॥ য়ুরোপভ্রমণের অভিজ্ঞতা, য়ুরোপীয় সাহিত্যের সঙ্গে ঘনিষ্ঠ পরিচয়
এবং অভাবজ কবিত্বের অধিকার নিয়ে ছিজেন্দ্রলাল বাংলা দেশের নাট্য
জগতে আবিভূতি হয়েছিলেন। রঙ্গমঞ্চের সম্পূর্ণ আয়ন্তাধীন তিনি ছিলেন না।
গিরিশচন্দ্রের নায়কত্ব মেনে নিয়ে তিনি নাট্যসাহিত্যের প্রাঙ্গণে প্রবেশ
করেন নি। তিনি য়ুরোপীয় নাটকের পথ অমুসরণ করতে চেয়েছিলেন।
পুরাণের ভক্তিতরল রাজ্য থেকে বাংলা রঙ্গমঞ্চকে তিনি উদ্ধার করেছিলেন।
গিরিশচন্দ্রের প্রভাব থেকে মুক্ত করে বাংলা নাটককে নৃতন পথে চালিত
করবার বাসনা সম্ভবত তাঁর ছিল। কিন্তু গীতিধর্মের অতিরিক্ত প্রভাব
নাটকের ইতিহাসে তাঁর ভূমিকাকে শেষ পর্যন্ত প্রত্যাশিত গুরুত্ব দান
করেনি।

নাট্যগ্রন্থাবলী॥ দিজেন্দ্রলাল হাসির গান রচনায় বিশেষ দক্ষতা দেখিয়েছিলেন। এই গানের স্ত্রেই পরে তিনি নাটকের জগতে প্রবেশ করলেন। তাঁর
নিজের ভাষায় "প্রথনতঃ প্রহুদনগুলির অভিনয় দেখিয়া দেগুলির স্বাভাবিকতায় ও দৌল্বে মোহিত হইতাম বটে, কিন্তু দেগুলির অল্পীলতাও কুরুচি দেখিয়া
ব্যথিত হই। ঐ সময়ে 'কল্লি অবতার' একখানি প্রহুদন গলেগছে রচনা
করিয়া ছাপাই। পরে আমার পূর্বরচিত কতকগুলি হাসির গান একত্রে গাঁথিয়া
'বিরহ' নাটক রচনা করি । তংপরে উক্তর্মপে 'ব্যেহস্পর্শ' রচনা করি এবং
উহাও স্থারে, অভিনীত হয়। পরে 'প্রায়শ্চিন্ত' রচনা করি এবং দেখানি
ক্লাসিকে অভিনীত হয়। প্রে গ্রাহানির গানগুলি অবশ্য খুবই উপভোগ্য।

দিজেন্দ্রলাল প্রচলিত নাট্যধারাকে প্রবল আঘাত দিলেন পুরাণাশ্রিত নাটক রচনা করতে বদে। মনোমোহন বস্তর পূর্ব পর্যন্ত পুরাণ-কাহিনী অবলম্বনে নাটকরচনা করতে গিয়ে নাট্যকারেরা পুরাণকে দোজাস্থজি অহুসরণ করতে চেয়েছেন। রোমান্টিক কমেডি লেখাই ছিল মধুস্থদনসহ তাঁদের সকলের উদ্দেশ্য। মনোমোহন এবং পরে রাজক্ষ পোরাণিক নাটকে তরল ভক্তিরস, যাত্রাস্থলভ আঙ্গিক এবং গীতিবাহল্য আমদানি করলেন। গিরিশ-চন্দ্রও ধর্মকথা প্রচারের বাহনরূপে পৌরাণিক নাটককে গ্রহণ করলেন। তবে যাত্রাস্থলভ পদ্ধতির সঙ্গে ইংরেজী নাটকস্থলভ ঘটনার ঘনঘটার সম্পর্ক বিধানে তিনি তৎপর হলেন। দিজেন্দ্রলাল পৌরাণিক নাটকে আধুনিক মনোভাব

নিয়ে আগতে চাইলেন। তাঁর "গীতা" এবং "পাষাণী" কাব্যনাট্য জাতীয় রচনা, "ভীয়" অবশ্য পূর্ণান্স নাটক। এদের কোথাও যাত্রারীতির কিছুমাত্র অহ্পরণ নেই, ভজিরপের স্পর্শ মাত্র নেই, অলোকিক ঘটনার আধুনিক যুক্তিগ্রাহ্থ ব্যাখ্যা দেওয়ার চেষ্টা আছে। গীতা নাটকে তিনি গীতার চরিত্রে আধুনিক রোমান্টিক প্রকৃতিপ্রীতি, রামচরিত্রে কর্তব্যনিষ্ঠা ও প্রেম-চেতনার হন্দ্র এবং বিশিষ্ঠের রাহ্মণ্যকুশংস্কার ও শৃদ্রের অধ্বিকারবোধের সংঘাতের চিত্র এ কৈছেন। পাষাণী নাটকে অহল্যার চরিত্রস্থলনে একালীন অবৈধ প্রণয়ের পশ্চাতের মনস্তত্বের সন্ধান তিনি করেছেন। ভীয় নাটকে নায়কের কর্তব্যরক্ষা ও চিরকোমার্থের প্রতিশ্রুতি পালনের দঙ্গে ঘন্ত বর্তিধেছে দহজ মামুষের প্রণয়াকৃতির। নাট্যরচনা হিসেবে নানা ধরনের শিথিলতা, অতিমাত্রায় কবিত্ব, ঘটনা ও আবেগের অসামঞ্জস্থ এদের সম্পূর্ণ সার্থক করে তোলে নি। কিন্তু পূরাণাশ্রিত নাটকে যে নব্যধারা প্রবর্তনের সাধনা তিনি করেছিলেন তার ঐতিহাসিক মূল্য আছে। পরবর্তী নাট্যকারেরা নিষ্ঠার সঙ্গে এর অহ্পরণ করলে পুরাণাশ্রিত নাটক একালে একেবারে লুপ্ত হত না, আধুনিক চিন্তার সঙ্গে যুক্ত হয়ে রসাস্থাদের বৈচিত্র্য সাধনে সমর্থ ইত।

দিজেন্দ্রলাল "পরপারে", "বঙ্গনারী" প্রভৃতি যে ছ্-একথানি সামাজিক নাটক রচনা করেছিলেন তা যথেষ্ট নাট্যোৎকর্ম লাভ করে নি। দিজেন্দ্রলাল পৌরাণিক এবং ঐতিহাসিক নাটকে আধুনিক জীবনসমস্থার সন্ধান করেছেন, কিন্তু প্রহলন বা সামাজিক নাটকে সফল হন নি। সন্তবত জীবনের ঘটনামূলক, প্রবৃত্তিসংক্ষ্ম ও বর্ণাঢ্য শোভাষাত্রার প্রতি দিজেন্দ্রলালের স্বাভাবিক আকর্ষণ ছিল। সমকালীন সামাজিক জীবনের স্তিমিত্র্যাবেগ প্রাত্তিহিকতা তাঁর মনকে জাগাতে পারে নি।

ঐতিহাদিক মূল্যে এবং নাটকীয় উৎকর্ষে দ্বিজেন্দ্রলালের শ্রেষ্ঠ কীর্তি ঐতিহাদিক নাটকগুলি। হিন্দুযুগ অবলয়নে "চন্দ্রগুত" লিখলেও আদলে তাঁর আকর্ষণ ছিল মূঘল ও রাজপুত যুগের প্রতি। অবশ্য এই নাটকের চাণক্য চরিত্র তাঁর একটি অমর স্বাষ্টি। তাঁর "তারাবাঈ", "প্রতাপদিংহ", "হুর্গাদাদ", "নেবার পতন" ১৯০০ থেকে ১৯০৮ এর মধ্যে রচিত। এ নাটকগুলিতে তিনি রাজপুত-ইতিহাদের কাহিনী বিবৃত করেছেন। অবশ্য রাজপুত ও মুদলমান দ্রাটদের সংঘর্ষই এই নাটকগুলির বিষয়বস্তা। এই নাটকগুলিতে ইতিহাদের দত্যতা প্রায়ই রক্ষিত হয়েছে। অবশ্য আদর্শবাদের প্রভাব কল্পনাকে যথিষ্ট প্রশ্রম দিয়েছে। কিছ

নাটকের জন্ম প্রথম প্রয়োজন যে পূর্ণাঙ্গ মানবিক কাহিনীর তার গঠন এগুলিতে বাধা প্রাপ্ত হয়েছে। উনবিংশ-বিংশ শতকের জাতীয়তাবাদ (বিশেষ করে বঙ্গভঙ্গ আন্দোলনের প্রভাবজাত) এইসব নাটকের প্রধান স্থর। অবশ্য "মেবার পতনে" তিনি জাতীয়তাবাদের উপরেও মানবমৈত্রীর -আদর্শকে স্থাপিত করেছেন। চরিত্রচিত্রণ, দ্বন্দুমূলক কাহিনীনির্মিতি প্রভৃতির দিকে এ নাটকগুলি যথেষ্ট উৎকর্ষ লাভ করে নি। মুঘলজীবনের চিত্র অঙ্কিত হয়েছে "মুরজাহান" (১৯০৮) এবং "দাজাহান" (১৯০৯) নাটকে। ভ্রাত্রন্দ্র. निংशामन निरम्न जीख शानाशानि कामनावामनात एकनिन मःघाज, वेर्षा, रमोक्पर-मित्रण, विलाग-विजय ও जालामग्री मत्नाजाव এই नाहेकचरग्रत কাহিনীভিন্তি রচনা করেছে। এখানে স্বাদেশিকতার মন্ত্র উচ্চারিত হয় নি। মুঘলযুগের ঐশ্বর্য ও রক্তাক্ত লোভের সংঘাতময় পটভূমিকায় প্রবৃত্তিঘন মানবের ব্যক্তিচরিত্র এখানে অঙ্কিত হয়েছে। মুরজাহানের চরিত্রে হুদুয়হীন मोन्दर्यत अधिनार এकि मानवीत जीवन ও ভাগ্যকে घित ए जान व्यनहरू তার ট্রাজিক ফলশ্রুতি অঙ্কনে ধিজেন্দ্রলাল ত্বর্লভ নৈপুণ্য দেখিয়েছেন। দাজাহান নাটকে সাজাহান চরিত্রে বিচারহীন পিতৃত্ব ও সম্রাটত্বের মধ্যে তীব্র অন্তর্গুলের চিত্র তিনি এঁকেছেন। ফুরজাহানের মত তাঁর সাজাহানের ট্রাজেডিও মৃত্যুতে নয়, অন্তর্ম ন্দজাত অ্গভীর আত্মঅবন্ধয়ে। ট্রাজেডির এই নবধারণা সমকালীন যুরোপীয় সাহিত্যপাঠের ফল। সাজাহান নাটকের উরংজীবের চরিত্রটিও নিষ্ঠুরতা, শাঠ্য ও স্থপ্ত মানবতার মিশ্রণজাত এক বিচিত্র স্ষ্টি। নানা দোষ ক্রটি থাকলেও সাজাহানই ছিজেল্রলালের শ্রেষ্ঠ রচনা বলে মনে হয়।

দিজেন্দ্রলাল মুরোপীয় ধাঁচের রোমান্টিক ট্রাজেডি ও ঐতিহাসিক নাটক রচনার ক্ষেত্রে আরও বেশী সফল হতে পারতেন। কিন্তু অতিভাবালুতা, নৈতিক ও রাজনৈতিক আদর্শবাদ, বায়বীয় প্রেমধারণা, কবিছের বাড়াবাড়ি ও সংলাপে যথাযথ ভাষার অপ্রয়োগ তাঁকে উন্নততর নাট্যকারের মহিমা থেকে ভ্রষ্ট করেছে।

ক্ষীরে দপ্রসাদ বিত্যাবিনোদ (১৮৬৩-১৯২৭)

পরিচয়। রশায়ন বিজ্ঞানের অধ্যাপক ক্ষীরোদপ্রসাদ বিভাবিনোদ বাংলা সাহিত্যের সেবায় আত্মনিয়োগ করেছিলেন। অনেকগুলি নাটক রচনা করে তিনি বঙ্গ নাট্য-সাহিত্যকে সমৃদ্ধ করেছেন। তিনি অনেক গল্প-উপস্থাসপ্ত রচনা করেছিলেন। তাঁর নাটকের সংখ্যা দেখে বোঝা যায় সমকালীন রক্ষমঞ্চের চাহিদা তিনি অনেকাংশে মিটিয়েছিলেন। তথন বাংলা রক্ষমঞ্চে গিরিশচল্রের প্রভাব প্রবলভাবে চলেছে। ক্ষীরোদপ্রশাদও সেই প্রভাব অতিক্রম করতে
পারেন নি। কিন্তু সমদাময়িক শক্তিমান নাট্যকার দিজেন্দ্রলালকেও তিনি
একেবারে অবহেলা করতে পারেন নি। তবে গিরিশচন্ত্রের তুলনায় তাঁর
মধ্যে ভক্তির আবেগতারল্যের অভাব •ছিল, দিজেন্দ্রলালের হ্যায় কবিছ্
শক্তিও তাঁর ছিল না। তাই যাত্রার যে ধারা গিরিশচন্ত্রের নাটকের একটি
প্রধান শক্তি, ক্ষীরোদপ্রসাদে তার প্রভাব অল্প, আবার দিজেন্দ্রলাল-অক্স্তেত
ইংরেজী নাট্যধারার সঙ্গে তাঁর পরিচয় থাকলেও তিনি নিয়ত সে-পথে
পরিক্রমণ করতে চান নি। ক্ষীরোদপ্রসাদের জীবনচেতনা ছিল অগভীর,
নাট্যকলা বিযয়েও কোন তীক্ষ বোধ ছিল না। কিন্তু পরিমিত শক্তি নিয়েও
তিনি যথেষ্ট জনপ্রিয়তা অর্জন করেছিলেন। তবে রঙ্গালয়গামী জনসাধারণের
মনোরঞ্জন করতে করতে আপন অন্তরেই তিনি কিছু বিমর্ষ হয়ে পড়েছিলেন
এক্লপ প্রমাণ আছে।

নাট্যগ্রহাবলী। ক্ষীরোদপ্রদাদ চল্লিশথানার বেশী ছোট বড় নাটক লিখেছেন। তার মধ্যে ঐতিহাদিক ও পৌরাণিক নাটক আছে অনেকগুলি। দামাজিক নাটক কিন্তু একথানাও নেই। কাল্পনিক বিষয়বস্তু অবলম্বনে রচিত নাটক কয়েকথানা আছে, আছে অনেকগুলি রঙ্গনাট্য, গীতিনাট্য ও নাট্যকাব্য জাতীয় রচনা। কিন্তু প্রহদন নেই একথানাও। বান্তব সমাজসমস্তা ক্ষীরোদপ্রদাদের চেতনাকে বিদ্ধ করতে পারে নি। তাঁর মঁত খ্যাতনামা নাট্যকার এতগুলি ভিন্ন জাতীয় নাটকের মধ্যে একথানাও দামাজিক নাটক, অন্ততপক্ষে একটি প্রহদনও রচনা করলেন না, এ যেন ভাবাই যায় না। আদলে বর্তমান থেকে ঐতিহাদিক রোমান্যের অথবা বর্ণাচ্য পৌরাণিক রাজ্যে তিনি প্রস্থান করতে চেয়েছেন। আরও বেশী স্বছন্দ হয়েছেন তিনি রঙ্গনাট্য ও কাল্পনিক গীতিনাট্যের থেয়ালী তারল্যের (Fancy) রাজ্যে।

ক্ষীরোদপ্রসাদের প্রথম নাটক "ফুলশব্যা" (১৮৯৪) নামক দৃশ্যকাব্য। তাঁর শেষ নাটক "নরনারায়ণ" ১৯২৬ সালে প্রকাশিত। তিনি "আলিবাবা", "জুলিয়া," "বেদৌরা", "কিম্নরী", "ক্ষপের ডালি" প্রভৃতি রঙ্গণাট্য-গীতিনাট্য জাতীয় গ্রন্থ রচনা করেন। এগুলি গীতিবহুল হাব্দা স্থরের রচনা। তরল ও ধেয়ালী কল্পনাবিলাসের এমন একটা লম্মু সাষাদ এখানে আছে যার মূল্য রাদিক পাঠক অধীকার করতে পারে না। "আলিবাবা" এই শ্রেণীর রচনার

মধ্যে শ্রেষ্ঠ। ক্ষীরোদপ্রদাদের এই ধরনের নাটিকা প্রণয়নে দহজ প্রবণতা ছিল এবং বেশ খানিকটা দক্ষতাও তিনি লাভ করেছিলেন। লক্ষণীয়, আরবী-পারসিক লঘুরদ কাহিনীর দিকে তাঁর বেশ আকর্ষণ ছিল।

"দাবিত্রী", "মন্দাকিনী", "ভীম্ম", "নরনারায়ণ" প্রভৃতি পৌরাণিক নাটক তিনি লিখেছিলেন। পৌরাণিক বিষয়ের আরও অনেকগুলি নাটককে তিনি "গীতিকাব্য-নাট্যকাব্য" শ্রেণীভুক্ত করেছেন ; যেমন, "বক্রবাহন," "বুকাবন-বিলাদ," "রাধাক্বঞ্ষ" প্রভৃতি। তাঁর প্রথমদিকের পোরাণিক নাটকগুলি একান্ত-ভাবেই বিশেষত্রহীন। গিরিশচন্দ্রাদির মত ভক্তির আবেগ ও ধর্মোন্মাদনায় সাধারণ স্তরের দর্শকদের এরা যেমন মাতিয়ে তোলে না, তেমনি নব পন্থায়-সন্ধানের সাহসের চিহ্নও এদের মধ্যে কোথাও ধরা পড়ে না। তাঁর বিশিষ্ট পৌরাণিক নাটক ছ'টি হল "ভীমা" এবং "নরনারায়ণ"। ছ'টি নাটকই বিংশ শতকে রচিত। দ্বিজেন্দ্রলালের পৌরাণিক নাটকের নবধারা তথন অভিজ্ঞতার সামগ্রী হয়েছে। তিনি সেদিকে একেবারে অন্ধ ছিলেন না। অবশ্য নবধারার প্রবক্তা হয়ে উঠবার মত সাহস বা মানসিকতা কোনটিই তাঁর ছিল না। "ভীম্ম"র মধ্যে দূরাগত স্বপ্নের মত বাস্তব জাবনতৃষ্ণার সন্ধান তিনি করতে চেয়েছেন, কিন্তু কাহিনীতে নাট্যশংহতি বিধান করতে পারেন নি। মাট্যকারের দ্বিধা আরও স্পষ্ট হয়ে উঠেছে "নরনারায়ণে"। নরনারায়ণে রবীন্দ্রনাথের "কর্ণকৃত্তী দংবাদে"র প্রত্যক্ষ প্রভাব আছে, "গান্ধারীর আবেদনে"র প্রভাব পড়েছে কিছু পরোক্ষভাবে। অবশ্য কর্ণের দৈব-লাঞ্চিত পৌরুষের চিত্র তিনি নিশ্চিস্তভাবে আঁকতে পারেন নি। 🕮 ক্লফ নরন্ধপী নারায়ণ কিনা এই আধ্যাত্মিক জিজ্ঞানায় তিনি অধিক ব্যাকুল হয়েছেন। সংলাপে বিবৃতিধর্ম, কখনও আবেগবাছল্য, কখনও আবেগের অভাব, গভ-পভের বিচারহীন মিশ্রণ শিল্প-দৌস্বরে হানি ঘটিয়েছে। ব্যতীত অপরাপর চরিত্রের একান্ত অকিঞ্চিৎকরতা এ নাটকের অপর প্রধান ক্রটি।

ক্ষীরোদপ্রদাদের ঐতিহাদিক নাটকের মধ্যে "বঙ্গের প্রতাপাদিত" (১৯০৩), "পদ্মিনী", "চাদবিবি", "বাঙ্গালার মসনদ", "পলাশীর প্রায়ন্চিন্ত", "বঙ্গে রাঠোর" "আলমগীর" (১৯২১) প্রভৃতি উল্লেখযোগ্য। তাঁর অধিকাংশ ঐতিহাদিক নাটকেই ইতিহাদের সামান্ত অমুসরণ আছৈ। অতি নাটকীয় ঘটনাবিস্তার, অস্পষ্ট স্বাদেশিকতা, অবাস্তব ব্যয়বীয় চরিত্র-স্প্রিতে এই রচনাগুলি পরিপূর্ণ। ইতিহাদ ও কল্পনার যে রাসায়নিক যোগাযোগে ঐতিহাদিক নাটক সফল

হয় ক্ষীরোদপ্রদাদের তা অজ্ঞাত ছিল। এই নাটকণ্ডালর মধ্যে আলমগীর কথঞ্চিৎ স্বাতন্ত্রে দীপ্যমান। এ নাটকের বাচনরীতিতে অবশ্য দিজেলুলালের কবিত্বপূর্ণ ভাষার অফকরণ চেষ্টা ধরা পড়ে। ঘটনা ও চরিত্রের অতিবিস্তার নাটকটিকে শিথিলবদ্ধ করে ফেলেছে। তবে চরিত্রচিত্রণে বেশ কিছু সাফল্য তিনি লাভ করেছিলেন। সাম্রাজ্যলোভ-শঠতা-সাম্প্রদায়িকতার সঙ্গে মানবতার দ্বন্থ আলমগীরের চরিত্রকে বিশিষ্টতা দিয়েছে। ক্ষীরোদপ্রদাদ সমকালীন অসহযোগ আন্দোলনের প্রভাবে হিন্দু-মুদলমানের মিলনসঙ্গীত রচনার জন্ম আলমগারের চরিত্রই বেছে নিয়েছিলেন। অবশ্য এ-কল্পনা একাস্তভাবে অনৈতিহাসিক। রাজিশিংহ চরিত্রের অস্তর্দ্বন্দ, উদিপুরীর শ্রেয়দাধনা, কামবরের কল্যাণধর্মী ও কবিস্থলভ ব্যক্তিত্বও স্বঅ্ধিত।

বিংশ শতকের তৃতীয় দশক পর্যস্ত নাট্যরচনা করেও ক্ষীরোদপ্রসাদ উনবিংশ শতকোচিত প্রগতি-ভাবনার কতটুকুই বা গ্রহণ করতে পেরেছিলেন ভাবলে বিশ্বিত হতে হয় ॥

॥ ছুই ॥ কাব্য-কবিভা

ভূমিকা

এক॥ বাংলা কবিতা মধুস্দনের দাধনার মধ্য দিয়ে নবযুগে প্রতিষ্ঠিত হল। নবযুগের প্রাণলক্ষণ ও রূপচেতনা বাংলা কাব্যকে গুণগত সমুনতি দান করল। মুরোপীয় বিশেষ করে ইংরেজী দাহিত্যের অন্তর-প্রেরণাকে আত্মসাৎ করে বাংলা কাব্যের নবপরিণতি সম্পন্ন হল। স্টির প্রাচুর্যে এবং দাহিত্যিক উৎকর্ষে পূর্ববর্তী পর্বের কাব্য-কবিতার দঙ্গে এর তুলনা করা চলে না। তত্বপরি মধ্যযুগের বাংলা কবিতার দঙ্গে দম্মর্ক চুকিয়ে দিয়ে আধুনিক কবিতা এদেশের নবজাগৃতির ঐতিহাসিক নিয়তিকেই অমুসরণ করল। মধুস্দনোন্তর বাংলা কাব্যের সঙ্গে পূর্বাতন কাব্যধারার কোন সম্পর্ক রইল না। ইংরেজী কাব্যধারার সঙ্গে শৈবী দৃচ হতে লাগল।

ছই। বাংলা ক্রিতার ছ'টি ধারা এই পর্বে লক্ষ্য করা যাগ্রণ আখ্যানকাব্য-মহাকাব্যের ধারা এবং গীতি-ক্রিতার ধারা। রঙ্গলালে দামান্তত স্চিত হলেও প্রথম ধারাটি মধ্সদনে পুষ্ট হল। মধ্যযুগের আখ্যানকাব্যের সঙ্গে জীবনদষ্টি. গল্লগঠন. চরিত্রচিত্রণ ও বর্ণনাভঙ্গি কোন দিক থেকেই এর মিল নেই। হেমচন্দ্র-নবীনচন্দ্রের রচনায় এর বছল চর্চা দেখা গেল। ঈশানচন্দ্র এবং অক্ষর চৌধুরীতে এই কাব্যধারা গীতিধর্মের কাছে কিরূপে আত্মসমর্পন করছে তার নজির মিলল। বাংলা আখ্যানকাব্যে মধুস্থদন থেকেই রোমান্টিক গীতিস্থরটি প্রবলভাবে অক্ষভব করা যায়। হেমচন্দ্রের আখ্যানে গাতিরস স্বল্ল হলেও নবীনচন্দ্রে উচ্ছাদের প্রাধান্ত দেখা গেল। বাঙ্গালীর জাতীয় স্বভাব এর জন্ম দায়ী। সন্তবত্ত, অন্ততম কারণ হল যুগের প্রভাব। যে-যুরোপীয় সাহিত্যের সামীপ্য বাংলা কবিতা লাভ করেছে দেখানে ক্লাদিক গল্পকথনের দিন বছ পূর্বে গত হয়েছে, রোমান্টিক গীতিকবিতার জয়জয়কার চলেছে। বাংলা আখ্যায়িকা কাব্য তাই প্রথম থেকেই বড় দ্বিধাহীন হতে পারে নি।

তিন। মহাকাব্যের যুগ গত হয়েছিল বছপূর্বে। মধুস্দনের প্রতিভাষ মহাকবির প্রাণধর্ম যে বজায় ছিল তা খুবই বিশ্বয়কর। তিনি উদান্ত গন্তীরের রস, মানব-মহিমার বিপুল বিস্তারকে কাব্যভাত করলেন মেঘনাদবধে। লক্ষণীয়, তিনি এই কাব্যেও রোমাটিক গীতিধর্মকে বছলাংশে প্রশ্রম দিয়েছেন, এবং দিতীয় মহাকাব্য রচনা করায় মনের সমর্থন কখনো পান নি। মহাকাব্যের রাজ্য থেকে বিদায় নিয়ে তিনি গীতিকবিতার রাজ্যে প্রবেশ করলেন। "বীরাঙ্গনা" ছইরাজ্যের যোগস্ত্র নির্দেশ করল। মধুস্দনের পরবর্তী যে কবিরা মহাকাব্য লিখেছেন তাঁদের মহাকবিস্থলভ জীবনদৃষ্টি ছিল না, বিশেষ করে গন্থ-কাহিনীকথনের নৃতনরীতি অর্থাৎ উপস্থাসের আবির্ভাব ঘটায় মহাকাব্য তথা আখ্যায়িকা কাব্যরচনার সমাপ্তি ঘোষিত হয়েছিল। ইতিহাসের এই ঘোষণা শুনতে না পেয়ে হেমচন্দ্র-নবীনচন্দ্র ব্যর্থ হয়েছেন।

চার ॥ আধুনিক বাংলা গীতিকবিতা মধুস্দনের হাতে জন্ম নিল, কিন্তু তার নিদ্দ্দ পুষ্টি ঘটল বিহারীলালে। এই ধারাই বাংলা কবিতার ভবিষ্যৎ পথ খুলে দিল।

পাঁচ ॥ গীতিকবিতার একটি বিশেষ রূপ সনেটও মধুফলন প্রথম নিয়ে এলেন্দ দেবেন্দ্রনাথ-কামিনী রায় প্রভৃতি স্বল্পসংখ্যক করির সাধনায় এই কাব্যবীতিটি বেঁচে রইল উত্তরাধিকারের জন্ম।

মধুস্দন দত্ত (১৮২৪-৭৩)

পরিচয় ৷ কাশীরাম দাসকে অভিনন্দিত করে একটি সনেটে মধুস্দন বলেছিলেন,

কঠোরে গঙ্গায় পুজি ভগীরথ ব্রতী,
(স্থবন্থ তাপদ ভবৈ, নর-কুল-ধন!)
দগর-বংশের যথা দাধিলা মুকতি,
পবিত্রিলা আনি মায়ে, এ তিন ভ্বন;
দেইরূপ ভাষাপথ খননি স্বলে,
ভারতরদের স্রোতঃ—আনিয়াছ তুমি
জুড়াতে গৌড়ের তৃষা দে বিমল জলে!

এর মধ্যে আত্মকথনের ব্যঞ্জনা আছে। ভগীরথের মত ছক্কহ তপস্থা তাঁর, কাশীরাম দাদের মত নব্যগৌড়ের রস-তৃষ্ণা তিনি নির্স্ত করেছেন, তবে শুধুমাত্র ভারতরদের স্রোত দিয়ে নয়; বিশ্বদাহিত্যের স্থাধারাকে তিনি আমন্ত্রিত করেছেন বাংলা কাব্যের শুক্ষথাত শীর্ণ নদীতে। বহু ভাষায় অভিজ্ঞ মধুস্থদন য়ুরোপীয় কবিদের কাব্যসাহিত্য মন্থন করে বাংলা সাহিত্যে নবপ্রাণ-ধারা দঞ্চারিত করেছিলেন। তাঁর নিজের ভাষায়, "I never read any poetry except that of Valmiki, Homer, Vyasa, Virgil Kalidas, Dante (in translation), Tasso (do) and Milton মধুস্থান বলেছেন, দৈবশক্তির সমর্থন থাকলে এই কবিকুলগুরুরা কোন ব্যক্তিকে প্রথম শ্রেণীর কবিতে পরিণত করতে পারে। একথা কতটা মত্য মে विচার না করেও वना यात्र এँ দের मহবাদ একটা ভাষার কাব্যদাহিত্যে নব্যুগ আনয়ন করতে পারে। বাংলা কবিতায় তাই-ই ঘটল। রাতারাতি মধ্যযুগের শেষ চিহ্ন ঝেড়ে ফেলে বাংলা কাব্য বিশ্বদাহিত্যের দলে সহজ সখ্য স্থাপন করল। নৃতন ভাবভাবনায় যেমন তিনি বাংলা কাব্যকে দীক্ষিত করলেন, তেমনি নবীন রূপচেতনাকে আমন্ত্রণ জানালেন বাংলা কবিতার প্রাঙ্গণে।

কাব্যগ্রহাবলী ॥ নাট্যকারস্থপে বাংলা সাহিত্যে তাঁর আগর্মন । "পর্মিষ্ঠা" নাটক রচনা করে পাঠকদমাজকে চমকে দেওয়ার পূর্বে তিনি ইংরেজী তাবায় কাব্যচর্চায় প্রবৃত্ত হয়েছিলেন। তাতে যথেষ্ঠ হফলতা আলে নি। কাব্যরচনা ক্রমের প্রথম ক্রেমীর ক্রমিন আলন আলন ক্রমের বাসনা জাঁব বাল্যাকি দিল।

কিন্তু যে বাংলা ভাষাকে তিনি চিরকাল তাচ্ছিল্য করে এসেছেন সেই ভাষাই যে তাঁকে শ্রেষ্ঠ কবির সম্মান দৈবে এ তাঁর স্বপ্নেরও অগোচর ছিল। ঘটনা-চক্রে নাট্যরচনার মাধ্যমে তিনি বাংলা সাহিত্যের আসরে নামলেন এবং অত্যল্পকালের মধ্যে একাধিক নাটক-প্রহুসন রচনা করে বাংলা নাট্যসাহিত্যকে সমৃদ্ধ করলেন। "পদ্মাবজী" নাটক রচনা করতে গিয়ে তিনি একটি চরিত্তের সংলাপে অমিত্রাক্ষর ছল ব্যবহার করেছিলেন। নূতন কাব্য রচনার ভূমিকা করা হল এখানেই। এই অমিত্রাক্ষর ছন্দে কাব্য রচনা করে বাংলা কাব্য-ভাষার সংস্কার সাধনে তিনি ব্রতী হলেন। "তিলোভমাসম্ভব কাব্য" রচিত ও প্রকাশিত হল (১৮৬০), পরবর্তী কাব্য "ব্রজাঙ্গনা" (১৮৬১) "মেঘনাদবধ" কাব্যের পরে প্রকাশিত হলেও তিলোন্তমাসন্তব শেষ হওয়ার পূর্বেই আরন্ধ হয়ে মেঘনাদবধ শেষ হওয়ার বহু পূর্বে সমাপ্ত হয়। কবির তৃতীয় কাব্য "মেঘনাদবধ" (•১৮৬১) তাঁর শ্রেষ্ঠ কাব্য। তাঁর চতুর্থ কাব্য "বীরাঙ্গনা" (১৮৬২) রচনার পরে তিনি যুরোপ চলে যান। যুরোপ প্রবাসকালে তিনি সনেট লিখতে শুরু করেন। তাঁর সনেটগুচ্ছ "চতুর্দশপদী কবিতাবলী" নামে প্রকাশিত হয় ১৮৬৬ সালে। এছাড়া কতগুলি মহাকাব্য তিনি আরম্ভই মাত্র করেছিলেন, দে সব রচনা বেশী দূর অগ্রসর হয় নি। বীরাঙ্গনার দ্বিতীয় ভাগে আরও দশটি পত্র সংযোজনের ইচ্ছা তাঁর ছিল। কয়েকটি অসম্পূর্ণ রচনায় তার সাক্ষ্য আছে। কয়েকটি গীতিকবিতা এবং কিশোরসেব্য কিছু নীতি-মূলক কবিতাও মধুস্দন লিখেছিলেন। ১৮৭৩ দাল পর্যন্ত বেঁচে থাকলেও মাত্র তিন চারটি বছরই তিনি কাব্যসাধনা করেছিলেন। ধুমকেতুর মত স্বল্প-কালের জন্ম এবং আকমিকভাবেই তিনি আবিভূতি হয়েছিলেন, কিন্তু ধুম-কেতুর মত স্বল্পখায়ী চমক স্টি করে তিনি ফুরিয়ে যান নি, দীর্ঘস্থায়ী কাব্য-ঐতিহ্ তিনি উত্তরাধিকারের জন্ম রেখে গিয়েছিলেন।

মধৃষ্দন একটিমাত্র প্রস্তুতির কান্য লিখেছিলেন "তিলোভমাসভব"। তাঁর অপরাপর কান্যকবিতায় নানা ধরনের ক্রটি-বিচ্যুতি থাকলেও অপরিণতির লক্ষণ নেই প্রায় কোথাও। তিলোভমাসভব অমিত্রাক্ষর ছলে রচিত। পুরাতন কান্য-কবিতার ভাষা, ছল ও রীতিতে মৌলিক পরিবর্তন না ঘটালে কান্যসাহিত্যে নব্যুগ সভাবিত হবে না এ বােধ তাঁর ছিল। সেই বােধ থেকেই অমিত্রাক্ষর ছলের জন্ম। পূর্বে বাংলা কবিতা সাধারণত পয়ার ছলে লেখা হত। মধৃষ্দনের ছলে পয়ারের কাঠামোটি বজায় আছে। প্রত্যেক পংক্তিতে তিক্ষণী ক্রম্মান্ত্রাকা ক্রমেন ক্রমের থামানে হয় ছয় মাানার পরে

আর একবার। কিন্ত প্রাতন কাঠামো সত্ত্বেও মধৃস্দনের অমিত্রাক্ষর সম্পূর্ণ নৃতন বস্ত। এক। পরারে প্রত্যেক ছই পংক্তির শেষে মিল থাকে, অমিত্রাক্ষর ছন্দে মিল থাকে না। ছই। মিলের অভাব শব্দঝন্ধারের দারা পুরণ করা হল। যুক্তব্যঞ্জনবিশিষ্ট শব্দব্যবহারের আধিক্য এবং যমক-অন্থপাদাদির প্রয়োগে ধ্বনিগত স্থমা অব্যাহত রাখাই শুধু হল না, বহু পরিমাণে বাড়িয়ে তোলা হল। তিন। পয়ারে প্রত্যেক পংক্তিতেই অর্থ শেষ করতে হত। কবির অমুভূত ভাব দীর্ঘ হলে পংক্তিতে পংক্তিতে ভেঙ্গে বলতে হত। অমিত্রাক্ষরে পংক্তিতে পংক্তিতে ভাবের গতি ব্যাহত নয়। ছুই পংক্তি, চার পংক্তি—ভাব প্রকাশ করতে যতটা স্থান দরকার তা গ্রহণ করার স্বাধীনতা কবির রইল। এমন কি যে কোন সংখ্যক মাত্রার পরে কোন পংক্তির মাঝামাঝি জায়গায়ও ভাবের উপরে দমাপ্তির যতি টানায় বাধা রইল না। চার। বাংলা ভাষার উচ্চারণে accent এবং quantity-র অভাব লক্ষণীয়। তাই syllable, accent এবং quantity-র নিপুণ নিয়ন্ত্রণ ও সমন্বয়ের মধ্য দিয়ে মিলটন তাঁর অমিত্রাক্ষর ছন্দে যে সঙ্গীত বাজিয়েছেন বাংলা ছন্দে স্বাভাবিকভাবে সে দিদ্ধি সম্ভব ছিল না। মধুস্দন সেই অসাধ্যসাধন করলেন। ফলে "অক্ষরগুলি পূর্বের মতই পায়ে পায়ে ঠিক চলিতে লাগিল, কিন্তু তাহাদের মাথা শক্তশীর্ষের মত ছলিতে আরম্ভ করিল, আমাদের বর্ণবৃত্তেও অক্ষরের স্বরবৃদ্ধি ছন্দকে তরঙ্গিত করিতে লাগিল।" (—মোহিতলাল)।

তিলোভমাসন্তব কাব্যটির কাহিনী-অংশ মহাভারত থেকে গৃহীত। কাহিনীটি সামান্ত, মূলের সঙ্গে কবির বিশেষ কোন বিরুদ্ধতাঁও গল্পাংশে প্রকাশ পায় নি। কাব্যের চারটি সর্গে বিস্তুত ঘটনা কয়েক পংক্তিতে বর্ণনা করা চলে। প্রথম সর্গে রাজ্যচ্যুত চিস্তাভারগ্রস্ত ইল্রের নিদ্রাকর্ষণের নানা চেষ্টা, অবশেষে ইল্রাণীর সঙ্গে তার মিলন; দ্বিতীয় সর্গে ব্রন্ধলাকের বহির্ভাগে দেবতাদের সঙ্গে ইল্রের পুন্মিলন এবং স্বর্গাদ্ধারের জন্ত নানা পরামর্শ; তৃতীয় সর্গে ব্রন্ধার সঙ্গে ইল্রাণির সাক্ষাৎ ও স্থল-উপস্থলের মধ্যে শক্রতা আনবার জন্ত বিশ্বকর্মা কর্তৃক তিলোভমাস্থন্টি; চতুর্থ সর্গে তিলোভমার রূপদর্শনে স্থল-উপস্থলের দৃষ্ট ও বিনাশ। কাহিনীটি একাঞ্র, বাহল্যবর্জিত এবং পার্শ্বকাহিনীর জটিলতায় বহুখণ্ড নয়। যদিও কাহিনী-নির্মাণে কবি যথেষ্ট দৃষ্টিগদন নি, তবুও মুরোপীয় কাব্যপাঠের সংস্কার অবচেতনার মধ্য থেকে এই জাতীয় সম্পূর্ণায়ত গল্পাঠনে কবিকে সাহায্য করেছে, কোন শাখাপথে তাঁকে দিক্সান্ত করে নি। কিছে ঘটনা, বর্ণনা ও বিরুতির মধ্যে ভারসাম্যের অভাব আখ্যানগড়ে

আকর্ষণস্টিতে ব্যর্থ হরেছে। তাছাড়া চিত্র-রচনার প্রাচুর্যে বর্ণনীয় বিষয় অনেক সময় আচ্ছন্ন হয়েছে এবং কবি ছন্দদংগীতের প্রবাহ প্রবলভাবে সমগ্র চেতনা দিয়ে অমুভব করায় চিত্রের উপরে চিত্র আপতিত এবং উপমার উপমায় বা অলঙ্কারের অলঙ্করণে অস্পষ্টতা প্রকট হয়ে উঠেছে। এ-কাব্যের চরিত্রচিত্রণে নেই গভীরতা, ব্যক্তিস্বাতন্ত্র্য কিংবা জীবনজিজ্ঞাদার তীক্ষতা। মনে রাখা উচিত এ-কাব্যের কবি একটি নৃতন ছন্দ আবিষ্কার করে মন্ত হয়ে উঠেছেন। তিলোন্তমানন্তবে নেই নৰ ছন্দলোতে ভেনে যাওয়া, পাৰ্থিব যাবতীয় বস্তু-দৌন্দৰ্য খণ্ড খণ্ড ভাবে উপলব্ধি এবং মাত্ৰ প্ৰদঙ্গত একটি কাহিনীকথনই কবির অভিপ্রেত। কিন্তু এ-কাব্যের তিলোত্তমাকে কেন্দ্র করে কবির যে সৌন্দর্য-চেতনা প্রকাশ পেয়েছে তার গুরুত্বপূর্ণ দাহিত্যমূল্য আছে। তিলোগুমা প্রাকৃতিক জগতের তিল তিল উত্তমের সমন্বয়েই মাত্র গঠিত নয়, সে প্রকৃতি-জগতের প্রাণনির্যাদ। পৃথিবীর খণ্ড খণ্ড বস্তুশোভায় তারই সৌন্দর্য যেন বিকীৰ্ণ হয়ে আছে। তারই পদপাতে পৃথিবীতে যে প্রেম জাগছে, তারই পলকপাতে প্রকৃতির বস্তুনিচায় যে সৌন্দর্যের তরঙ্গোছেলতা, দে সম্পর্কে যেন তিলোত্তমার নিজের চেতনামাত্র নেই। তারই রূপে মুগ্ধ অন্দ-উপস্থল যে অন্তোভ সংগ্রামে নিহত, এতে তার বেদনাবোধ নেই। নেই আনন্দোছ্যাসও। তিলোত্তমার এই কল্পনার মূলে মুরোপীয় রোমাটিক কবিকুলের ভাবাদর্শ যে অনেকথানি কার্যকর হয়েছে তাতে সন্দেহ প্রকাশ করা চলে না। এ-কাব্যে রূপসিদ্ধি ও কাব্যকল্পনাগত নানা হুর্বলতা আছে। কিন্তু মনে রাখা দরকার এটই কবির প্রথম কাব্য, এটি কাব্যরাজ্যের সিংহাসন অধিকারের প্রস্তুতিমাত্র; এবং নানা দোষ ত্রুটি সত্ত্বেও পূর্ববর্তী যে কোন বাংলা কাব্যের তুলনায় এটি শ্রেষ্ঠ, "পদ্মিনী" উপাখ্যানের দঙ্গে এর পার্থক্য গুণগাড়।

কবির "ব্রহ্মাঙ্গনা কাব্য" সমকালীন অপর তিনটি কাব্য থেকে ভাব ও রূপরীতিতে স্বতন্ত্র। তিলোজমাসন্তব, মেঘনাদৰধ কিংবা বীরাঙ্গনায় কবি প্রধানত পুরাণ-কল্পনার—বিশেষ করে রামায়ণ-মহাভারতের বিপূল গন্তীরের রাজ্যে ভ্রমণ করেছেন। এসব কাব্যে মাধ্র্যের যে স্থর বেজেছে তাও উদান্ত গান্তীর্থের নৈকট্যচ্যুত হয় নি। ব্রন্থাঙ্গনার বিষয় পুরাণাশ্রিত নয়, পদাবলীর রাজ্য থেকে সন্ধলিত এবং এর মাধুর্যও ভাবিমিশ্র। ছন্দের দিক থেকেও অপর তিনটি কাব্যের সঙ্গে ব্রন্থাঙ্গনার গুরুতর পার্থক্য ক্রাম্যান্তি ক্রাম্যান্তি ক্রাম্যান্তি ক্রাম্যান্তি ক্রাম্যান্ত ক্রাম্যান্তি ক্রাম্যান্তি ক্রাম্যান্ত ক্রিয়ান্ত ক্রাম্যান্ত ক্রেম্যান্ত ক্রাম্যান্ত ক্

"ওড" জাতীয় কবিতা বলে পরিচিত করেছেন। ব্রজাঙ্গনার কবিতাগুলিকে আধুনিক ধরনের থাঁটি গীতিকবিতা বলে চিহ্নিত করা যায় না। কবির ব্যক্তি 'আমি'র বেদনাতুর কণ্ঠ রাধাবিরহের এই কবিতাগুলির পিছন থেকে উ কি মারে না। এই কাব্যে মিত্রাক্ষর হন্দ ব্যবহাত হলেও মধুস্দনের হাতের স্পর্দে তা বিচিত্র কারুকর্মে পূর্ণ হয়ে দেখা দিয়েছে। এ-কাব্যে তিনি নানা রক্ষের অন্ত্যাহপ্রাস ব্যবহার করলেন। হস্ত ও দীর্ঘ চরণের মধ্যে চরণান্তিক মিল স্পষ্টি করে, কখনো বা বিকল্প চরণে মিল স্থাপন করে, কখনো প্রথম চার পংক্তিতে বিকল্প চরণে মিল এবং শেষ ছুই পংক্তিতে পর পর মিল ব্যবহার করে, ত্রিপদী ও প্যারের ঢঙ মিলিয়ে বহু বিচিত্র ও জটিল স্তবক নির্মাণ তিনি এ-কাব্যে করেছেন। মিতাকরের এই বিচিত্র চেহারা দেকালে বাংলা কাব্যে কল্পনারও ষ্মতীত ছিল; কিন্তু তবুও একথা স্বীকার না করে উপায় নেই যে এই দব কারু-কর্মের মধ্যে যেন কবির প্রাণতরঙ্গ শ্রুত নয়। প্রেমজিজ্ঞাদার দিক থেকেও ব্রজাঙ্গনার প্রশংদা করা চলে ন!। রাধা তাঁর কাছে Mrs. Radha। কিন্তু তাঁর মানবীশ্বদয়ের অক্বত্রিম ও গভীর প্রেমামুভূতি এ-কাব্যে প্রকাশিত হয় নি। মনে হয় এ-কাব্য রচনাকালে মধুস্থদনের কবিপ্রাণের উদ্বোধন ঘটে নি । গীতি-কবিতার দেহনির্মাণে ব্যর্থতায়, চিত্ররচনার স্থলত্বে, মামুলি উপমাদির অতি-ভারে, রাধার চরিত্রজিজ্ঞাসার অভাবে এবং কবির আত্মপ্রতিফলন না ঘটায় এ-কাব্যের ব্যর্থতা প্রায় দর্বাঙ্গীন। কবির চিন্তজাগরণের এন্ধপ অভাব আর কোন কাৰ্ব্যেই ঘটে নি।

মেঘনাদবধ মধুস্দনের শ্রেষ্ঠ কাব্য। বীরাঙ্গনার স্থার্জিত দেহলাবণ্য এবং ছন্দাঙ্গীতের পূর্ণতর মূর্তি এ-কাব্যে নেই, চতুর্দশপদীর কিছু কবিতার মৃত্যুদীর্ণ ছল ভ প্রশান্তিও হয়তো এখানে অপেক্ষিত। কিছু সরলতায়, উল্লাসেও হাহাকারে মধুস্দনের কবিপ্রাণ এখানে সর্বাধিক মুক্ত। নিখিলের বিস্তারে তাঁর কাব্যপক্ষ এতথানি প্রসারিত হন্ধ নি আর কথনও। মধুস্দন মেঘনাদবধ কাব্যের কাহিনী-অংশ রামায়ণ থেকে গ্রহণ করেছেন। কাহিনী-অংশ সংক্ষেপে এই : বীরবাছর মৃত্যুর পরে ইন্দ্রজিৎ মেঘনাদ কর্তৃক সৈনাপত্য গ্রহণ; কুদ্ধ রাবণের যুদ্ধাত্রা এবং শক্তিশেলে লক্ষণের আহত হওয়া; উর্ষধাদি আনয়ন করে লক্ষণের জীবনদান; মেঘনাদের মৃতদেহ সংকার। কাহিনীর এই মূল কাঠামোর মধ্যে নানা কাব্যিক ঘটনাবিস্তার ও পল্পবিত বর্ণনার সমারোহ

সমন্বয় সাধিত হয়েছে। বিশেষ করে রাবণ, মেঘনাদ, প্রমীলা, লক্ষণের চরিত্র-স্ফটিতে কবি তুর্ল জীবনার্হভৃতির পরিচয় দিয়েছেন।

মেঘনাদ্বধের কাহিনী-অংশ রামায়ণ থেকে গৃহীত হলেও কবির বিশিষ্ট জীবনজিজ্ঞাদার স্পর্ণে তা একেবারে নৃতন মূর্তিতে দেখা দিয়েছে। মধুস্থদন মেঘনাদ্বধ কাৰ্যে উচ্চশ্রেণীর কবিরূপেই মাত্র দেখা দেন নি, কবি-বিদ্রোহীর ভূমিকা নিয়ে এদেছেন। বাল্মিকী রামায়ণে রাম যেমন আদর্শ মাত্রষ, বিরাট শক্তিমান ব্যক্তিত্ব, আর্য পিতার, সম্ভানের, স্বামীর, নুপতির আদর্শ মূর্তি, তেমনি ক্বত্তিবাদে তিনি স্বয়ং ভগবানের অবতার। মধুস্থদন নূতন যুগের মাসুষ এবং নৃতন ভাব-ভাবনার মাহুষ। আর্য রাম যে মহান কীর্তি ও গৌরবের অধিকারী हिल्न बाज जा वर्षशीन, बावात क्रिजनारमत छिक्तिनारी छगवर्राजनायुष তাঁর শ্রদ্ধা নেই। কাজেই এ-কাহিনীর দিকে তিনি তাকিয়েছেন একটি স্বতন্ত্র দৃষ্টিকোণ থেকে। সম্ভবত কৃত্তিবাদ-কল্পিত রামের ছুর্বল রোদনপ্রবণ ও বাঁকাশাম মৃতিই তাঁকে প্রথম এ চরিত্রটির সম্বন্ধে বিষিষ্ট করে তুলেছিল। षिठीय्रठ, ७४माव औष्टेर्श्मावनश्री हिरमर नय रमकालित हिन्सू करलाइत এक कन ছুর্দান্ত ছাত্রের মেজাজ নিয়ে তিনি বাঙালীর এই ছুর্বলতম সহামুভূতির কেন্দ্রে আগাত দিতে চেয়েছিলেন। যাঁরা পুজিত তাঁরাই ধিক্ত হলেন, যারা ছিল নিন্দার্হ তারাই মাহাত্ম পেল। বিদ্রোহীর এই মনোভাব তিলোত্তমার কেবল ছন্দ্যাধনায় সক্রিয় ছিল, এখানে তা ভাববস্ত ও চরিত্র-চিত্রণের ভিত্তিতে ষ্মাশ্রয় নিল। তৃতীয়ত, রাবণ-ইল্রজিৎ প্রভৃতির মধ্যে প্রচুর বীরত্বের যে বে উপকরণ মহার্কবিরা উপ্ত রেখেছেন, কিন্তু যাকে কবিপ্রাণের ভালবাসার কণামাত্র দেন নি, সেই শক্তিধর কিন্তু স্রষ্টা কর্তৃক অবহেলিত এবং পাঠকের সহাত্বভূতিবঞ্চিত মাত্মবের প্রতি মধুত্দনের রোমাটিক মন আকর্ষণ অত্মভব করেছিল। চতুর্থত, উনবিংশ শতকে জাতীয় স্বাধীনতাবোধ বাংলাদেশে দানা বাঁধছিল। মধুস্দনের চেতনায় তার ফে দ্ধপ ধরা পড়েছিল তাতে পরদেশ আক্রমণকারী রাম-লক্ষণের তুলনায় স্বদেশরক্ষাকারী রাবণ-ইন্দ্রজিতের প্রতিই সহাম্ভূতির পালা ভারী হবার কথা, বিভীষণ ধার্মিক ও পুণ্যাত্মা না হয়ে বিশাস্ঘাতকর্মপেই প্রতিভাত হওয়া স্বাভাবিক। সর্বোপরি, রাবণের ছর্দম শক্তি কিন্তু নিয়তিলাঞ্ছিত সর্বনাশ কবির অন্তরের সঙ্গে সহজেই নিজের সামীপ্য ঘটিয়েছিল। রাবণ রামায়ণের অক্ততম বীরমাত্র হয়ে থাকে নি, কবি-আত্মার প্রতিফলনে দে যেন স্বয়ং মধুস্ছন হয়ে উঠেছে—বিপুল শক্তি, বিপুল কামনা ক্রিক-নিপ্রাল্ডেব, রার্থনোয় রে একট সমধে সকলে এবং চিবকালের মানব।

মেঘনাদবধ কাব্যের দেবচরিত্রচিত্রণে এবং যুদ্ধ-বর্ণনায় ছোমারের, নরক বর্ণনায় ভার্জিল ও দাস্তের এবং ছন্দ ও রাচনভঙ্গির ক্ষেত্রে মিলটনের ঘারা তিনি প্রভাবিত হয়েছেন। এইসব পাশ্চান্ত্য মহাকবিরা বিশেষ করে মিলটন কবির ভাব-কল্পনার উপরে শুরুতর প্রভাব বিস্তার করেছেন।

ভারতীয় মহাকাব্যের আদর্শের প্রতি মধুস্দনের কিছুমাত্র শ্রন্ধা ছিল না।
তিনি যুরোপীয় মহাকাব্যের আদর্শও হ্ব সর্বাংশে অস্থারণ করতে পেরেছিলেন
এমন মনে হয় না। তবে মেঘনাদবধ মহাকাব্যের অস্তরলক্ষণ থেকে বঞ্চিত
নয়। উদান্ত গান্তীর্য, জীবনের ব্যাপকতা ও মাহান্ম্যের সামগ্রীক অস্থরণন
বাংলা ভাষার এই একটিমাত্র কাব্যে লাভ করা যায়। কিন্তু ক্লাসিকতার
অস্তরে স্প্রপ্রুর রোমান্টিক গীতিস্থরকে প্রশ্র্য দিয়ে মধুস্দন কোথাও কোথাও
মহাকবির ধর্ম থেকে বিচ্যুত হয়েছেন বটে, কিন্তু সাহিত্যের ইতিহাদের নব্য
ধারার প্রতি আস্থাত্য দেখিয়েছেন।

"বীরাঙ্গনা কাব্য" রোমক কবি ওভিদের "হিরোইড্স" বা "এপিফল্স অব হিরোইন্দ"-এর আদর্শে রচিত। কিন্তু জীবনদৃষ্টি, চরিত্রস্ষ্টি ও বাচন-ভঙ্গির মৌলিকতা তার দারা কিছুমাত্র ব্যাহত হয় নি। এই কাব্যে রামায়ণ-মহাভারতের জগৎ থেকে কয়েকটি নারীচরিত্রকে আমন্ত্রণ জানিয়েছেন কবি। কিন্তু তাদের মধ্যে আধুনিক নারীর ব্যক্তিস্বাতন্ত্র্যবোধ এবং সর্ববাধা অতিক্রমকারী প্রেমশক্তির চিত্র তিনি অঙ্কিত করেছেন। সর্বশক্তি-মান জনমের নির্দেশ মানতে গিয়ে ভাতমতী ভীতি ও দৌর্বল্যের পরিচয় দিয়েছে, জনার আত্যন্তিক সাহস ভীতত্রন্ত স্বামীকেও ধিকার দিয়েছে; দ্রৌপদী মাতৃ-ভক্তি, ধর্মবোধ ও পঞ্চস্বামীসন্তোগের অন্তরালে তথুমাত একজনের একান্ত ভালোবাদার জন্ম লোলুপ হয়ে উঠেছে; তারা ঋষি-পত্নীত্বকে জীর্ণবন্তের মত পরিত্যাগ করে ঘর ছাডবার জন্ম পা বাড়িয়েছে; উর্বশী দেবরাজ্বনন্ত অংগপাতটি জভঙ্গিদহ ঈষৎ দরিয়ে দিয়ে মুক্ত স্বাধীন বিলাদপক গুটিয়ে সংসারপিঞ্জরে আশ্রয় চাইছে; রাজকুমারী শূর্পণথা নিভৃত শয়নকক ছেড়ে , গোদাবরীর তীরে তীরে প্রিয়তমের প্রতীক্ষায় রাত্রিযাপন করেছে; সর্বত্রই প্রেমের জন্ম, হানয়ের অনক্যপারতন্ত্র্য দাধিত হয়েছে। বীরাঙ্গনা পত্রকাঝ্য নামে পরিচিত। পতাকারে রচিত হলেও এ-কাব্যের গঠনভঞ্জিতে গীতিধর্ম, নাট্যরস, পৌরাণিক কাহিনী-পটভূমি এবং চরিত্রচিত্রণ অন্বয় সম্বন্ধে বন্ধ হয়েছে। ব্যক্তিগত প্রবণতাকে অনেকটা দংবরণ করে চরিত্র-চিত্রণে মধুস্থদন বিশেষ সফল হয়েছেন এই কাব্যে।

মধৃত্দনের শেষ কাব্য "চতুর্দশপদী কবিতাবলী" বাংলা সাহিত্যের প্রথম সনেটগুচ্ছ। পেতার্কার অহসরণে সনেট লিখতে প্রবৃত্ত হলেও কবি সর্বক্ত পেত্রার্কার দনেট-আঙ্গিকে স্থির থাকেন নি। কোথাও কোথাও মিলটনের প্রভাব তাঁর লেখায় দেখা গিয়েছে, কোণাও আবার সনেটের কুত্রসীমায় তাঁর কবি-চিত্তের মুক্তপক্ষ বিপুল বাসনা অম্বন্তি অমুভব করেছে। সনেটে নিম্নোক্ত বিষয়গুলিকে কবি অবলম্বন করেছেন; এক। ভারত তথা বাংলার কবিদের প্রতি শ্রদ্ধা ও কাব্যবস্তুর রসাস্বাদন। ছুই। জাতীয় সংস্কৃতির কথা। তিন। ভাষা-ছন্দ-কাব্যরূপ ও রদপ্রদঙ্গ। চার। বিদেশী কবি-পণ্ডিতদের প্রতি শ্রদ্ধা নিবেদন। পাঁচ। প্রেম। ছয়। নীতি ও ধর্মতত্ত্ব। সাত। প্রকৃতি। নানা বিষয় অবলম্বন করে রচিত সনেটগুলিতে কবির ব্যক্তিপ্রাণের আকৃতিই মূলত স্পষ্ট হয়ে ধরা দিয়েছে। সমগ্র জীবনব্যাপী সমরতরঙ্গে উদ্বেলিত হতে হতে কবি-হৃদয়ের শক্তি, সাহস ও আশা আজ শ্রান্ত এবং নির্বাণোলুখ। সে-সংগ্রাম এখন অতীতের স্বপ্নে আর স্থৃতিতে বিচরণ করেই সমাপ্ত। কবি-অস্তরের অক্ষরমহলে আজ এক শ্রান্ত শান্তির কামনা। চতুর্দণপদী কবিতায় এই উৎসমুখী কবিমনই ধরা পড়েছে। চুড়ান্ত কাব্যবিচারে সর্বত্র এ কবিতাগুচ্ছ সনেটের আস্বাদ বহন না করলেও এখানে কবিহুদয়ের অজ্ঞ মণিরত্ব দঞ্চিত হয়ে আছে। নিজের বুকের রক্ত আর চোখের জলে ভিজিয়ে এই রত্নকণিকা ছড়িয়ে কবি আপন বিদায়-পথকে চিহ্নিত করে গিয়েছেন।

ইতিহাসের বিচার॥ মধুখনে বাংলা কাব্যে নৃতন ইতিহাসের শৃষ্টি করেছেন। যুগসন্ধির কবি ঈশ্বর গুপু বা রঙ্গলালের তুলনায় কবিক্ষমতার দিক থেকেই তিনি যে কেবল বহুগুণে শ্রেষ্ঠ ছিলেন তা নয়, কাব্যেতিহাসে নৃতন ধারা শৃষ্টি করে ভবিয়তের পথ আলোকিত করার ব্যাপারেও তিনি ছিলেন বিধাহীন।

মধ্তদন মহাকাব্যের রচয়িতা। মেঘনাদবধের কাব্যগুণ যাই থাক না
কেন, মহাকাব্যের ধারা কাব্যের ইতিহাদে অতীতের বস্ততে পরিণত হয়েছে।
বাংলা কাব্যে এই ধারা নবীন হলেও পৃথিবীর সভ্য মাস্বের মন মহাকাব্যের
জগৎ পথেকে বহু পূর্বে বিদায় গ্রহণ করেছে। বাংলা সাহিত্যেও এই নবীন
ধারা যথেষ্ঠ এবং উপযুক্ত উত্তরস্বরী পায় নি। পরবর্তী ক্বলিম ও ব্যর্থ মহাকাব্য
রচয়িতারা এই ধারাকে বাঁচিয়ে রাখতে পারেন নি। তাই অনেকে মনে করেন
ধারাস্টিতে মধ্তদেন ব্যর্থ হয়েছেন; অনেক ছ্বলতের কবি বিহারীলাল প্রবর্তিত
রোমান্টিক গীতিকবিতাই বাংলা কাব্যের ভবিশ্বং নির্ণয়্ক করেছে। নির্দ্ধ

রোমান্টিক গীতিকবি হিদেবে বিহারীলালের ভূমিকা অবশ্বস্থীকার্য হলেও তারও ভিত্তি রচিত হয়েছে মধ্বদনের হাতে। তিনি মহাকবি এবং গীতিকবি। তাঁর চতুর্দশপদী নিঃসংশয়ে রোমান্টিক গাতিকবিতার অগ্রদ্ত। এই সনেট রূপের প্রবর্তন করে তিনি বাংলা কাব্যের সমগ্র ভবিষ্যতকে প্রভাবিত করেছেন। তাছাড়া কবির ছটি কবিতার ("আশার ছলনে ভূলি" এবং "রেখা মা দাদেরে মনে") লিরিকের পূর্ণমূতি প্রথম দেখতে পাই। আবার তাঁর মেঘনাদবধ-তিলোজ্বমা-বীরাঙ্গনায় রোমান্টিক মানস নানাভাবে আত্মপ্রকাশ করেছে। ক্লাসিজম মধ্বদনের প্রতিভার অচ্ছেত্য অংশ হলেও কবি তার মধ্যে বদ্ধ হয়ে থাকেন নি। রোমান্টিক আত্মপ্রসারণ, গৌন্দর্যচেতনা কবিকে ভবিষ্যতের পথিক্বত করে তুলেছে।

মেঘনাদবধ ও বীরাঙ্গনা প্রভৃতি কাব্যে চরিত্রজিজ্ঞানায় মধুস্থন যে নবধারার স্থাই করলেন বাংলা উপস্থান নাহিত্যের পূর্বস্থরীত্ব তার মধ্যে খুঁজে পাওয়া যায়। কাহিনী-সংগঠনেও তিনি যে নৃতন ভঙ্গিকে আমস্ত্রণ জানালেন তা উপস্থাদের নব্যগঠনরীতিকে কিছুটা পথ দেখিয়েছে। কবিতার ছল্পের মুক্তিনাধনে, চিত্রকল্প রচনার নবীনতায়, শক্ষচমনের নিষ্ঠা ও শিল্পবোধে মধুস্থলন প্রাতন কাব্যযুগের উপরে যবনিকা পুরোপুরি টেনে দিলেন, নৃতন জগতের স্থার করলেন উন্মুক্ত।

ইতিহাদের বিচার মধুস্দনকে বাংল। দাহিত্যে নৃতন জীবনবোধের হোতা-রূপে বিশেষ করে নব্যকাব্যের জনকর্মপে নিশ্চয়ই অভিনন্দন জানাবে।

হৈমচন্দ্র বন্দ্যোপাধ্যায় (১৮৩৮-১৯০৩)

পরিচয়। হেমচন্দ্র সমকালে পাঠক ও সমালোচকদের কাছে অত্যুচ্চ প্রতিভাসম্পন্ন মহাকবি বলে অভিনন্দিত হয়েছেন। কিন্তু একালের সমালোচক
তাঁর সম্বন্ধে ভিন্ন মত পোষণ করেন। বাংলা সাহিত্যের বিশিষ্ট গবেষক
ব্রজ্জেনাথ বন্যোপাধ্যায়ও স্বীকার করেছেন, "তিনি ভাষা ও ছন্দে
উচ্চশ্রেণীর শিল্পী ছিলেন না, তাঁহার কাব্যের কোন অন্তর্নিহিত স্বাভাবিক
প্রেরণা ছিল না, বিলাতী কাব্য পাঠে বাঁহারা অভ্যন্ত, তিনি বৈদেশিক
কাব্যসাহিত্য হইতে মালমশলা সংগ্রহ করিয়া প্রধানতঃ ক্রান্তাদি
বিনোদন করিয়াছেন, তিনি স্থলভ ভাবুক্তায় গা-ভাসাইয়া চলিতেন, ইত্যাদি
প্রত্যেক উক্তিই কোন-না-কোন দিক দিয়া তাঁহার সম্বন্ধে প্রযোজ্য । শি
বিদেশী কাব্য-সাহিত্যের অনুসরণ করলেও তাদের অন্তর-প্রেরণাকে আন্তন্থ

করবার মত কিছুমাত্র শক্তি হেমচন্দ্রের ছিল না। মধ্সদনের যে প্রভাব তাঁর কাব্যের উপরে পড়েছে তাও ঐ একই কারণে বহিরঙ্গ ভেদ করে অস্তরের বস্তু হয়ে উঠতে পারে নি।

় কাব্যগ্রহাবলী॥ নানা ধরনের কাব্য এবং খণ্ড কবিতা-সঙ্কলন হেমচন্দ্র অনেকগুলি লিখেছিলেন। তাঁর প্রথম কাব্য "চিন্তা-তর ক্লিনী" ১৮৬১ সালে প্রকাশিত হয়। "বীরবাহ" (১৮৬৪) একটি আখ্যান কাব্য। খণ্ড কবিতার সঙ্কলন "কবিতাবলী" (১ম ১৮৭০, ২য় ১৮৮০), "চিন্ত বিকাশ" (১৮৯৮) সেকালে খ্বই খ্যাতি অর্জন করেছিল। অন্যান্ত কাহিনী ও বর্ণনা প্রধান কাব্যের মধ্যে "আশাকানন" (১৮৭৬), "হায়াময়ী" (১৮৮০), "দশমহাবিতা" (১৮৮২) উল্লেখযোগ্য। হেমচন্দ্রের বিপুলাক্কৃতি মহাকাব্য "বৃত্রসংহার, ত্বইভাগে প্রকাশিত হয়, ১৮৭৫ এবং ১৮৭৭ সালে।

"চিস্তাতরঙ্গিনী" প্রতিবেশী এক বন্ধুর আত্মহত্যার ঘটনা অবলম্বনের চিত। রচনাভঙ্গিতে ঈশ্বর শুপ্তের প্রভাব আছে। ১৮৬১ সালের জুলাই মাসে রচিত গ্রন্থের ভূমিকায় রায়শুণাকর ভারতচন্দ্রের প্রতি শ্রদ্ধা নিবেদিত হয়েছে "কবিতা কেশরী রায়-শুণাকরের পর কবিতা রচনা করিয়া যশঃলাভ করা অসাধ্য।" তখন কিন্তু মধুস্দনের "তিলোন্তমাসম্ভবকাব্য" এবং "মেঘনাদবধকাব্যের" প্রথমাংশ প্রকাশিত হয়ে তুমুল আলোড়নের স্ঠেষ্ট করেছে। বিশ্বয়কর যে হেমচন্দ্রের চোখ সেদিকে পড়ে নি। হেমচন্দ্রের এই প্রথম রচনাটির স্থানে স্থানে আন্তরিকতার স্থর বাজলেও কাব্য হিসেবে এটি একেবারে মুল্যহীন।

আখ্যান কাব্য "বীরবাছ" চিন্তাতরঙ্গিনীর তুলনায় কিছু পরিণত রচনা। ভূমিকায় কবি বলেছেন, "উপাখ্যানটি আভোপান্ত কাল্পনিক, কোন ইতিহাসমূলক নছে। পুরাকালে হিন্দুকুলতিলক বীরবৃন্দ খদেশরক্ষার্থ কি প্রকার দৃঢ়প্রতিজ্ঞ ছিলেন কেবল তাহারই দৃষ্টান্ত স্বৃত্তপ এই গল্পটি রচনা করা হইয়াছে।" কনোজের যুবরাজ বীরবাহু কিন্ধপ বীরত্বের সঙ্গে পাঠান কর্ত্বক অপহতে পত্নী হেমলতাকে উদ্ধার করেছিল সে ঘটনাই এ কাব্যের কাহিনীভিন্তি। মুসলমান বিরোগ্নী হিন্দু জাতীয়তার প্রচারই এ গ্রন্থের লক্ষ্য। যে স্বাজাত্যবোধ প্রচারের জন্ম হেমচন্দ্রের এত খ্যাতি তাও যে সমকালীন সঙ্কীর্ণতা ও শাম্পাদায়িক বৃদ্ধি অতিক্রম করতে পারে নি একথা ছঃথের সঙ্গে সীকার করতে হয়।

হেমচন্ত্রের "আশাকানন" একখানি ক্লপককাব্য (allegory)। কাব্যের

ভূমিকায় লেখক গ্রন্থটির পরিচিতি প্রদক্ষে বলেছেন, "আশাকানন একখানি সান্ধর্মপক কাব্য। মানবজাতির প্রকৃতিগত প্রের্ডিসকলকে প্রত্যক্ষীভূত করাই এই কাব্যের উদ্দেশ্য। ইংরাজী ভাষায় এক্লপ রচনাকে 'এলিগারি' কহে।" কাব্যের এই ভঙ্গিটি নূতন এবং য়ুরোপীয় সাহিত্যের প্রভাবেই পরিকল্পিত, কিন্তু কাব্য-সৌন্ধর্মের দিক থেকে রচনাটি অকিঞ্ছিৎকর।

কবির "ছায়াময়ী" কাব্যটি দান্তের ডিভাইন কমেডিয়ার অম্পরণে রচিত। রচনাভঙ্গির হুর্বলতা সত্ত্বেও গ্রন্থটি একেবারে মৌলিকতা বর্জিত নয়। দান্তের গ্রন্থে নরক, নরকপ্রায়শিত্ত ও স্বর্গ সম্বন্ধে যে-সব কথা লিখিত হয়েছে তা বাইবেলের অম্পরণে ভক্ত গ্রীষ্টানের কথা। হেমচন্দ্র হিন্দু পৌরাণিক আদর্শের ছারা নবীনতা স্কৃত্তির প্রয়াস পেয়েছেন।

"দশমহাবিতা" পুর্বোক্ত কাব্যগুলির তুলনায় বিশিষ্ট। শক্তির দশরূপকে প্রাচীন তন্ত্রশান্ত্রে দশমহাবিতা বলা হয়েছে। কালী, তারা, বোড়শী, ছিন্নস্তা, প্রভৃতি এই দশরূপের অন্তর্গত। সতীহারা হয়ে মহাদেব যথন চিন্তিত ও ছংখিত হয়ে পড়লেন তখন নারদের পরামর্শে তিনি বুঝলেন সতীর মৃত্যু হতে পারে না। তিনি বিভিন্ন রূপে দশ দিকে বিরাজিতা। দশমহাবিতার বর্ণনায় ভারতচন্দ্রপ্রমুখ প্রানো কবিদের আগ্রহ দেখা যেত। হেমচন্দ্র কাব্যের প্রাচান বিষয়বস্তার মধ্যে আধুনিক যুগস্থলত যুক্তিবোধের পরিচয় দিয়েছেন। তিনি দেবীর দশরূপের মধ্যে মানব-সভ্যতার দশটি বিভিন্ন স্তরের অন্তিত্ব পুঁজেছেন। রূপনিমিতির ত্র্বলতায় কবির পরিকল্পনা অবশ্য কাব্যরূপে বিশেষ সাফল্যলাভ করে নি।

হেমচন্দ্র খণ্ড কবিতায় মহাকাব্য-আখ্যানকাব্যের তুলনায় অধিক পারদর্শিতা দেখিয়েছেন। বেশির ভাগ কবিতায় অবশ্য উচ্চকণ্ঠ বক্তৃতার মত ভাষায় কবির স্বাজাত্যবোধ প্রকাশ পেয়েছে। বহু কবিতায় তিনি রাজপুত-চারণ এবং মারাসী ব্রাহ্মণের পর্মোক্ষ জবানীতে স্বাধীনতার কামনা ব্যক্ত করেছেন। আদলে কবি ইংরেজ-অধীন ভারতের কথাই বলতে চেয়েছেন। কবির কণ্ঠে উত্তেজন। যতটা প্রকাশ পেয়েছে কাব্যোচিত রূপ-চিত্রণ ততটা সফল হয় নি।—

আরব্য, মিদর, পারস্থা, তুরকী, তাতার, তিবত—অন্থা কব কি ? চীন, ব্রহ্মদেশ, অসভ্য জ্বাপান, তারাও প্রধান.

দাশত্ব করিতে করে হের জ্ঞান,
ভারত শুধৃই খুমায়ে রয়।
বাজ রে শিঙ্গা, বাজ এই রবে,
দবাই স্বাধীন, এ বিপুল ভবে,
দবাই জাগ্রত মানের গৌরবে,
ভারত শুধৃই ঘুমায়ে রয়।

বে-গব খণ্ড কবিতায় কবি রাজনৈতিক বা সমসাময়িক সামাজিক ঘটনাকে কেন্দ্র করে ব্যঙ্গরস ফোটাতে চেয়েছেন, সে-সব ক্ষেত্রে তিনি বেশ সাফল্য অর্জন করেছেন। ব্যঙ্গাত্মক কবিতা রচনায় হেমচন্দ্রের বেশ দক্ষতা ছিল। সম্ভবত তাঁর কবিচিত্তে রোমাটিক ভাবোচ্ছাসের পরিমাণ একান্ত স্বল্প থাকায় এই সাফল্য এসেছে। কয়েকটি কবিতায় হেমচন্দ্র সহজ সরল ভাষায় ব্যক্তিবেদনার কথা বলেছেন। অন্ধ-কবির এই আকুতিতে হৃদয়ের গভীরতম প্রদেশ আলোড়িত হয় না ঠিকই, কিন্তু অরুত্রিম অস্থৃতি এবং সহজ প্রকাশ-ভঙ্গির গুণে এর গীতি আবেদন অস্বীকৃত হবার নয়—

প্রতিদিন অংশুমালী,

সহস্র কিরণ ঢালি,

পুলকিত করিবে সকলে;

আমার রজনী শেষ

रत ना की ? (र जतन !

জানিব না দিবা কারে বলে ?

আর না সুধার দিকু

আকাশে দেখিব ইন্দু

প্রভাতে শিশির বিন্দু জলে,

শিশির বসস্ত কাল

আসে যাবে চিরকাল

আমি না দেখিব কোন কালে!

হেমচন্দ্রের "বৃত্রসংহার" সমকালে বিপুল খ্যাতি অর্জন করেছিল।
শব্ধং বৃদ্ধিমচন্দ্র হেমচন্দ্রকে মধুস্থানের সমকক্ষ কবি বলে ঘোষণা করেছিলেন।
নিঃসন্দেহে এ সিদ্ধান্ত চরম বিচারবিজ্ঞাটের নিদর্শন। বৃত্তসংহারের সহজ্জ
যাত্রাধর্মী বীররদে, বর্ণনার পরিচিত ভঙ্গি ও ছন্দের তারল্যে, বিচিত্র রসের
উত্তেজনাকর আবেদনে সন্তা স্বাজ্ঞাত্যবোধে পাঠকসাধারণ মেতে উঠেছিল।
কিন্তু রস্ত্র সমালোচকও যে বিজ্ঞান্ত হয়েছিলেন এ খুবই বিস্মাকর ব্যাপার।

বৃত্তসংহার পুরাণকাহিনী অবলম্বনে রচিত, তবে এতে কবিকল্পিত বহু বিষয়ের সংযোজন ঘটেছে। সূর্বোপরি হেমচন্দ্র প্রাচীন পৌরাণিক বিষয়ের উপুরে উনিশু শুসুকের একটি রয়াধারে আবোপ করাত চোয়াচন। সে ব্যাখাটি খদেশপ্রেম ঘটিত। সংক্ষেপে বৃত্তসংহারের কাহিনীটি এখানে বিবৃত হল।
শিববলে বলীয়ান বৃত্তের কাছে পরাজিত দেবতারা পাতালে পলায়িত।
দানবেরা স্বর্গ অধিকার করেছে। বৃত্তপত্নী ঐত্রিলা আপন অহঙ্কার তৃপ্ত করবার জন্ত শচীকে দাসী রূপে পেতে চাইল। ইন্দ্রপূত্র জয়স্তকে পরাজিত করে বৃত্তপূত্র রুদ্রপীড় শচীকে বন্দী করে নিয়ে এল। ঐত্রিলা কতৃকি শচী অপ্মানিত হলে কৈলাদে মহাদেব বিচলিত্ব হলেন, বৃত্তের উপর থেকে আপন আশীর্বাদ প্রত্যাহার করে নিলেন। তপস্থার রুদ্রকে সম্ভই করে ইন্দ্র বৃত্তের বধোপায় জানতে পারল। দধীচির অন্থি নিয়ে এদে বজ্ব নির্মিত হল।
অবশেষে দীর্ঘন্তায়ী ভয়ানক যুদ্ধের পরে বজ্বাঘাতে বৃত্তাস্থর প্রাণত্যাগ করল।

ঘটনায় এবং বিস্থাদে বুত্রসংহারে মহাকাব্যের লক্ষণ আছে। জগৎ-বাসীর কল্যাণে দধীচির আত্মত্যাগ, স্বর্গের অধিকার নিয়ে দেব-দানবের দংগ্রাম, স্বর্গ-মর্ত-পাতাল, স্বর্গলোক-নক্ষত্রলোক, কুমেরু-স্থমেরু প্রভৃতির বর্ণনা, ঘটনার প্রাচুর্য, বীর ও রৌদ্র রদের ছড়াছড়ি—মহাকাব্যের উপযোগী বিপুলতা ও গান্ডীর্যের সমস্ত উপকরণই এখানে সংগৃহীত হয়েছিল। তিলোভমাসভাব এবং মেঘনাদবধকাব্য থেকে যেমন অনেক কিছুই হেমচন্দ্র সরাসরি গ্রহণ করেছিলেন, তেমনি ভারতীয় অলঙ্কার শাস্ত্রের প্রতি অটল আহুগত্যও তিনি দেখিয়েছেন। কিন্তু হেমচন্দ্রের মধ্যে দেই শক্তি ছিল না যাতে এই সব উপকরণ আত্মসাৎ করে মহাকান্যের আস্বাদ স্ষ্টি করতে পারেন। প্রাণহীন বিবৃতি, অকারণ রৌদ্ররদ এবং অগভীর কারুণ্যে কাব্যটি পরিপূর্ণ। সত্যকার ক্লাসিক প্রেরণার লেশমাত্র •ছিল না হেমচন্দ্রের, বুত্রসংহারে তাই ক্বত্রিম ক্লাসিকতার অমুসরণ চলেছে। স্বাদেশিকতার প্রচারের দিক থেকেও লেখকের দিধা দর্বত প্রকট। মধুস্দনের অম্পরণে তিনি দানবের প্রতি সমর্থন জানাতে চেয়েছেন, কিন্তু হিন্দুর স্বাভাবিক প্রবণতাবশে দেবতাদের প্রতিই ঠার হৃদয় ধাবিত হয়েছে। রাজ্যহারা দেবতারা এবং আক্রাম্ভ দেশ রক্ষায় তৎপর দানবেরা তাঁর জাতীয়তাবাদী সহাত্মভৃতিকে দ্বিধাবিভক্ত করেছে।

চরিত্র-স্ষ্টের দিক থেকেও হেমচন্দ্র ব্যর্থ হয়েছেন। বুত্তের এই • চিত্রটি বীর্যপূর্ণ,—

> ত্রিনেত্র, বিশালবক্ষ, অতি দীর্ঘকায়, বিলম্বিত ভূজদ্বয়, দোহলা গ্রীবায় পারিজ্ঞাত পজারা বিচিত্র শোভায়।

নিবিড় দেহের বর্ণ মেঘের আভাস; পর্বতের চূড়া যেন সহসা প্রকাশ—

কিন্ত শিবভক্তির অতিরেক, নারীস্থলভ পুত্রস্নেহকাতরতা, যাত্রাধর্মী রৌদ্ররস তাকে দর্ব মাহাত্ম্য বঞ্চিত করেছে। তার মৃত্যু ঘটেছে, কিন্তু সে মৃত্যুতে ট্রাজেডির হাহাকার ও গৌরব নেই। ঐশ্রিলা চরিত্রে গর্ব ও তেজ কিছু প্রকাশ পেয়েছে। রুদ্রপীড় বীরত্ব দেখাবার জন্ম যাত্রাদলের নায়কের মত চাঞ্চল্য প্রকাশ করেছে; তার পত্নী ইন্দ্রালা বাঙালী পরিবারের অশ্রুম্মী ত্বলা নারীতে পরিণত হয়েছে। দেবচরিত্রগুলিও মোটেই প্রাণবস্তু নয়।

কবি কাব্যটির কোথাও কোথাও অমিত্রাক্ষর ছন্দ ব্যবহার করেছেন, কিন্তু বীর ও রৌদ্ররদাত্মক স্থান ছাড়া অন্তত্র মিত্রাক্ষরের বৈচিত্যের আশ্রয় নিতে চেয়েছেন। তাঁর মিত্রাক্ষর ছন্দ তরল এবং দঙ্গীতবিহীন। তাঁর অমিত্রাক্ষর মিলহীন পরার মাত্র—যতিপাতের স্বাধীনতা দেখানে নেই। ধ্বনিঝাক্ষার নেই, ভাবপ্রকাশের ক্ষমতা নেই। আগলে মধুস্থান-প্রবাতিত অমিত্রাক্ষরের অন্তর্গ তাৎপর্যটি হেমচন্দ্র অন্থাবনই করতে পারেন নি।

ইতিহাসের প্রশ্ন॥ শুধুমাত্র স্পিক্ষমতার খর্বতার জন্তই নয়, বাংলা কাব্যের ভবিষ্যৎ পথনির্দেশেও হেমচন্দ্র ইতিহাসের দাবি মানেন নি। ক্বত্রিম ক্লাসিকতার অম্পরণ করে তিনি সমকালে খ্যাতি পেয়েছেন, কিন্তু একাথ্র চিন্তে গীতিকবিতা-খণ্ডকবিতার চর্চা করে বাংলা কবিতার স্বাভাবিক গতিকে তরান্বিত করতে পারেন নি। মধুস্পনের কাব্যের যে ধারাটি স্বাভাবিক ভাবে মধুস্পনের নিজের মধ্যেই সমাপ্ত তার পথ ধরে হেমচন্দ্র এগিয়েছেন, যে ধারাটি ভবিষ্যতের সম্পদ, তাকে বিকশিত করে তোলার জন্ম যত্ন পান নি।

नवीनष्टल (गन (১৮৪१-১৯•৯)

পরিচয়॥ নবীনচন্দ্র আব্যানকাব্য, বণ্ডকবিতা এবং মহাকাব্য রচনা করে ব্যাতি অর্জন করেন। তিনি নিজেকে হেমচন্দ্রের শিয়শ্রেণীয় বলে আব্যাহত করতেন। মধ্যদনের ধারাও তিনি প্রভাবিত হয়েছিলেন; অবশ্য স্বল্প শক্তির অধিকারী কবি মহাকবির ভাব ও রচনাভঙ্গির যতটা অস্পরণ করতে পারেন ততটাই তিনি করেছেন। নবমানবতাবাদের মন্ত্র তিনি অনেকাংশে গ্রহণ করেছিলেন, মধ্যযুগীয় ধর্ম-সংস্কারকে পরিত্যাগ করতে পারেন নি। এক্রিকে ন্রাযুক্তিবাদ অপ্রনিকে উচ্চুসিত ভক্তির ৰধ্যে পড়ে নবীনচন্দ্র আন্দোলিত হয়েছেন; তাকে সমন্বিত করবার শক্তি তাঁর ছিল না। নবীনচন্ত্রের কবি-স্বভাবে আবেগ ও উচ্ছাদের প্রাচুর্য ছিল। হেমচন্দ্রের কবিপ্রতিভার মূলেই ছিল কাব্যোচিত আবেগের অভাব, নবীনচন্দ্রের মধ্যে অভাব তো ছিলই না, ছিল অতিরেক আর ছিল না তাকে নিয়ন্ত্রিত করবার মত শৈল্পিক সংযম। বঙ্কিমচন্দ্র নবীনচন্দ্রের শিল্পী-बुष्णात्वत এই প্রধান দিকটির আলোচনা প্রদঙ্গে ইংরেজ কবি বায়রনের সঙ্গে তাঁর তুলনা করেছেন, "নবীনবাবু বর্ণনা এবং গীতিতে একপ্রকার মস্ত্রসিদ্ধ। ••• এই সকল বিষয়ে তাঁহার লিপিপ্রণালীর সঙ্গে বাইরনের লিপি-প্রণালীর বিশেষ সাদৃশ্য দেখা যায়। চরিত্রের আল্লেষণে ছুইজনের একজনও কোন শক্তি প্রকাশ করেন নাই—বিশ্লেষণে ছইজনেরই কিছু শক্তি আছে। নাটকের যাহা প্রাণ-ছদয়ে ছদয়ে "ঘাত প্রতিঘাত" ছইজনের একজনের কাব্যে তাহার কিছুমাত্র নাই। কিন্তু অন্তদিকে হুইজনেই অত্যন্ত শক্তিশালী। ইংরেজিতে বাইরনের কবিতা তীব্র তেজম্বিনী, জালাময়ী, অগ্নিতুল্যা। তাঁহাদের হৃদয়নিরুদ্ধ ভাবসকল, আথেয়গিরিনিরুদ্ধ অগ্নিশিখাবং—মুখন ছুটে তথন তাহার বেগ অসহ।" এই ভাবোচ্ছাদকে সংযত, সংহত করে, কাব্যন্ধপদানই কবির কাজ; নবীনচন্দ্র তাতে দম্পূর্ণই ব্যর্থ হয়েছেন।

কাব্যগ্রন্থাবলী॥ নবীনচন্দ্র প্রথম খণ্ডকবিতা লিখতে শুরু করেন। খণ্ড কবিতার দঙ্কলন "অবকাশরঞ্জিনী" নামে ছই ভাগে প্রকাশিত হয় (১৮৭১ এবং ১৮৭৮)। তিনি "পলাশীর যুদ্ধ" (১৮৭৫), "রঙ্গমতী", "ক্লিওপেটা" প্রভৃতি আখ্যান-কাব্য; "রৈবতক" (১৮৮৭), "কুরুক্ষেত্র" (১৮৯৩), "প্রভাদ" (১৮৯৬) নামক মহাকাব্য এবং খৃষ্ট, বুদ্ধ, চৈতন্তের জীবনী অবলম্বনে কয়েকটি কাব্যও রচনা করেন। তাঁর আত্মজীবনী "আমার জীবন"ও উল্লেখযোগ্য গভ রচনা।

প্রথম ভাগ "অবকাশরঞ্জিনী"র কবিতাগুলি অপরিণত কৈশোরের উচ্ছাদে পরিপূর্ণ। দ্বিতীয় ভাগ তুলনামূলক ভাবে কিছু পরিণতি লাভ করেছে। এই গ্রন্থে সঙ্কলিত থণ্ড কবিতাগুলির কতকাংশ গীতিকবিতার মর্যাদা পেতে পারে। নবীনচন্দ্র অবকাশরঞ্জিনীর প্রথম ভাগের জন্ম তাঁর আত্ম-জীবনীতে বাংলা ভাষার প্রথম গীতিকবিতার মর্যাদা দাবি কর্মেছেন। এ দাবি গ্রাহ্ম হ্বার নয়। প্রথমত, মধ্সদনের "আশার ছলনে" এবং "রেখো মা দাসেরে মনে" বছপূর্বে প্রকাশিত হয়েছে, সনেট্গুলিও এর পূর্বে আত্মপ্রকাশ করেছে। দ্বিতীয়ত্ত, নবা গীতিকবিতার মধ্যে কবির ব্যক্তি-আয়ির মে আতি

প্রত্যাশিত এখানে তা সম্পূর্ণ অত্বপন্থিত। তবে দিতীয়ভাগে গীতিকবিতার লক্ষণ আছে। তার পূর্বে বিহারীলালেরও অনেক রচনা প্রকাশিত হয়ে গিয়েছে। অবকাশরঞ্জিনীর স্বদেশপ্রেমমূলক কবিতাগুলিতে হেমচন্দ্রের প্রভাব আছে। অবশ্য হেমচন্দ্রের উত্তেজনা নবীনচন্দ্রে নেই। ছই-একটি কবিতায় হেমচন্দ্রের গঢ়াত্মক মঞ্চবক্তৃতার চঙ্ থেকে মুক্ত হয়ে তিনি দেশাত্মবাধকে প্রকৃত কাব্যক্সপে বিশ্বত করতে সফল হয়েছেন। উদাহরণ হিসেবে "অশোকবনে সীতা" কবিতার নাম করা চলে। কবির নিকটে হঃখিনী পরাধীনা ভারতমাতা অশোকবনে বন্দিনী সীতার মূর্তির সঙ্গে যেন একাকার হয়ে গিয়েছে—

জিজ্ঞাসিয়—"বল মাতা, কে তুমি ছঃখিনী ?

এমন বিধাদম্তি কিদের কারণ ?"

বলিল রমণী অশ্রু মুছিয়া অঞ্চলে,—

"হঃখিনী ভারতলক্ষী আমি, বাছাধন!

আমিই অশোকবনে সীতা বিধাদিনী।"

অবকাশরঞ্জিনীর কবি হেমচন্দ্রের স্থায় ব্যঙ্গ কবিতা রচনায় কিছুমাত্র সফল হন নি। তাঁর কবিচিন্তের আবেগের আতিশয্যই এর জন্ম দায়ী। তবে প্রেমের কবিতা রচনায় কবির কিছু বিশিষ্টতা প্রকাশ পেয়েছে। দেহভাবনাময়, পরিমার্জনাহীন রূপবিহ্বলতা, প্রগল্ভ মদির উচ্ছাদ এই কবিতাগুলিতে প্রকাশিত।—

শর্বরি ! তোমার অঙ্কে চাপিয়া হৃদয়,
হাসিয়াছি, কাঁদিয়াছি,
মরিয়াছি, বাঁচিয়াছি,
দহিয়াছি, সহিয়াছি তীত্র জালারাশি
শর্বরি ! কহ না তুমি কেন ভালবাসি ?

নবীনচন্দ্রের "পলাশীর যুদ্ধে" বিষয়বস্তার দিক থেকে নৃতনত্ব আছে।
রঙ্গলাল-হেমচন্দ্র প্রধানত পৌরাণিক বিষয় অথবা রাজস্থানের পুরাতন কাহিনী
অবলম্বন করে স্বদেশপ্রেমের কথা বলেছেন। নবীনচন্দ্র কিন্তু প্রত্যক্ষভাবে
ইংরেজ শক্তিকে ঘটনার মধ্যে স্থান দিলেন। ইংরেজ ও সিরাজের যুদ্ধকাহিনী
অবলম্বন করে পলাশীর যুদ্ধ রচিত হল। জগংশেঠ প্রভৃতির ষড়যন্ত্রে এবং
নীরজাকরের বিশাস্থাতকভায় সিরাজের পরাজ্য ও মৃত্যু হল, বাংলাদেশ

ইংরেজের করতলগত হল, পলাশীর বুদ্ধের এই-ই বিষয়। নবীনচন্দ্রের মনে সমকালীন বুদ্ধিজীবীদের মত ইংরেজ-ভক্তির প্রাচুর্য ছিল। স্বাধীনতার কামনা এবং সাম্রাজ্যবাদী রাজশক্তির প্রতি আস্থা এই ছটি বিপরীত কোটির প্রতায় এঁদের মধ্যে পাশাপাশি বিরাজ করেছে। পলাশীর যুদ্ধে দেশপ্রেমিক, মোহনলাল যথেষ্ঠ বীরত্ব দেখিয়েও ইংরেজ বিজয়ের মধ্যে শুভ ভবিশ্বং দেখে উল্লাস প্রকাশ করেছেন

"রঙ্গমতী" বা রাঙ্গামাটি চট্টগ্রামের অন্তর্গত একটি অঞ্চল। তার পটভূমিকার একটি কাল্পনিক কাহিনী বিবৃত হয়েছে এই কাব্যে। বীরেন্দ্রকুস্মমিকার প্রণয়কে অবলম্বন করে বীরেন্দ্রের বীরত্বের নানা বর্ণনা এতে স্থান
পেয়েছে; মগ-মুঘল পোর্ভূ গীজদের যুদ্ধ, ব্যাঘ্রাদি হত্যা থেকে শুরু করে
শিবান্ধীর দ্বারা অন্থ্রাণিত স্বাধীনতার বাদনাকে তরল ও উচ্চুদিত ভাষায়
এ কাব্যে প্রকাশ করা হয়েছে। কাব্য হিদেবে এটির মূল্য দামান্ত। তেমনি
সামান্ত মূল্য "ক্লিওপেট্রা"রও। শেষোক্ত কাব্যের বিষয়বস্ত বাংলা দাহিত্যের
পক্ষে অভিনব। ভাবকল্পনার তারল্য এবং রচনার শিথিলতা এর
কাব্যোৎকর্ষের অন্তরায় হয়েছে।

নবীনচন্দ্রের "বৈবতক," "কুরুক্ষেত্র," "প্রভাদ" এই তিনটি কাব্য আদলে একটি বিরাট কাব্য-কলনার তিনটি অংশ। তিনটি অংশ হলেও এদের স্বয়ংদম্পূর্ণতার দাবিও অবহেলা করবার নয়। কবি মহাকাব্যের আদর্শে এই কাব্যত্রয় রচনার পরিকল্পনা করেছিলেন; মহাকাব্যে জীবনের যে বিস্তৃত, বিচিত্র ও গজীর-মহান ত্মর ধ্বনিত হয় এই কাব্যগুলির মধ্যেও তার অনেকখানি অহুভব করা যায়। কিন্তু মহাকাব্যোচিত কল্পনা কবির রচনাভঙ্গির শিথিল তারল্যের জন্ম উপযুক্ত মহান-গজীর আস্থাদ বহন করে আনে না।

উনবিংশ শতকের কবিরা রামান্ধ্য-মহাভারত ও অন্তান্ত পুরাণের কাহিনী অবলম্বন করে কাব্য রচনা করেছেন। কিছু প্রাচীন বিষয়ের মধ্যে তাঁরা নানাবিধ নুতন ভাবনা ও কল্পনা প্রবেশ করিয়েছেন। নবীনচন্দ্রও দেই ধারাস্থায়ী মহাভারতের কাহিনী এবং শ্রীক্ষ-চরিত্রকে অবলম্বন করলেন এবং আপন শিক্ষা, ক্লচি, ভাবনা ও কল্পনা অস্থায়ী তাকে পরিবর্তিত করলেন। নবীনচন্দ্র-পরিকল্পিত নব মহাভারতের ক্লপটি এখানে সংক্লেপে বিবৃত ছল। ভারতে আর্থ-অনার্থের মধ্যে ঘাত-প্রতিঘাত লেগেই আছে। সম্বাদেশ ক্ষুদ্র ক্ষুদ্র গণ্ডবাক্তে বিজ্ঞান। ক্রানীন সবল বৈদিত ধ্রম্ব অবসান ক্ষুদ্র

স্বার্থনিরত ব্রাহ্মণগণ নানাবিধ জটিল পূজার্চনার ব্যবস্থা করেছে। ভারতে—

এক ধর্ম এক জাতি একমাত্র রাজনীতি

একই সাম্রাজ্য নাহি হইলে স্থাপিত জননার খণ্ডদেহ হবে না মিলিত।

এই মহামিলন দাধনের উদ্দেশ্যেই শ্রীকৃষ্ণ মানবন্ধপে পৃথিবীতে অবতীর্ণ হয়েছেন। তিনি গীতায় বর্ণিত নিদ্ধাম কর্ম এবং গৌড়ীয় বৈষ্ণবদের কল্পিত আনাবিল প্রেমভক্তির মধ্য দিয়েই এই আদর্শ ঐক্যবদ্ধ ভারতরাজ্য সৃষ্টি করবেন। ব্যাদের জ্ঞান, অর্জুনের শক্তি, স্বভদ্রার দেবা, শৈলজার প্রেম এই কার্যে শ্রীকৃষ্ণের প্রধান দহায়। অপরদিকে প্রাচীন ব্রাহ্মণ্য রক্ষণশীলতা এবং হিংদার প্রতিমূর্তি ছ্বাদা এই আদর্শের প্রধান বাধা। নবীনচন্দ্রের পরিকল্পিত মহাভারত "উনবিংশ শতাব্দীর মহাভারত" নামে অভিহিত হয়েছে। নবীনচন্দ্রের মধ্যে একদিকে আছে ঐতিহাদিক চেতনা, যুক্তিবোধ এবং স্বাদেশিকতা, ঐক্যবদ্ধ ভারত গঠনের স্বপ্ধ, ভারতীয় সংস্কৃতির শ্রেষ্ঠ প্রচার, প্রাণকাহিনীর মধ্যে ঐতিহাদিকতার দন্ধান, কৃষ্ণ-জীবনের কোন কোন অলৌকিক পর্যায়ের যুক্তিপ্রবৃদ্ধ মানবিক ব্যাখ্যা। এখানে নবীনচন্দ্রের ভারচিন্তায় উনবিংশ শতকীয় ব্যামবর্দার প্রাণকাতি। অপরদিকে গীতার নিদ্ধাম কর্ম এবং বৈষ্ণবীয় প্রেমধর্মের মাহাত্মকীর্তনের মধ্যে ঐতিহ্যের পুনক্জীবন লক্ষণীয়।

"রেবতক" কাব্যে ক্ষঞ্জের ভগিনী স্বভ্রাও অর্জুনের প্রেম ও বিবাহের কাহিনী বর্ণিত। বলরাম ঘর্ষোধনের সঙ্গে স্বভর্রার বিবাহ দিতে চেয়ে-ছিলেন। ঘর্ষোধন সদৈতে ঘারকায় এল। কিন্তু স্বভর্রার স্বীকৃতি ও সাহচর্যে অর্জুন সকলকে পরাজিত করে স্বভর্রাকে বিবাহ করল। ঘর্ষাসা প্রথমাবধি এই বিবাহের বিরোধা ছিল, কিন্তু তার সব চেষ্টাই ব্যর্থ হল। অর্জুন ক্ষঞ্জের বাহুবলের প্রতীক, স্বভর্রা দেবার। ক্ষণ্ণবিরোধী ঘ্র্বাসা শক্তি ও সেবার এই সমিলনের মধ্য দিয়ে ক্ষণ্ণের বলর্ষির বিক্ষাচরণ করেছিল। "ক্রুক্লেত্র" কাব্যে চক্রব্যুহের মধ্যে নিরস্ত্র অবস্থায় অর্জুনের বীরপুত্র অভিমন্থার মৃত্যু-কাহিনা বিবৃত হয়েছে। অভিমন্থার মৃত্যুতে অর্জুনের বৃদ্ধি জড়তামুক্ত হল। কৃষ্ণ-প্রচারিত তত্ত্ববৃদ্ধিতে তার চিন্তু উন্ধুদ্ধ হল; আর স্বভ্রার দেবাধর্ম বিশ্বরাপ্ত মহিমা লাভ করল—"মাত্নেহপূর্ণ বৃক্তে আছি দেখিতেছি সব অভিমন্থা উন্তর্গা আমার"। "প্রভাস" কাব্যে ক্লক্ষের অন্তর্গালা বর্ণিত হয়েছে। ক্রুক্লেত্র বৃদ্ধ শেষ হয়েছে, খণ্ড-বিথণ্ড ভারত ঐক্যবদ্ধ হয়েছে, আর্থ-জনার্থক ফিলনে ঘাটাছ। "গতে গতে ক্লক্ষমতি. ক্লায়ে ক্লায়ে। মৃশ্বে

মুখে কৃষ্ণনাম যুগযুগান্তর।" কিছু ত্বাসার বড়যন্ত্র তথনও চলেছে। প্রভাসে ত্বাসার পাপের ফল দেখান হয়েছে। এদিকে কুন্জের যাদব বংশেও রানাদ্ধপ অনাচার প্রবেশ করেছে। পারম্পরিক রেষারেষি এবং বিভিন্ন প্রাকৃতিক ত্বােগে যত্বংশের বিলােপ ঘটল। বলরাম ভারতের ঐক্যবদ্ধ নব, সভ্যতার বাণী বহন করে পশ্চিম পৃথিবীতে চলে গেলেন। এতকাল বাম্মকি এবং জরৎকারু কুন্জের বিরাধিতা করেছে। বাম্মকি স্মভদ্রার প্রতি এবং জরৎকারু কুন্জের প্রতি কামনাভূর ভালবাসা পােষণ করত। সেই প্রেমের ব্যুর্থতাই তাদের কুন্জের শক্রতে পরিণত করেছিল। প্রভাস কাব্যে তাদের প্রেম দেহভাবনা ও ব্যক্তিচেতনা মুক্ত হয়ে বৈষ্ণবীয় কৃষ্ণভক্তিতে নিমজ্জিত হল।

কাব্য তিনটিতে কাহিনী অপেক্ষা তত্বালোচনা বেশি। ভক্তির প্রবলতা ও তাত্ত্বিক বক্তৃতা সংবাতসক্ষুল কাহিনীরসকে দানা বাঁধতে দেয় নি। চরিত্র-গুলির মধ্যে কৃষ্ণ, অর্জুন এবং ব্যাসদেব মৃতিমান দার্শনিক তত্ত্ব, তাদের রক্তন মাংসের মাহ্ব বলে মনে হয় না। অথে-শোকে মাদের হৃদয় বিচলিত, যারা ভালোয় মন্দে মিশ্রিত, তারাই মানবচরিত্র হিদেবে বিশ্বাসযোগ্য এবং সার্থক। ছ্বাসা পাষশুচরিত্র; কবি তাকে কলুষ কালিমায় আর্ত করেছেন। তব্ও তার চরিত্রের মানবোচিত ছ্বলতা এবং সক্রিয় চঞ্চলতা তাকে প্রাণময় করে ভূলেছে। বাস্থকির চরিত্রিটি স্বাপেক্ষা উজ্জল। অনার্য বীরের দৃপ্ত পৌরুষ তার চরিত্রে স্কর ফুটেছে। নারী চরিত্রগুলির মধ্যে স্বভ্রমা এবং শৈল সম্পূর্ণই তত্ত্ব। সত্যভামার চঞ্চলতায় প্রাণের স্পর্শ লেগেছে; স্প্লোচনার ছেলেমাস্থীতে কিন্তু শুষ্ট তারল্য। জরৎকারুর চিত্রে তেজ্বিনী, রূপগর্বিতা প্রতিহিংসাপরায়ণা এবং কামনাত্র নারীমৃতি ভালই ফুটেছে।

ইতিহাদের প্রশ্ন । প্রদক্ষত কিছু খণ্ডকবিতা-গীতিকবিতা লিখলেও
নবীনচন্দ্র মূলত আখ্যানকাব্য-মহাকান্ধ্যের কবি। মধূস্দনের মহাকাব্য রচনার
প্রোয় তিরিশ বছর পরে নবীনচন্দ্র মহাকাব্য রচনায় প্রবৃত্ত হয়েছেন। এর
মধ্যে বঙ্কিমচন্দ্রের হাতে উপস্থাস-সাহিত্যের প্রকৃত জন্ম এবং বিন্ময়কর বিকাশ
ঘটেছে। কাব্যরাজ্যে বিহারীলাল এবং তাঁর ধারাবাহীরা গীতিকাব্যের শভার
নিয়ে ভবিষ্যতের পথনির্দেশ করছেন। নবীনচন্দ্র তথনও স্কার্ত্রম ক্লাসিকতার
অস্বর্তন করে চলেছেন। নবীনচন্দ্রের কাব্যসাধনা ক্লমতার স্বল্পতার জিল
বেষন অনেকাংশে ব্যর্থ, ইতিহাসের গতিপ্রণ না চিনবার ফলে তেমনি

মহাকাব্য-আখ্যানকাব্য ধারার পরিণতি

অক্ষরচন্দ্র চৌধুরী (১৮৫০-৯৮)॥ অক্ষয় চৌধুরী ছু'খানি রোমান্টিক গাণা কাব্য লিখেছিলেন; "উদাসিনী" (১৮৭৪) এবং "দাগর সঙ্গমে" (১৮৮১) নামে। বীররদাত্মক আখ্যানকাব্যের দঙ্গে রোমান্টিক গাথাকাব্যের অনেক পার্থক্য। গীতিকবিতার সঙ্গে কাহিনীরসের সন্মিলনের মধ্য দিয়ে এই জাতীয় কাব্যের জন্ম। বীররদাত্মক আখ্যানকাব্যের সঙ্গে মহাকাব্যের জ্ঞাতিত্ব, আর রোমান্টিক গাথাকাব্য গীতিকবিতার আত্মীয় । বৃদ্ধিমচন্দ্র "ললিতা তথা মানদ" (১৮৫৬) কাব্যে এর স্ত্রপাত করেন। কিন্তু এর বিকাশ ঘটল অক্ষয় চৌধুরীর হাতে । তাঁর "উদাদিনী" কাব্যটি বিশেষ খ্যাতি অর্জন করেছিল। একটি মধুর প্রেমোপাখ্যান এ কাব্যের অবলম্বন। বাচনভঙ্গিতে গীতি-कार्त्त्याहिक ভार्तारमात लक्ष्य कता याय। नतीनहत्त्वत महाकात्यक्षनि तहिक হবার পূর্বে "উদাদিনী" প্রকাশিত হয়েছিল ৷ নবীনচন্ত্রের কাব্যে উচ্ছানের আধিক্য আছে। তা দেখে কেউ কেউ নবীনচন্দ্রের উপরে অক্ষয় চৌধুরীর প্রভাবের দিদ্ধান্ত করেছেন। কিন্তু নবীনচন্ত্রের বীররদাত্মক:কান্যের স্মর্হৎ পরিকল্পনার আড়ম্বরের দঙ্গে এর মূলগত পার্থক্য রয়েছে। অক্ষয় চৌধুরীর গাণাকাব্য ইতিহাসের দিক থেকে অগ্রসর একথা স্বীকার্য। অক্ষয়চন্ত্র "ভারত গাথা" নামে একটি স্বাদেশিকতামূলক গীতিকবিতার সঙ্কলনও প্রকাশ করেছিলেন।

দশানচন্দ্র বন্দ্যোপাধ্যায় (১৮৫৬—১৮৯৭) ॥ হেমচন্দ্র-নবীনচন্দ্রের তুলনায় অনেক স্বল্পথাত ঈশানচন্দ্র বাংলা কাব্যের ভবিতব্যকে চিনেছিলেন। তাঁর প্রকাশিত চারখানি কাব্যের মধ্যে "চিজ্তমুক্র" (১৮৭৮), "বাসন্তী" (১৮৮০) এবং "চিন্তা" (১৮৮৭) এই তিনখানিই গাতিকবিতা সঙ্কলন। একমাত্র "যোগেশ" (১৮৮১) আখ্যানকাব্যু। কিন্তু রঙ্গলাল-হেমচন্দ্র-নবীনচন্দ্রের তুলনায় এ কাব্য একেবারে স্বতন্ত্র জাতের। রোমান্টিক আত্মকথন এর মধ্যে প্রাধান্ত পেয়েছে। বিবাহিত যোগেশের অপর বিবাহিতা নারী মন্দাকিনীর প্রতিব্যর্থ প্রেমের তীব্র জালাময় উপলব্ধি ও বেদনাতৃর ট্রাজেডিই এ-কাব্যে ভাষাক্রপ পেয়েছে। কাব্যটির রচনাভঙ্গিতে অনেকাংশে সাফল্য এসেছে ভাব-গভীরতা, আন্তরিকতা এবং ভাষাগত সংযমের সংমিশ্রণের ফলে। বোগেশ চরিত্রটিকে কবি নিজেই তাঁর অন্তরাত্মার অভিন্ন স্বন্ধন বর্ণনাক্রেছেন। যোগেশের হাহাকারে তাঁর ব্যক্তিচিন্তের আর্ডনাদ প্রতিক্রিত্র

হয়েছে। এ-বিষয়ে ব্রজেজনাথ বন্দ্যোপাধ্যায়ের নিম্নেদ্ধত মন্তব্যটি তাৎপর্যপূর্ণ,
"যে কারণে তিনি মাত্র ৪২ বৎসর বয়দে নিজ হাতে নিজের জীবনের
অবসান ঘটাইয়াছিলেন, সম্ভবতঃ তাঁহার যাবতীয় কাব্যগ্রন্থের মূলে সেই
কারণই ছিল; অধিকাংশ কবিতাই, বিশেষ করিয়া যোগেশ কাব্যখানি,
একটা অন্তর্গুড় জালায় জর্জরিত। সক্ষম রচনা বলিয়াই সেগুলি পাঠকের
মনেও জালা ধ্রাইয়া দেয়।"

ইন্দ্রনাথ বন্দ্যোপাধ্যায় (১৮৪৯-১৯১১) ॥ হেমচন্দ্র বন্দ্যোপাধ্যায়ের "বৃত্তসংহারে"র দ্বিতীয় ভাগ যে বৎসর প্রকাশিত হয় সেই একই বৎসর ১৮৭৭ সালে
ইন্দ্রনাথ বন্দ্যোপাধ্যায়ের "ভারত উদ্ধার" নামক পূর্ণাঙ্গ রঙ্গকাব্য প্রকাশিত
হয়। অস্তঃসারশৃত্য জাতীয়তাবাদী আন্দোলনকে ব্যঙ্গ করে কাব্যটি রচিত,
কিন্তু প্রকৃতপক্ষে বীররসাত্মক মহাকাব্যের এটি একটি উৎকৃষ্ট প্যারোডি ।
অমিত্রাক্ষর ছন্দে রচিত এই কাব্যটি ব্যঙ্গরচনা হিসেবে উচ্চন্তরেরই শুধু নয়,
বাংলা মহাকাব্যের চরম জনপ্রিয়তার যুগে (বিদ্নমন্দ্রন্তর যখন বৃত্তসংহারের
প্রশংসায় পঞ্চমুখ) তার প্রতি এই ব্যঙ্গবাণ বর্ষণু পরোক্ষত সেই ধারার প্রতি
কাব্যেতিহাসের অস্বীকৃতির চিহ্নই যেন বহন করে।

বিহারীলাল চক্রবর্তী (১৮৩৫-১৮৯৪)

পরিচয়। বিহারীলাল চক্রবর্তীর পূর্বে আধুনিক গীতিকবিতা বিচ্ছিন্ন ভাবে ছ'একটি রচিত হয়েছে মাত্র। অবশ্য চতুর্দশপদ্ধী কবিতাবলীর কথা সভস্ত্র। মধ্পদনের হাতেই বাংলা গীতিকবিতার উত্তব হলেও তার পূর্ণাঙ্গ প্রতিষ্ঠা বিহারীলাল চক্রবর্তীর কবিতায়। রবীক্রনাথের এই মস্তব্যে ঐতিহাসিকের দৃষ্টির পরিচয় আছে,—"বিহারীলাল তখনকার ইংরেজী ভাষায় নব্যশিক্ষিত কবিদিগের স্থায় যুদ্ধবর্ণনাসঙ্গুল মহাকাব্য, উদ্দীপনাপূর্ণ দেশাহ্মরাগমূলক কবিতা লিখিলেন না এবং পূরাতন কবিদিগের স্থায় পৌরাণিক উপাখ্যানের দিকেও গোলেন না,—তিনি নিভতে বিস্মা নিজের ছন্দে নিজের মনের কথা বলিলেন। তাঁহার সেই স্বগত-উক্তিতে বিশ্বহিত, দেশহিত অথবা সভা মনোরগুনের কোন উদ্দেশ্য দেখা গেল না। এই জন্ম তাঁহার হ্মর অস্তরঙ্গরূপে হদয়ে প্রবেশ করিয়া সহজেই পাঠকের বিশ্বায়-আকর্ষণ করিয়া আনিল।" তিনি নিজে যা অহভব করেছেন, প্রকৃতির দিকে তাকিয়ে যে-গৌন্দর্থের উপলব্ধিতে তাঁর হাদয় পূর্ণ হয়েছে তিনি উচ্ছ্বিত ভাষায় গানে গানে তা প্রকাশ করেছেন। নিজের মনের রঙ দিয়ে বাহিরের বস্তুকে

রঞ্জিত করে দেখাই গীতিকবির কাজ। বিহারীলাল বাংলার প্রথম দ্বিধাহীন গীতিকবি।

কাব্যগ্রন্থাবলী। "সঙ্গীতশতক" (১৮৬২) বিহারীলালের প্রথম কাব্যগ্রন্থ হলেও প্রকৃত নব্য গীতিকবিতা মিলল "বঙ্গস্থদরী" (১৮৭০) এবং "নিসর্গ-সন্দর্শনে" (১৮৭০)। কবির শ্রেষ্ঠ কাব্য "সারদামঙ্গল" প্রকাশিত হয় ১৮৭৯ সালে। "সাধের আসন" কাব্যটি সারদামঙ্গলের উপসংহার স্বরূপ। অন্যাজ উল্লেখযোগ্য কাব্য হল "বাউলবিংশতি", "শরৎকাল", "কবিতা ও সঙ্গীত" প্রভৃতি।

"নিদর্গদর্শনে" সমুদ্র, আকাশ, ঝড়ের রাত্রি, ঝড়ের পরের প্রভাত প্রভৃতি নানা বিষয়ক প্রকৃতি-চিত্র স্থান পেয়েছে। চিত্রগুলি অবশ্য সাধারণ বর্ণনাধর্ম অতিক্রম করে অস্তরের স্পর্শে প্রায়ই বিশিষ্ট হয়ে ওঠে নি। স্তবকে স্তবকে খণ্ডিত চিত্রগুলি ঐক্যবদ্ধ হয়ে ভাবরসের একাগ্রতা স্বষ্টিতে ব্যর্থ হয়েছে। তুলনামূলক ভাবে পরবর্তী "শরৎকাল" গ্রন্থের প্রভাত, মধ্যাহ্ন, সদ্ধ্যাসঙ্গীত, নিশীথ সঙ্গীত, নিশাস্ত সঙ্গীত প্রভৃতি কবিতায় একই সঙ্গে বাংলা দেশের শরৎঋতুর বিশিষ্ট ক্লপ ও আমেজ এবং সকাল, সন্ধ্যা প্রভৃতি বিভিন্ন ক্ষণে তার ক্লপ ও রসাবেদনের বিচিত্রতার সঙ্গে কবি-মনের রঙের সহযোগ ভাষাচিত্রে অনেক সার্থকভাবে ধরা পড়েছে। "বঙ্গমুন্দরী" নারীবন্দনামূলক কাব্য। বাংলাদেশের নারীর বিভিন্ন ক্লপ ও বিচিত্র ভঙ্গি এ-কাব্যের কবিতাগুলির বিষয়ক্রপে অবলম্বিত হয়েছে। "বাউলবিংশতি"তে বাউল ধরনের কয়েকটি গান সঙ্কলিত হয়েছে। "সারদামঙ্গলে" কবির গীতিস্বভাব, সৌন্দর্যচেতনা ও প্রকৃতিদৃষ্টি পূর্ণ পরিণতি লাভ করেছে। "গাধের আসনে"ও একই ভাবচেতনার অস্থ্রন্তি ঘটেছে।

শেষোক্ত ছ'টি কাব্যেরই অবলধিত বিষয় সারদা বা সরস্বতী। এই দেবীকে কেন্দ্র করে করির মনে যে সৌন্দর্যাস্থাদ এবং প্রেমোপলির তরঙ্গিত তাকেই ভাষারূপে করি আবদ্ধ করেছেন। বিহারীলাল কল্পিত এই দেবীর স্বরূপ নির্দেশ করে রবীক্রনাথ বলেছেন, "সরস্বতী সম্বন্ধে পাঠকের মনে যেরূপ খারণা আছে করির সরস্বতী তাহা হইতে স্বতন্ত্র। করি যে সরস্বতীর বন্দনা করিতেছেন তিনি নানা আকারে নানা ভাবে নানা লোকের নিকট উদিত হন। তিনি কখনো জননী, কখনো প্রেয়সী, কখনো কল্পা। তিনি সৌন্দর্যরূপে জগতের অভ্যন্তরে বিরাজ করিতেছেন এবং দয়া স্বেহ প্রেমে মানবের চিত্তকে অহরহ বিচলিত করিতেছেন।" প্রকৃতি জুড়ে যে খণ্ড খণ্ড স্বন্দর বস্তুর সমারোহ তা আরলে সর্ব সৌন্দর্যের উৎস সারদারই প্রতিফলন ;—

কোটি শশী উপহাসি উথলে লাবণ্যরাশি, তরল দর্পণে যেন দিগন্ত আবরে; আচমিতে অপরূপ রূপদীর প্রতিরূপ,

হাসি হাসি ভাসি ভাসি উদয় অম্বরে।

বিশ্বস্তির রহস্ত কবি ভেদ করতে চেয়েছেন সারদাকল্পনার মধ্য দিয়ে। রবীন্দ্রনাথের কবিতা ছাড়া এক্সপ স্থগভীর কল্পনার পরিচয় বাংলা কাব্যে বড় নেই। কিন্তু বিহারীলাল অপর দিকে দারদাকে পারিবারিক মেহপ্রীতির আসনেও দেখতে চেয়েছেন। বিপরীত প্রান্তকে মেলাবার এই সাধনা শেষ পর্যস্ত দম্পূর্ণ দফল হয় নি। কিন্তু কবি দাংদারিক প্রেমকে স্বীকার করেই বিশ্বসৌন্দর্যের উৎদে পোঁছতে চেয়েছেন। এই বিশিষ্ট মনোভঙ্গির অভিনবত্ব সংশয় প্রকাশ করা চলে না। কবি এই সারদাকেই আপন অন্তরে পেতে চেয়েছেন। সারদা তাঁর দৈবী, প্রেম তাঁর পূজা। সারদার স্বপ্ন বুকে নিয়ে কবি শ্মশানের ভয়াবহতাকেও ভয় পান না-

> তোমাবে জদয়ে বাখি সদানৰ মনে থাকি. শ্মশান অমরাবতী তুই ভাল লাগে।… ভক্তিভাবে একতানে মজেছি তোমার ধ্যানে. কমলার ধনমানে নহি অভিলাষী I

তিনি সারদার স্বপ্নে বিভোর হয়ে থাকতে চান, লক্ষ্মীর ধনসম্পদে তাঁর কিছু-মাত্র কামনা নেই। দারদাকে পাওয়ার জন্ম কবির কঠে কি গভীর আকৃতিই না প্রকাশ পেরেছে! কিন্তু কবি সারদার রহস্ত শেষ পর্যন্ত ভেদ করতে পারেন না—

> ধেয়াই কাহারে আমি নিজে তাহা জানি না।

এই রোমান্টিক অম্পষ্টতা বিহারীলালের কবি-কল্পনার একটি প্রশান বৈশিষ্ট্য। রোমাতিক কল্পনা থেকেই এদেছে এক অকারণ বেদনাবোধ। কবি নিজে বলেছেন, "মৈত্রীবিরহ, প্রীতিবিরহ, সরশ্বতীবিরহ যুগপৎ ত্রিবিধ বিরহে উন্মন্তবৎ হইয়া আমি দারদামলল দঙ্গীত রচনা করি।" এই বিরহ-চেতনার ভিত্তিতে কোন বোধগম্য কারণ নেই। মিলনেও এই বিরহ-বেদনার অবসান ঘটে না। আসলে শাখত গৌন্দর্যের জন্ম চিরকালীন অকারণ এবং রোমান্টিক বিরহক্রন্দন সারদামঙ্গল এবং সাধের আসনে ধ্বনিত হয়েছে।

. প্রকৃতি-সম্পর্কিত কবিতায় বিহারীলাল একটি নৃতন স্থর আনলেন। রবীন্দ্রনাথের ভাষায় "সাময়িক অন্থ কবির রচনাতেও প্রকৃতি-বর্ণনা আছে, কিন্তু তাহা প্রথাসঙ্গত বর্ণনামাত্র, তাহা কেবল কবির কর্তব্যপালন। তাহার মধ্যে সেই সোনার কাঠি নাই যাহার স্পর্শে নিখিল প্রকৃতির অন্তরাত্মা সজীব ও সজাগ হইয়া আমাদিগকে নিবিড় প্রেমপাশে আবদ্ধ করে।" নগরের কৃত্রিম সভ্যতার ঐশ্বর্পুর্ণ পরিবেশ থেকে কবি দ্রে প্রকৃতির উন্মৃক্ত কোলে সৌন্দর্যস্বপ্নে আকণ্ঠ অবগাহন করতে চেয়েছেন—

কভু ভাবি কোন ঝরণার
উপলে বন্ধুর যার ধার—
প্রচণ্ড প্রপাতধ্বনি,
বায়ুরেগে প্রতিধ্বনি
চতুর্দিকে হতেছে বিস্তার—
গিয়ে তার তীর তরুতলে,
পুরু পুরু নধর শাদলে,
ভুবাইয়ে এ শরীর,
শব সম রব স্থির
কান দিয়ে জল কলকলে।
সে সময়ে কুরঙ্গিনীগণ,
সবিম্ময়ে মেলিয়া নয়ন,
আমার সে দশা দেখে,
কাছে এদে চেয়ে থেকে
অঞ্চলল করিবে মোচন।

রোমান্টিক গীতিকবিতার শ্রষ্টা হিদেবে বিহারীলাল নব ভাবকল্পনার চর্চা করেছেন, দে ভাবাহুভূতির গভীরতা এবং অভিনবত্ব অনস্বীকার্য; কিছ ক্ষপরচনায় ততটা দাকল্য তিনি অর্জন করতে পারেন নি। তিনি যত বড় ভাবুক ছিলেন তত বড় শিল্পী ছিলেন না। ভাষার উপরে যে পরিমাণ দখল ধাকলে প্রয়োজনের বাহক শব্দকে নমনীয় করে রহস্তময় নিখিলের বেদনাকে ভ্শুৰ্শ করা যায় তা বিহারীলালের ছিল না। ভাবের ক্ষেম্ভার রচনায় প্রায়ই

রক্ষিত হয় নি, চিত্রের স্থা বারবার হয়েছে ছিন্ন। মাঝে মাঝে ছ্'চারটি ত্তবকে বা ছ্'একটি পংক্তিতে ব্যঞ্জনা চমৎকার প্রকাশ পেয়েছে কিন্তু সে স্থর প্রায়ই পরবর্তী তাবকগুলিতে অহুস্ত হয় নি। বিহারীলালের ভাবকল্পনা ছিল কবির ভাবকল্পনা, কিন্তু রূপরচনার নিষ্ঠা ও নৈপুণ্যের অভাবে সন্তাবনাস্থায়ী বড় কবি তিনি হতে পারেন নি। কারণ রূপদিদ্ধি ব্যতিরেকে কাব্যসার্থকতা লাভ অসম্ভব।

ইতিহাদের বিচার ৷ বিহারীলাল যত বড় কবি, বাংলা কাব্যের ইতিহাসে তার চেয়ে অনেক গভীর প্রভাব তিনি বিস্তার করেছেন। সেইজম্মই সাহিত্যের ইতিহাদে তাঁর এত মর্যাদা। এক। ১৮৬৬ দালে মধুস্দনের চতুর্দশপদীর কবিতাগুলি প্রকাশিত হলেও কবিতাগুলি ১৮৬৫ সালে রচিত। এই সনেট-গুচ্ছের মধ্যে কবির ব্যক্তিচিত্তের বেদনা প্রকাশিত হয়েছে। কবির "আশার ছলনে ভূলি" এবং "রেখো মা দাদেরে মনে" পরিপূর্ণ লিরিক। এ-কবিতা ত্ব'টির আঙ্গিকে সনেটের সংহতি নেই, আছে একালীন গীতিকবিতাস্থলভ বিতানিত ভাবোচ্ছাদ। কাজেই আধুনিক বাংলা গীতিকবিতার তিনিই প্রথম কবি এ বিষয়ে সন্দেহ নেই। কিন্তু মধুস্থদনের কবিপ্রতিভা ছিল ক্লাসিসিজম-রোমান্টিসিঞ্জমের বিচিত্র মিশ্রণে গড়া। তাই আধুনিক রোমান্টিক গীতিকবিতার কতগুলি লক্ষণ, যেমন কল্পনার স্মৃদুরাভিদার, অকারণ বিরহ-বিষয়তা, রহস্তময় অস্পষ্টতা তাঁর কবিতায় বড় লক্ষ্য করা যায় না। তত্বপরি তিনি গীতিকবিতা রচনার ব্যাপারে কখনই একাগ্র হতে পারেন নি। এই ছ'টি দিক থেকে বিহারীলাল গীতিকবিতাকে নিজস্ব মর্যাদায় প্রতিষ্ঠিত করেছেন। নিজের ব্যক্তিভাবনাকে সর্বনিরপেক্ষভাবে উপস্থিত করায় তিনি যে নিম্বন্থ মনের পরিচয় দিয়েছেন, বাংলা কবিতার ভবিষ্যৎ প্র্টেকে তা পরিষ্কার নিদেশি করেছে। তিনি গীতিকবিতা ছাড়া অমুবিধ কবিতা রচনার কথা ভাবেন নি। অথচ পাশাপাশি ব্যর্থ মহাকাব্য ও বীর্রসাত্মক আখ্যানকাব্য লিখে হেম-নবীন খ্যাতির শীর্ষে উঠে গিয়েছেন। বিহারীলাল দেদিকে জক্ষেপমাত্র না করায় বাংলা গীতিকবিতার স্বাভাবিক বিকাশ ক্রততর হয়েছে। ছই। বিহারীলাল সংস্কৃত সাহিত্য বিষয়ে পড়ান্তনা করেছিলেন। ইংরেজী সাহিত্যের মধ্যে বায়রণ-দেকুদপীয়রই তিনি বেশি পড়েছিলেন। কিন্তু सश्कुত দাহিত্যের সঙ্গে তাঁর অমুসত কাব্যধারার সম্পর্ক নেই; সেকৃসপীয়র-বায়রণের কাব্য-বৈশিষ্ট্য তাঁর শিল্পীচিন্তে প্রভাব ফেলতে পারে নি। তাঁর দঙ্গে ইংরেজী রোমান্টিক কবিকুলের দূরপ্রসারী কল্পনা-অতিরেক ও নিবিশেষ সৌন্দর্যধ্যানের

সম্পর্ক অধিক। প্রত্যক্ষ প্রভাব না থাকলেও প্রতিভাগত এই সাদৃশ্য বাংলা কাব্যকে অতিশীঘ ইংরেজী রোমান্টিক আন্দোলনের নিকটে নিয়ে ফেলেছে।

শ্বরেন্দ্রনাথ মজুমদার (১৮৩৮-৭৮)

পরিচয়। যৌবনে উচ্ছ্ঙাল ও অতিচারী স্থরেন্দ্রনাথ পরবর্তী জীবনে আপন ব্যক্তিচেতনাকে উদ্ধানী করেছিলেন। তাঁর ব্যক্তিসন্তার গভীরে প্রবৃত্তি ও নির্ত্তির দ্বন্দ ছিল। "কামই তাঁহাকে দিয়াছিল মোক্ষ বা মুক্তি। কবির অন্তর্জীবনের এই ঘাত-প্রতিঘাত অতি বিচিত্র। এই বিচিত্র কাহিনী তাঁহার রচনাবলীতে ওতপ্রোত হইয়া আছে। তাঁহার সাহিত্য-জীবনের এক দিকে তাঁহার কামজীবন, অন্তর্দিকে তাঁহার ধর্মজীবন। তাঁহার জীবন দিশিখাবর্তিকার মত ছই দিকে প্রজ্ঞালত হইয়াছিল বলিয়া দীর্ঘস্থায়ী হয় নাই।" (—ব্রজেন্দ্রনাথ বন্দ্যোপাধ্যায়)। কবির ব্যক্তিচিন্তের এই স্থগভীর আলোড়ন তাঁর কবিতার উৎস।

কাব্যগ্রহাবলী ॥ কবির অনেকগুলি উল্লেখযোগ্য গছ রচনা আছে। এই সব প্রবন্ধ-নিবন্ধে জ্ঞানসাধকরূপে তাঁর পরিচয় ধরা পড়েছে। তুলনামূলক-ভাবে তাঁর কাব্য রচনার সংখ্যা বেশি নয়। কিন্তু তাঁর মৃত্যুর পরে প্রকাশিত "মহিলা" বাংলা কাব্যের ইতিহাসে তাঁকে অমরতা দিয়েছে। "হর্ষবর্ধন" নামে তাঁর অপর একটি কুদ্র কবিতা পৃস্তকের নামও উল্লেখ করা যেতে পারে। স্বল্লহায়ী জীবন এবং স্বল্লপরিমাণ কাব্য রচনা নিয়ে স্বরেক্তনাথ বাংলা সাহিত্যে আপন ক্ষমতাবলেই বিশিষ্ট আসন পেয়েছেন।

স্বরেন্দ্রনাথ জননী, জায়া, ভগিনী, ত্হিতা প্রভৃতি রূপে নারীর যে মহিমাকে প্রত্যক্ষ করেছেন তাকে রূপ দিতে চেয়েছেন মহিলা কাব্যে। জননী ও জায়ার মহিমা কীর্তন করে ভগ্নী-অংশ তিনি লিখতে আরম্ভ করেছিলেন কিন্তু শেষ করে যেতে পারেন নি। স্বরেন্দ্রনাথের এই কাব্যের কল্পনা বিহারীলালের "বঙ্গস্থলরী"র দ্বারা কিছুটা প্রভাবান্বিত হওয়া সম্ভব। কিন্তু বিহারীলালের কুহেলী-আছেল রোমান্টিক মানসাভিসার, ধ্যানবিহ্বলতা এবং শিথিল রচনা-ভঙ্গির সঙ্গে স্বরেন্দ্রনাথের সাদৃশ্য অল্প। এ প্রসঙ্গে মোহিতলালের মন্তব্য উদ্ধারযোগ্য "স্বরেন্দ্রনাথের প্রেমের আদর্শে তথা নারীপুজায় পূর্বতন কবিগণের আদিরস বা দেহসম্ভোগের নীতি পুরামাত্রায় আছে। তেতিশয় প্রাকৃত প্রেমের সংস্কারকেই অবলম্বন করিয়া স্বরেন্দ্রনাথ দার্শনিক যুক্তি দারা তাহাকে

শোভন ও বৃদ্ধি-সম্মত করিয়া তৃলিয়াছেন।" বিহারীলাল প্রবর্তিত রোমান্টিক কাব্যধারা থেকে স্বরেন্দ্রনাথের ভাবকল্পনার যেমন পার্থক্য আছে তেমনি স্বাতস্ত্র্য রয়েছে তাঁর সংহত, গাঢ়, স্বল্লোচ্ছ্সিত ভাষাভঙ্গির। তাঁর উপলব্ধির এবং রচনারীতির মধ্যে ক্লাসিকাল ঘনপিনদ্ধতা থাকলেও কবির জীবন্জিজ্ঞাসার মধ্যে "ব্যক্তি আমি"র অন্তিত্ব গভীরভাবে অম্ভব করা যায়। কাজেই স্বরেন্দ্রনাথের হাতে গীতিকবিতাই একটি নৃতন রূপ নিয়ে আত্মপ্রকাশ করল একথা বলা যায়।

অক্ষয়কুমার বড়াল (১৮৬০-১৯১৯)

পরিচয়। অক্ষয়কুমার বিহারীলালের ধারার অমুদারী কবি। কিন্তু বিহারীলালের প্রতিভার দক্ষে তাঁর কবিস্বভাবের মূল পার্থক্য আছে। বিহারীলালের কবিতায় বিশ্বস্থাইর রহস্তভেদী যে-কল্পনার পরিচয় পাই অক্ষয়কুমারের কবিতা তা থেকে বঞ্চিত। বিহারীলালের প্রভাবের পাশাপাশি শেলীর প্রত্যক্ষ প্রভাব তিনি অমুভব করেছেন। বিদেশী কবিতার সক্ষে ঘনিষ্ঠ পরিচয় সন্ত্বেও অক্ষয় বড়াল আপন ব্যক্তিস্বভাবকেই স্পষ্টভাবে কাব্য-মধ্যে প্রকাশ করেছেন। আয়ায় বোমান্টিক গীতিকবির হায় অক্ষয়কুমারও প্রেম ও প্রকৃতির বন্দনা গান করেছেন। তাঁর প্রেম কল্পনায়ও একদিকের মর্ভপ্রেয়দী এবং অপর প্রান্তের কল্পনালক্ষীর সমন্বয় দাধনের প্রয়াদ আছে। প্রথম যৌবনে কবিচিত্ত দিধা-পূর্ণ হলেও প্রোচ্ছে তিনি এক ধরনের সমন্বিত উপলন্ধিতে পৌছেছিলেন।

কাব্যগ্রন্থাবলী॥ অক্ষয়কুমার বড়ালের গীতিকাব্যের সঙ্কলন গ্রন্থালি হল—"প্রদীপ" (১৮৮৪), "কনকাঞ্জলি" (১৮৮৫), "ভূল" (১৮৮৭), "শঙ্খ" (১৯১০) এবং "এষা" (১৯১২)। প্রথম তিনটি কাব্য উনবিংশ শতাব্দীর শেষভাগে রচিত। কবির বয়স তখন চব্বিশ থেকে সাতাশ। শেষোক্ত কাব্যগ্রন্থ ছটি প্রৌচ্ছের শেষপ্রান্তে রুদে লেখা। কবির বয়স তখন পঞ্চাশ-বাহান্ন। প্রথম কাব্যত্ররে শিল্পীঅন্তরের একটি গভীর দ্বিধা প্রকাশিত। অক্ষয় কুমারের ভাবকল্পনার এই দ্বিধার গভীরে প্রবেশ করেছেন মোহিতলাল, "ভূপ্তির মধ্যেও তিনি অভূপ্তির উপাসক, কিন্তু প্রাণের গদ্ধীরতর চেতনায় ভূপ্তিই তাঁহার প্রকৃতিস্থলভ। তিনি শেলীর মত 'স্কর্মুরতি কামনার সমূরতি অধিষ্ঠান' কামনা করেন, কিন্তু তাঁহার কামনা আদে অমূরতি নহে— সারাজীবন তাহা সশরীরে তাঁহার অতি নিকটে অবস্থান করিয়াছে, তিনি ভাহাকে একটি অমূরতি মহিমায় মণ্ডিত করিয়া নিজের ভাবাভিমান ভৃপ্ত

করিতে দাহিয়াছেন।" এই বিধা কাব্য তিনটিকে আশাস্থা সাফল্য দিতে পারে নি। শেষোক্ত কাব্য হ'টি রচনার পূর্বে কবির পদ্মীর মৃত্যু ঘটেছে। কলে গৃহের গৃহিণী এবং কল্পনার প্রেয়দীর মধ্যকার দেই বিধার অবসান হয়েছে। কবির জীবনের বাস্তব নারী আজ "অনাদি অনস্ত তৃমি অদাম অপার" হয়ে উঠেছে। কবির কাব্যগুলির মধ্যে দর্বশ্রেষ্ঠ হল "এষা"। এটি শোককাব্য। মৃত্যুর আলোকে প্রেমের সত্যলাভ করেছেন কবি, যৌবনকল্পনার সংশয় তিরোহিত হয়েছে। গভীর বেদনার মধ্য দিয়ে তিনি এক প্রশান্তিতে পৌছেছেন।

দেবেজ্রনাথ সেন (১৮৫৮-১৯২০)

পরিচয়। রবীন্দ্র-সমসাময়িক কবিদের মধ্যে দেবেন্দ্রনাথ সেনের শক্তিকে অধীকার করা যায় না। রবীন্দ্রনাথের দঙ্গে তাঁর ঘনিষ্ঠতা ছিল। রবীন্দ্রনাভঙ্গি তাঁর উপরে সামান্যপ্রভাব বিস্তারও করে থাকবে, কিন্তু তার পরিমাণ বেশি নয়। তিনি রবীন্দ্র-প্রভাবের পূর্বযুগের কবি। বিহারীলালের প্রভাব তাঁর উপরে আছে, কিন্তু বিহারীলালের মত স্থালিতবাক্ শিথিল রূপরীতি তাঁর রচনার নয়। গাঢ়বদ্ধ আবেগ ইন্দ্রিয়াহ্বগ আবেদন স্পষ্টকারী চিত্রকল্পে এবং কখনো কখনো সংহত সনেটের আধারে চমৎকার বিশ্বত হয়েছে। গীতিকবি হিসেবে তাঁর কল্পনাও বস্তুকে ছাপিয়ে গিয়েছে, কিন্তু বিহারীলালের স্থায় বস্তু-অতীতৃ,জগতাতীত সৌন্দর্য ও প্রেম-উৎসকে উদ্বাটিত করতে তিনি ধাবিত হন নি। বিহারীলালস্থলন্ড ধ্যানলীনতা দেবেন্দ্রনাথের নেই, তাঁর কল্পনায় নেশার মন্ত্রতা এবং রূপের বিহ্নলতা স্পষ্ট। 'Sensuous' বিশেষণটি দেবেন্দ্রনাথ সম্বন্ধে নিঃসংশয়ে প্রয়োগ করা চলে। বস্তুকে তিনি অতিক্রম করতে না পারলেও তিনি "অশোক মঞ্জরী হইতে তাঁহার তরুণতা এবং বধুর ভূষণঝন্ধার হইতে তাহার রহস্তু কথাটি চুরি করিয়া লইতে পারেন।"—(রবীন্দ্রনাথ)

কাব্যগ্রন্থাবলী ॥ দেবেন্দ্রনাথের প্রথম কাব্যগ্রন্থ "ফুলবালা" ১৮৮০ দালে প্রকাশিত হয়। ১৮৮১ দালে প্রকাশিত "উর্মিলা কাব্য" এবং "নিঝ্রিণী"ও প্রথম কাব্যের ফায় আকারে কুন্ত। "অশোকগুছে" (১৯০০), "শেফালীগুছে" (১৯১২), "গোরাজাতগুছে" (১৯১২), "গোলাপগুছে" (১৯১২), কবির সবচেয়ে বিখ্যাত কাব্যগ্রন্থ। এছাড়াও কবি "অপুর্ব নৈবেছ", "অপুর্ব বীরাঙ্গনা". "অপুর্ব ব্রজাজনা" এবং আরও অনেকগুলি কাব্য লিখেছিলেন্।

"উর্মিলাকাব্য", "অপূর্ব ব্রজাঙ্গনা" এবং "অপূর্ব বীরাঙ্গনা" প্রভৃতি কাব্যে মধুস্থদনের কিছু অস্থারণ আছে। কবি নিজেকে মধুস্থদন-হেমচন্দ্রের যুগের কবি বলেছেন, তবে এই সম্পর্কের পরিমাণ এমন কিছু নয়।

দেবেন্দ্রনাথের কবিতাগুলির দিকে তাকালে আরও ত্'একটি সাধারথ লক্ষণ চোখে পড়ে। দেবেন্দ্রনাথ স্থপ্রচুর সনেট লিখেছেন। সনেটের আঙ্গিক সাধনায় দেবেন্দ্রনাথ সমুচ্চ সাফল্যের পরিচয় দিয়েছেন। সনেটের সংহত ও ঘনপিনদ্ধ আধারে ধৃত গাঢ় আবেগের রস তিনি পাঠক-মনে সঞ্চারিত করতে সমর্থ হয়েছেন। দেবেন্দ্রনাথের কবিতার একটা উল্লেখযোগ্য প্রধান অংশ ফুল সম্পর্কে লেখা। দেবেন্দ্রনাথের সৌন্দর্যচেতনা এবং ইন্দ্রিয়ন বিহবল উপলব্ধি ফুলের রূপবর্ণনায় বর্ণসম্পাত করেছে।

শেষপর্বে দেবেন্দ্রনাথের কবিতায় আধ্যাত্মিকতার স্থরটি প্রধান হতে থাকে। এর ফলে তাঁর শেষের দিকের কবিতার উৎকর্ষের বিশেষ হানি ঘটে।

অক্সান্ত গীতিকবি

বিজেন্দ্রনাথ ঠাকুর (১৮৪০-১৯২৬)॥ বিজেন্দ্রনাথ ঠাকুর তত্ত্বজিজ্ঞান্ত ব্যক্তি। কিন্তু তত্ত্বতেনা তাঁকে সাহিত্যরদ থেকে দূরে নিয়ে যায় নি। ১৮৭৫ দালে "স্বথপ্রবাণ" নামক কাব্য রচনা করে ছিজেন্দ্রনাথ বাংলা গীতি-কবিতার জগতে একটি বিশিষ্ট স্থান করে নিয়েছেন। স্বপ্পপ্রয়াণ একটি দ্ধপক কাব্য। একটি কাহিনীর ক্ষীণস্ত্র এ-কাব্যের অন্তরে অন্তরে প্রবাহিত। কিছ কাহিনীটি রসের ক্ষেত্রে কোন মুখ্য ভূমিকাই গ্রহণ করে নি। আসনে মায়াময় স্বপ্নাজ্যের কাল্পনিক বর্ণনায় কবি এমন জগতের স্ষ্টি করেছেন যা তাঁর ব্যক্তি-বাসনার বিচিত্র বর্ণে রঞ্জিত। স্বপ্পপ্রয়াণ যে আসলে একটি গীতিকাব্য, কাহিনীস্ত্ত্ত এবং দ্বপকার্থ থাকলেও তা অস্বীকার করা যায় না। রোমান্টিক রহস্তের আলোছায়ায় এ-কাব্যটি যেমন অভিনব রূপে আত্মপ্রকাশ কুরেছে, তেমনি দার্শনিক ভাবনার সঙ্গে যুক্ত হয়ে এ-কাব্যের ভাবাবেগ নবকান্তি লাভ করেছে। রবীন্দ্রনাথ এ-কাব্যটির পরিচয় দিতে গিয়ে বলেছেন, "স্বপ্পপ্রয়াণ যেন একটা রূপকের অপরূপ রাজপ্রাসাদ। ভাহার কত রকমের কক্ষ, গবাক্ষ, চিত্র, মূর্ত্তি ও কাব্রুনৈপুণ্য। তাঁহার মহলগুলি বিচিত্র, তাহার চারিদিকের বাগানবাড়ীতে কত ক্রীড়াশৈল, কত নিকুঞ্জ, কত লতাবিতান। ইহার মধ্যে কেবল ভাবের প্রাচুর্য্য নহে, রচনার বিপুল বিচিত্ৰতা আছে।"

গোবিন্দচন্দ্র দাস (১৮৫৪-১৯১৮)॥ গোবিন্দচন্দ্র দাসের সঙ্গে ইংরেজী সাহিত্যের গভীর পরিচয় ছিল না। ব্যক্তিগত জীবনে তিনি স্কঠিন ছৃঃখাদারিদ্র্য ভোগ করেছেন। এর মধ্য দিয়ে জীবন সম্পর্কে যে ব্যক্তিক চেতনা তিনি লাভ করেছিলেন তার অভিব্যক্তিতেই গোবিন্দচন্দ্রের কবিতা পূর্ণ। তাঁর প্রধান কাব্যগ্রন্থগুলি উনবিংশ শতান্দীর শেষভাগে প্রকাশিত হয়েছিল;—"প্রেম ও ফুল" (১৮৮৮), "কুল্কুম" (১৮৯২), "কস্তরী" (১৮৯৫), "ফুলরেণ্" (১৮৯৬)। ইংরেজী কাব্যের সঙ্গে তাঁর প্রত্যক্ষ ও গভীর সম্পর্ক না থাকলেও বাংলা রোমার্টিক গীতিকবিতার ধারাটি তখন প্রতিষ্ঠিত হয়েছে বলা চলে। এই পরিবেশে সাধারণ ভাবে ইংরেজী রোমান্টিক ভাবকল্পনার যে বীজ উড়ে বেড়াচ্ছিল তার কিছু পরোক্ষ প্রভাব গোবিন্দচন্দ্রের কবিচিন্তে ছায়া ফেলেছিল এমন বলা যেতে পারে।

গোবিন্দ দাদের রচনারীতিতে শিথিলতা ছিল, অসংযম ছিল আরও বেশি। তাঁর মধ্যে বড় কবির কিছু সন্তাবনা থাকলেও রূপনির্মিতির তুর্বলতায় ত। সফল হতে পারে নি। কিন্তু ভাষার অসংযম যেন তাঁর কবিকল্পনার বিশিষ্টতারই বাহন। তাঁর কল্পনায় বলিষ্ঠ ভোগবাদ ও নারীদেহকামনার তীত্র প্রত্যক্ষতা লক্ষনীয়। সমকালীন কবি দেবেন্দ্রনাথের ইন্দ্রিয়াহ্গ রূপবিহ্বলতার সঙ্গে এর যেমন পার্থক্য আছে, তেমনি পরবর্তী কবি মোহিতলালের তান্ত্রিকস্থল ভ দেহবাদের সঙ্গেও এ-কল্পনার দূরত্ব স্পষ্ট। দেবেন্দ্রনাথের কবিতায় রূপসাধনার স্থার এবং মোহিতলালের দেহবাদে প্রজ্ঞার দীপ্তি প্রকাশ পেয়েছে। গোবিন্দ দাসের ইন্দ্রিয়াহ্গত্যে লৌকিক কাম-ভাবনার উত্তাপের প্রাধান্য আছে।

কামিনী রায় (১৮৬৪-১৯৩৩)॥ "উনবিংশ শতাব্দীর শেষার্থে যে-কয়জন
মহিলা-কবি বাংলা দাহিত্যে প্রতিষ্ঠা অর্জন করিয়াছিলেন, কবি কামিনী
রায়ের স্থান তাঁহাদের মধ্যে নিঃসংশয়ে শ্রেষ্ঠ। স্বাভাবিক প্রতিভার দহিত
উচ্চশিক্ষার সংযোগ ঘটাতেই তাঁহার রচনা মার্জ্জিত ও শিল্পস্থমামণ্ডিত হইবার
স্থযোগ পাইয়াছিল।" (—ব্রজেন্দ্রনাথ বন্দ্যোপাধ্যায়)। রবীন্দ্রনাথের প্রভাব
থেকে তিনি দচেতন দ্রত্ব বজায় রেখে চলেছেন। রবীন্দ্রনাথের কবিতার
স্থর্বোধ্যতা এবং মিইতার বিরুদ্ধে তিনি স্পষ্টভাবেই আপনার মতামত ব্যক্ত
করেছেন। হেমচন্দ্রের প্রতি স্থগভীর শ্রদ্ধাও তিনি প্রকাশ করেছেন। কিন্ত
হেমচন্দ্রের গীতিকবিতার তুলনায় তাঁর কবিতা কিছু বেশি পরিণত। এই
পরিণতি সম্ভবত যুগপ্রভাবের ফল। রবীন্দ্রনাথের প্রভাবমণ্ডলের বাহিরে
বাংলা গীতিকবিতার যে বিকাশ ঘটেছিল তা-ই কামিনী রায়ের কল্পনাকে

গীতিধর্মী এবং প্রকাশভঙ্গিকে স্বষ্ঠু হয়ে উঠবার স্থযোগ দিয়েছিল। প্রকৃতপক্ষে হেমচল্রের কোন সত্যকার প্রভাব কামিনী রায়ের উপরে নেই। কামিনী রায়ের কবিতা প্রত্যক্ষ এবং স্থবোধ্য। তাঁর কল্পনায় বিবর্ণতা না থাকলেও বর্ণপ্রাচুর্যও নেই। তাঁর কল্পনা স্থদ্রের যাত্রী নয়, রহস্থলোকেরও সঙ্গী নয়। তবে সমকালীন অপরাপর মহিলা-কবিদের স্থায় তিনি পারিবারিক অস্বভূতির সংকীর্ণ ক্ষেত্রে আপনাকে বদ্ধ রাখেন নি। কবির ব্যক্তিস্বাতস্ত্র্য তীব্র না হলেও তাঁর ভাব ও ভাবনা তুলনামূলকভাবে ব্যাপক ছিল। কবির কাব্যগ্রন্থাবলীর মধ্যে আলো ও ছায়া (১৮৮৯), "নির্মাল্য" (১৮৯১), "পোরাণিকা" (১৮৯৭) এবং "দীপ ও ধ্পের" নাম করা যেতে পারে।

গিরীন্দ্রমোহিনী দাসী (১৮৫৮-১৯২৪)। গিরীক্ষ্রমোহিনী দাসী প্রথমদিকের মহিলা কবিদের অন্তত্মা। তাঁর প্রধান কাব্য হল "অক্রকণা"
(১৮৮৭), "আভাষ" (১৮৯০), "শিখা" (১৮৯৬), "অর্ঘ্য" প্রভৃতি। আধুনিক
শিক্ষার প্রভাবে তিনি কাব্যচর্চায় উৎসাহৃত হন নি। আপন চিন্তের
শাভাবিক প্রবণতাই কবিতা রচনায় তাঁকে প্ররোচিত করেছে। কামিনী
রায়ের মত তাঁর কাব্যদেহ অমার্জিত নয়, কিন্তু ভাবাম্মভূতিতে কোণাও
ক্রত্ত্রমতার স্পর্শমাত্র নেই। পারিবারিক পরিবেশে স্বামীকে কেন্দ্র করেই
তাঁর কবিচিন্তের আবেগ দানা বেঁধেছে। স্বামীর মৃত্যুই তাঁর হৃদয়ের অন্ধ্র্যার কবিতার উৎস যুগপৎ উন্মুক্ত করেছে। সমকালীন অনেক পুরুষ কবির
ক্ষেত্রেও পারিবারিক জীবনরস কবিতা রচনার ভিত্তি হয়েছে; কিন্তু নারীর
দৃষ্টিতে সংসারজীবন অন্ততর বর্ণে ধরা দিয়েছে।

র্মানকুমারী বহু (১৮৬৩-১৯৪৩) ॥ মানকুমারী বহুর দক্ষে গিরীক্রমোহিনীর ভাবকলনা এবং রচনাভঙ্গির গভীর দাদৃশ্য আছে। "কাব্যকুস্থমাঞ্জলি" (১৮৯৬) তাঁর মুখ্য কাব্যগ্রন্থ। বজেক্রনাথ বন্দ্যোপাধ্যায়ের নিয়োদ্ধত মন্তব্য তাঁর কবিপ্রতিভার স্বরূপ ধরা পড়বে— "মাত্র কুড়ি বংসর বয়দে স্বামিস্থবঞ্চিত হইয়া তিনি যে ছঃখের মধ্যে সাহিত্য সাধনা আরম্ভ করিয়াছিলেন, তাহার অম্ভৃতি জীবনের শেষদিন পর্যান্থ তাঁহাকে পরিত্যাগ করে নাই। তিনি সহজ সরল ভাষার স্প্লালিত ছন্দে নিজের মনের কথা নিবেদন করিয়া গিয়াছেন।"

খিজেন্দ্রলাল রায় (১৮৬৩-১৯১৩)॥ খিজেন্দ্রলালের নাট্যকাররূপে পরিচিতি এখনও টিঁকে আছে। কিন্তু সমকালীন বাংলাদেশে তিনি কবি হিসেবেও খ্যাতি অর্জন করেছিলেন। তাঁর কাব্যগ্রন্থগুলির মধ্যে বিশিষ্ট হল "ঝাষাঢ়ে" (১৮৯৯), "হাৃদির গান" (১৯০০), "মন্দ্র" ও "আলেখ্য"। রবীন্দ্রনাথের কবিতা থেকে তাঁর রচনার স্বাতস্ত্র্য রসিকজনের দৃষ্টি আকর্ষণ করেছিল। হাসির গান ও দেশাত্মবোধক দঙ্গীত রচনায় তিনি বিশেষ কৃতিত্ব দেখিয়েছেন। তাঁর ভাষা মার্কিত; ছক্ত ও অক্সবিধ প্রদাধন গত নৈপুণ্যও চোথে পড়ে। তিনি ঋজু মেরুদণ্ডের লোক, অত্যধিক কমনীয়তার ছিলেন বিরোধী। এই ব্যক্তিত্ব তাঁর কবিতাবলীতে ত্মন্দর প্রতিফলিত হয়েছে। স্বয়ং রবীন্দ্রনাথ কবির "মন্দ্র" কাব্যের সমালোচনা প্রসঙ্গে যে মন্তব্য করেছেন তার মধ্যে ঘিজেম্রলালের কবিপ্রকৃতির স্বরূপটি বিবৃত হয়েছে, "कार्या एय नय तम चार्ष चरनक कविष्टे मिट्टे व्यविष्ठ नय तमरक नय भरतन পৃথক করিয়া রাখেন। দিজেন্দ্রলালবাবু অকুতোভয়ে এক মহলেই একত্র তাহাদের উৎদব জমাইতে বদিয়াছেন। তাঁহার কাব্যে হাস্থ করুণা মাধুর্য বিশ্বয় কথন কে কাহার গায়ে আদিয়া পড়িতেছে তাহার ঠিকানা নাই।... ইহার কবিতাগুলির মধ্যে পৌরুষ আছে। ইহার হাস্ত বিষাদ বিদ্রূপ বিম্ময় সমন্তই পুরুষের—তাহাতে চেষ্টাহীন সৌন্দর্যের সঙ্গে একটা স্বাভাবিক সবলতা আছে। তাহাতে হাবভাব ও দাজদজ্জার প্রতি কোনো নজর নাই।... षिर्जिञ्जलालवाव वाःला कावग्र ভाষার এकটি विश्वय भक्ति (प्रथारेश पिरलन। ভাহা ইহার গতিশক্তি। ইহা যে কেমন ক্রতবেগে, কেমন অনায়াদে তরল হইতে গন্তীর ভাষায়, ভাব হইতে ভাবাস্তরে চলিতে পারে—ইহার গতি যে কেবলমাত্র মৃত্মন্থর আবেশভারাক্রান্ত নহে, তাহা কবি দেখাইয়াছেন।"

॥ তিন ॥ উপন্যাস ও ছোট গল্প

ভূমিকা

পুরানো যুগের গল্পের দঙ্গে আধুনিক উপস্থাদের রূপলক্ষণ, জীবনদৃষ্টি ও আসাদ্বগত কোন দম্পর্কই নেই। উপস্থাদ শুধুমাত্র বাংলা সাহিত্যের ইতিহাদেই একটি একান্ত আধুনিক আদিক। কাহিনীকথন এক্ষেত্রে অবলম্বন মাত্র, উদ্দেশ্য নয়। পুরাতন ধারার আখ্যায়িক। কাবোর দক্ষে এর দ্যোগ্য সম্পর্ক থুঁজে পাওয়া যায়। আখ্যানকান্ত্য ও মহাকাব্যে কাহিনীর মধ্য দিবে চিরিত্র স্থিটি করা হয়। কাহিনী ও চরিত্র

জড়িয়ে একটি জীবনবোধ দেখানে প্রকাশিত হয়। উপস্থাসে এই তিনটি উপকরণই থাকে। কিন্তু কাব্যের দঙ্গে এর গ্লার্থক্যটিও কিছুমাত্র অপ্রকট নয়। প্রথমত, উপ্যাস গল্পে রচিত। গল্পে রচিত বলেই ভাবের আবেগ-উচ্ছাদ এখানে কাব্যের স্থায় বাধাহীন হয়ে উঠতে পারে না; ভাবনার সঙ্গে তাকে কতকটা দন্ধি করতেই হয়। কাব্যে কাহিনীর স্থত্র ধরে কবি ভাবা-त्विशृर्व वर्गनांत त्रारका वात्रवात्रहे ध्यातम करतन । कार्तात घटनामः द्वान তাই শিথিল হতে বাধ্য। উপস্থাদেও বর্ণনার প্রবেশাধিকার আছে। কিন্তু ঘটনার সঙ্গে তাকে সমন্বিত হতে হয়। ঘটনাকে থামিয়ে রেখে বর্ণনা চলে না। ঘটনা এখানে অনেক ঘন-সন্নিবিষ্ট। দ্বিতীয়ত, কাব্য-কাহিনীতে কল্পনার অত্যধিক প্রদার দন্তব, বর্তমানের অপেক্ষা অতীতরাজ্যেই তার পরিক্রমা, অতিলোকিকের দঙ্গে তার সহজ সম্পর্ক। উপস্থানে কল্পনা থাকলেও তা বাস্তববৃদ্ধির অতীত নয়, ঐতিহাদিক রোমান্সের সঙ্গেও বাস্তবতার যোগস্ত ছিল্ল হয় না, সর্বতাই চরিত্রগুলিতে একালের মাস্থবের জীবনসমস্থাই চিত্রিত হয়। তৃতীয়ত, কাব্যে কুাহিনী ও চরিত্রের পারস্পরিক সম্বন্ধকে অচ্ছেন্ত বলা চলে না, কবির আত্মপ্রদারণণীল বর্ণনা ও উপলব্ধির স্রোতে কাব্য ভাসমান। উপস্থাসে চরিত্র ও ঘটনার সম্পর্ক অস্থোস্থ এবং অচ্ছেভ। চরিত্রের পথ ধরেই মাত্র ঘটনা অগ্রসর হতে পারে, ঘটনার এবং অপর চরিত্রের ঘাত-প্রতিঘাতেই শুধু চরিত্রের বিবর্তন ঘটে। চতুর্থত, উপত্যাদের চরিত্রগুলিতে ব্যক্তিস্বাতস্ত্র্য প্রকট। ব্যক্তিস্বাতস্ত্র্য বিকাশের উপযুক্ত পরিবেশ যথন সমাজজীবনে দেখা দিল তখনই উপস্থানের আবির্ভাব সম্ভব হল। গতভাষা এই ব্যক্তিস্বাতস্ত্রাকে বিশ্লেষণের মধ্য দিয়ে বিকশিত করে তুলতে পারে। উপত্যাদের বাহনক্রণে গভভাষা তাই অপরিহার্য।

বাংলা গভের বিকাশ ঘটার পরেই উপস্থাদের আবির্ভাব ঘটল।
নবজাগৃতির মন্ত্রপৃষ্ট জীবনে ব্যক্তিস্থাতন্ত্র্য তথন আলোড়িত হয়ে উঠেছে।
,উপস্থাদের উপযুক্ত ভাষাও অনেকটা গড়ে উঠেছে বিভাগাগর মহাশমের
সাধনায়। পুরানো ধরনের কাহিনীতে বাঙালী আর সম্ভট হতে পারল না।
বাংলা গাহিত্যেও ইংরেজী আদর্শে উপস্থাদের জন্ম ঘটল।

উনবিংশ শতাব্দীর বাংলা উপস্থাদের আুলোচনায় ক্রেকটি দাধারণ লক্ষণ চোখে পড়বে।

এক ॥ বঙ্কিমচন্দ্রের পূর্বে বাংলা ভাষায় উপক্তাস রচনার স্বরুপাত ঘটেছে। কিন্তু বঙ্কিমের প্রতিভায় স্বতীতের নিকট ঋণ গ্রহণের চিহ্ননাত্র নেই, ভবিষ্যৎকে সম্পূর্ণভাবে প্রভাবান্বিত করার শক্তি আছে। বিদ্ধমচন্ত্রের উপস্থাদের অতিতীত্র ছ্যুতির নিকটে পরবর্তী ঔপস্থাদিকদের যেন চোখেই পড়ে না। বিদ্ধমচন্দ্র বাংলা উপস্থাদের ছ'টি ধারাকে পৃষ্ট করে উত্তরাধিকারের হাতে দান করে গেলেন। গোটা উনবিংশ শতক ধরে এই ছ'টি ধারার অম্বর্তন চলেছে। বিদ্ধমচন্দ্রনিমিত উপস্থাদের গঠনকৌশলও এ শতাব্দীর পরবর্তী প্রায় সব লেখককেই অম্বরণ করতে হয়েছে।

ত্ই॥ বিশ্বম-প্রবর্তিত ঐতিহাসিক রোমান্স রচনায় পরবর্তী কালে বহু ঔপভাসিকই আত্মনিয়োগ করেছেন। রোমান্সকল্পনার অংশটুকু বাদ দিয়ে বিশুদ্ধ ইতিহাস-কাহিনী রচনার যে চেষ্টা প্রতাপচল্রের "বঙ্গাধিপ পরাজয়ে" 'হচিত হয়েছে এবং রমেশচল্রের হ্'একটি রচনায় সামান্তত অহুস্তত হয়েছে তা ফলবতী হয় নি। তবে বিংশ শতকের প্রথমদিকে রবীক্রযুগের ঔপভাসিকেরা ঐতিহাসিক রোমান্সকাহিনীর প্রতি আকর্ষণ দেখান নি। রবীক্রোন্তর সাম্প্রতিক লেখকেরাও ঐ পথ পরিহার করেই চলেছেন। একান্ত নবীন বহু লেখকের রচনায় ঐতিহাসিক রোমান্স-সৃষ্টির উৎসব সম্প্রতি

তিন॥ বিছমের দামাজিক উপস্থাদে দমাজদমস্থাকে পটভূমি মাত্র করে ব্যক্তিকিজ্ঞাদাকেই তীব্র করে তোলা হয়েছে। তা ছাড়া বান্তব দমাজ ও পরিবারজীবনের চিত্র এদব উপস্থাদে আদে মেলে না। তারকনাথের "স্বর্ণলতা" থেকে পরিবারজীবনের চিত্র-রচনার প্রবর্ণতা স্থচিত হয়েছে, রমেশচন্দ্র-স্বর্ণকুমারীতে দমাজদংস্কার-বাদনা ব্যক্তিচরিত্র ছাপিয়ে মুখর হয়ে উঠেছে। পরবর্তী বাংলা উপস্থাদের প্রধান লেখকেরা তুলনায় আরও বাস্তব-মুখী হলেও বিছমের ধারাটিই অস্ক্রনণ করেছেন। নারী ঔপস্থাদিকদের মধ্যে অবশ্য পরিবারজীবনের সহজ চিত্রাক্ষন প্রবণতা দীর্ঘকাল ধরে চলেছে।

চার॥ হাস্তরদাত্মক গল্পোপভাদের ধারা "আলালের ঘরের ছ্লাল"
থেকে চলে আদছিল। ইন্দ্রনাথ ও যোগেন্দ্রচন্দ্র বস্থর রচনায় তা বিকশিত
হয়েছে। এদের থেকে একটি স্বতন্ত্র স্থরের অস্থশীলন করে ত্রৈলোক্যনাথ এই
ধারার শ্রেষ্ঠ শিল্পী হয়ে উঠেছেন।

উপস্থাস এবং ছোট গল্প এক জাতীয় রচনা নয়। ছোট গল্পের রচয়িতা জীবনকে স্বতন্ত্র দৃষ্টিতে দেখেন। সে দৃষ্টি তীক্ষ ও একাঞা, কখনো তীব্রও কটে.) নাগের পর্যকার মধ্যে জীবনকাহিনী ও দবিনাবজি বিকাশের দিনে তিনি আঁকেন না। এ কটি বিশিষ্ট মুহুর্তবোধের চকিত আলোয় জীবনের সত্য তাঁর কাছে দেখা দেয়। অধ্যাপক নারায়ণ গঙ্গোধায়ায়ের ভাষায় বলা যায় "উপস্থাস মাত্রেই একটা প্রতিপাত্য আছে, সমস্ত ঘাত-সংঘাতগুলিকে গুছিয়ে এনে দে একটা স্থাপ্ট সিদ্ধান্তের মধ্যে প্রতিষ্ঠিত করে। তার ভেতরে পূর্বপক্ষ উত্তরপক্ষ ত্ই-ই আছে। কিন্তু ছোট গল্পের ধর্মই হল তার প্রশ্নমূলকতা। দে যেন একটির পর একটি জিজ্ঞাসাকৈ নগ্ন তীক্ষ্ণতার সঙ্গে জীবনের দিকে ছুড়ে দিতে থাকে।"

ছোট গল্পের তীক্ষতা নেই অথচ উপস্থাদের পূর্ণতারও অভাব এমন ভালো লেখা আমাদের সাহিত্যেও অনেক আছে। এদের বড় গল্প বা ক্ষুদ্র উপস্থাস যে কোন নাম দেওয়া যেতে পারে।

বর্তমানে যে পর্বের আলোচনা করছি ছোট গল্প তথন পর্যন্ত পরীক্ষা-নিরীক্ষার স্তর অতিক্রম করে নি। সেই পরীক্ষা-নিরীক্ষার কথা পরে বলছি। তবে এ-সত্য স্পষ্ট যে উপস্থাসসাহিত্যের বিকাশ না ঘটলে ছোট গল্পের আবির্ভাব সম্ভব হয় না।

বাংলা উপস্থাসের জন্ম

বিভাদাগর মহাশয় এবং তাঁর অম্পরণকারীরা বাংলা ভাষায় সংস্কৃত ও ইংরেজী গ্রন্থের কাহিনী বিবৃত করেছেন। দেগুলি কোন দিক থেকেই উপস্থাসরূপে চিহ্নিত হতে পারে না। "নববাবু বিলাদ" জাতীয় যে নক্শাগুলি ভবানীচরণ লিখেছিলেন তার কোথাও কোথাও হু'একটি চরিত্রের ঈষৎ আভাদ পাওয়া গেলেও উপস্থাদের ন্যুন্তম সর্ভ এ-গ্রন্থগুলি দিদ্ধ করে না।

মুলেলের "ফুলমণি ও করণার বিবরণ"। বাংলা ভাষায় লেখা প্রথম উপস্থাসরূপে শ্রীমতী মুলেল রচিত "ফুলমণি ও করণার বিবরণ" (১৮৫২) নামক গ্রন্থকে স্বীকৃতি দেওয়া উচিত। এই গ্রন্থের পরিচয় দিতে গিয়ে লঙ্ ভাঁর পুস্তক তালিকায় বলেছেন "In the guise of fiction, written for native Christian women, to shew the practical effects of Christianity in forming marriage connections, behaviour to husbands, moral training of children and women's duty to the poor and sick…"। গ্রন্থটি দেশীয় গ্রীষ্টান নারীদের উদ্দেশ্যে রচিত এবং নি:সন্দেহে প্রচারমূলক। কিন্তু এর কাহিনী ও চরিত্রচিত্রান্থন সর্বদা উদ্দেশ্যমলকতা ছারা আচ্চর থাকে নি । স্থাতি স্কলমন্তি স্কল্প বালিক প্রায়া আচ্চর থাকে নি । স্থাতি স্কলমন্তি স্কল্প বালিক প্রায়া আচ্চর থাকে নি । স্থাতি স্কলমন্তি স্কল্প বালিক স্কল্প স্কল্প স্কল্প বালিক স্কল্প স্কল্প স্কল্প বালিক স্কল্প স্কল

কাহিনী ঘনপিনদ্ধ ঐক্য স্ষ্টি করতে পারে নি; কিন্তু ঘটনাবিভাগ সেকালের তুলনায় নিন্দনীয় নয়। এ-গ্রন্থের ভাষা আশ্চর্য সরল; চরিত্রচিত্রণেও বহু স্থানে প্রাণের স্পর্শ লেগেছে। গ্রন্থের লেখিকা মুলেন্সকে কেউ কেউ ফরাসী মহিলা বলেছেন, যদিও ভাষা দেখে তা মেনে নেওয়া কঠিন। আমাদের মনে হয় ঐতিহাসিক ব্রজেন্দ্রনাথ বন্দ্যোপাধ্যায়ের নিম্নোক্ত বক্তব্য প্রণিধানযোগ্য, "স্থানীয় লোকের মুখে শুনিয়াছি, ইনি একজন বঙ্গ মহিলা, চক্রবেড়িয়া নিবাসী এইধর্মাবলম্বী ভগবানচন্দ্র চট্টোপাধ্যায়ের কভা, পাদরি মুলেন্সকে বিবাহ করেন।"

প্যারীচাঁদের "আলালের ঘরের ছলাল"। "আলালের ঘরের ছলাল" চ৮৫৮ দালে প্রকাশিত হয়। এই গ্রন্থের ভাষা ব্যবহারে গ্যারীচাঁদ যে দাহদিকতার পরিচয় দিয়েছিলেন পূর্বেই তা বিস্তৃতভাবে বলা হয়েছে। আলালের ঘরের ছলালের মধ্যে অনেকেই বছল পরিমাণে উপস্থাদলক্ষণ খুঁজে পেয়েছেন। উপস্থাদোচিত কিছু গুণ এ-গ্রন্থে থাকলেও তা অনেকথানি নক্শাধর্মী রচনারীতির দক্ষে মিশ্রিত আকারে প্রকাশ পেয়েছে। তবে এ-রচনায় অষ্টাদশ-উনবিংশ শতাব্দীর কলকাতার ব্যঙ্গচিত্রগুলির মধ্য থেকেই একটি পূর্ণাঙ্গ কাহিনীর আভাদ মেলে। জমিদার পূত্র মতিলাল কুদঙ্গে পড়ে অধঃপাতে গিয়েছিল, ছঃখকষ্টের মধ্য দিয়ে তার স্বভাবের পরিবর্তন ঘটল। এই কথাটি বর্তমান গ্রন্থে বোঝান হয়েছে। নীতিপ্রচারের চেটাটি স্পষ্টই চোথে পড়ে। তবে অসৎ ব্যক্তিদের চরিত্রাঙ্কনে প্যারীচাঁদ অনেকথানি দাফল্য দেখিয়েছেন। বিশেষ করে ঠকচাচার চরিত্রটি ব্যক্তিস্থাতন্ত্র্যে উজ্জ্বল

ভূদেব মুখোপাধ্যায়ের "ঐতিহাদিক উপন্থান"। "ঐতিহাদিক উপন্থান"
১৮৫৭ সালে প্রকাশিত হয়। গ্রন্থে তু'টি কাহিনী আছে। বিজ্ঞাপনে ভূদেব বলেছেন, "ইংরেজিতে 'রোমান্স্ অব হিন্দ্রি' নামক একখানি গ্রন্থ আছে, তাহারই প্রথম উপাখ্যান লইয়া সফল স্বপ্ন নামক উপন্থাদটি প্রস্তুত হইয়াছে! অঙ্গুরীয় বিনিময় নামক দিতীয় উপন্থাদের কিয়দংশ ঐ পুস্তুক হইতে সংগৃহীত ইয়াছে।" প্রথম কাহিনীটি রূপকথা জাতীয় এবং মৌলিক নয়। দিতীয় কাহিনীটি মৌলিক এবং উপন্থাদের লক্ষণাক্রাস্তা। শিবাজী ও উরংজীবের মুদ্ধের পউভূমিকায় স্থাপিত একটি প্রণয়কাহিনা এর অবলম্বনীয় বিষয়। প্রণয়কাহিনীটি কল্পনাস্ট। শিবাজী ও উরংজীবকন্থা রোদিনারার প্রণয়কাহিনীটি কল্পনাস্ট। শিবাজী ও উরংজীবকন্থা রোদিনারার প্রণয়কাহিনীটি কল্পনাস্ট। শিবাজী ও উরংজীবকন্থা রোদিনারার প্রণয়কাহিনীটি কল্পনাস্ট । শিবাজী ও উরংজীবকন্থা রোদিনারার প্রণয়কাহিনী

দার্থকভাবেই কাজে লাগিয়েছেন। কর্তব্যবৃদ্ধির উজ্জীবনে মুক্তপ্রণয় ব্যর্থতার বেদনা বহন করেছে—এভাবেই ভূদেব উপস্থাদটির দমাপ্তি ঘটিয়েছেন। পূর্ববর্তী হ'টি উপস্থাদের দঙ্গে এ-গ্রন্থের জাতিগত পার্থক্য আছে। বাংলা ইতিহাদাশ্রিত রোমান্সের স্থচনা ভূদেবের "অঙ্গুরীয় বিনিময়ে"।

কিন্তু বঙ্কিমচন্দ্রের হাতেই বাংলা উপস্থাদের সত্যকার দিদ্ধি।

ছোট গল্পের জন্ম প্রসঙ্গে

বিষমচন্দ্রের স্ষ্টিতে বাংলা উপন্থাস বিষয়কর উৎকর্ষ পেল। কিন্তু প্রকৃত ছোট গল্পের জন্ম হতে আরও কিছুকাল কেটেছে। "যুগলাঙ্গুরীয়", "রাধারাণী"কে বড় গল্প বলা চলে, ছোট গল্পের বিশিষ্ট জীবনচেতনা বা আঙ্গিকবোধ এখানে অমুপঞ্চিত। ক্ষুদ্র উপন্থাস কথাটির প্রচলন এই সময়ে বাংলা সাহিত্যে লক্ষ্য করা যায়। যে গুলি ক্ষুদ্র উপন্থাসের পূর্ণতা পেত না তাদের আঞ্চিত-প্রকৃতি হত অনেকটা নক্শার মত। ইন্দ্রনাথ, যোগেন্দ্রচন্দ্র অনেক নক্শা লিখেছেন; সঞ্জীবচন্দ্র বা স্বর্ণকুমারী দেবীর হাতে কিছু কিছু ক্ষুদ্র উপন্থাস রচিত হয়েছে। সঞ্জীবের "লামিনী"কে অনেকে ছোট গল্প বলতে চেয়েছেন, কিন্তু তা কোন দিক থেকেই স্বীকার্য নয়।

উনবিংশ শতকের শেষ দশকে ছোট গল্পের আঙ্গিক ও আদর্শ নিয়ে আলোচনা ওঠে। প্রমথ চৌধুরী ১৮৯১ দালে ফরাসী ছোট গল্পের আঙ্গিক অম্পরণের পক্ষে মত প্রকাশ করেন; একটি ফরাসী গল্পের ("ফুলদানী") অম্বাদ করেও তিনি পথ দেখাতে চান। ফরাসী গল্পের অম্বাদ শুরু হয়।

প্রায় এই সময়েই (১৮৯২) "হিতবাদী" পত্রিকায় ছোট গল্পের লেখক হিসেবে রবীন্দ্রনাথের অভ্যুদয় ঘটেছে। বাংলা ছোট গল্প মহিম্ন প্রতিষ্ঠা লাভ করল।

ছোট গল্পের আঙ্গিকের স্ক্ষত। 'উনবিংশ শতাব্দীর কথাসাহিত্যিকের। সহজে আয়ন্ত করতে পারেন নি। এ দের মধ্যে তৈলোক্য মুখোপাধ্যায় প্রানো রূপকথা-উপকথা ও আধুনিক ছোট গল্পের মিশ্রণজাত একটা আঙ্গিক আয়ন্ত করে নিজের রঙ্গ-ব্যঙ্গাত্মক গল্পগুলির আধাররূপে ব্যবহার করেছেন।

বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায় (১৮৩৮-৯৪)

পরিচয়। বাংলা সাহিত্যের ইতিহাসে বঙ্কিমচন্দ্রের সমপর্যায়ের প্রতিভাসম্পন্ন

মিদেস মুলেন্স, প্যারীচাঁদ মিত্র এবং ভূদেব মুখোপাধ্যায়ের মধ্যে সামান্তত দেখা গিয়েছিল বঙ্কিমচন্দ্রে তা বিস্ময়কর বিকাশ লাভ করল। পূর্ববর্তীদের নিকটে তাঁর ঋণের পরিমাণ প্রায় কিছুই নেই, কিন্তু পরবর্তীদের উপরে তিনি ভিক্রতর প্রভাব বিস্তার করেছেন।

শিল্পীর মন ও ইতিহাদের বিচার ॥ ১৮৬৫ সালে বিষ্ণমচন্দ্রের প্রথম উপস্থাদ "হুর্গেশনন্দিনী" যখন প্রকাশিত হল বাংলা সাহিত্যের ইতিহাদে তাঁকে একটি পুণ্যলগ্ধ বলে অনেকেই অভিনন্দন জানিয়েছিলেন। শিবনাথ শাস্ত্রী লিখেছিলেন, "হুর্গেশনন্দিনী বঙ্গদমাজে পদার্পণ করিবামাত্র সকলের দৃষ্টিকে আকর্ষণ করিল। এ-জাতীয় উপস্থাস বাঙ্গালাতে কেহ অগ্রে দেখে নাই। আমরা তৎপূর্বে 'বিজয়বসস্তু' 'কামিনীকুমার' প্রভৃতি কতিপয় সেকেলে কাদম্বরী ধরনের উপস্থাস, গার্হস্থ্য পুস্তক সভার প্রকাশিত 'হংসক্ষপী রাজপুত্র', 'চক্মিকির বাক্ম' প্রভৃতি কয়েকটি ছোট গল্প, এবং 'আরব্য উপস্থাস' প্রভৃতি কয়েকখানি উপকথাগ্রন্থ, আগ্রহের সহিত পড়িয়া আসিতেছিলাম। 'আলালের ঘরের ছলাল' তাহার মধ্যে একটু নৃতন ভাব আনিয়াছিল। কিন্তু ছুর্গেশনন্দিনীতে আমরা যাহা দেখিলাম তাহা অগ্রে কখনও দেখি নাই। দেখিয়া সকলে চমিকিয়া উঠিল। কি বর্ণনার রীতি, কি ভাষার নবীনতা, সকল বিষয় বোধ হইল যেন বন্ধিমবাবু দেশের লোকের রুচি ও প্রবৃত্তির স্রোত পরিবৃত্তিত করিবার জন্ম প্রতিজ্ঞাক্ষ্য হইয়া লেখনী ধারণ করিয়াছেন।"

বঙ্কিমচন্দ্রের উপত্থাসগুলি শিল্পী-মনের বিশিষ্টতা এবং এদের ঐতিহাসিক ভূমিকা সম্বন্ধে কয়েকটি স্ত্রের দিকে দৃষ্টি আকর্ষণ করে।

এক। ইংরেজী উপস্থাস পাঠের ফলেই বাংলায় উপস্থাস লেখার উৎসাহ তিনি ব্রোধ করেছেন, একথা ঠিক। স্কট, ডিকেন্স প্রভৃতির উপস্থাস তিনি আগ্রহ তরে পাঠ করেছিলেন। স্কটের কিছু প্রভাব তাঁর ঐতিহাসিক রোমান্সগুলির উপরে পড়েছে বলে মনে হয়। তবে সে প্রভাব বহিরঙ্গ অতিক্রম করে নি। বঙ্কিমের জীবনচেতনার গভীরতা স্কটে নেই। ডিকেন্সের সঙ্গে বঙ্কিমচন্দ্রের শিল্পীচিন্তের বিশেষ সাদৃশ্য ছিল বলে মনে হয় না। ডিকেন্সের উপস্থাসের গঠনরীতি, চরিত্রচিত্রণপদ্ধতি ও জীবনবাধ বঙ্কিমের সামাজিক উপস্থাসগুলিতে আদে অফুস্ত হয় নি। বঙ্কিমচন্দ্রের উপস্থাসে কোন বিশিষ্ট বিদেশী উপস্থাসিকের প্রভাব লক্ষিত না হলেও ইংরেজী সাহিত্যের চর্চা ও জীবনরমের পরিচিতি তাঁর উপস্থাসিক মনোভঙ্গি এবং

পূৰ্বৰতী বাংলা উপন্থাসজাতীয় রচনা বা গল্পগ্ৰন্থলি দারা তিনি প্রায় কিছুই প্রভাবিত হন নি।

ছই। বঙ্কিমচন্দ্র প্রধানত ছই জাতীয় উপতাদ রচনা করেছেন। এওঁার বেশির ভাগ উপতাদই ঐতিহাদিক রোমান্য। দামাজিক-পার্কিক উপত্যাদ সংখ্যায় অনেক কম হলেও গুণগত উৎকর্ষে রোমালগুলি অপেকা কিছুমাত্র ন্যুন নয়। ৰঙ্কিমচন্ত্রের রোমান্স-প্রবণতার কারণটি গুরুতর। নৃত্ন শিক্ষিত মধ্যবিত্ত সমাজ য়ুরোপীয় চিত্তমুক্তির সংস্পর্শে এনে হৃদয়ের স্বাতস্ত্রাকে আকাশস্পর্শী করে তুলেছিলেন। কিন্তু তাঁদের বাস্তবজীবন ছিল বিবর্ণ ও দঙ্কীর্ণ। কর্মবহুলতা এবং ঘটনা ও প্রবৃত্তির সংঘাত-কলরোল থেকে এ-জীবন বঞ্চিত। মামুষের জীবনের বিরাট গতি ও তরঙ্গ এর মধ্যে উপলব্ধি कता यात्र ना। जीवतन त्यथातन व्यक्ट वन्नन तमथातन मतनत विविध-मूशी मूकि সম্ভব নয়। বঙ্কিমচল্র তাই পুরানো ইতিহাসের দিকে ফিরলেন। সেকালে ইতিহাদের মুখ্য পুরুষেরা নানা রোমাঞ্চকর কাজ করত, অতি সহজেই বীরত্ব দেখাতে পারত। সে যুগের **ঐর্য-সম্পদ, পে**ুষাক-পরিচ্ছদ, ভাব-ভঙ্গির মধ্যেও বর্ণখচিত বিচিত্র সৌন্দর্য ছিল। ইতিহাসকে অবলম্বন করে বঙ্কিমচন্দ্র এই জাতীয় উপস্থাসগুলিতে কল্পনার রঙে-রসে মানবজীবনের বিচিত্র-উজ্জ্বল ছবি এঁকেছেন এবং মানব-অন্তরের গভীরতম প্রদেশে তলিয়ে যেতে প্রায় কোথাও-ই দ্বিধা করেন নি। চিরকালীন মানবচরিত্র এবং মানবভাগ্য যেন এদের মধ্য দিয়ে প্রকাশ করেছেন। বঙ্কিমচন্দ্রের ঐতিহাসিক উপস্থাদে ইতিহাদের মর্যাদা প্রায়ই রক্ষিত হয় নি বলে অভিযোগ শোগা যায়। সন্দেহ নেই এদের ঐতিহাদিকতা মিশ্র ধরনের। কিন্তু উপন্তাস হিসেবে এগুলি যে উচ্চশ্রেণীর তা নিশ্চিত।

তিন। বিদ্ধমচন্দ্রের সামাজিক-পারিবারিক উপস্থাসে সমার্ক্ষ্রদমস্থার প্রদক্ষ থাকলেও তা জীবনচিত্র ছাপিয়ে উঠে কোথাও বিতর্কপ্রধান ও প্রচার মূলক হয়ে পড়ে নি। পরিবারজীবনের বাস্তব দৈনন্দিন চিত্রের অভাবও এসব উপস্থাসে অনেকেই লক্ষ্য করেছেন। আসলে স্থিমিত-আবেগ জীবনের প্রতি বিদ্ধিয়ের আকর্ষণ ছিল না। তাঁর সামাজিক উপস্থাসেও তাই ঘটনাগত চাঞ্চল্যে ও বর্ণনার বর্ণসম্পাতে রোমান্সের ছায়া পড়েছে।

চার। বঙ্কিমচন্দ্রের উপস্থাদের গঠনরীতির বিশিষ্টতা লক্ষণীয়। তাঁর উপস্থাদে সর্বত্ত পূর্ণাঙ্গ স্থবলয়িত কাহিনী-নির্মিতি ঘটেছে। একটি স্থনির্দিষ্ট সমস্যাব কেন্দে সমগ্র কাহিনীটি আবর্তিত হয় আদি-মধ্য-অন্ধ্র অঞ্চলাবে চিহ্নিত করা যায়। উপকাহিনী মূল কাহিনীকে নানাভাবে বিকশিত ও তাৎপর্যবহ করে তোলে। বঙ্কিমচন্দ্রের উপস্থাস ঘটনাবহল। ঘটনায় নাটকীয় চমক ও চমৎকারিত্ব, উত্থান পতনময় সংঘাতস্থান্তর দিকে তাঁর প্রবণতা আছে; আবার কচিৎ অলৌকিকতার স্পর্শ দিয়ে রহস্যের জাল বিস্তারও তিনি করেছেন। এর সঙ্গে যুক্ত হয়েছে বঙ্কিমের কবিত্ব। বর্ণনায় ও উপলব্ধির ব্যাখ্যানে এই কবিস্থলভ মনোভাব ও প্রকাশরীতি তাঁর উপস্থাসে মিশ্র আস্বাদ এনেছে। বিশ্লেষণরীতিকে কতকটা স্বীকার করেও পূর্ণ মর্যাদা তিনি দেন নি। চরিত্র-বিকাশের চিত্রাঙ্কনে কিছু বিশ্লেষণ এবং বেশির ভাগ স্তরনির্দেশের আশ্রয় নিয়েছেন। বাংলাদেশের পরবর্তী ঔপস্থাসিকদের মধ্যে রবীন্দ্রনাথের খণ্ড উপস্থাসগুলিতেই মাত্র এই গঠনরীতি থেকে মৌলিক বিচ্যুতি লক্ষ্য করা যায়। বিংশ শতকের তৃতীয় দশকের পূর্বে বাংলা উপস্থাসের গঠনরীতিতে সাধারণভাবে নবধারা প্রবর্তিত হয় নি।

পাঁচ। বিষমচন্দ্রের উপস্থাসগুলি আকারে থুব বৃহৎ না হলেও এদের
মধ্যে মহাকাব্যিক বিস্তার ও উদান্ততা অহুভব করা যায়। বিষমচন্দ্র আপন
জীবনবাধ ও রচনাভঙ্গির বিশিষ্টতায় সহজভাবেই এই উপস্থাসগুলিতে
বিমাত্রিকতার বোধ সঞ্চার করেছেন। কুদ্র উপস্থাদের ক্ষেত্রে তিনি স্বভাবতই
ক্রেশবোধ করেছেন। এগুলি আসলে অপূর্ণাঙ্গ ও অপুষ্ট উপস্থাস, ছোট গল্লের
প্রাক্রপ। ছোট গল্লকারের জীবনদৃষ্টির সঙ্গে বিষমচন্দ্রের জীবনবোধের
পার্থক্য এত বেশি যে তাঁর পক্ষে ছোট গল্প লেখার চেষ্টাও সম্ভব ছিল না।

প্রহাবলী। বঙ্কিমচন্দ্রের উপন্থাসগুলির দিকে লক্ষ্য করলে ভাবচেতনা ও রূপরচনাগত কিছু কিছু বিবর্তনের হব্র লক্ষ্য করা যায়। "হুর্গেশনন্দিনী" (১৮৬৫) বঙ্কিমচন্দ্রের প্রথম উপন্থাদ। প্রস্তৃতিকালীন অপরিণতির চিহ্ন এর সর্বাক্ষে। "কপালকুগুলা" (১৮৬৬) এবং "মৃণালিনী" (১৮৬৯) এই হু'টি উপন্থাদ নিয়ে প্রথম পর্ব কল্পনা কবা যেতে পারে। দ্বিতীয় পর্বের মধ্যে ধরা চলে "বিষর্ক্ষ" (১৮৭৩), "ইন্দিরা" (১৮৭৩), "যুগলাঙ্কৃনীয়" (১৮৭৪), "চন্দ্রন্থের" (১৮৭৫), "রজনী" (১৮৭৭), "কৃষ্ণকান্তের উইল" (১৮৭৮) এই কটি উপন্থাদকে। "রাজিদিংহে" (১৮৮২) একটি নবতর পর্বের হ্রেপাত ঘটলেও তাঁর বিকাশ হয়েছে "আনন্দমঠ" (১৮৮৪) থেকে। এই পর্বের অন্যান্থ গ্রন্থ হল "দেবী চৌধুরাণী" (১৮৮৪), "রাধারাণী" (১৮৮৬) ও "দীতারাম" (১৮৮৭)। এ ছাড়া "মুচিরাম গুড়ের জীবনচরিত" নামে একটি ব্যক্ষাক্ষক্ষ ক্রান্দ উপন্থাদও তিনি লিখেছিলেন।

তুর্গেশনন্দিনীতে বৃদ্ধিম জীবনবিচ্যুত যে বিশুদ্ধ রোমালরগে মথা হয়েছিলেন দেখানে দীর্ঘকাল বাস করা তাঁর পক্ষে সম্ভব হয় নি। তিনি জীবনের গভীরতর প্রদেশে অবগাহন করে শিল্পসৌন্দর্যের উপকরণ সংগ্রহ করতে চান। রোমাল্যন পরিবেশটির মধ্যেই মানবজীবন ও বিশ্বনিখিলের রহদ্যারত সত্য নিয়ে প্রশ্ন ভুললেন তিনি কপালকুগুলা আর মৃণালিণীতে। একদিকে মানবীয় প্রেমানার দাবদাহ, অপরদিকে নিরাপক্ত প্রকৃতির রহদ্য; বৃদ্ধিমচন্দ্র কপালকুগুলা এবং মনোরমার চরিত্রকে আশ্রয় করে যেন বিশ্বর্যবিষ্ট হয়ে গিয়েছেন। কিন্তু এই ভাব-কল্পনার মূলে যত বড় দার্শনিকতাই থাক না কেন, তার সঙ্গে জড়িয়ে আছে, মানবজীবন ও মানবিক কামনার প্রতি অশ্বীকৃতি। বৃদ্ধিমচন্দ্র তাতে আদে তুগু হতে পারলেন না।

দ্বিতীয় পর্বের উপস্থাসগুলির মধ্যে বেশির ভাগই সামাজিক। বিষরক উপস্থাসে তিনি মানবের জীবনসম্যাকে দার্শনিক রহ্ন্যলোক থেকে সমাজ-ভূমিতে নামিয়ে আনলেন। এই সময়কার প্রধান চারটি উপস্থাদে (বিষরুক, চল্রশেখর, রজনী, কৃষ্ণকান্তের উইল) মুক্তপ্রেম,এবং সামাজিক নীতিবোধের সংঘর্ষকে তীব্রভাবে উপস্থিত করা হয়েছে। আপাতদৃষ্টিতে বহু ক্লেকে মনে হয় বঙ্কিম মুক্তপ্রেমের শক্তি দম্বন্ধে অবহিত হলেও নৈতিক আদর্শবাদের কাছে শেষ পর্যন্ত আত্মসমর্পণ করেছেন। কিন্তু গভীরতর পর্যবেক্ষণে দেখা যাবে যে বঙ্কিম প্রেমাকুতির প্রবলতা ও বিচিত্র রহস্ত দেখে বিষ্ময়াহত হয়েছেন। এটি প্রধানত সামাজিক উপতাদের পর্ব হলেও এই কালসীমায়ও ছ'ঝানা রোমান্স রচনা না করে তিনি পারেন নি। পর পর ছ'থানার বৈশি দামাজিক উপত্যাদ তিনি লিখতে পারেন নি, ঐতিহাদিক রোমান্সের রাজ্য তাঁকে আকর্ষণ করেছে। চল্রশেখর অবশ্য রোমান্স হলেও শৈবলিনীর ব্যক্তিপ্রেমের সমস্তাই সেখানে প্রধান। বিষরুক্ষ, রজনী ও ক্লফকান্তের উইলে যে সমস্তা পুরুষের, চল্রশেখরে নারীর জীবন ও ভাগ্যে দেই একই সমস্থা আবর্তিত। -এ-গ্রন্থ সম্পূর্ণত বর্ডমান পর্বের ভাববৃত্তের অনুসারী। কিন্তু ইন্দিরা এবং যুগলাঙ্গুরীয়ে অগভীর তরল রদের প্রাধান্ত। সম্ভবত শিল্পীপ্রাণের ক্ষণিকের বিশ্রাম কামনা (বিষয়ক্ষ, চল্রশেখর রচনার তীত্র অমুভূতির মাঝখানে শ্রান্থি আদা স্বাভাবিক) এই ছ'টি কুদ্র রচনার জন্ম দিয়েছে।

তৃতীয় পর্বের স্ত্রপাত রাজিদিংহে। কিন্তু রাজিদিংহে আলোচ্য পর্বের একটি মাত্র লক্ষণ স্পষ্ট। এই উপস্থাদে বন্ধিম হিন্দুর বীরত্ব প্রতিপাদনের সমাজিকে ক্ষান্ত লক্ষণ পরর্বতী তিনটি উপস্থাদে (রাধারাণী বাদ দিয়ে) লক্ষ্য করা যায়।
এক। বিষ্কাচন্দ্র দেখাতে চেয়েছেন যে বাঙালী হিন্দু দেকালে বহু বীরত্বপূর্ণ
কর্মের মধ্য দিয়ে নিজেদের স্বাতস্ত্র্য বজায় রাখতে এবং হুর্গত জনগণের দেবা
করতে চেয়েছে। হুই। ইতিহাসকে (ক্ষীণভাবে হলেও) তিনি অহুসরণ
করতে চেয়েছেন। পূর্ববর্তী পর্বের স্বল্প করেছেন। তিন। গ্রন্থত্রয়ে তিনি
স্বাতার নিষ্কাম কর্মের এবং অহুশীলন তত্ত্বের সার্থকতা প্রদর্শন করতে চেয়েছেন।
কিন্ধু মানবহুদয়ে প্রেমের প্রবল শক্তি এখানেও সব তাত্ত্বিক চেতনাকে
অতিক্রেম করে প্রধান হয়ে দাঁড়িয়েছে। ইচ্ছা থাকলেও বিষ্কিম তাকে
নিয়ন্ত্রিত করতে পারেন নি।

বঙ্কিমচন্দ্রের প্রধান উপন্থাসগুলির সংক্ষিপ্ত পরিচয় নেওয়া যাক।

"হর্বেশনন্দিনী" উড়িয়া ও বাংলাদেশের সীমান্তে মুঘল-পাঠানদের যুদ্ধের পটভূমিকায় রচিত। কিন্তু এ-গ্রন্থে কল্পনাই প্রাধান্ত পেয়েছে। মানসিংহের পুত্র জগৎসিংহ, পাঠানরাজকন্তা আয়েষা এবং গড়মন্দারণের ছর্গাধিপতির কন্তা তিলান্তমার কাল্পনিক ও বর্ণাচ্য প্রণয়কাহিনী উপন্তাদের প্রধান আকর্ষণ। সমকালীন বাংলা গল্প সাহিত্যের পরিপ্রেক্ষিতে এই উপন্তাদের মান অনেক উচ্চে হলেও এটতে অপরিণত হাতের ছাপ সহজেই চোথে পড়ে। জগৎসিংহের চরিত্রের প্রাণহীনতা, ঘটনার (বিশেষ করে বিমলার উপকাহিনীর) অতি জটিলতা এবং সর্বোপরি স্থগভীর জীবনচেতনার অভাব এই উপন্তাদের প্রধান ক্রটি। তবে আয়েষার ব্যর্থ প্রণয়ী পাঠানবীর ওসমানের কঠিন ওলার্ফ, বিমলার রহস্ত-কোতৃকের অন্তর্জালন্থিত গোপন বেদনা, তিলোন্তমার নম্র কোমলতা এবং আয়েষার প্রগল্ভ ব্যক্তিস্বাতন্ত্র্য তাদের চরিত্রকে প্রাণপূর্ণ করে তুলেছে।

(মাত্র এক বংসর পরে রচিত "কপালকুগুলায়" ছর্গেশনন্দিনীর ছর্বলতার চিছমাত্র নেই। এই উপস্থাদের বাহুল্যহীন একমুথী গঠনরীতি যেমন কবিত্বপূর্ণ তেমনি নাটকীয় সৌন্দর্যের সংযোগে অভিনব হয়ে উঠেছে। জাহাঙ্গীরের রাজত্বকালের প্রউভূমি দ্র থেকে ফীণভাবে মূল কাহিনীর প্রান্তদেশকে রঞ্জিত করেছে। কপালকুগুলা নামী নারীর কাহিনীই এ উপস্থাদের প্রধান সম্পাদ। কপালকুগুলা সমুদ্রবেলায় বিজন অরণ্যে কাপালিক কর্তৃক পালিত।

হয়েছে। মানবজীবনের প্রেমপ্রীতির প্রতি কোন আগজিই সে অম্বভব করে না। তাকে ভালবেদে নবকুমারের প্রেমতরঙ্গিত হুদয় তাই আশ্রয় পেল না। ট্রাজেডির স্বতীত্র হাহাকারে উপন্যাগটি শেষ হল। কপালকুগুলার চরিত্রে বৃদ্ধিম এক অতল গভীর রহস্তের সৃষ্টি করেছেন। সরল দেরাপরায়ণতা>ও কারুণার অস্তরালে নিক্ষরণ নিরাগজি তার চরিত্রে দানা বেঁধেছে। নবকুমারের স্বল্পবাক শংযমের অস্তরালবর্তী রূপোন্মাদনা ও ট্রাজিক আর্তি প্রাণযন্ত চরিত্রেরূপ লাভ করেছে। পদ্মাবতী বা মতিবিবিকে অবলম্বন করে বৃদ্ধিম জীবনের অপর একটি প্রত্যয় প্রকাশ করতে চেয়েছেন। মুঘলদের রাজসম্পাদের মধ্যে বাদ করেও তার হৃদয় তৃপ্ত হয় নি। দরিদ্র ব্রাহ্মণ নবকুমারকে ভালবেদে দে দবই অনায়াদে পরিত্যাগ করতে পারল—প্রেমের এই প্রেচণ্ড শক্তির চমৎকার চিত্র এখানে অক্ষত হয়েছে।

কপালকুগুলার উৎকর্ষ "মৃণালিনী"তে নেই। লক্ষণদেনের রাজত্বকালে পশুপতিপ্রমুখ রাজপুরুষদের ষড়যন্ত্রে মুদলমানগণ বাংলাদেশ অধিকার করল, এই উপভাদে দে-কাহিনী বিবৃত হয়েছে। তবে হেমচন্দ্র-মৃণালিনীর প্রণারকাহিনী গুরুত্ব পেয়েছে। কিন্তু তাদের চরিত্র ভাল ফোটে নি। কুরবুদ্ধি পশুপতি কিন্তু মনোরমার প্রতি স্লগভীর ভালবানায় দামাভ হুর্ন্তের উধর্বন্তরে উঠেছে। মনোরমার চরিত্রে আদক্তি-নিরাদক্তির আলো-ছায়ার বর্ণবিভাদ অপরূপ রহভ্যের স্পষ্টি করেছে। তার চরিত্রকল্পনাই এই উপভাদের প্রধান গৌরব।

"বিষর্ক্ষ" বঙ্কিমের একটি ক্রটিংনীন সামাজিক উপস্থাস। নগেন্দ্রনাথ পরমাস্থলরী পত্নী স্থামূখীকে গভীরভাবে ভালবাসত। কিন্তু তরুণী বিধবা কুন্দনন্দিনীর প্রতি তার হৃদয় আরুষ্ট হল। সে কিছুতেই নিজ চিন্তকে প্রতিনির্ব্তু করতে পারল না। তারই ফল নগেন্দ্র-কুন্দের বিবাহ এবং স্থামূখীর গৃহত্যাগ। পরিশেষে কুন্দনন্দিনী 'আত্মহত্যা করল। নগেন্দ্র-স্থামূখীর প্রামিলন ঘটল। কিন্তু এ-মিলন বাহিরের। ট্রাঙ্কেডির মৌন হাহাকার হু'জনের মধ্যে অনস্ত পার্থক্যের রেখা টেনে রাখল। উপস্থাসের প্রতিটি চরিত্র স্ব্র্ছাক্ত। কুন্দের চরিত্রটি একটি নম্র কুন্দমূলের মত্ই কোমল ও করণ। স্থামূখী ব্যক্তিছের মহিমায় উজ্জল। কিন্তু নগেন্দের অন্তর্গু ন্দের চিত্র সবচেয়ে সার্থকভাবে অন্ধিত। মানবচরিত্রের রহস্থ গে ভেদ করতে চেয়েছে। স্থামূখীর মত পত্নী যার গৃহে কুন্দর প্রতি-তার এত গভীর আকর্ষণ

নয়, নারীসৌন্দর্য কেন আকর্ষণ করে—নগেল্র নিজের জীবন দিয়েও এর উত্তর পায় নি।

"ইন্দিরা" লঘুরদাত্মক ক্ষুদ্র কমেডি । সামাজিক পটভূমিকায় রচিত হলেও রোমালের রঙ ঘটনাবিত্যাদে গাঢ় হয়েই পড়েছে। তবে "যুগলাঙ্গুরীয়" রচনা হিদেবে ব্যর্থ। বৃহত্তর উপত্যাদের একটি দংক্ষিপ্ত খদড়া বলে একে গ্রহণ করাই দঙ্গত।

"চন্দ্রশেষর" উপস্থাদে মীরকাশিম ও ইংরেজদের সংঘর্ষের পটভূমিতে পারিবারিক জীবনের সমস্থাই প্রধান হয়ে উঠেছে। শৈবলিনী চন্দ্রশেষরের পত্নী, কিন্তু বাল্যদাথী প্রতাপের প্রতি তার স্থগভীর আকর্ষণ। এরই পরিণতিতে দে চন্দ্রশেষরের গৃহ পরিত্যাগ করল এবং ঘটনাচক্রে রাষ্ট্র-বিপর্যরের মধ্যে বাঁপিয়ে পড়ল। পরিণতিতে প্রতাপকে প্রাণ হারাতে হল। চরিত্রচিত্রণের দিক থেকে শৈবলিনী বিদ্ধমচন্দ্রের এক আশ্চর্য স্থাষ্ট্র। প্রতাপের প্রতি স্থগভীর আকর্ষণে, দমাজশক্তির প্রচণ্ড নিম্পেষণে, ছংথের তীত্র দাবদাহে তার চরিত্রমহিমা প্রকাশ প্রেছে। বিদ্ধমচন্দ্র শৈবলিনীকে নরক্ষন্ত্রণা ভোগ করিয়েছেন; সেক্ষেত্রে তাঁর নীতিবাগীশ মনোভাব কিছু উগ্র হয়ে উঠেছে। অপরাপর চরিত্রের মধ্যে দলনীর ভূমিকাটি ক্ষুদ্র, কিন্তু একাগ্র প্রেমমাহায়্মের উজ্জল। মীরকাশিমের রাজকীয় মাহায়্ম এবং চন্দ্রশেষরের উদার গান্তীর্য অল্প পরিসরের স্কন্বর ফুটেছে।

"রজনী" উপস্থাদেও কোথাও কোথাও লেখকের নীতিবাধের তীব্রতা লক্ষ্য করা যায়। এই উপস্থাদে লবঙ্গ-অমরনাথের অসামাজিক প্রেমের দহনজালা এবং উদ্গতিপ্রচেষ্টা তথা শচীশ-রজনীর রোমাটিক প্রণয় দার্থকতার দঙ্গে চিত্রিত হয়েছে। এই উপস্থাদের গঠনরীতিটি কিছু অভিনব। চারটি পাত্রপাত্রীর আত্মকথনরূপে কাহিনীবিস্থাদ ও চরিত্রচিত্রণ বিশেষ দাফল্যের দঙ্গে উপস্থাপিত হয়েছে।

"কৃষ্ণকান্তের উইল" বছিমের একখানি প্রধান উপত্যাস। গোবিন্দলাল বিধবা রোহিণীর রূপে মৃদ্ধ হয়ে ভ্রমরকে পরিত্যাগ করেছিল। ফলে গোবিন্দলালের জীবনে বিপর্যয় দেখা দিল। রোহিণী গোবিন্দলালের হাতে মৃত্যুবরণ করল। ভ্রমরও এদিকে স্বামীর অবহেলায় ত্বংখে প্রাণত্যাগ করল। অভিমানিনী ভ্রমরের তীক্ষ ব্যক্তিত্ব •বছিম সার্থকভাবে ফুটিয়েছেন। রোহিণীর চরিত্রটি তাঁর এক অপূর্ব স্টি। যে রূপ আগুনের শিখার মত পতঙ্গকে পদ্দির মারে বোচিণীর মধ্যে কোর দিলে বছিমচন্দ্র এইক্রেছন। সে শাপন দেহের সৌন্দর্য এবং মনের কামনা-বাদনার আগুনে গোবিন্দলালের সংসার এবং জীবন বিপর্যন্ত করল এবং পরিশেষে নিজেও পুড়ে মরল। রোহিণীর এই চরিত্রবৈশিষ্ট্যের ভিন্তিতে যে অতৃগু যৌবনাকাজ্ঞা আছে লেখক সহাম্ব্রুতির সঙ্গে তার চিত্র এঁকেছেন। কিন্তু রোহিণীর পরিণতির চিত্র আরও বিশ্লেষণের দ্বারাই মাত্র অপরিহার্য হয়ে উঠতে পারত।

"রাজিদিংহ" উপস্থাদে ইতিহাদের অধিকতর সামীপ্য আছে। বিশ্বিমচন্দ্র নিজে এই রচনাটিকে তাঁর একমাত্র খাঁট ঐতিহাদিক উপস্থাদ বলে চিহ্নিত করেছেন। রাজিদিংহ-উরংজীবের দংগ্রামকে কেন্দ্র করে উপস্থাদটি রচিত। প্রেম, দৌলর্যভ্রমা ও বিচিত্র প্রবৃত্তির তরঙ্গভঙ্গ উপস্থাদটিকে জটিল করে তুলেছে। এর পটভূমির বিস্তার মহাকাব্যস্থলভ বিপ্রলতার ছোতনা এনেছে। চরিত্রচিত্রণের দিক থেকে এই উপস্থাদ বন্ধিমের অস্ততম শ্রেষ্ঠ রচনা। উরংজীবের কূটবৃদ্ধির অস্তরালে স্বপ্ত জীবনতৃষ্কা, রাজিদিংহের বৃদ্ধিপ্ত আদর্শবাদ, চঞ্চলকুমারীর নিভীক আদর্শপূজা, নির্মলকুমারীর কোতৃকোজ্জল ব্যঙ্গবাদ, দস্য মানিকলালের ধূর্ত রণচাতুর্য, জীবস্ত হয়ে উঠেছে। কিস্ক জেবউনিদার চরিত্রই এই উপস্থাদের প্রধান আকর্ষণ। জেবউনিদা স্ব্থ-দম্পদ্বিলাদের মধ্যে বাদ করে ভেবেছিল জীবনে প্রেমের মূল্য নেই। গভীর ছঃথের আঘাতে প্রেমের রাজ্যে তাকে জেগে উঠতে হয়েছিল। বিলাদ-দম্পদকে তথন দে অনায়াদে ভূছে করল।

"আনন্দমঠ" উপস্থাস বাঙালী তরুণদের একদা স্বাদেশিকতার অগ্নিমস্ত্রে দীক্ষিত করত। ছিয়ান্তরের মন্ত্রেরের পউভূমিকায় দয়্যাদী বিদ্যোহের আভাদ নিয়ে উপস্থাসটি রচিত। অসুশীলন তত্ত্ব ও নিদ্ধাম কর্মের আদর্শে দেশদেবী সন্তানন্দ, ভবানন্দ, জীবানন্দের নেতৃত্বে এখানে সন্তাবন্ধ হয়েছে। উপস্থাস হিসেবে ভবানন্দের আদর্শচ্যুতিই এর প্রধানতম বিষয়, কিছু তাও একান্ত অপুষ্ঠ।

আনন্দমঠের স্থায় "দেবী চৌধুরাণী"ও উপস্থাস হিসেবে যথেষ্ট সফল রচনা নয়। ইংরেজ রাজত্ব আরন্তের যুগে অরাজকতার পরিবেশে সদেশী দস্যাদলের কাহিনী এই উপস্থাদে বিবৃত হয়েছে। প্রফুল্লের চরিত্রে অফুশীল্পন ধর্ম ও নিষ্কাম কর্মের তত্ত্ব নিয়ে উপস্থাসিক যে পরীক্ষা করেছেন তাঁ কতটা সফল হয়েছে ভাবার মত। স্বামীর সক্ষে দেখা হওয়া মাত্রই তার সব সংযমের বাঁধ মনের দিকথেকে ভেঙে পড়েছে। প্রফুল্ল চরিত্রের উপলব্ধিতে বৃদ্ধিমের শিল্পী-মুন্নই ভয়বাভ করেছে।

বিদ্ধনের এই পর্বের রচনার মধ্যে "সীতারাম" সর্বশ্রেষ্ঠ। জমিদার সীতারাম মুসলমান শাসকের বিরুদ্ধে বিদ্রোহ করে স্বাধীন হিন্দুরাজ্য স্থাপন করেছিল। কিন্তু নারী-রূপমোহে মুগ্ধ সীতারাম শেষ পর্যন্ত সব কিছু হারাতে বাধ্য হল। অথচ এই নারী শ্রী তার বিবাহিত পত্নী। যে ছিল সহজলত্য, নিয়তির বিধানে সে হয়ে পড়ল ছর্লভ। পুরুষসিংহ সীতারামের স্থগভীর রূপত্থা এবং তজ্জাত পতন দেখে পাঠকচিন্ত হাহাকার করে ওঠে। সীতারামের মত পুরুষ-চরিত্র বাংলা সাহিত্যে বড় স্থলভ নয়। নন্দা, রমা, জয়ন্তী প্রভৃতি ক্ষুদ্র চরিত্রগুলিও এই উপন্যাসে ভালই ফুটেছে।

রমেশচন্দ্র দত্ত (১১৮৪৮-১৯০৯)

পরিচয়। রমেশচন্দ্র দত্তের ন্যায় পণ্ডিত মনীষী ব্যক্তি বাংলা দাহিত্যের ইতিহাদে ছর্লভ। প্রাচীন ভারতের সভ্যতা ও সংস্কৃতির ইতিহাদ রচনায় তিনি যে ক্বতিছের পরিচয় দিয়েছিলেন তা দেশ-বিদেশে তাঁকে বিখ্যাত করেছিল। বৈদিক গ্রন্থাদি এবং রামায়ণ-মহাভারতের অন্থবাদেও তিনি যথেষ্ঠ পারদর্শিতা দেখিয়েছিলেন। ভারতের সমদাময়িক কালের অর্থনৈতিক ইতিহাদ রচনা তাঁর অপর কীতি। রমেশচন্দ্রের এই গ্রন্থাবলী ইংরেজীতে রচিত। বিশ্বমচন্দ্রের আহ্বানে তিনি বঙ্গদাহিত্যের দেবায় আত্মনিয়োগ করেন।

গ্রহাবলী॥ রমেশচন্দ্রের ইতিহাস ও পুরাতত্ত্ বিষয়ে গভীর আগ্রহ ছিল। তিনি স্কটের উপন্যাসের একজন ভক্ত পাঠক ছিলেন। বাংলা সাহিত্যে ঐতিহাসিক উপন্যাস নিয়েই তিনি প্রবেশ করলেন। তাঁর চারখানি উপন্যাস ইতিহাসাপ্রিত—"বঙ্গবিজ্ঞেতা" (১৮৭৪), "মাধবীকঙ্কণ" (১৮৭৭), "জীবন প্রভাত" (অর্থাৎ মহারাষ্ট্র জীবন প্রভাত, ১৮৭৮) এবং "জীবন সন্ধ্যা" (অর্থাৎ রাজপুত জীবন সন্ধ্যা, ১৮৭৯)। তিনি অবশ্য ত্ব'খানি সামাজিক উপন্যাসও লিখেছিলেন,—"দংসার" (১৮৮৬) এবং "সমাজ" (১৮৯৪)।

রমেশচলের ঐতিহাসিক উপন্যাসগুলিতে ইতিহাসের পণ্ডিতের তথ্যনিষ্ঠা আছে। ড: শ্রীকুমার বন্দ্যোপাধ্যায় বলেছেন, "তিনি বর্ণিত যুগের বিশেষতৃষ্টুকু উপলব্ধি করেন, বীরত্বকাহিনীর উন্মাদনা নিজ রক্তের মধ্যে অহতেব করেন ও বর্ণিত বিষয়ের মধ্যে একটা ভাবগত ঐক্য স্থাপন করিতে পারেন।" কিন্ত ইতিহাসের ধারার সঙ্গে ব্যক্তি-হৃদয়ের নিগুঢ় যোগসাধ্নে তিনি সফল হন নি। "স্কটের মত তাঁহারও মনস্তৃত্তান নিতান্ত প্রাথমিক (elementary) রক্মের: বাহু ঘটনার সংঘাত ফুটাইয়া ভলিতে দ্বিতি এত ব্যস্ত, ইতিহাদের বৃহত্তর বিকাশগুলিতেই তিনি এত নিবিষ্টচিত্ত যে অন্তর্জগতের দৃদ্বিপ্লব বিশেষভাবে ব্যাখ্যা করিতে তাঁহার অবসর হয় নাই।" (—ড: শ্রীকুমার বন্দ্যোপাধ্যায়।)

"বঙ্গবিজেতা" উপন্যাদে যে ঐতিহাসিক পটভূমি আছে তা একান্ত ক্ষীণ। কারনিক বীরত্ব এবং দেশপ্রেমই এই উপন্যাদের প্রধান বিষয়। আকররের রাজত্বকালে টোডরমল্ল ছিলেন বাংলার শাসনকর্তা। এই সময়ে অমরসিংহ নামক এক জমিদার বিদ্রোহ করেন। ইন্দ্রনাথ নামে এক যুবক টোডরমল্লের পক্ষে অমরসিংহের বিরুদ্ধে যুদ্ধে প্রভূত বীরত্ব ও সংসাহসের পরিচয় দেন। এই ঘটনার পটভূমিতে ইন্দ্রনাথ ও সরলার প্রণয়কাহিনী বিবৃত হয়েছে। এরই মধ্যে চন্দ্রশেখর নামক সন্যাসী, শকুনি নামক শয়তান, বিশ্বেশ্বরীর মত উন্মাদিনী, সতীশচন্দ্রের মত বিশ্বাসঘাতক প্রভৃতি নানা চরিত্রের ভীড় জমেছে। নানা মাহুধ ও অজ্বর ঘটনায় উপস্থাসটি শ্বাসরুদ্ধকর। চরিত্রগুলি আদে স্বজ্বতি নয়, ঘটনাবিকাশের অনিবার্যতাও স্বীকার্য নয়। বঙ্গবিজ্বতার্যেশচন্দ্রের প্রথম উপন্যাস, এটির ত্বলতা স্বাধ্বশে প্রকট।

পরবর্তী উপন্যাদ "মাধবীকক্ষণ" দব দিক থেকেই অনেক পরিণত রচনা। এ উপন্যাদেও ঘটনার বাহুল্য আছে, কিন্তু চরিত্রচিত্রণ তুলনা-মূলকভাবে অনেক সার্থক। সাজাহানের রাজত্বলালের পটভূমি এখানে গৃহীত হয়েছে, কিন্তু পূর্ববর্তী উপন্যাদের মত মূল কাহিনীর দঙ্গে ইতিহাদের যোগ দামান্যই। কিন্তু পৃথক পৃথক ভাবে প্রণয়কাহিনী যেমন স্লচিত্রিত, মুঘল রাজ্যব্যবস্থার ঐতিহাসিক চিত্রও সত্যনিষ্ঠার সঙ্গে বর্ণিত। কেন্দ্রীয় প্রণয়কাহিনীটি কুদ্র, কিন্তু রচনাভঙ্গির গুণে হৃদয়গ্রাহী। ডঃ একুমার বন্দ্যোপাধ্যায়ের বিশ্লেষণে এই প্রণয় কাহিনীটির তাৎপর্য প্রকাশ পেয়েছে, "ইহা একদিকে যেমন সম্পূর্ণ স্বাভাবিক ও সমাজোপযোগী হইয়াছে, অপর দিকে সেইরূপ তীত্র আবেগময় ও উচ্ছুসিত জীবনরসে পরিপূর্ণ হইয়া উঠিয়াছে। । এই প্রেমচিত্রটিতে সর্বত্রই একটা স্কল্প পর্যবেক্ষণ ও বিল্লেষণশক্তি পরিশ্বট হইয়াছে। নরেন্দ্র ও শ্রীশ উভয়ের সঙ্গে হেমের ব্যবহারের যে একটা স্ক্র প্রভেদ আছে তাহা লেখক অল্প কথায় কিন্তু অতি স্পৃষ্টভাবে ফুটাইয়া তুলিয়াছেন। নরেন্দ্রের উচ্ছুসিত, অদম্য—রোষাভিমানকুর প্রণয় হেমের সমস্ত বাহু সংকোচ ও ছল্ল উদাসীন্যের আবরণ ভেদ করিয়া নিজ ছনিবার বেগ তাহার ফদয়ের গোপন স্ত্রে সঞ্ারিত করিয়াছে, নিজ সামাসস ক্ষাস্থ্য কোনাৰ জাকাৰেৰ প্ৰতীৰ শেষমাকে সজাগ এ টেয়াখ কবিয়া

তুলিয়াছে; শ্রীশের শান্ত, চাঞ্চল্যহীন ভালবাদা তাহার হৃদয়ে কেবল গভীর ভক্তি ও শ্রদ্ধার ভাব জাগাইয়াছে। বাহতঃ হেমের দমন্ত শ্রদ্ধা, ভক্তি, আহুগত্য অসংকোচে শ্রীশকে আশ্রয় করিয়াছে; কিন্তু তাহার বালিকা-হৃদয়ের দমন্ত নীরব, ক্ষুটনোমুখ প্রেম নরেন্দ্রের জন্য গোপনে দঞ্চিত রহিয়াছে।" নরেন্দ্র-হেমের প্রণয়কথাই এই উপন্যাদের এবং রমেশচন্দ্রের দম্য্র উপন্যাদের মধ্যে গভীরতম অংশ।

বঙ্গবিজেতা ও মাধবীকঙ্কণের তুলনায় পরবর্তী ছ্'টি উপস্থাদে ইতিহাদের কথা অধিকতর শুরুত্ব পোরেছে। বলা যেতে পারে মানবজীবন-কথা ইতিহাদের ঘটনাবর্তকে ছাপিয়ে উঠতে পারে নি। কল্পনাকে ঔপন্যাদিক ঐতিহাদিকতার উপরে আদৌ স্থান দেন নি।

মহারাষ্ট্র "জীবন প্রভাত" রমেশচন্ত্রের শ্রেষ্ঠ ঐতিহাসিক উপস্থাস। উরংজীবের সঙ্গে শিবাজীর সংঘর্ষের মধ্য দিয়ে মারাঠা জাতি কির্নপে শক্তি সঞ্চয় করল সে কাহিনীই বর্তমান উপন্যাসের উপজীব্য। এ উপন্যাসেও ঘটনার বাহুল্য আছে, কিলু কোন ঘটনায়ই ইতিহাসের মর্যাদা লজ্মিত হয় নি। এমন কি চরিত্র-স্থাইতেও তিনি ইতিহাসের আহুগত্য রক্ষা করেছেন। মারাঠা বীরদের স্বাধীনতা কামনার মধ্যে যেন লেখকের মনোভাবই প্রতি-ফলিত হয়েছে। কিন্তু স্বাজাত্যবোধ প্রচার করতে গিয়ে ঐতিহাসিক তথ্যনিষ্ঠা থেকে লেখক বিচ্যুত হন নি; কোন ঘটনা বা চরিত্রের বিক্কৃতিসাধন তিনি করেন নি। ঔরংজীবও যথেষ্ট স্বাভাবিক বর্ণে চিত্রিত হয়েছে। রঘুনাথ ও সরযুর প্রেম-কাহিনীটি উপন্যাসের অপ্রধান অংশ। মূল ঐতিহাসিক অংশের সঙ্গে তার বন্ধন দৃঢ় না হওয়ায় সামগ্রিকভাবে কোন ক্ষতি হয় নি।

রাজপুত "জীবন সন্ধ্যা"য় ঐতিহাসিক ঘটনার সমাবেশে মানবজীবনের আভ্যন্তরীণ চিত্র একেবারে আছেল হল্নে পড়েছে ! এ উপস্থাসেও ঘটনার বাহল্য এবং অত্যন্ত ক্রতগতি খাদ রুদ্ধ করে। আকবর ও জাহাঙ্গীরের রাজত্বকালে তাঁদের বিরুদ্ধে রাণা প্রতাপসিংহের নেতৃত্বে রাজপুতদের সংখ্রাম এবং পরিশেষে পরাজয়ের কাহিনী এই উপন্যাসের বিষয়বস্তা। তেজসিংহ ও পূপাকুমারীকে কেন্দ্র করে যে প্রথম-কাহিনী এর মধ্যে আছে, ঐতিহাসিক ঘটনার চাপে তা প্রাণহীন। লেখকের জ্লস্ত স্বদেশপ্রেমের পরিচয় থাকলেও "জীবন সন্ধ্যা" উপস্থাস হিসেবে সার্থক নয়।

वाज्यभागात माजां कि क प्रेम्नारम निरम्भी प्रम्नारमम अप्याम ताहे . प्रस्तिन

সামাজিক উপন্থাদ থেকেও এদের স্থর ও ভাবের পার্থক্য সহচ্চেই লক্ষ্য করা যায়। বঙ্কিমের দামাজিক উপভাদগুলি মানব-মনের স্থগভীর রহস্তলোকে পাঠককে নিয়ে যায়। রমেশচন্দ্রের সামাজিক উপতাস খুব গভীরে প্রবেশ করতে পারে না। মানবজীবন ও ভাগ্যের উপরতলের ছবি তাঁর উপন্থাসে মেলে। কিন্তু বৃদ্ধিমচন্দ্র মাফুষের অন্তরের কথা জানবার জন্ম তাঁর সব কল্পনা, অমুভৃতি ও চিস্তাকে নিযুক্ত করেছিলেন, বাহিরের দিকে তাই কিছু ঘাটতি পড়েছে। আমাদের পরিবার ও সমাজজীবনের কোন বাস্তবচিত্র-বিষ্ণিমচন্ত্রের উপত্যাদে বড় মেলে না। দে অভাব পূরণ করল রমেশচন্দ্রের এই উপত্যাদ ष्ट्र'थानि । श्रेत्रीवाःलात ममाज ७ श्रीत्रवात्रजीवन, मन्त्राश, त्रायाला, देकवर्ज প্রভৃতি অতি সাধারণ চাষা-ভূষা শ্রেণীর মাত্র্য তাদের সামান্ত স্থ্যত্বঃথ নিয়ে জীবস্ত হয়ে উঠেছে তাঁর উপস্থাদে। গভীর দহামুভতির দঙ্গে এই চরিত্রগুলি তিনি স্ষ্টি করেছেন। ড: একুমার বন্দ্যোপাধ্যায় বলেছেন "দামাজিক উপত্যাসে রমেশচন্দ্রের বিশেষ গুণ তাঁহার ক্ষম পর্যবেক্ষণ-শক্তি ও পল্লীগ্রামের ত্বঃখদারিদ্রাপূর্ণ জীবনের প্রতি করুণ ও অক্কত্রিম স্হাত্নভূতি। তাঁহার সামাজিক উপস্থাদে কোন গভীর বিশ্লেষণ নাই,কেননা তিনি যে সমস্ত চরিত্র স্ষ্টি করিয়া-ছেন তাহাদের মধ্যে কোন বিশ্লেষণযোগ্য জটিলতা নাই।" এই ছ'টি উপভাগে রমেশচন্ত্র অসবর্ণ বিবাহ এবং বিধবা বিবাহ এই সামাজিক সমস্তার উত্থাপন করেছেন। সমাজ এবং হৃদয় এই ছই বোধের দ্বন্দ বিষ্কমচন্ত্রের উপন্যাসকে পুষ্ট করেছে, রমেশচন্দ্রের সামাজিক উপন্যাদেও এই দ্বন্দ্রে বিশিষ্ট ভূমিকা আছে। রুমেশচন্দ্র অবশ্য সংস্কারের পক্ষে মত দিয়ে বলেছেন, "On principle inter-caste marriage is a duty with us, because it unites the divided and enfeebled nation and we should establish this principle (as well as widow marriage, & c) safely and securely in our little society, so that the greater Hindu society, of which we are only a portion and the advanced guard, may take heart and follow. I can not tell you how deeply I have felt this for years past; of my last two novels 'Sansar' goes in for widow marriage, and 'Samaj'...goes in for inter-caste marriage." "সমাজে" ঔপত্যাসিকের প্রগতিশীল চিস্তাধারার সঙ্গে শিল্পবোধ সমন্বিত হয়েছে। কিন্ত "দংসারে" তা হয় নি, এখানে প্রচারধর্মই প্রধান হয়ে উঠেছে।

अर्वक्रमात्री (১৮৫৫-১৯৩২)

পরিচয়। রবীন্দ্রনাথের জ্যেষ্ঠা ভগিনী স্বর্ণকুমারী দেবী বাংলা সাহিত্যের এক শুরুত্বপূর্ণ ব্যক্তিত্ব। বিচিত্র ধরনের সাহিত্যুস্ষ্টির ক্ষমতা তাঁর ছিল। উপস্থাস, গল্প, নাটক এবং কবিতা রচনায় তিনি মথেষ্ট পারদর্শিতা দেখিয়ে-ছিলেন। সাময়িকপত্র সম্পাদনায়ও তাঁর কৃতিত্বের পরিচয় আছে। তাঁর সম্পাদিত ভারতী পত্রিকা সমকালে বিশেষ খ্যাতি অর্জন করেছিল। আসলে ইংরেজী সভ্যতা ও সাহিত্যের সহিত সংযোগের পর বাংলা দেশের সাহিত্যে যে নবজাগরণ হয়, স্বর্ণকুমারী দেবীর কঠেই দেশের নারী-সমাজের পক্ষে তাহার প্রথম কলগীতি ধ্বনিত হইয়া উঠে।"

গ্রন্থাবলী ॥ কবিতা ও নাট্যরচনায়ও স্বর্ণকুমারী আগ্রহের পরিচয় দিয়েছেন। কিন্তু উপন্যাস রচনায়ই তিনি সর্বাধিক ক্বতিত্ব দেখিয়েছেন। তাঁর উপন্যাসের মধ্যে "দীপ নিৰ্বাণ" (১৮৭৬), "ছিন্নমুকুল" (১৮৭৯), "মালতী" (১৮৮০), "মেবার রাজ" (১৮৮৭), "হুগলীর ইমামবাড়ী" (১৮৮৮), "স্বেহলতা" (১৮৯০, ১৮৯৩), "বিদ্রোহ" (১৮৯০), "ফুলের মালা" (১৮৯৫), "মিলন রাত্রি" প্রভৃতির নাম করা চলে। "নবকাহিনী" (১৮৯২) নামে গল্পের সঙ্কলনও তাঁর আছে। এগুলি ছোট গল্পের রূপদিদ্ধিতে না পৌছলেও একেবারে মূল্যহীনও নয়। সামাজিক এবং ঐতিহাসিক ছ'ধরনের উপস্থাস রচনায়ই তিনি সমান উৎসাহ বোধ করেছেন। বঙ্কিমচন্ত্রের মত কল্পনার প্রসার এবং মানবজীবন ও ভাগ্যের গভীরতম প্রদেশ মন্থন করবার দিকে তিনি যান নি, রমেশচন্দ্রের সহজ জীবনবোধ ও তথ্যনিষ্ঠার প্রতিই তিনি অধিক আকর্ষণ অহুভব করেছেন। তাঁর প্রথম উপস্থাস "দীপ নির্বাণে" কাঁচা হাতের ছাপ অত্যন্ত স্পষ্ট। চিতোর রাজপরিবারের কথা এবং মহম্মদ ঘোরীর প্রদঙ্গ একে ঐতিহাদিক উপস্থাদের রঙ দিয়েছে, কিন্তু তা উপস্থাদটির দাধারণ বিবর্ণতা ঘোচাতে পারে নি। বাংলা দেশের পাঠান যুগের ইতিহাসকে কেন্দ্র করে লেখা "ফুলের মালা" তুলনায় অনেক পাকা হাতের রচনা। কিন্তু রাজ-পুতনার ইতিহাদ নিয়ে লেখা "মেবার রাজ" ও "বিদ্রোহ" তার ঐতিহাদিক উপন্সাসগুলির মধ্যে দর্বোৎক্বষ্ট। দিতীয় উপন্সাসটি কিন্তু প্রথমটির তুলনায় অনেক পরিণত। তথ্য দরিবেশের ঘনত্ব, বিশ্লেষণের স্ক্রন্তা, ট্রাচ্ছেডির দাবদাহ, প্রবৃত্তির সংঘাত এবং ভীলেদের জীবনচর্চার বর্ণনায় ও ভাষার কবিছে উপন্তাদটি নানা দিক থেকেই উপভোগ্য হয়ে উঠেছে।

সমকালীন সমাজজীবনের আদর্শ-সংঘাতের ছায়া স্বর্ণকুমারীর সামাজিক উপস্থাসগুলির উপরে কিছু গভীরভাবে পড়েছে। কলে এদের সহজ্ পারিবারিক আবেদন প্রায়ই তর্ককণ্টকিত উচ্চকণ্ঠ বক্তৃতায় আচ্ছন্ন হয়ে গিয়েছে। "মেহলতা" উপস্থাদের প্রথম ও দ্বিতীয় খণ্ড প্রায় পৃথক রচনা। বিধবাবিবাহ্ এবং অস্থাবিধ সামাজিক সংস্কার প্রচারই উপস্থাদের ধর্মকে অতিক্রম করে বড় হয়ে উঠেছে। ফলে চরিঅগুলির ব্যক্তিশ্ববিকাশ যেমন স্বাভাবিক হয় নি তেমনি মানবিক রসও বছলাংশে ব্যাহত হয়েছে। এর মধ্যে "কাহাকে" নামক ক্ষুদ্র উপস্থাসটি ব্যতিক্রমন্ধপে উপস্থিত হয়েছে। "ইহার মধ্যে যথেষ্ট তর্ক-বিতর্ক আছে, যথেষ্ট পাণ্ডিত্যের আম্পালন আছে, ইংরেজী সাহিত্য ও সমাজের তুলনামূলক সমালোচনা আছে, কিন্তু সকলের উপর দিয়া একটি স্ত্রী-হন্তের লম্বু কোমল স্পর্শ অমৃভব করা যায়।"

ত্রৈলোক্যনাথ মুখোপাধ্যায় (১৮৪৭-১৯১৯)

পরিচয়। তৈলোক্যনাথ পণ্ডিত ও কর্মী ব্যক্তি ছিলেন। ইংরেজী ও বাংলায় নানা জ্ঞানগর্ভ প্রবন্ধে তাঁর পাণ্ডিত্যের পরিচয় রয়েছে। বিশেষ করে শিল্প (industrial products) সম্বন্ধ তিনি স্থগভীর জ্ঞানের অধিকারী ছিলেন। ত্রজেন্দ্রনাথ বন্দ্যোপাধ্যায়ের ভাষায়, "যাঁহার কর্মোছম ও পাণ্ডিত্য একদিন 'বিশ্বকোষ' রচনায় নিয়োজিত হইয়াছিল, তিনিই বাংলা দেশে বালক-বালিকা এবং বৃদ্ধ-বৃদ্ধাদের অবসরবিনোদনের জ্বন্থ এমন বিচিত্র কাহিনী স্কষ্টি করিয়া গিয়াছেন, যাহার জুড়ি আজ পর্যস্ক মিলিল নাতা"

গ্রহাবলী। ত্রৈলোক্যনাথ কয়েকথানি উপস্থাস লিখেছেন, "কল্পাবতী" (১৮৯২), "ফোক্লা দিগদ্বর" (১৯০১), "ময়না কোথায়" এবং "পাপের পরিণাম"। তাঁর গল্পগ্রন্থলি হল,—"ভূত ও মাস্ব্য" (১৮৯৬), "মুক্তামালা" (১৯০১, এটি উপস্থাস বলে বিজ্ঞাপিত হলেও আসলে গল্প-সঙ্কলন), "মজ্বার গল্প" ও "ডমক্র চরিত"।

উপস্থাদিকের দামগ্রিক জীবনদৃষ্টি তাঁর ছিল না। উপস্থাদ হিদেবে রচনাগুলি মূল্যহীন। ব্যাপক জীবনপরিচিতি, চরিত্রপরিণতি ও বাস্তবতা এখানে নেই। একটি-ছটি কৌতুকধর্মী চরিত্রসজনে তিনি বিস্ময়্বর্টর দাফল্য দেখিয়েছেন, আজগুনি ঘটনা ও পরিবেশের টুকরো বর্ণনা র্গের রাজ্যে গিয়ে পৌছেছে। জীবনের শুরুগজীর বা রোমান্টিক ভাবাম্ভৃতির প্রদঙ্গে তিনি একেবারেই ব্যর্থ হ্য়েছেন। "ক্লাবতী" অবশ্য দাধারণ উপস্থাদের প্র পরিহার করায় সর্বাঙ্গীন সফলতা লাভ করেছে। রূপকথার কাহিনীকে অবলম্বন করে আজগুবি ও ভৌতিক উপকরণের সাহায্যে হাস্তরদ স্ষ্টিতে তিনি আশ্বর্য নবীনতা দেখিয়েছেন।

উপভাদের তুলনায় গল্পরচনায় তৈলোক্যনাথের সাফল্য অনেক বেশি। বাংলা ১২৯৭ সালে রবীন্দ্রনাথের ছোট গল্পগুলি হিতবাদীতে প্রকাশিত হয়। তৈলোক্যনাথের গল্পের আঙ্গিলে হিতবাদীতে প্রকাশিত হয়। তৈলোক্যনাথের গল্পের আঙ্গিকে পুরানো গ্রাম্য গল্প-কথার অম্পরণ আছে। কিন্তু নব্য ছোট গল্পের আঙ্গিকের তীক্ষ্ণতা ও একমুখীতা (হাসির গল্পে যতটা স্বাভাবিক) তাঁর কোন কোন গল্পে বেশ স্পষ্ট। যেখানে বিংশ শতকের পূর্বে ছোট গল্পের যথার্থ আঙ্গিকে সিদ্ধ লেখকের সন্ধান মেলেনা, সেখানে তৈলোক্যনাথের গল্প, অংশত হলেও বাংলা সাহিত্যের এই নবধারার আবির্ভাব মাত্র, তার সঙ্গে সংশ্লিষ্ট হয়ে ঐতিহাসিক গুরুত্ব অর্জন করেছে।

ত্রৈলোক্যনাথ বাংলা সাহিত্যে এক নৃতন রদের সন্ধান দিয়েছেন। "বঙ্গবাদী" পত্রিকার ইন্দ্রনাথ বন্দ্যোপাধ্যায় এবং যোগেল্রচন্দ্র বস্থু ব্যঙ্গাত্মক নকুশা ও উপস্থাস রচনা করে সমকালীন বাংলা দেশে প্রভৃত খ্যাতি অর্জন করেছিলেন। একদিক থেকে ত্রৈলোক্যনাথের সঙ্গে তাঁদের সাদৃশ্য আছে। विद्यानाकानाथ, रेखनाथ, याराज्यहळ जिनकात्र कथामाहित्ज राखनात्र ধারাটিকে প্রবাহিত করতে চেয়েছেন। কিছু এঁদের মধ্যে পার্থক্য অনেক। ইন্দ্রনাথ, খোগেল্রচন্দ্রকে এক শ্রেণীভূক্ত করা যেতে পারে। ত্রৈলোক্যনাথ স্বতন্ত্র মেজাজের শিল্পী। ইন্দ্রনাথ এবং যোগেন্দ্রচন্দ্রের কলমে ব্যঙ্গের ধার ছিল, নানা ধরনের অসঙ্গতি বিশেষত আধুনিক শিক্ষার বিচিত্র বিকৃতি তাঁদের রচনায় ব্যঙ্গবিদ্ধ হয়েছে। ত্রৈলোক্যনাথে ব্যঙ্গের বক্রহাস্থ নেই, রঙ্গেব উচ্চহাস্তে তাঁর রচনা পরিপূর্ণ। ত্রৈল্যেক্যনাথের রচনায় সামাজিক সচেতনতা নেই। দ্ধপকের ও আজ্ঞবির রাজ্যে তিনি পাঠককে নিয়ে গিয়েছেন। দেখানে বয়স্ক লোকদের রূপকথার আদর বদেছে। দেশী ভূত-প্রেত থেকে শুরু করে আরব্যরজনীর জিন, ইংরেজী ধরনের স্কল-স্কেলিটন, পিঠেলোভী চীনে ভূত ভীড় করে এদেছে। তারা যতটা ভন্ন দেখিয়েছে হাসির স্ষষ্টি করেছে তার চেয়ে অনেক বেশি। দায়িত্বহীন উচ্চহাস্থের এই মুক্তি আমাদের দাহিত্য জগতে একান্ত হর্লভ ছিল। তাঁর গল্পে পুরানো আম্য পরিবেশে গল্পকথন ভঙ্গিট অব্যাহত আছে, কিন্তু ভাঁড়ামো বা অশ্লীলতার স্পর্শ মাত্র

দেখানে নেই। ইন্দ্রনাথ ও যোগেন্দ্রচন্দ্র সমকালে প্রভূত খ্যাতি অর্জন করেছেন, ত্রৈলোক্যনাথের খ্যাভি যুগান্তরে পৌছেছে।

অক্সান্ত ঔপক্যাসিক

সঞ্জীবচন্দ্র চটোপাধ্যায় (১৮৩৪-৮৯)॥ সঞ্জীবচন্দ্র চটোপাধ্যায়ের সার্থক সাহিত্য-স্টি "পালামো" উপস্থাস নয়, অপূর্বস্কর এক ভ্রমণকাহিনী। "জাল প্রতাপচাঁদ" নামে তিনি যে কাহিনী বির্ত্ত করেছিলেন, সহাস্থ-ভূতি এবং বর্ণনা-সৌক্ষের সময়য় ঘটলেও তা উপস্থাসের স্তরে ওঠে নি। তাঁর চারটি উপস্থাসের মধ্যে "কণ্ঠমালা" ১৮৭৭ সালে এবং "মাধ্বীলতা" ১৮৮৫ সালে প্রকাশিত হয়। এ ছ'টি পূর্ণাঙ্গ উপস্থাসের মর্যাদা দাবি করতে পারে। "রামেশ্বরের অদৃষ্ট" এবং "দামিনী" ক্ষুদ্রাকৃতি উপস্থাস, প্রায় ছোট গল্পের মত। কেহ কেহ "দামিনী"তে বাংলা সাহিত্যের ছোট গল্পের আদিরূপ দেখতে পেয়েছেন। আকারে ছোট হলেও রচনাটিতে ছোট গল্পের বিশিষ্ট জীবনবাধ এবং রূপচেতনার পরিচয় নেই। •লক্ষণীয়, সঞ্জীবচন্দ্রের পূর্ণাঙ্গ উপস্থাস ছ'টিও আকারে একান্ত ক্ষুদ্র। দীর্ঘকাল ধরে আপন প্রয়াসকে একমুখী করে রাখার মন তাঁর ছিল না। এই স্কভাব শিধিলম্ব্র, বিচ্ছিন্ন ও বিক্ষিপ্ত মন্তব্য পরিকীর্ণ ভ্রমণকাহিনীতে সাফল্য অর্জন করলেও উপস্থাসের বিশিষ্ট আঙ্গিককে আয়ত্ত করতে পারে নি। তাঁর উপস্থানে অসম্পূর্ণতা এবং সময়য়—কৌশলের অভাব লক্ষ্য করা যায়।

"কণ্ঠমালা" ও "মাধবীলতা" ঐতিহাসিক রোমাল জাতীয় রচনা। এদের ঐতিহাসিক অংশ অবশ্য কালপরিচয়হীন। কাল্পনিক রোমাল বলে এদের আখ্যাত করাই সমীচীন। প্রথম উপত্যাসটি পূর্বে রচিত হলেও লেখক একে দিতীয়টির পরিশিষ্ট বলেছেন। কিন্তু এদের মধ্যে কালগত, আচার-আচরণ, রাজনৈতিক-সমাজনৈতিক প্ররেবেশগত কোনরূপ যোগস্ত্রই স্থাপিত হয় নি। মাঝে মাঝে মধ্যযুগস্থলত অতিলোকিকতাকে লেখক প্রশ্রে দিয়েছন। মাঝে মাঝে বাস্তবচিত্র এবং চরিত্রবিশ্লেষণে যে নৈপুণ্যের ইঙ্গিত আছে তার প্রতি ঔপত্যাসিক স্থির দৃষ্টিপাত করেন নি। তাঁর মন প্রায়ই কাহিনীগতির বাহিরে চলে গিয়েছে। অপ্রাসঙ্গিক বা গুরুত্বীন বিষ্থের বর্ণনা চকিত চমকে ভাস্বর হয়ে উঠেছে।

বাংলা সাহিত্যে তাঁর মত প্রতিভাবান কিন্তু অন্তমনস্ক ও কেন্দ্রচুত লেখক বড় বেশি নেই। প্রতাপচন্দ্র ঘোষ॥ প্রতাপচন্দ্র ঘোষ ইতিহাসচর্চা ও প্রত্নতাত্ত্বিক আলোচনায় খ্যাতিলাভ করেছিলেন। তিনি বঙ্কিমচন্দ্রের অব্যবহিত পরে "বঙ্গাধিপ পরাজয়" (১ম খণ্ড ১৮৬৯, ২য় খণ্ড ১৮৮৪) নামে একখানি স্থরহৎ ঐতিহাসিক উপভাস রচনা করেছিলেন। প্রতাপাদিত্যের কাহিনী অবলম্বন করে উপভাসটি রচিত হয়েছিল। কিন্তু শুদ্ধ ঘটনাকে মানবিক হাদমচাঞ্চল্যের সঙ্গে যুক্ত করে উপভাসে রূপান্তরিত করবার কৌশলটি তাঁর জানা ছিল না। বঙ্কিমচন্দ্রের উপভাস থেকেও শিক্ষাগ্রহণে তিনি প্রস্তুত ছিলেন না। তাঁর উপভাস তাই সাহিত্য হিসেবে সম্পূণ্ট ব্যর্থ হয়েছে।

তারকনাথ গঙ্গোপাধ্যায় (১৮৪৩-১১) ॥ বঙ্কিমচন্দ্রের রোমান্টিক শিল্পীমন রোমান্স রচনায় কল্পনার ঐশ্বর্ধপূর্ণ চিত্তের অবতারণা করেছে, জীবনের গভীরতম প্রদেশে অবতরণ করেছে। এই কল্পনাধন্ত সৌন্দর্যলোক এবং গভীর জীবনবোধ উচ্চশ্রেণীর পাঠকের অপেক্ষা রাখে। সাধারণ পাঠকগণ কল্পনাগভীরতাকে আয়ন্ত করতে পারে না, সরল বাস্তবতার আস্থাদের কামনাই তাদের চরম কামনা। তারকনাথ গঙ্গোপাধ্যায় যখন "স্বর্ণলতা" (১৮৭৪) উপস্থাদ লিখলেন তখন এই কারণেই তিনি ভ্রদী প্রশংদা পেলেন, প্রভৃত জনপ্রিয়তাও গ্রন্থানি লাভ করল। The calcutta Review পত্রিকায় প্রশংসা করে লেখা হল "As a painter of real ordinary life, both in its comic and in its serious and tragic side Babu Tarak Nath is unrivalled among Bengali authors..." | ইতিহাসের দৃষ্টিতে বিচার করলে বাংলা ভাষায় সামাজিক উপতাস পূর্বেও লেখা হয়েছে। আলাল কিংবা ফুলমণি ও করুণার কাহিনীকে পূর্ণাঙ্গ উপস্থাস বলে না ধরা গেলেও বঙ্কিমচন্দ্রের "বিষরক্ষ" ১৮৭৩ সালে প্রকাশিত হয়েছে। তবে "real ordinary life"-মের চিত্র হিসেবে এটির কিছু মূল্য স্বীকার্য। কোন সামাজিক স্থগভীর সমস্তা কিংবা ব্যক্তিজীবনের কোন তীব্র জিজ্ঞাসার অফুসন্ধান না করে এ রচনার সহজ আবেদনটিকেমেনে নিতে হবে : সমকালীন উচ্ছাসিত প্রশংসার কথা ভূলে গেলে এটিকে একটি অগভীর পারিবারিক জীবনের ছবি হিসেবে সামাত মূল্য দিতে বাধা ঘটবে না। স্বর্ণলতা ছাড়া তারকনাথ আরও কটি উপস্থাস ও বড় গল্প লিখেছিলেন "ললিত-সৌদামিনী" (১৮৮২), "হরিষে বিষাদ" (১৮৮৭), "তিনটি গল্প" (১৮৮৯), "অদৃষ্ট" (১৮৯২) প্রভৃতি। এগুলি একান্ত মামুলী রচনা।

মীর মশাররফ হোদেন (১৮৪৭-১৯১২)॥ আধনিক বাংলা গ্রন্থ সাহিত্যে

মশাররফ হোদেন প্রথম উল্লেখযোগ্য মুদলমান লেখক। গল্পত উভয়বিধ রচনায় তিনি ক্বতিত্বের পরিচয় দিয়েছেন। উপস্থাস ও কাহিনী জাতীয় রচনায় তাঁর অবদান সর্বাপেক্ষা গুরুত্বপূর্ণ বলে মনে হয়। উনবিংশ শতাব্দীর বাংলা কথাসাহিত্যে তিনি একজন বিশিষ্ট লেখক। তাঁর প্রথম রচনা "রত্ববতী" উপস্থাস ১৮৬৯ সালে প্রকাশিত হয়। বিজ্ঞাপনে লেখক বলেছেন "একটি কৌতুকাবহ গল্প অবলম্বন করিয়া ইহার রচনা কার্য্য সম্পন্ন করা হইয়াছে।…এই গল্লটি কল্পনা করিয়াছি। ভাষা-সঙ্গতি ও গল্পের বন্ধন যতদূর পারিরাছি, দামঞ্জন্ত রাখিতে ক্রটি করি নাই।" "বিষাদ্দিল্ল" (১৮৮৫-৯১) মশার্রফ হোদেনের সর্বাধিক জনপ্রিয় গ্রন্থ। হাসান-হোদেনের দঙ্গে এজিদের সংঘর্ষ, হাসানের বিষপানে এবং হোসেনের সপরিবারে জলাভাবে মৃত্যু এই গ্রন্থের বিষয়। ফারদী ও আরবী গ্রন্থ থেকে এর কাহিনীভাগ গৃহীত হয়েছে। তার ভিত্তিতেও যথেষ্ট ঐতিহাদিকতা আছে বলে মনে হয়। কিন্ত मनात्रत्रक (हाटमन हे जिहारमत एक काठीरमाय रमनमञ्जा मःयुक्त करतरहन, রাজনৈতিক ও ধর্মীয় দংঘর্ধের দঙ্গে মানবিক হৃদ্যোবেগকে সমন্বিত করেছেন। এটিকে ইতিহাসাশ্রিত উপস্থাস রূপেই সাহিত্যর্দিকেরা গ্রহণ করবেন। সমগ্র রচনাটির মধ্যে মহাকাব্যোচিত বিশালতা আছে। উদাত্ত-উন্মুক্ত জীবনাবেগ, প্রবৃত্তির স্থতীত্র সংঘাত এবং চরিত্রগুলির ভাস্কর্যস্থলভ কান্তি উপত্যাসটির আস্বাদে বৈচিত্র্য এনেছে! চরিত্র-স্ষ্টিতে তিনি বঙ্কিমচন্ত্রের ছারা বিশেষভাবে প্রভাবান্বিত হয়েছেন। লেথকের "উদাদীন পথিকের মনের কথা" (১৮৯০) উপন্থাস বলে বিজ্ঞাপিত হলেও ঠিক উপন্থাস নয়, "ইহা উপতাদ আকারে নীল অত্যাচারের কাহিনীতে পূর্ণ।" তাঁর অপর বিশিষ্ট গ্রন্থ "গাজীমিয়াঁর বস্তানী" (১৮৯৯) উপন্থাস রূপে গৃহীত হতে পারে। বঙ্কিমচন্দ্রের কমলাকান্তের প্রভাব এই উপস্থানে গভীর ভাবে পড়েছে। কিন্তু কমলাকান্ত যেখানে এণ্ড রচনার সঙ্কলন, গাজীমিয়ার বস্তানী দেখানে একটি কেন্দ্রীয় কাহিনী ও কতকগুলি চরিত্রবিকাশের হতে সম্বন্ধ হয়ে উপত্যাস হয়ে উঠেছে। গ্রন্থটি ব্যঙ্গরসে পূর্ণ এবং সমাজ-সমালোচনাত্মক। রক্ষণশীলতা এবং প্রগতির ভেকধারী উচ্ছুখলতা তাঁর কাছে সমভাবে ধিক্কৃত হয়েছে।

শিবনাথ শাস্ত্রী (১৮৪৭-১৯১৯) ॥ শিবনাথ শাস্ত্রী কর্মপ্রাণ, জ্ঞানযোগী ব্যক্তি ছিলেন। কিন্তু কাব্য ও উপন্থান রচনায়ও তাঁর কিছু প্রবণতা জিল। জ্বাবশা অনুনাদিক হবে স্ক্রেমর্য্রী সাভিত্যস্থিতি তিনি আজনিযোগ করতে পারেন নি। তাঁর উপন্যাদগুলির মধ্যে "মেজ বৌ" (১৮৮০), "যুগাস্তর" (১৮৯৫), "নয়নতারা" (১৮৯৯) প্রভৃতি উল্লেখযোগ্য। একটি বিষয়ে শিবনাথ শাস্ত্রীর বিসমাকর সচেতনতা ছিল। তিনি "যুগান্তর"কে বিজ্ঞাপিত করেছেন দামাজিক উপন্যাদ রূপে, আর ছ'টি গ্রন্থকে তিনি বলেছেন পারিবারিক উপত্যাস। সব পারিবারিক উপত্যাসই সমাজসমস্থার গভীরে আলোকপাত করে না এ বোধ তাঁর ছিল। যুগাস্তর তাঁর শ্রেষ্ঠ উপস্থাদ। কিন্তু এর মধ্যে একটা দিধার ভাব আছে। পল্লীজীবনের সহজ সরল চিত্রাঙ্কনে তিনি সফলতা দেখিয়েছেন। কিন্তু তাঁর মধ্যেকার তান্ত্রিক পণ্ডিতটি যখন বড় হয়ে উঠেছে তখন সহজ মানবিক রদের হানি ঘটেছে। রবীন্দ্রনাথ "যুগান্তর" উপভাদের সমালোচনা প্রদক্ষে ছই স্থারের এই পার্থক্যের প্রতি দৃষ্টি আকর্ষণ করেছেন, "…লেখক বঙ্গদাহিত্যে নশিপুর নামক আন্ত একটি গ্রাম বদাইয়া দিয়াছেন। এই গ্রামের ক্রিয়াকর্ম আমোদ-প্রমোদ কৌতুক উপদ্রব স্ক্রম হুর্জন সমস্তই পাঠকদের চির সম্পত্তি হইয়া গিয়াছে। ...এমন সময়ে আমাদের পরম হুর্ভাগ্যবশত উপন্যাসটি অকল্মাৎ যুগান্তরে লোকান্তরে আদিয়া উপস্থিত হইল। কোথায় গেল তর্কভূষণ, নশিপুর, হাঁদের দল—কোথা হইতে উপস্থিত নবীনচন্দ্র, হাতিবাগান, নবরত্বসভা। গ্রন্থকারও নৃতন বেশ ধারণ করিলেন। তিনি ছিলেন ঔপস্থাসিক, হইলেন ঐতিহাসিক; ছিলেন ভাবুক, হইলেন নীতিপ্রচারক।"

চন্দ্রশেখর মুখোপাধ্যায় (১৮৪৯-১৯২২)॥ প্রধানত সরস প্রবন্ধের লেখক চন্দ্রশেখর "উদ্ভাস্ত প্রেম" (১৮৭৬) নামক একটিমাত্র উপস্থাস লিখে সমকালে স্থবিপুল খ্যাতি লাভ করেছিলেন। তাঁর গ্রন্থটি ভাবাবেগের উদ্ধানে পূর্ণ। উপস্থাস-লক্ষণ গ্রন্থটিতে বেশি নেই। অসংযত উচ্ছাসে পূর্ণ গ্রন্থটি উচুদরের গতারচনা রূপেও গৃহীত হওয়ার উপযুক্ত নয়।

ইন্দ্রনাথ বন্দ্যোপাধ্যায় (১৮৪৯-১৯১১) ॥ কাব্য, নকশা ও গল্পোপভাস জাতীয় নানাবিধ রচনায় ইন্দ্রনাথ বন্দ্যোপাধ্যায় হাত দিয়েছেন। কিন্তু তাঁর সর্ববিধ রচনার মধ্যেই জীবন-দৃষ্টির একটি বিশিষ্টতা প্রকাশ পেয়েছে। ইন্দ্রনাথ দক্ষিণ চোখের প্রসন্ন কোমলতা, দৌন্দর্যপ্রিয়তা ও রোমান্টিক আদর্শবাদকে বর্জন করে বাম চোখের ব্যঙ্গদৃষ্টির শাণিত আলোয় সমাজকে বিদ্ধ করেছেন। কাব্যে-নকশায় বা উপভাসে এই একটি স্থরের সাধনাই তিনি করেছেন। বাংলা ভাষার 'Satire' উপভাসের তিনিই প্রবর্জন। বৃদ্ধিমচন্দ্রের "মুচিরাম ক্ষেদ্ধের জীরত্র চরিত্রের" পরের ক্ষান্ত ক্ষেদ্ধকর শ্বিরা ক্ষান্ত জীরত্র চরিত্রের পরের ক্ষান্ত বিশ্ব ক্ষান্ত ক্

তাঁর অপর উপয়াস "কুদিরাম"কে তিনি অবশ্য 'গালগল্প' নামেই পরিচিত করেছেন।

তাঁর উপস্থাস ঘ্'টিকে গালগল্প শ্রেণীর রচনা বলাই ভাল। ছোট গল্পের বাছল্য-বর্জিত একাগ্রতা যেমন এদের মধ্যে নেই,তেমনি উপস্থাসের কাহিনী ও চরিত্রগত সামপ্রিকতার এখানে একান্ত অভাব। তিনি কাহিনীর অগ্রগতির পারম্পর্য এবং বিভিন্ন অংশের মধ্যে সংযোগ রক্ষার দিকে বিশেষ দৃষ্টি দিতেন না, চরিত্রের ব্যক্তিবৈশিষ্ট্য ও বিকাশধর্ম অন্ধনে তাঁর আগ্রহ ছিল না। তাঁর ব্যঙ্গ-হাস্থও গল্প এবং চরিত্রের সঙ্গে যেন অনেকটা নিঃসম্পর্কিত। অপ্রাসঙ্গিক মন্তব্য ও পল্লবিত বর্ণনার পথ ধরেই তাদের আবির্ভাব ঘটেছে। ইন্দ্রনাথের ব্যঙ্গ তীক্ষ্ণ এবং ব্রাহ্মসমাজের আচার-আচরণ তথা সমাজসংস্কার চেষ্টার বিরুদ্ধে উন্থত। ত্রৈলোক্যনাথের দল-নিরপেক্ষতা বা রচনা-কৌশলে ব্যঙ্গকে রঙ্গরদে রূপান্তরিত করার প্রবণতা তাঁর মধ্যে নেই। ইন্দ্রনাথের রক্ষণশীলতা সোচচার।

যোগেন্দ্রচন্দ্র বস্থ (১৮৫৪-১৯০৫)॥ যোগেন্দ্রচন্দ্র বস্থ "বঙ্গবাসী" পত্রিকার পরিচালকরপে বিশেষ খ্যাতি অর্জন করেছিলেন। এ ছাড়াও একাধিক দৈনিক এবং সাময়িক পত্রের পরিচালনায় তাঁর গুরুত্বপূর্ণ ভূমিকা তাঁকে এদেশের সমকালীন সাংবাদিকদের মধ্যে বিশিষ্ট করে ভূলেছিল। প্রাচীন সাহিত্য ও শাস্ত্রগ্রহাদি (বহু ক্ষেত্রে বঙ্গান্থবাদ সহ) অতি স্থলভ মূল্যে প্রচার করে তিনি শিক্ষিতজনের ক্বতঞ্জতাভাজন হয়েছিলেন।

তিনি "বাঙ্গালী চরিত" (১৮৮৫-৮৬), "মডেল ভগিনী" (°১৮৮৬-৮৭), "কালাচাঁদ" (১৮৮৯-৯৮), "প্রীপ্রাজলক্ষ্মী" (১৮৯৫-১৯০২) প্রভৃতি উপখাদ এবং "কৌতুক কণা" নামক গল্পনংকলন রচনা করেছিলেন। ইন্দ্রনাথ বন্দ্যোপাধ্যায়ের আদর্শে অহ্প্রাণিত হয়ে তিনি দাহিত্যরচনায় এতী হন। কিন্তু ঔপভাদিক হিদেবে গুরু অপেক্ষা তিনি অধিক দাফল্য লাভ করেছিলেন। তাঁর উপভাদের ব্যঙ্গরদ ঘটনাসজ্জায় এবং চরিত্রকল্পনায় দক্ষারিত; ইন্দ্রনাথের ভাষ তা গল্পের সঙ্গে সম্পর্কচ্যুত পল্পবিত বর্ণনা ও বিচিন্তের মন্তব্যকে আত্রয় করে নি। তাঁর ব্যঙ্গও ইন্দ্রনাথের ভাষ তীব্র। রক্ষণশ্বলতার কেন্দ্র থেকে দমাজদংক্ষার ও স্ত্রীশিক্ষার প্রচেষ্টাকে, এবং ব্যক্ষর্থকে আঘাত করাই তাঁর লক্ষ্য ছিল। কিন্তু উপভাদমধ্যে ব্যঙ্গরস স্প্রতি করতে গিয়ে হাস্তের আব্রণ সরিয়ে যথনই তিনি ধর্মোপদেষ্টার ভূমিকায় অবতীর্ণ হয়েছেন তথন তার প্রচারক-রূপ অতি প্রকট হয়ে উঠিছে। অবশ্য যোগেন্দ্রচন্দ্রের

ব্যঙ্গাত্মক অতিরঞ্জন কিছু অমার্জিত স্থূলতা দত্ত্বেও বহুস্থানেই যে উপভোগ্য একথা মেনে নিতে হবে। "শ্রীশ্রীরাজলক্ষী" অতি বৃহৎ উপন্থাদ। উনবিংশ শতাব্দীর ভাবহুন্দটি ব্যঙ্গশিল্পীর দৃষ্টিতে ধরে রাখবার কিছু চেষ্টা এখানে করা হয়েছে। কয়েকটি চরিত্রের ব্যক্তিস্থাতস্থ্যও লেখকের পূর্ববর্তী রচনাগুলির তুলনায় অধিকতর বিকশিত; কচিৎ বেদনার অশ্রুকে হাস্থের সাহচর্যে আহ্বান জানান হয়েছে। কিন্তু জীবন-দৃষ্টির গভীরতার অভাব এবং অতিযান রক্ষণশীলতার জন্ম উপন্থাদটি সাধারণ স্তর অতিক্রম করে নি।

হরপ্রদাদ শাস্ত্রী (১৮৫৩-১৯৩১)॥ বিপুল মনীবার অধিকারী হরপ্রদাদ বিশ্বমার্থার একজন প্রধান প্রাবন্ধিক। তিনি "কাঞ্চনমালা" (১৮৮২ দালে বঙ্গদর্শনে প্রকাশিত) এবং "বেণের মেয়ে" নামে ছটি উপন্থাদ লিখেছিলেন। শেষাক্ত উপন্থাদটি বিংশ শতকে প্রকাশিত হয়েছিল। উপন্থাদ রচনায় তিনি বিশ্বমানকের আদ শ অমুদরণ করেছিলেন। পুরাতন বাংলার ইতিহাদের পটভূমিতে এই উপন্থাদ হ'টে রচিত। ইতিহাদ ও পুরাতত্ত্বের স্থাভীর জ্ঞানকে ঐতিহাদিক পটভূমি রচনাম তিনি কাজে লাগিয়েছেন। তবে তাঁর দরদ দাহিত্যক্তি কোথাও জ্ঞানের বিতর্ককে জীবন-চিত্রের উপরে স্থান দেয় নি।

দামোদর মুখোপাধ্যায় (১৮৫৩-১৯০৭) ॥ দামোদর মুখোপাধ্যায় অনেক। শুলি উপন্থাদ লিখে দমকালীন পাঠকের গল্পরদৃত্ধা মিটিয়েছিলেন। তিনি
সবচেয়ে খ্যাতিলাভ করেছিলেন বঙ্কিমচন্দ্রের "কপালকুগুলার" উপসংহার
স্বন্ধ্রপ "মৃন্ময়ী" (১৮৭৪) এবং "হুর্গেশনন্দিনীর" অহুসরণে "নবাবনন্দিনী"
(১৯০১) রচনা করে। গল্পযার পাঠক মহৎ ঔপন্থাদিককৃত দমাপ্তির ব্যঞ্জনা
প্রায়ই হুদ্যক্ষম করতে পারে না। দামোদরের গ্রন্থ তাদের কাছে ভাল
লাগবারই কথা। কিন্তু সাহিত্যিক উৎকর্ষের কিছুই এখানে মিলবে না।
তিনি স্কট ও কলিন্দের উপন্থাদ বাংলায় অহুবাদ করেছিলেন। তাঁর অন্থান্থ
উপন্থাদের মধ্যে নাম করতে হয় "হুই ভ্রী" (১৮৮১), "কমলকুমারী" (১৮৮৪),
"প্রতাপদিংহ" (১৮৮৪), "মা ও মেয়ে", "বিষ্বিবাহ", "শান্তি", "যোগেশ্বরী",
"অন্পূর্ণা" প্রভৃতি গ্রন্থের। তিনি অক্লান্ত লেখক ছিলেন। বঙ্কিমচন্দ্রের অহুসরণে
তিনি শ্রীতিহাদিক ও দামাজিক উভয় জাতীয় উপন্থাদ লিখেছিলেন। কিন্তু
ঘটনার প্রাধান্থকে ছাপিয়ে চরিত্র-স্টি কোথাও মুখ্য হয়ে ওঠে নি।

শ্রীশচন্দ্র মজুমদার (১৮৬০-১৯০৮)। শ্রীশচন্দ্র রবীন্দ্রনাথের ঘনিষ্ঠ বন্ধু
ছিলেন। সাহিত্যরসিক এবং সমালোচক হিসেবে তিনি খ্যাতি অর্জন

হিসেবে এন্তলিই তার শ্রেষ্ঠ দান। "শক্তিকানন" (১৮৮৭), "ক্বতজ্ঞতা" (১৮৯৬), "বিশ্বনাথ" (১৮৯৬), "রাজতপশ্বিনী" নামক উপস্থাস ছাড়া তিনি ক্ষেকটি গল্পও লিখেছিলেন। "ফুলজানি" (১৮৯৪) উপস্থাসটিই তাঁর শ্রেষ্ঠ রচনা। রবীন্দ্রনাথ এই উপস্থাস সম্বন্ধে আলোচনা করতে গিয়ে শ্রীশচন্দ্রের শিল্পীস্বভাবের মূল দ্বিধাটিকে স্পষ্ট করে তুলেছেন, "পরিচিত সহজ সৌন্দর্যের সহিত স্ক্ষরভাবে সহজে পরিচয় সাধন করাইয়া দেওয়া অসামান্থ ক্ষমতার কাজ; বাংলার লেখক সম্প্রদায়ের মধ্যে শ্রীশবাবুর সেই অসামান্য ক্ষমতাটি আছে। অমাদের ত্রভাগ্যক্রমে গ্রন্থকার নিজের প্রতিভাগ্ন নিজে সম্বন্ধ নেহন, তিনি হঠাৎ এক সময় আপন প্রতিভার স্বাভাবিক গতিকে বলপূর্বক প্রতিহত করিয়া তাহাকে অসাধারণ চরিত্র ও লোমহর্বণ ঘটনাবলীর মধ্যে অসহায়ভাবে নিক্ষেপ করিয়াছেন।" একারণেই প্রত্যাশিত সাফল্য তিনি লাভ করতে পারেন নি।

নগেল্রনাথ গুপ্ত (১৮৬১-১৯৪০)॥ নগেল্রনাথ গুপ্ত সাংবাদিক হিসেবে সমকালে খ্যাতিলাভ করেছিলেন। বিদ্যাপতির পদ সংগ্রহ ও প্রকাশ করে তিনি গবেষণা-কার্যে দক্ষতা দেখিয়েছিলেন। কবিতা এবং প্রবন্ধ-রচনায়ও তাঁর ছাত ছিল। তবে উপন্যাস ও গল্প লেখাইই তাঁর আগ্রহ ছিল সবচেয়ে বেশি। রবীন্দ্রনাথের দঙ্গে তাঁর বন্ধুত ছিল, কিন্তু কথাদাহিত্য স্ষ্টিতে তিনি রবীন্দ্রনাথের দ্বারা প্রভাবিত হয়েছেন বলে মনে হয় না। তিনি "দংগ্রহ" শামক গ্রন্থে ১৮৯২ দালে কতগুলি গল্প দঙ্কলন করেছিলেন। কিন্তু এগুলিকে তিনি ক্ষুদ্র উপন্যাদ নামে অভিহিত করেছিলেন। বাংলা ছোট গল্পের তথন সবে জন্ম হয়েছে রবীন্দ্রনাথের হাতে। তার সংহত, একাগ্র ও স্কন্ধ আঙ্গিক সম্পর্কে সচেতনতা তখন পর্যস্ত অপরের বড ছিল না। বহুকাল পরে ১৯৩১ যে অবশ্য তিনি "রথযাতা ও অক্তান্ত গল্ল" নামে একটি ছোট গল্লের সঙ্কলন প্রকাশ করেন। তাঁর উপন্থাদের মধ্যে "পর্বতবাদিনী" (১৮৮১), "অমরসিংহ" (১৮৮৯), "লীলা" (১৮৯২), "তমস্বিনী" (১৯০১) প্রভৃতির নাম উল্লেখ করা চলে। তাঁর ঐতিহাসিক উপন্যাসগুলিতে বঙ্কিমের গারা অমুসরণের চেষ্টা আছে, অবশ্য তাঁর গভীরতা বাদ দিয়ে। সামাজিক উপন্যাসে তিনি একটি নুতন স্বরের চর্চা করতে চেয়েছিলেন। তাঁর "তমম্বিনী" উপস্থাদ প্রদক্ষে রবীন্দ্রনাথ মন্তব্য করেছিলেন, "ম্পষ্ট দেখা যাচ্ছে, বাঙ্গালা উপস্থাদে তিনি উন্মুক্ত Realism-এর অবতারণা করতে চাচ্ছেন। তাতে আমি কিছুই অল্পাতি কৰি যে। কিল কেটা পাৰা দাই।.. সম্পূৰ্ণ নিজীক নগলে জাল

কিন্তু সল্ল আবরণ রাখতে গেলেই আক্র নষ্ট হয়। এই বইয়ে তাই হয়েছে।"
নগেন্দ্রনাথ সাফল্য অর্জন নৃ করলেও আরও ত্রিশ বছর পরে "কল্লোলে"র
লেখকেরা যা করেছিলেন তাই করবার সাধনা করেছেন। এর ঐতিহাসিক
শুরুত্ব অবশ্যসীকার্য॥

n চার h

প্রবন্ধ-সাহিত্য

ভূমিকা

গত ভাষার বিকাশের দঙ্গে দঙ্গেই বাংলা দাহিত্যে বিষয়গোরবী এবং আত্মগোরবী ছই ধরনের প্রবন্ধের আবির্ভাব হয়। পূর্ববর্তী অধ্যায়ে দেবিয়ে আলোচনা করা হয়েছে। উনবিংশ শতাব্দীর দিতীয়ার্ধে বাংলা প্রবন্ধনাহিত্য বহুমুখী পরিণতি লাভ করেছে। এই যুগের প্রবন্ধনাহিত্যের ইতিহাদ কয়েকটি বিশিষ্ট লক্ষণ্ডের প্রতি দৃষ্টি আকর্ষণ করে।

এক। উনবিংশ শতাব্দীর প্রথমপর্বে বেশ কয়েকজন সমশক্তিদম্পন্ন প্রাবন্ধিক ও গভশিল্পীর আবির্ভাব হয়েছিল। কিন্তু আলোচ্য পর্বে প্রাবন্ধিক হিদেবে বঙ্কিমচন্দ্রের বিরাট ব্যক্তিত্বের নিকটে অপর কেহই পৌছতে পারেন নি। বঙ্কিমচন্দ্রকে আদর্শ করেই দেকালের অপর প্রবন্ধ লেথকগণ অগ্রদর হয়েছেন। বঙ্কিমচন্দ্রের "বঙ্গদর্শন" (১৮৭২) পত্রিকা এদিক দিয়ে খুবই গুরুত্বপূর্ণ ভূমিকা গ্রহণ করেছিল। এই পত্রিকা সম্পর্কে ব্রজেন্দ্রনাথ বন্দ্যোপাধ্যায় লিখেছেন, "বঙ্গদুর্শনের আবির্ভাব একটা সামান্য সাময়িক ঘটনামাত্র নয়, বাংলা সাহিত্যের পরবর্তী সমস্ত ইতিহাসই এই একটি ঘটনার শ্বারা প্রভাবান্বিত হইয়াছে। তেপ্রবন্ধ সমালোচনা যে কতকগুলি সংবাদ (news) ও তথ্যের সমষ্টিমাত্র নয়, সেগুলিও যে নানা বিচিত্র রদ-দংযোগে সাহিত্য-পদবাচ্য হইয়া উঠিতে পারে, পাঠকের শিক্ষা ও জ্ঞানর্দ্ধির দঙ্গে দক্ষে আনন্দেরও খোরাক যোগাইতে পারে, বঙ্গদর্শনেই দেই সত্য সর্বপ্রথম প্রচারিত হইল।" বঙ্গদর্শনকে কেন্দ্র করে দেকালের বহু প্রবন্ধ লেখকই আবিভূতি হয়েছিলেন। সে যুগে বঙ্গদর্শনের আদর্শে বহু পত্রিকা প্রকাশিত হয়ে বাংলা প্রবন্ধনাহিত্যের বিকাশে সহায়তা করেছে। "লোমপ্রকাশ", "আর্যদর্শন", "নবজীবন", "দাধারণী", "দমালোচক", "বান্ধব", "शुन्तर" अञ्चित साम्बिकीय नाम शिन्तरणात देखन करा जान।

ছই॥ এই পর্বের প্রাবন্ধিকদের মধ্যে প্রত্যক্ষ বা পরোক্ষভাবে বন্ধিম-চন্দ্রের ভাব ও ভাষামণ্ডলের অন্তর্ভু কি নন এমন,লেখকের সংখ্যা বেশি নেই। কেশবচন্দ্র সেন, দ্বিজেন্দ্রনাথ ঠাকুর এবং বিবেকানন্দ বন্ধিম-প্রভাবের বাহিরে থেকেই গভাপ্রবন্ধে বিশিষ্টতা দেখিয়েছেন।

তিন॥ ধর্ম বা দর্শন বিষয়ে রামমোহন রায়ের সময় থেকেই বাঙালী প্রাবিদ্ধিকদের বিশেষ প্রবণতা ছিল। 'সে প্রবণতা বিশেষ হ্রাস না পেলেও এই যুগে বিষয়গোরবী প্রবদ্ধের ক্ষেত্রে নিঃসন্দেহে প্রাধান্য পেয়েছে ইতিহাস ও পুরাতাত্ত্বিক বিষয়ের রচনা এবং সাহিত্য-সমালোচনা। বিজ্ঞানাদি বিষয়ের আলোচনায় বাংলা প্রবদ্ধ এই গৌরবের যুগেও বিশেষ সমৃদ্ধ হয়নি।

বঙ্কিমচক্র চট্টোপাধ্যায় (১৮৩৮-৯৪)

পরিচয়। বাংলার শ্রেষ্ঠ ঔপফাদিক বিদ্ধমচন্দ্র বাংলার অন্তম প্রধান প্রাবিদ্ধিকও। বাংলা ভাষায় গুলানবিজ্ঞান সম্পর্কে মৌলিক প্রবিদ্ধার জন্ম তিনি দেশের গুণীজনকে আহ্বান জানিয়েছিলেন। বাঙালীর চিন্তার রাজ্য যাতে প্রসারিত হয়, জ্ঞান ও কর্মে, যাতে দে নৃতন উৎসাহ ও উদ্দীপনা লাভ করতে পারে দেই উদ্দেশ্যে তিনি "বঙ্গদর্শন" পত্রিকা প্রকাশ করেন। লছু-গুরু যে কোন ধরনের প্রবিদ্ধই যে রচনাগুণে "সাহিত্য" হয়ে উঠতে পারে বিদ্ধমই তা নিঃসংশয়ে প্রমাণ করেন। অনেক বাঙালী লেখক তাঁর আদর্শে অম্প্রাণিত হয়ে ইতিহাস-গ্রেষণার গুরুভার গ্রহণ করেন, কেহ কেহ সাহিত্য-সমালোচনায় হাত দেন, অনেকে দর্শনাদি বিষয়ে প্রবিদ্ধ লেখায় ব্রতীহন, কেহ কেহ আবার লঘু কোতুকরসের নিবন্ধ রচনা করতে থাকেন।

গ্রহাবলী। বিষয়চন্তের লঘু ও গুরু, আলগোরবী ও বিষয়গোরবী দর্ববিধ প্রবন্ধের উল্লেখ্য গ্রন্থের তালিকা এখানে দেওয়া হল। "লোকরহস্য" (১৮৭৫) কোতুকরসাল্পক নকশার• সঙ্কলন; "বিজ্ঞানরহস্থ" (১৮৭৫) বিজ্ঞানবিষয়কে জনপ্রিয় করবার উদ্দেশ্যে রচিত প্রবন্ধয়গ্রহ; "কমলাকান্তের দপ্তর" (১৮৭৫) ক্ষীন স্বত্রে বদ্ধ আলগোরবী কতকগুলি প্রবন্ধের সংগ্রহ। "বিবিধ সমালোচনা" (১৮৭৬), "প্রবন্ধপুস্তক" (১৮৭৯) গ্রন্থ ছু'টি ঐকসঙ্গে "বিবিধ প্রবন্ধ" প্রথম ভাগ নামে প্রকাশিত হয়। "বিবিধ প্রবন্ধ" দ্বিতীয় ভাগ প্রকাশিত হয় ১৮৯২ সালে। "সাম্য" (১৮৭৯), "রুক্ষচরিত্র" (১৮৮৬) এবং "ধর্মতন্ত্ব" বা "অস্থীলন" (১৮৮৮) তাঁর অপরাপর বিখ্যাত প্রবন্ধ গ্রন্থ হাল নাম ক্ষিম্যান ক্ষান

ছিল এবং সর্ববিধ প্রবন্ধেই যে তিনি সমান সাফল্য লাভ করেছেন এমন মনে করবার .কারণ নেই। বিশেষ করে সাহিত্য-সমালোচনা, ইতিহাস ও প্রাতত্ত্বে আলোচনা এবং ধর্ম ও দর্শনের ব্যাখ্যানে তিনি অধিক আকর্ষণ অফুভব করেছেন।

সমালোচক বন্ধিমচন্দ্র ॥ বন্ধিমের হাতে বাংলা সমালোচনা-সাহিত্য উজ্জ্বল মূর্তি পরিপ্রহ করে, পূর্ববর্তী সমালোচনার তুলনায় তার গুণগত সমুন্নতি ঘটে। বন্ধিমচন্দ্র যেমন ঈশ্বরগুপ্ত, প্যারীচাঁদ মিত্র প্রভৃতি আধুনিক মূগের সাহিত্যিকদের সম্পর্কে আলোচনায় স্ক্রে অন্তর্দৃষ্টির পরিচয় দিয়েছেন, তেমনি প্রাচীন সাহিত্যের সমালোচনায় এবং সংস্কৃত ও ইংরেজী সাহিত্যের তুলনামূলক বিচারে আপন রস্টুষ্টির গভীরতার নিশ্চিত প্রমাণ রেখে গিয়েছেন। আবার গীতিকাব্য সম্পর্কিত আলোচনায় তিনি নাটক ও উপস্থানের দঙ্গে গীতিকবিতার পার্থক্য সম্পর্কে যে সব স্ব্র নির্দেশ করেছেন আজ্ব পর্যন্ত তার মূল্য স্বীকার্য।

বঙ্কিমের সমালোচনার ব্রীতি ও পদ্ধতি দখলে কয়েকটি প্রধান স্থতা আলোচনার যোগ্য। এক। সমালোচনপদ্ধতির দিক থেকে তিনি analytic বা বিশ্লেষণাত্মক ভঙ্গির বিরোধী ছিলেন ৷ তাঁর মতে সমগ্রের বোধেই সৌন্দর্য-উপলব্ধি সম্ভব। এখানে একটি উপমা, ওখানে একটি অফুপ্রাসের খোঁজ করা সমালোচকের কাজ নয়। এই Synthetic বা সাজ্ঞাটিক পদ্ধতি বাংলা সমালোচনা গাহিত্যে এক প্রধান উত্তরাধিকার। ছুই। গাহিত্যের ম্বরপ-নির্ণয় প্রদক্ষে বঙ্কিমের মত এই যে, স্বভাবামুকারিতা এবং স্পৃষ্টিধর্মের সংযোগেই গাহিত্যের প্রাণ। প্রথমটির অভাবে দাহিত্য অলীক বস্তু হয়ে ওঠে; দ্বিতীয়টির অভাবে তা প্রাণহীন ও রদহীন হয়ে পড়ে। তিন। সাহিত্যের উদ্দেশ্য সম্পর্কে বঞ্চিমের অভিমত বিশেষ প্রণিধানযোগ্য। সমসাময়িক বাংলা সমালোচনায় এই প্রশ্নটিকে কেন্দ্র করে তুমুল বিতর্ক উঠেছিল। একদল সমালোচক সামাজিক নীতি ও সমাজের স্বাস্থ্যরক্ষাই সাহিত্যের একমাত্র কর্তব্য বলে মনে করতেন, অন্তদল সৌন্দর্য-স্পষ্টিকে দাহিত্যের উদ্দেশ্য বলে ঘোষণা করলেন। সৌন্দর্যসৃষ্টিই যে সাহিত্যের মুখ্য উদ্দেশ্য এ সম্বন্ধে বঙ্কিমচন্দ্র দ্বিধাহীন ছিলেন। কিন্তু নীতিশিক্ষার প্রশ্নটি তিনি একেবারে অধীকার করতে পারেন নি। তবে নীতিশিক্ষাদান সাহিত্যের গৌণ উদ্দেশ্য এবং তার · প্রধান কর্তব্যের দারাই ধীরেও ক্রমে ক্রমে সাধিত হবে এই হল তার <u>অভিয়ত। প্রাঠকদের উপদেশ দিয়ে নীতিজ্ঞ করে তোলা তার উদ্দেশ নয়.</u> সৌন্দর্য-স্পষ্টির মধ্য দিয়ে নীতি ও ধর্মবোধের প্রতি আগজি জন্মানোই তার প্রকৃত লক্ষ্য। চার। দংস্কৃত রসবাদ সম্পর্কে বৃদ্ধিমচন্দ্রের বিরূপতার কথা এ প্রসঙ্গে শরণ করা যেতে পারে। রসবাদী সমালোচনার সীমাবদ্ধতা দেখিয়ে তিনি এই পদ্ধতির সাহিত্যবিচার পরিহারের পক্ষে মত দিয়েছেন। ইংরেজি সমালোচনার প্রতি তাঁর অহুরাগ এই থেকেও অনেকটা প্রমাণিত হবে।

বিষয়গোরবী প্রবন্ধ ॥ সাহিত্যসমালোচনাকেও বিষয়গোরবী প্রবন্ধ বলেই গণ্য করা উচিত। তবে এখানে গৌল্বচর্চাই লক্ষ্য, জ্ঞানচর্চা নয়। জ্ঞানচর্চা মূলক বিষয়গোরবী প্রবন্ধ রচনায় বঙ্কিনচন্দ্র চিন্তাগত যে মৌলিকতা দেখিয়েছেন তার স্বন্ধপ আলোচনার যোগ্য।

বিষ্কিষ্ঠ প্রথম জীবনে যুরোপীয় দার্শনিক কোঁতের সমর্থক ছিলেন এবং নিরীশ্বরবাদী হয়ে উঠেছিলেন। এই সময়ে তিনি "সাম্য", "বঙ্গদেশের ক্বক" প্রভৃতি প্রবন্ধে সমাজতন্ত্রবাদের পক্ষ সমর্থন করেন। ভারতে তিনিই সর্বপ্রথম সমাজতন্ত্রের পক্ষে গ্রন্থ রচনা করেন। কার্ল মার্ক্সের First International-এর মতবাদের সঙ্গে তাঁর বিশেষ সম্বন্ধ ছিল বলে মনে হয় না। তিনি ওয়েব-সাইমন প্রভৃতির Utopian Socialism মতবাদের দ্বারাই বিশেষভাবে প্রভাবিত ছিলেন বলে মনে হয়! কিন্তু পরিণত বয়সে তাঁর মতবাদে গুরুতর পরিবর্তন দেখা দেয়। তিনি গীতার মন্বাণীর প্রতি আরুষ্ট হন এবং প্রচার করতে থাকেন যে জ্ঞান, কর্ম ও ভক্তি—তিনের বিকাশ ও সমন্বয়ের মধ্যেই মত্ন্যুত্বে আদর্শ। "মনে কোন বাসনা না রেখে কর্ম করে যাওয়া এবং সর্ব কর্মফল ভগবানে অর্পণ করা' হয়ে দাঁড়াল বঙ্কিন্সচন্দ্র প্রচারিত নৃতন জীবনাদর্শ। "ধর্মতন্ত্ব" গ্রন্থে এই কথাই বলা হয়েছে।

"কৃষ্ণচরিত্র একাধারে ধর্মতত্ব ও প্রত্নতত্ব। তান বিষ্ণাচল কৃষ্ণচরিতের প্রথমতঃ মহাভারতের ঐতিহাসিকতা প্রতিপন করিয়াছেন—তিনি নিপুণভাবে দেখাইয়াছেন, মহাভারত কল্পনামূলক কাব্য নয়, অনেকাংশে প্রামাণিক ইতিহাস (History)।" দার্শনিকপ্রবর হীরেন্দ্রনাথ দন্তের এই অভিমত তাৎপর্যপূর্ণ। বঙ্কিমচন্দ্র কৃষ্ণচরিত্র গ্রন্থে যে সিদ্ধান্ত প্রতিষ্ঠিত করতে চেয়েছেন দে বিষয়ে মতল্পে থাকলেও অস্বীকার করবার উপায় নেই যে তিনি "ৰীরদর্প সহকারে কৃষ্ণচরিত্র গ্রন্থে স্বাধীন মহযুব্ধির জ্বপতাকা উড্ডীনি করিয়াছেন। তিনি শাস্ত্রকে ঐতিহাসিক যুক্তি দারা তন্নতন্ত্রপে পরীক্ষা করিয়াছেন এবং চিরপ্রচলিত বিশাসগুলকেও বিচারের অধীনে আনম্বনপূর্বক অপমানিত বুদ্ধিক পুনশ্চ ভাহার গৌরবের সিংহাসনে রাজাসন দিয়াছেন।" (রবীক্রনাথ)।

ঐতিহাসিক ও পুরাতাত্ত্বিক বিষয়ে প্রবন্ধ রচনায়ও বঙ্কিম বিশেষ সাফল্যের পরিচয় দিয়েছেন। তাঁর এ বিষয়ের আলোচনায় প্রধানত যে সব সমস্থার বিচার করা হয়েছে তা হল,—এক। ভারত তথা বাংলা দেশের বীর্যহীনতা প্রভৃতি বিষয়ে যে দব কলঙ্কের অভিযোগ করা হয় তার সত্যতা নির্ধারণ। ছই। বাঙালীর উৎপত্তি বিষয়ক আলোচনা। এই দব বিষয়ের আলোচনায় তিনি যে পদ্ধতি অবলম্বন করলেন য়ুরোপীয় ঐতিহাদিকগণ দেই প্রণালীতে দবে দে দেশের ইতিহাস রচনার চেষ্টা করছিলেন, এদেশের ইতিহাস বিচারে সে প্রণালীতে তথন কেউ চিন্তা পর্যন্ত করেন নি। এ বিষয়ে ঐতিহাদিক রাখালদাস বল্ব্যোপাধ্যায়ের সাক্ষ্য গ্রহণ করা যেতে পারে, "এই যুগে বঙ্কিমচন্দ্রের লেখনী হইতে কতকগুলি ঐতিহাসিক সূত্য নি:সত হইয়াছিল, বিগত অর্থ শতাব্দীর শত শত নৃতন আবিষারেও তাহাদিগের সত্যতা সম্বন্ধে কাহারও সন্দেহ উপস্থিত হয় নাই। বঙ্কিমচন্দ্র এই ঐতিহাদিক সত্যগুলি মহাজন উল্জির মতন বলিয়া যান নাই; এখন আমরা যেমন করিয়া ঐতিহাসিক শত্য প্রমাণ করিবার চেষ্টা করি, বহু সত্যাসত্যের মধ্য হইতে যেমন করিয়া ঐতিহাসিক সার সত্যটুকু বাছিয়া লইতে যত্ন করি, তিনিও তেমনি করিয়া দেইক্লপ প্রণালী অবলম্বনেই ডাঁহার উক্তিগুলির সত্যতা প্রতিপাদন করিয়া গিয়াছেন ।"

আত্মণৌরবী প্রবন্ধ॥ "লোকরহস্থের" প্রবন্ধগুলি সমাজব্যসমূলক।
এগুলিতে বিষয়বস্তু প্রধান হয়ে ওঠে নি, রচনা-রসসন্তোগই হয়েছে মুধ্য।
এগুলির ব্যধরস মাঝে মাছে বেশ তীব্র হয়ে উঠেছে, কিন্তু অল্লীলতার স্পর্শও
কোথাও নেই। অসঙ্গত কল্পনা, উন্তট পরিস্থিতি, রঙ্গাত্মক অতিরপ্তন এই সব
রচনায় হাস্তরসের কারণ হয়ে উঠেছে। এই শতান্দীর তৃতীয় দশক থেকে যে
ব্যঙ্গাত্মক নকশার প্রচলন হয়েছিল বিদ্ধমের এ-রচনায় তা উৎকর্ষের চরমে
উঠেছে।

বিদ্ধমের "কমলাকান্তের দপ্তর" একটি অতি উচ্চন্তরের প্রবন্ধ গ্রন্থ। এর মধ্যে থারা ডিকুইলীর "Confessions of an opium eater" এর সাদৃশ খোঁজেন তাঁরা বহিরঙ্গকেই অধিক গুরুত্ব দেন। রচনাটির মৌলিকতায় সন্দেহ প্রকাশ করা চলে না! কমলাকান্ত নামক আফিমখোর, অপ্রিয় সত্যভাষী, অন্তরের গভীরে নির্জন একাকীত্ব বহনকারী ব্যক্তিটির মধ্যে বিদ্মিচন্ত্রের ব্যক্তি-আত্মার প্রতিফলন ঘটেছে এরূপ মনে করা অসঙ্গত নয়। এই দপ্তরে নানা ধরনের প্রবন্ধ আছে। ক্যেকটি প্রবন্ধে গীতিরস চমংকার প্রকাশ প্রেম্ছ।

কমলাকান্তের মাধ্যমে বিছমের নির্জন ব্যক্তিসন্তার আর্তি যেন সেখানে ধ্বনিত হয়েছে। গল্প ভাষাকে কতটা নমনীয় করে গ্রীতিঝঙ্কারের স্পষ্ট করা যায় বিছমেচন্দ্র কমলাকান্তের দপ্তরে তা দেখিয়েছেন। এই গ্রন্থের অপর কতকগুলি রচনা রূপকধর্মী এবং ব্যঙ্গাল্পক। এখানে বিছমের বিদ্রূপাশ্বক ভাষার শাণিত তীরে এবং উদ্ভট কল্পনার রূপকবিলাদে সামাজ্ঞিক বিচিত্র অসঙ্গতি এবং জাতীয় চরিত্রের নানা ইর্বলতা তীব্র আ্বাত পেয়েছে।

শিবনাথ শাস্ত্রী (১৮৪৭-১৯১৯)

পরিচয়। "শিবনাথ ছিলেন একাধারে সাহিত্যিক, ধর্মসংস্কারক, লোকদেবক এবং স্বাধীনতার উপাসক।" ব্রাহ্মধর্ম প্রচারের আন্দোলনে শিবনাথ
এক প্রধান ভূমিকা গ্রহণ করেছিলেন। "সোমপ্রকাশ", "সমালোচক"
প্রভৃতি পত্রিকার সম্পাদক হিসেবেও তিনি খ্যাতি অর্জন করেছিলেন।
শিক্ষাবিস্তারে তাঁর ভূমিকা ছিল শুরুত্বপূর্ণ। রাজনৈতিক প্রতিষ্ঠান গঠনের
কাজেও তিনি আত্মনিয়োগ করেছিলেন। রচনাবলী তাঁর সাহিত্যিক
প্রতিভার যে পরিচয় দেয় শিবনাথের প্রতিভা তার চেয়ে গভীরতর ছিল।
ধর্ম ও সামাজিক কর্মকে অধিক শুরুত্ব দেওয়ায় সাহিত্য-স্টির ক্বেত্রে তিনি
বহুলতর এবং উৎকৃষ্টতর দান রেখে যেতে পারেন নি।

গ্রন্থাবলী ॥ শিবনাথ শাস্ত্রীর প্রবন্ধ গ্রন্থগুলির মধ্যে "মাঘোৎসবের উপদেশ," "মাঘোৎসবের বক্তৃতা", (এই উপদেশ ও বক্তৃতাগুলি উনবিংশ শতাব্দীর শেষভাগে প্রদন্ত), "রামতফ্ লাহিড়ী ও তৎকালীন বঙ্গমাজ্ঞ" (১৯০৪), "ধর্মজীবন" (১৮৯৫-১৯০১), "প্রবন্ধাবলী" এবং "আত্মচরিত" উল্লেখযোগ্য।

বিষয়গৌরবী-প্রবন্ধ ॥ শিবনাথ শাস্ত্রীর ধর্মসূলক আলোচনায় এমন কিছু বৈশিষ্ট্য নেই। তাঁর মৌলিকতা ঐতিহাসিক বিষয়ের আলোচনায়। প্রায় সমসাময়িককালের ঘটনাবলী পর্যবেক্ষণ করে তার মধ্য থেকে সমাজগতির মূল স্থ্র আবিষ্কারের দ্রদৃষ্টি গভীর সমাজচেতনার পরিচয় দেয়। শিবনাথ শাস্ত্রীর প্রবন্ধে এই দ্রদৃষ্টির সন্ধান মেলে। উনবিংশ শতাক্রীতে ইংরেজী শিক্ষার সংস্পর্শে আসার ফলে এদেশে তরুণশ্রেণীর মনে বিষ্কার তারকার দোলা দেখা দিয়েছিল তার কার্য-কারণ ও ফলাফল শিবনাথ শাস্ত্রী তার শাষ্ট্র বাষ্ট্র বাষ্ট্র ও তৎকালীন বঙ্গসমাজ এবং ইংরেজীতে রচিত ত্ইখণ্ড শিistory of the Brahmo Samai গান্তর বিশ্বেষণ করেছিলেল ।

ঐতিহাসিক ব্রজেন্দ্রনাথ বন্দ্যোপাধ্যায় বলেছেন "শিবনাথ শাস্ত্রীর সকল রচনার মধ্যে তাঁর দেশপ্রেম ও জাতীয়তা বোধ ওতপ্রোত হইয়া আছে।" তত্ত্বজ্ঞ ভগবন্ধক হিসেবে দেকালে তিনি খ্যাতি অর্জন করলেও কোন ধর্ম-সম্প্রদায়ের গণ্ডীতে তাঁকে সীমাবদ্ধ করা যায় না। তাঁর চিন্তার আকাশ অনেক বিস্তুত ছিল।

শিবনাথ শান্ত্রীর প্রবন্ধের ভাষা সাবলীল ও শব্দাড়ম্বরশৃষ্ঠ। প্রদন্ধ প্রজ্ঞা তাঁর ভাষায় যেন বাণীমৃতি লাভ করেছে। ভাষার সরলতা বিষয়গান্তীর্যকে কোথাও ব্যাহত করে নি।

আত্মগোরবী প্রবন্ধ ॥ শিবনাথ শাস্ত্রীর "আত্মচরিত" জ্ঞানগর্ভ প্রবন্ধের গ্রন্থ নয়, সরস আত্মত্বতি রোমহন । জীবনের ছোট ছোট কাহিনী, উপলব্ধি ও চিন্তা এই গ্রন্থে স্থন্দরভাবে প্রকাশিত হয়েছে। আত্মগোরবী প্রবন্ধ হিসেবে চিত্রবহুল প্রাণোস্তাপপূর্ণ এই গ্রন্থটির মূল্য সামান্ত নয়। মাঝে মাঝে কৌতুকরণের সহযোগ রচনাটিকে আযাদ্য করে তুলেছে।

হরপ্রসাদ শাস্ত্রী (১৮৫৩-১৯৩১)

পরিচয়। হরপ্রদাদ শাস্ত্রী বাংলা দেশের অন্তত্য শ্রেষ্ঠ পণ্ডিত ছিলেন। সমগ্র ভারত পরিভ্রমণ করে তিনি প্রাচীন সংস্কৃত পুঁথি সংগ্রহ করে সম্পাদনা করেছেন। বাংলা সাহিত্যের প্রাচীনত্য নিদর্শন "চর্যাশ্চর্য বিনিশ্চয়ে"র পুঁথি তিনি নেপাল থেকে সংগ্রহ করে এনেছিলেন। প্রাচীন ভারতীয় সভ্যতা ও সংস্কৃতির এত বড় গবেষক সারা ভারতে মাত্র ছ'চারজন জন্মছিলেন। অধ্যাপক স্থালকুমার দে বলেছেন, "প্রাচীন ভারতের সাহিত্য, ধর্ম, ইতির্ভ্ত ও সংস্কৃতির কোন দিকই তাঁহার দৃষ্টি এড়াইয়া যায় নাই; এবং পঞ্চাশ বৎসরের অধিক কাল ব্যাপী পরিশ্রম, আলোচনা ও বছদর্শনের পরিণত কল এই পুশুক ও প্রবন্ধগুলির বছ সহত্য পৃষ্ঠায় বিক্ষিপ্ত হইয়া রহিয়াছে। কিন্তু তাঁহার আসন্তি ছিল ছইটি বিষয়ে—মহাযান বৌদ্ধর্ম ও সাহিত্যের আলোচনা এবং নানা দিক দিয়া কালিদাদের গ্রন্থাবলীর গুণগ্রাহিতা।"

গ্রন্থাবলী। গবেষক-পণ্ডিত ব্যক্তি হলেও হরপ্রসাদের সরস মন প্রবন্ধ রচনায় দীমাবদ্ধ থাকে নি। তিনি উপত্যাদ রচনার যে চেষ্টা করেছিলেন তার সংক্ষিপ্ত বিবরণ পূর্বেই প্রদন্ত হয়েছে। প্রাবদ্ধিক হিসেবেই অবশ্য তাঁর স্থান অমর হয়ে থাকেবে। ভাষা, সাহিত্য, ধর্ম ও দর্শন বিষয়ক তাঁর বহু প্রবন্ধ সাময়িক পাত্রের পর্মায় ছাজিয়ে আছে (সম্পাতি গ্রেম্বন্ধ হাছে)। এগুলি উনবিংশ শতান্দীর শেষ ভাগ এবং বিংশ শতকের প্রথম ভাগে রচিত।
"ভারত মহিলা", "মেঘদৃত ব্যাখ্যা", "প্রাচীন বাংলার গৌরব", "বৌদ্ধর্ম" এই
কর্মটি ক্ষুত্র প্রবন্ধ পুস্তক তাঁর মৃত্যুর পূর্বে বা পরে গ্রন্থাকারে প্রকাশিত হয়েছে।
তা ছাড়া এশিয়াটিক সোদাইটির প্রায় বার হাজার প্রাচীন পুঁথির (এর মধ্যে
আটি হাজার তাঁর নিজের সংগ্রহ) বিস্তৃত বিবরণ ও ভূমিকাসহ তালিকাও
(চৌদ্ধতে) তিনি প্রস্তুত করেন। পাণ্ডিত্যে এবং স্টে-প্রাচুর্যে হরপ্রসাদ
শাস্ত্রীর স্থান যে কত উপরে এই বিবরণ থেকেই তার পরিচয় মিলবে।

প্রাবন্ধিক হরপ্রসাদ ॥ হরপ্রসাদ প্রাচীন ভারতীয় সমান্ধ-ইতিহাস সম্পর্কেষে আলোচনা করেছেন তাতে স্বদেশায়রাগ ও ঐতিহাসিকের নিরপেক্ষ বস্তুতন্ময় দৃষ্টি সমন্বিত হয়েছে। বাংলাদেশের পুরানো সামান্ধিক-সাংস্কৃতিক ইতিহাস সম্পর্কেও তিনি অনেক মৌলিক সিদ্ধান্তে পৌছেছিলেন। ভারতের এই প্রত্যন্ত প্রদেশ প্রাচীনকাল থেকেই কিরপে নানাদিকে আর্য-ভারত থেকে আপন পার্থক্য বজায় রেখেও উচ্চ গৌরবে অধিষ্ঠিত হয়েছিল, তুর্ক-বিজ্ঞায়ের পূর্বে প্রই প্রদেশে বৌদ্ধর্ম ও চিন্তা কিরপ নৃতন রূপ ধারণ করে জাতির জীবনে প্রবল প্রভাব বিস্তার করেছিল তার বিবরণ মেলে হরপ্রসাদ শাল্পীর বহু আলোচনায়।

হরপ্রসাদ শাস্ত্রী যে রসজ্ঞ সাহিত্য-সমালোচকও ছিলেন তার প্রমাণ রয়েছে সংস্কৃত সাহিত্য সম্পর্কিত অনেকগুলি প্রবন্ধে। নীতিতত্ব ঘটিত প্রশ্নে ব্যাস্কৃল না হয়ে সাহিত্যের সহজ্ঞ সৌন্দর্য, নির্ণয়ে তিনি সরস ভাষায় উল্লেখযোগ্য প্রচেষ্টা করেছেন।

ভাষারীতি॥ সংস্কৃতজ্ঞ পণ্ডিত হরপ্রসাদ কিন্তু বাংলাভাষাকে সংস্কৃত-বাহুল্যে হুর্বোধ্য করে তুলবার পক্ষপাতী ছিলেন না। বারা "চলিত কথা দেখিলেই নাক সিটকাইরা উঠেন" এবং যারা "পড়েন ইংরাজী ভাবেন ইংরাজীতে লিখিতে চান বাললায়" ,তাঁরা উভয়েই হরপ্রসাদের কাছ থেকে বি্দ্রপের আঘাত পেয়েছেন। হরপ্রসাদের নিজের ভাষা কথ্যশন্দে পূর্ণ, স্পষ্ট ও সরল। বাক্যগুলি সাধারণত কুন্ত। গন্তীর বিষয়ের আলোচনায়ও তিনি পাঠক মনে সাহিত্যরুস সঞ্চার করতে সমর্থ হয়েছেন।

অন্যান্য প্রাবন্ধিক

সঞ্জীবচন্দ্র চট্টোপাধ্যায় (১৮৩৪—৮৯)॥ সঞ্জীবচন্দ্র চট্টোপাধ্যায় "ঘাত্রা সমালোচনা" প্রভৃতি ছু' একটি প্রবন্ধ রচনী করেছিলেন। কিন্তু ভার "পালামে" নামক ক্ষু ভ্রমণ-কাহিনীটি বাংলা প্রবন্ধসাহিত্যের এক অমূল্য সম্পদ। পালামৌর প্রকৃতি ও এ-অঞ্চলের মান্থবের জীবনধাতা বিষয়ে তথ্যপূর্ণ কোন বিষয়প্রধান ভ্রমণ-বিবরণী এটি নয়। এর মধ্যে সঞ্জীবচন্দ্রের কবি-প্রাণটি মৃক্তি পেয়েছে। উপপ্রাসের স্থনির্দিষ্ট গঠনে তিনি অতন্ত্রচিত্ত হতে পারতেন না। ভ্রমণ-কাহিনীতে একক ব্যক্তিত্বের স্ত্রের বিচ্ছিন্ন ঘটনাংশ এবং বর্ণনার মালা রচনা করা হয়। সঞ্জীবের সৌন্ধর্য-দৃষ্টি ষেমন প্রকৃতির থগুচিত্রে প্রাণসঞ্চার করেছে, পরিচিত নৈকট্যকে দিয়েছে নবীনতা, তেমনি সরস মন্তব্যের চমকে সামান্তকে করে তুলেছে অসামান্য। রবীন্দ্রনাথের ভাষায়, "পালামৌ-ভ্রমণবৃত্তান্তের মধ্যে সৌন্দর্যের প্রতি সঞ্জীবচন্দ্রের যে একটি অফুব্রিম সঞ্চীব অন্থরাগ প্রকাশ পাইয়াছে এমন সচরাচর বাংলা লেখকদের মধ্যে দেখা যায় না।…পালামৌ দেশটা স্ক্রমংলগ্ন স্ক্রম্পন্ট জাজ্জ্ব্যমান চিত্রের মতো প্রকাশ পায় নাই, কিন্তু যে সহলয়তা ও রসবোধ থাকিলে জগতের সর্বত্রই অক্ষয় সৌন্দর্বের স্থধাভাণ্ডার উদ্যাটিত হইয়া যায় সেই তুর্লভ জিনিসটি তিনি রাথিয়া গিয়াচেন…।"

কেশবচন্দ্র সেন (১৮৬৮-৮৪)॥ ধর্মসাধক কেশবচন্দ্র নিজ উপলব্ধি এবং ধর্মেশিদেশ দান প্রসঙ্গে যে-সব কথা বলেছেন তার প্রবন্ধমূল্য অকিঞ্চিংকর নয়। তিনি সচেতন সাহিত্যসেবী ছিলেন না। কিন্তু বাংলা ভাষার যে রূপ তাঁর বফ্টতা ও উপদেশগুলিতে ধরা পড়েছে তার সর্বজনবাধ্য সারল্য বিশ্বয়কর। বিষয়ের কাঠিয় তাঁর ভাষা ও প্রকাশরীতিকে কোথাও জটিল করে তোলে নি। কেশবচন্দ্রের মধ্যে ছিল একটি মুক্ত সহজ মন। যুক্তি দ্বারা সত্যকে যাচাই করা এবং সর্ব বাধা অতিক্রম করে তাকে গ্রহণ করার মত বলিষ্ঠতা তাঁর ছিল। এই যুক্তিপ্রবৃদ্ধ চিত্তের সঙ্গে সমন্বিত হয়েছিল ধর্মীয় উপলব্ধি। এই চিস্তা ও অফ্টুতিকে তিনি তাঁর রচনায় অতি সরল ভাষায় প্রকাশ করেছেন। তাঁর সঙ্কলিত ধর্ম-ব্যাখ্যান, বক্তৃতা ও উপুদেশের মধ্যে সর্বাধিক গুরুত্বপূর্ণ হল "জীবনবেদ" (১৮৮৩) এবং "প্রার্থনা"।

বিজেজনাথ ঠাকুর (১৮৪০-১৯২৬)॥ তত্ত পণ্ডিত বিজেজনাথ গণ্ড-পদ্ম উভরবিধ রচনার পারদর্শী ছিলেন। তাঁর কাব্যের পরিচয় পূর্বেই দেওরা হরেছে। ধর্ম ও দর্শন এবং সমাজসমস্তা বিষয়ে তিনি অনেকগুলি প্রবন্ধ লিখেছিলেন। "তত্ত্বিভা" (১৮৬৬-৬৯) তাঁর প্রথম প্রবন্ধ গ্রন্থ। বন্ধিমচন্দ্র বাংলা প্রবন্ধ রচনার হাত দেবার পূর্বে গ্রন্থটি লিখিত। বাংলা গভ্যের উবাকালের রামখোহন রায়ের কথা ছেড়ে দিলে দর্শন বিষয়ে এরূপ আলোচনা গ্রন্থ বিজেন্দ্রনাথের হাতেই প্রথম প্রকাশিত হল। বিজেন্দ্রনাথ ১৮৮৫ থেকে যে সব জ্ঞানগর্ভ প্রবন্ধ লিখেছিলেন তার অনেকগুলি, "নানাচিন্তা", "প্রবন্ধ মালা" প্রভৃতি গ্রন্থে সন্ধলিত হরেছে। বিজেন্দ্রনাথের তত্ত্ব-জিজ্ঞাস্থ মন এই প্রবন্ধগুলির মধ্যে স্পষ্টভাবে আত্মপ্রকাশ করেছে। তাঁর প্রবন্ধের ভাষা সন্থমে শ্বতিকথায় তিনি লিখেছেন, "কথনও কোথাও আমার লেখার মধ্যে বিদেশী হাবভাব idiom তুমি খুঁজিয়া পাইবেনা। আমার দৃঢ় বিশ্বাস যে, মনে যদি এমন কোনও ভাব উদিত হয়, যাহা প্রকাশের উপযুক্ত খাঁটি দেশী ভাষায় প্রকাশ করা যায়,— তাহাকে প্রকাশের জন্ম বিদেশী idiom-এর অন্থবাদ করিতে যাইব কেন ? আমি কথনও ও পথ মাড়াই না।"

কালীপ্রসন্ন ঘোষ (১৮৪০-১৯১০)॥ কালীপ্রসন্ধ ঘোষ সমকালীন অধী সমাজে প্রাবন্ধিক হিসেবে খ্যাত হয়েছিলেন। "বঙ্গদর্শনে"র আদর্শে প্রচারিত তাঁর "বান্ধব" পত্রিকাটি স্বরং বন্ধিমচন্দ্রের প্রশংসা আকর্ষণ করেছিল। তাঁর প্রবন্ধ গ্রন্থগুলির মধ্যে "প্রভাত-চিস্তা" (১৮৭৭), "ভ্রান্তিবিনোদ" (১৮৮১), "নিভ্তুচিস্তা" (১৮৮৩), "নিশীথচিস্তা" (১৮৯৬) প্রধান। "প্রমোদ-লহরী" নামে একটি লঘুরসের গ্রন্থও তিনি রচনা করেছিলেন। ইংরেজী চিম্ভাবিদ্দের সঙ্গে কালীপ্রসন্মের ঘনিষ্ঠ পরিচয় ছিল। কিন্তু তাঁর ভাষা ও প্রকাশরীতির কাব্যস্থলভ ঝন্ধার ও তরল গীতিরস একালের পাঠকদের মন জয় করতে পারে নি। তাঁর চিম্ভাপ্রণালীর মধ্যে স্পষ্ট শৃষ্কালা যদি থাকেও আবেগধর্মী কৃত্রিম ও অসংযত প্রকাশভঙ্গি তাকে আচ্ছন্ন করে ফেলেছে।

চন্দ্রনাথ বস্থ (১৮৪৪— ১৯১০)॥ বহিমপ্রভাবিত প্রাবন্ধিকদের মধ্যে চন্দ্রনাথ বস্থ অগ্রতম। তিনি সাহিত্য ও সমাজ বিষয়ক প্রবন্ধ রচনায়ই অধিক প্রবণতা দেখিয়েছেন। তাঁর গ্রন্থাবলীর মধ্যে "শকুন্থলাতত্ব" (১৮৮১), "ফুল ও ফল" (১৮৮৫), "ব্রিধারা" (১৮৯১), "হিন্দুজ্ব" (১৮৯২), "বর্তমান বালালা সাহিত্যের প্রকৃতি" (১৮৯৯), "পৃথিবীর স্থথ-তঃখ" প্রভৃতি উল্লেখ্যাগ্য। বন্ধিম-প্রভাবের যুগে সাহিত্য ক্লেত্রে অবতীর্ণ হলেও তিনি ভূদেব ম্থোপাধ্যায়ের টিস্তাধারারই অন্থবর্তন করে চলেছেন। সমাজ-চিন্তায়ণ তিনি স্নাতন ব্যবস্থা রক্ষার পক্ষপাতী ছিলেন। সাহিত্য-সমালোটনীর ব্যাপারেও তিনি সৌন্দর্যস্থিষ্টি অপেক্ষা নীতিবোধের দ্বারাই বেশি পরিচালিত হয়েছেন। সাহিত্যিকের আদর্শ হল মধ্যযুগের নীতিবোধকে সমর্থন করা—চন্দ্রনাথ বস্থর এক্রণ অভিন্যুক্ত অবশ্রুটী এচণযোগ্য নয়।

রাজকৃষ্ণ মুখোপাধ্যায় (১৮৪৫-৮৬)॥ বছ ভাষাবিদ্ পণ্ডিত রাজকৃষ্ণ বাংলা ভাষায় গছ-পছ উভয়বিধ রচনা লিখেছেন। ভাষাতত্ব, প্রাচীন দর্শন ও পুরাণ কাহিনী বিষয়ে তিনি ইংরেজীতে মূল্যবান গ্রন্থ লিখেছিলেন। বাংলা প্রবন্ধসাহিত্যে প্রতিভাম্বায়ী উপযুক্ত অবদান তিনি রেখে বেতে পারেন নি। তাঁর একমাত্র প্রবন্ধের বই "নানা প্রবন্ধ" ১৮৮৫ সালে প্রকাশিত হয়। তাঁর প্রবন্ধে ঐতিহাসিক গবেষকের নিষ্ঠা ও বিচার-বৃদ্ধির পরিচয় মেলে। তাঁর ভাষা বিষয়ামূগ, তাই ভাবাবেগপূর্ণ সাহিত্যরস সেখানে প্রত্যাশিত নয়। বিষয়ের মূল্যে এবং বিষয়বিক্যাসের নিপূণ্তায় তাদের মূল্য এবং তা একান্ধ অকিঞ্ছিৎকরও নয়।

যোগেক্সনাথ বিভাভ্যণ (১৮৪৫-১৯০৪)॥ "আর্যদর্শন" পত্রিকার সম্পাদক যোগেক্সনাথ বিভাভ্যণ বাংলা প্রবন্ধসাহিত্যে কিছু গুরুত্বপূর্ণ অবদান রেখে গিয়েছেন। তিনি বিশেষ করে জীবনীমূলক প্রবন্ধ রচনার প্রবণতা দেখিয়েছেন। "জন টুয়াট মিলের জীবন-বৃত্ত" (১৮৭৭), "ম্যাট্সিনির জীবন-বৃত্ত" (১৮৮৬), "গ্যারিবল্ডীর জীবন-বৃত্ত" (১৮৯০) এবং "বীরপূজা" গ্রন্থে দেশীর এবং বিদেশী দেশপ্রেমিক ও মনীষীদের জীবন-কথা বিবৃত্ত করেছেন। তাঁর অপরাপর প্রবন্ধগ্রন্থর মধ্যে "ক্রময়োজ্যাস" (১৮৮১), "সমালোচনা-মালা" (১৮৮৫), "চিস্তা-তরন্ধিনী"র (১৮৯০) নাম উল্লেখযোগ্য। বিদেশীয় স্বাধীনতা আন্দোলনে বে-সব মহাত্মা গজীর প্রভাব বিস্থার করেছিলেন তাঁদের জীবন-কথা আলোচনায় যোগেক্সনাথের বেশি আগ্রহ ছিল। তাঁর স্বাজাত্যবোধ এই প্রবন্ধগুলির মধ্যে আত্মপ্রকাশ করেছে।

রামদাস সেন (১৮৪৫-৮৭)॥ বামদাস সেন অক্সকালই বেঁচেছিলেন, কিন্তু স্থিবপুল অধ্যয়নে এবং ঐতিহাসিক ও পুরাতাত্ত্বিক গবেষণা-প্রবণতায় তিনি উনবিংশ শতাকীর একজন বিশিষ্ট প্রাবদ্ধিকের স্থান অধিকার করেছেন। বহিমচন্দ্রের সলে তাঁর গভীর সধ্য ছিল। বহিমচন্দ্র হারা অন্ত্রাণিত হরে তিনি প্রবন্ধ রচনায় হাত দেন। তাঁর অনেকগুলি প্রবন্ধই "বঙ্গদর্শনে"র জন্ম রচিত হয়েছিল। তাঁর প্রবন্ধ গ্রন্থগুলির মধ্যে প্রধান হল তিন থতে সহলিত "ঐতিহাসিক রহস্ত" (১৮৭৪, ১৮৭৬, ১৮৭৯), "রত্ব রহস্তু" (১৮৮৪), "ভারত বহস্তু", এবং "বৃদ্ধদেবে"র জীবনী ও ধর্মনীতি সংক্রোম্ব গ্রন্থটি। ঐতিহাসিক ও পুরাত্ত্ব বিষয়ে বাংলা ভাষায় মৌলিক প্রবন্ধ ধূব

হরপ্রদাদ শাস্ত্রীর প্রবন্ধ রচনায় বিশিষ্টতা অর্জনের পূর্বে তিনিই বাংলা ভাষায় ইতিহাস ও পুরাতত্বচর্চার ধারাটিকে বাঁচিয়ে রেখেছিলেন। মনীষী রাজেন্দ্র-লাল মিত্তের তিনি ছিলেন যোগ্য উত্তরসাধক। "ক্যালকাটা রিভিছু" পত্রিকা ঠিকই লিখেছিল, "As an earnest and indefatigable student of Indian antiquities, he has no equal in this country, with the single exception of Dr. Rajendralal Mitra." কিছ বাজেলালের পুরাতাত্ত্বিক গবেষণা ইংরেজী ভাষায় প্রকাশিত হয়েছিল। রামদাস সেন বাংলা ভাষায় তাঁর গ্রন্থাদি প্রকাশ করে বাংলা ভাষাকে পুষ্ট করেছেন। तकनीकान्छ **अक्ष (১৮**৪৯-১৯০০)॥ तकनीकान्छ दूल-करलस्कद निका थ्र বেশি পান নি। কিন্তু ঐতিহাসিক প্রবন্ধ-রচনায় তিনি আপন বিশিষ্টতার পরিচয় রেখে গিয়েছেন। শুধু মাত্র প্রবন্ধ রচনার বারাই নয়, সাহিত্য পরিষদ পত্রিকার পরিচালনায়, বিশ্ববিত্যালয়ে বাংলা পঠন-পাঠন প্রবর্তনের চেষ্টায় এবং প্রাচীন কবিদের পুঁথি সংগ্রহে তিনি যে নিষ্ঠা ও পরিশ্রমের সঙ্গে কাজ করেছেন বাংলা সাহিত্যের অগ্রগতির ইতিহানে তার মূল্যও স্বীকার্য। बक्रनीकारस्त्र अधिकाः अवस देखिरामविषयक। এদের মধ্যে উল্লেখযোগ্য "ঐতিহাদিক পাঠ" (১৮৮২), "বীর-মহিমা" (১৮৮৬) এবং "প্রতিভা" (১৮৯৬)। কিন্তু তাঁর শ্রেষ্ঠ গ্রন্থ পাঁচ খণ্ডে বিভক্ত "সিপাহী মুদ্ধের ইতিহাস" (১৮৭৯-১৯০০)। বোল শত পৃষ্ঠার এই গ্রন্থ বাঙালীর ঐতিহাসিক মনীষার অন্তম শ্রেষ্ঠ কীর্তি। বামেন্দ্রমুন্দর ত্রিবেদী রঞ্জনীকান্তের ঐতিহাসিক প্রবন্ধের বিষয়ে বলেছেন, "ঐতিহাসিক প্রবন্ধে তিনি যে তেজ্ঞস্থিনী ভাষার অবতারণা করিয়াছিলেন, তেমন ভাষায় কথা কহিতে সকলে সমর্থ হন নাই।… যে আন্তরিকতা ও সভ্রদয়তাকে তাঁহার বিশিষ্ট গুণ বলিয়া উল্লেখ করিয়াছি সেই আন্তরিকতা ও সহাদয়তা হইতে এই ভাষা উৎপন্ন। তাঁহার মনের আবেগ,

অক্ষয়চন্দ্র সরকার (১৮৪৬-১৯১৭)॥ বঙ্কিমচন্দ্রের- স্থান্ত অক্ষয়চন্দ্র সরকার নানাবিধ গ্রা-পদ্ম রচনা করে সেকালে খ্যাতি অর্জন করেছিলেন। "সাধারণী", "নবন্দীবন" প্রভৃতি পত্রিকা তিনি যোগ্যতার সঙ্গে পরিচালনা করেছিলেন। বঙ্কিমচন্দ্র তাঁর "কমলাকান্তে" অক্ষয়চন্দ্রের একটি রচনাকে স্থান

উপযোগী।

বর্ণিত বিষয়ের প্রতি তাঁহার শ্রদ্ধা ও অমুরাগ সেই ভাষায় স্বভাবতঃ প্রকাশ পাইত; তাঁহার মর্ম হইতে সেই ভাষা বহির্গত হইয়া পাঠকের মর্মে সিয়া প্রবেশ করিত।" বিষয়গৌরবী প্রবন্ধের পক্ষে এরপ ভাষা বিশেষ

দিয়ে তাঁকে সম্মানিত করেছিলেন। "আলোচনা" (১৮৮২), "সনাতনী", "কবি হেমচন্দ্র" প্রভৃতি সমাজ, দর্শন ও সাহিত্য সম্পর্কীয় গুরুগঞ্জীর প্রবন্ধ গ্রন্থ ভিনি লিখেছিলেন। "রূপক ও রহস্তে"র করেকটি লঘু প্রবন্ধ কৌতুক-রসম্পর্শে বেশ উপভোগ্য। "পিতা-পুত্রী" নামক তাঁর আত্মন্থতিমূলক রচনাটি উল্লেখযোগ্য। "অক্ষয়চন্দ্রের বিশেষত্ব ছিল তাঁহার অক্কত্রিম দেশাত্মবোধ ও অদেশপ্রীতি, বাঙালীর যাহা কিছু সম্পদ বলিয়া তিনি জ্ঞান করিতেন, তাহাকেই তিনি সকল আক্রমণ হইতে পক্ষীমাতার মত রক্ষা করিয়া চলিবার চেষ্টা কারতেন; ইহা শেষ পর্যন্ত অনেকটা জেদে দাঁড়াইরাছিল এবং প্রগতিশীল নৃতনদের কাছে অক্ষয়চন্দ্র গোঁড়া বলিয়া নিন্দিত হইয়াছিলেন।" (—অজেন্দ্রনাথ বন্দ্যোপাধ্যায়)।

চন্দ্রশেখর মুখোপাধ্যায় (১৮৪৯-১৯২২)॥ বন্ধিমচন্দ্রের উৎসাহ ও আফুকুল্যে চন্দ্রশেধর বাংলা প্রবন্ধনাহিত্যে বৈশিষ্ট্যের পরিচয় দিয়েছেন। তাঁর "উদ্ভাস্ত-প্রেম" সম্বন্ধে পূর্বেই আলোচনা করা হয়েছে। অন্তান্থ গ্রন্থের মধ্যে উল্লেখযোগ্য "মসলা বাঁধা কাগজ" (১৮৭২-৭৩-এর কাছাকাছি সময়ে রচিত) "দারস্বত কুঞ্জ" (১৮৮৫), "স্ত্রী-চরিত্র" (১৮৯০)। দারস্বত-কুঞ্জ এবং স্ত্রী-চরিত্র জ্ঞানগর্ভ প্রবন্ধের গ্রন্থ। "মসলা বাঁধা কাগজ" লঘু ব্যঙ্গাত্মক আত্মগোরবী প্রবন্ধের সম্বলন। তাঁর গুরু-লঘু উভয়বিধ প্রবন্ধে বন্ধিমচন্দ্রের চিন্তা-পদ্ধতি এবং ভাষা-ভঙ্গির গুরুতর প্রভাব লক্ষণীয়। অন্তকরণাত্মক হলেও ভাঁর প্রবন্ধগুলি সাহিত্য-গুণ সমন্থিত।

ঠাকুরদাস মুখোপাধ্যায় (১৮৫১-১৯০৩)॥ সমালোচনা-প্রবন্ধ রচনায় ঠাকুরদাস বিশেষ ক্বতিত্বের পরিচয় দিরেছিলেন। তিনি খোলা মন নিয়ে সাহিত্য-সমালোচনায় অগ্রসর হতেন। য়ুরোপীয় সমালোচনা-শাস্ত্রের সঙ্গে তাঁর গভীর পরিচয় ছিল। বিভিন্ন সাময়িক পত্রে তাঁর ত্রিশটির উপর সমালোচনা প্রবন্ধ ছড়িয়ে আছে। "সাহিত্য-মকল", (১৮৮৮) নামে তাঁর একটি ক্ষুল্র গ্রন্থ আছে। সমকালীন অ্যান্ত সমালোচকদের মত তিনি নীতিঘটিত প্রশ্নে প্রবেশ না করে সৌন্দর্যকেই মূল্য দিয়েছেন। সরস লঘু প্রবন্ধ রচনায়ও তিনি সফলতার পরিচয় দিয়েছেন। তাঁর "সোহাগ চিত্র" ও "সহর চিত্রে"র নাম এ বিষয়ে উল্লেখযোগ্য।

্রামী বিবেকানন্দ (১৮৬২-১৯০২)॥ বিবেকানন্দের অধিকাংশ লেখাই ইংরেজীতে। তাঁর চিঠিপত্তে এবং সামান্ত ত্'একটি গ্রন্থে তিনি বাংলা ভাষা ব্যবহার করেছেন। কিন্ধু স্বল্প অবকাশে তিনি ভাষারীতির ক্ষেত্রে বিশ্রয়কর নবীনতা দেখিয়েছেন। একদিকে বিষ্ণমচন্দ্ৰ, অপরদিকে রবীন্দ্রনাথের মত দিকপাল সাহিত্যিকের গছভলির ছারা তিনি বড় প্রভাবান্বিত হন নি। ক্রিয়াপদগুলিতে সাধুভাষা বজায় থাকলেও তাঁর 'ভাষা একান্ধভাবেই চলিত রীতির। এই ভাষার মধ্যে বীর্ষ এবং পৌরুষ যুগপৎ প্রতিফলিত। চিন্তা-ধারার ক্ষেত্রেও বিবেকানন্দের বিশিষ্টতা লক্ষ্ণীয়। তিনি ধর্মরাজ্যের মাহ্মষ হলেও তাঁর সমাজ্বচেতনা এবং ইতিহাসবাধে অত্যন্ত তীক্ষ ছিল। সমাজ্বভাব্লিক ভাবনা যত স্পষ্ট করে তাঁর লেখায় প্রকাশিত হয়েছে ততটা সেকালে আর কারও প্রবন্ধে ঘটে নি॥

म्ळूर्थ व्यशाग्न

রবীন্দ্র-পর্ব

ভূমিকা

রবীক্রনাথ ঠাকুর (১৮৬১-১৯৪১) আধুনিক বাংলা সাহিত্যে একটি স্বতন্ত্র পর্বের গ্রহনাথ; শরংচন্দ্র তাঁকে "কবি সার্বভৌম" বলে অভিনন্দিত করেছিলেন। তাঁর পূর্ণতর পরিচয় এর চেয়ে সংক্ষিপ্ত ভাষায় প্রকাশ করা সম্ভব নয়। রবীক্রনাথ স্বষ্টীর বিপুলতায় ও বিচিত্রতায়, ভাষাত্রীরতার ও শিল্পনিপূণতায় নিঃসন্দেহে একটি দীর্ঘস্থায়ী যুগের প্রধান ব্যক্তিরূপে অভিহিত হতে পারেন। উনবিংশ শতাকীর একেবারে শেষভাগেই কবি, নাট্যকার, গল্পলেথক ও প্রবন্ধ রচয়িতা রূপে তিনি অভ্তপূর্ব বিশিষ্টতা দেখিয়েছেন। আবার বিংশ শতকের পঞ্চম দশক পর্যন্ত তাঁর স্বাহীক্ষমতা এবং রচনার উৎকর্ম অব্যাহত তো ছিলই নব নব ভাষকল্পনা ও রূপচেতনাকে আয়ন্ত করার জন্যও সচেষ্ট থেকেছে।

ববীন্দ্রনাথ শুধুমাত্র শক্তিমান লেখক হলে সাহিত্যের ইতিহাসের একটি যুগকে তাঁর নামে চিহ্নিত করা যেত না। তিনি দীর্ঘকাল ধরে সমসাময়িক এবং পরবর্তী সাহিত্যিকদের উপরে গভীর ও ব্যাপক প্রভাব বিকীর্ণ করেছেন। প্রথমত, বাংলা সাহিত্যের প্রত্যেকটি ধারায় তিনি অনক্ত বিশিষ্টতা ও সৌন্দর্যের পরিচয় দিয়েছেন। নাট্যসাহিত্যে অনেকগুলি নবধারা (কাব্যানাট্য, সংকেত-রূপকনাট্য প্রভৃতি) স্টিত হয়েছে তাঁরই রচনায়। উপক্যাস সাহিত্যে সম্পূর্ণ নবীন ধারার জন্ম দিয়েছেন তিনি (থণ্ডোপক্যাসে)। বাংলা ছোট গল্প প্রকৃত রূপসিদ্ধি লাভ কৃবল তাঁরই হাতে। তাছাড়া কাব্যাক্ষা লোভ গল্প প্রকৃত রূপসিদ্ধি লাভ কৃবল তাঁরই হাতে। তাছাড়া কাব্যাক্ষা কেত্রে ভাব ও রূপরীতিতে কত বিচিত্র নবীনতা নিয়ে এলেন স্থল্প অবকাশে তা ব্রিয়ে বলা একরূপ অসম্ভব। দ্বিতীয়ত, উনবিংশ শতান্ধীর নবজাগুতির ভাব-ভাবনার রেশ শতান্ধীর সঙ্গে সেক শেষ হয়ে আসছিল। মূল্যবোধে নিশ্চিত পরিবর্তন আরম্ভ হল বিংশ শতকের প্রারম্ভ থেকেই। রবীন্দ্রনাথের এক পা উনবিংশ শতকের শেষভাগে, অন্ত পদপাতে তিনি প্রথম মহাযুদ্ধ অভিক্রম করে দ্বিতীয় মহাযুদ্ধকে স্পর্শ করেছেন। নবজাগৃতির ভাবরদের ঐতিহ্য তাঁর মধ্যে বহুমান। আধুনিক পৃথিবীর সংশয় ও বন্ধণার

প্রান্তদেশে তিনি শেষ পর্যন্ত দাঁড়িয়েছেন। তু'টি স্বতন্ত্র পর্যকে তিনি যুক্ত করেছেন। ঐতিহ্নকে স্বীকার করে নিয়েছেন, আধুনিকভাকে আমন্ত্রণ দানিয়েছেন। তাঁরই জন্ম বাংলা সাহিত্যে নবজাগৃতিকালীন ভাব ভাবনার ক্ষত্রিম অমুবৃত্তি দীর্ঘস্থারী হয় নি, মুরোপীয় চিন্তা-জগতের সাম্প্রতিক ক্ষণ্মতার অমুপ্রবেশ বিলম্বিত হয়েছে। তৃতীয়ত, রবীন্দ্রনাথ সমকালীন লেথকদের প্রভাবিত করেছেন। পরবর্তী লেথকদের উপরেও তাঁর প্রভাবের পরিমাণ মুগভীর। সাম্প্রতিক লেথকগোটি রবীন্দ্র-প্রভাব পরিমাণ্ডল থেকে স্বতন্ত্র কারাও নানাদিক থেকে রবীন্দ্রনাথের দ্বারা প্রভাবিত না হয়ে পারেন নি।

রবীন্দ্রনাথ বাংলা সাহিত্যের ইতিহাসে একটি পর্বের কেন্দ্রীয় ব্যক্তি। তাঁর নামে এই পর্বকে চিহ্নিত করা যুক্তিযুক্ত। এই পর্বে আমরা রবীন্দ্রনাথের সৃষ্টি এবং রবীন্দ্র-প্রভাবকালের অপরাপর কবি, ঔপঞাদিক-গল্পকার, নাট্যকার ও প্রাবন্ধিকদের দক্ষে পরিচিত হব।

। এक ।

রবীন্দ্রনাথ

কাব্য-কবিভা

রবীক্রনাথের প্রথম কাব্য "কবিকাহিনী" ১৮৭৮ সালে প্রকাশিত হয়,
মৃত্যুর পূর্বে প্রকাশিত শেষ কাব্য "জনাদিনে" ১৯৪১ সালে গ্রন্ধানরে মৃত্রিত
হয়। বাটুট বৎসরেরও বেশি সময়ে তিনি অজস্র কাব্য-কবিতা এবং গান
রচনা করেছেন। তাদের সংখ্যার প্রাচুর্য এবং বিষয়-বিচিত্রতাই বেকোন পাঠককে বিশ্বয়বিমৃত্ করবে। তার উপরে শিল্পোৎকর্য এবং
ভাবগভীরতার সমন্বয় তাঁর কাব্যস্থাইকে যে ধরনের বিশিষ্টতা দিয়েছে
জামাদের দেশে তার তুল্য নিদর্শন নেই, অক্যান্ত দেশেও শ্বয়ই আছে।

রবীন্দ্রনাথ পরতান্ধিশ ধানার বেশি কাব্যগ্রন্থ রচনা করেছেন। এ ছাড়া তাঁর বহুসংখ্যক শঙ্গীক্তও গ্রন্থৰ হয়ে প্রকাশ পেরেছে। রবীন্দ্রনাথের স্কনীতের বাণী-অংশের কাব্য-মৃল্যও সামান্ত নর। তবে স্থরের সহযোগ ব্যতীত সঙ্গীতের বাণী-অংশের বিচার করা উচিত নয় বলে তাদের আলোচনা পরিহার করেছি।

রবীক্রনাথের কবিপ্রতিভা বিবর্তনধর্মী। এই বিবর্তন ভাবাকুভৃতি এবং শিল্পরপচেতনা—উভয়ত প্রকাশিত। উনবিংশ শতান্ধীর মানবঞ্জীতিতে তাঁর ধিতি, বিংশ শতকের দিতীয় মহাযুদ্ধের তীব্রকঠিন জিজ্ঞাসা পর্যন্ত তাঁর কবিচিত্তের বিস্তৃতি, আবার প্রাচীন ভারতের সৌন্দর্গ-কল্পনার ধ্যানলোকে তাঁর
আত্মসমাহিত বিহার। রবীন্দ্রনাথের কাব্যাহুভূতির এই বিপুল কালগত ও
রসগত বিস্তার এবং বিচিত্র তরঙ্গভক্ষের মধ্য থেকে প্রধান প্রধান কয়েকটি
ভাবস্ত্র আহরণ করা যেতে পারে।

কিবি জগৎ ও জীবনের প্রতি পোষণ করেছেন এক স্থগভীর ভালবাসা।
উনবিংশ শতাকীর নব্য মানবতাবাদে এর জন্ম, কিন্তু বিংশ শতকে লোভ
ও যুদ্ধজীর্ণ যুরোপ হতাশা ও ব্যাধিগ্রন্থতায় ষধন আর্ত তথনও মান্ত্রের
প্রতি বিশাদ তিনি হারান নি। মৃত্যুর দ্বারদেশে দাঁড়িয়ে মৃত্যুর কঠে তিনি
বরমাল্য ছলিয়েছেন। একদিকে তিনি জীবনবিরোধী তত্তকে ধিকার
দিয়েছেন, মানবতাবিরোধী মায়াবাদকে কিছুমাত্র প্রশ্রম দেন নি, মান্ত্রের
মধ্যে ভগবানকে অক্লমন্ধান করেছেন, জীবনবিবিক্ত ভূমাদন্ধানকে চরম ব্যর্থ
বলে করেছেন অক্লভব। অল্লিকে লোভক্ষত আধুনিক সভ্যতা যন্ত্রকে কেন্দ্র
করে মানবতাকে যেথানে নিম্পেষিত করেছে, কবিকঠে সেথানে প্রতিবাদ
ধ্বনিত হয়েছে, সর্ববাধাজয়ী মানবতার শক্তিতে তিনি বিশ্বাদ স্থাপন
করেছেন। রবীক্রনাথের মৃত্তিকামমতা তাঁর কাব্যকে এমন বর্ণে রঞ্জিত
করেছে, এমন রূপমাধুর্ঘ দান করেছে যাতে তাঁর অন্ধপ ভূমার সাধনা
মানবলোক সাপেক্ষ হয়েই যেন আত্মপ্রকাশ করেছে।

কিন্তু মাহুবের প্রতি কবির ভালবাসার মধ্যে একটি বেদনার হ্বর আছে, আছে আদর্শের প্রতি হৃতীব্র বাসনা। মানবজীবনের প্রাত্যহিক সামাগুতাকে তিনি সম্রদ্ধ স্বীকৃতি জানাতে পারেন নি। এখানে "জীবনেরে খণ্ড খণ্ড করি, দণ্ডে দণ্ডে ক্ষয়।" প্রয়োজনের মালিল্ল লেগেছে এর চারধারে। মানবের মৃক্তপ্রাণ প্রসন্ধতাকে, তার অন্তরের প্রকৃত মহুল্লতকে এই মোহ-ভোগ-লোভের তৃচ্ছতা থেকে মৃক্ত করতে হবে। অসীমের দলে সংযোগেই তার ধ্বর্থ মৃক্তি, অপ্রয়োজনের আনন্দলোকের ভূমিকায়ই তার প্রকৃত পরিচয়।

এবদিকে মানবলোক, অন্তদিকে অসীম তত্তলোক—এই তৃইয়ের মাঝখানে কবিচিত্ত নিত্য আন্দোলিত। এই বন্দকেই কবি নিজে বলেছেন সীমা ও অসীমের মিলন সাধনের পালা। কবি এই তৃই প্রান্তকে সমন্বিত করতে চেম্বেছেন। রবীক্রকাব্য সেই সমন্বয় সাধনের স্থতীব্র আকৃতি এবং শাশত সৌন্ধর্ব-বিরহের অকার্ক বেদনায় পর্ব। এই সমন্বয় কচিৎ ঘটেচে কার্ব

এ সমন্বয় ঘটবার নয়। কবি কল্পনার এমন কাম্যলোক সৃষ্টি করতে চেয়েছেন যেখানে অরূপ আকৃতি রূপে ধরা দেবে, যেখানে মানবলোকের ক্রন্দন আদর্শায়িত হয়ে লাভ করবে প্রশাস্ত নিশ্চিস্ততা। সে উপলব্ধি শাস্ত-বর্ণ-সঙ্গীতে কথনও দেখা দিয়েছে কবির অস্তরের অস্তঃপুরে, তারপরে মিলিয়ে গিয়েছে দ্বে। কবির কাব্য একটা বেদনার বিষয়তার স্থ্য বহন করে ফিরেছে।

রবীন্দ্রনাথ তত্ত্বাপলন্ধির দিক থেকে সঙ্কটম্ক্ত হতে চেয়েছেন। তিনি মানবজীবন ও বিশ্বপ্রকৃতির অন্তরালে আনন্দময় মহাসভার লীলা অন্তত্ত্ব করতে চেয়েছেন। সব থণ্ড থণ্ড সৌন্দর্যের পিছনে অথণ্ড সৌন্দর্যসন্তার অন্তিত্বে তিনি বিশ্বাস করেছেন। রূপ ও অরপকে এই লীলার আনন্দরন্ধনে তিনি ঐক্যুস্ত্রে বন্ধ করতে চেয়েছেন। সম্ভবত উপনিষদের ব্রহ্মচেতনা থেকেই এই বিশ্বাসের স্ত্রপাত, কিন্তু কবিআত্মার ব্যক্তিগত উপকরণ যুক্ত হয়ে এই মহাসভা এতই লীলাময় হয়ে উঠেছেন যে প্রায়ই এক রহস্তময়ী নারীরূপে তিনি কবির রচনায় আত্মপ্রকাশ করেছেন। এই স্ত্র ধরেই, কবির কাব্যে তাঁর ব্যক্তিগত জীবনের প্রেমাকৃতি উপর্বায়ত হয়ে বিশ্বব্যাপী তত্তচেতনায় আশ্রয় লাভ করেছে। ব্যক্তি-প্রাণের রক্তিম বিরহবেদনা নিথিল সৌন্দর্যের জন্ম রোমান্টিক ক্রন্দনে পরিণত।

রবীন্দ্রনাথের কাব্যে মানবপ্রীতি স্থগভীর ও বিচিত্রস্থলররূপে আত্মপ্রকাশ করলেও মানবের কামনাবাসনামথিত প্রেমকে তিনি ইন্দ্রিয় উধর্ব ভাব ও তত্তলোকে সমৃন্ধীত করেছেন। তাই বিরহে প্রেমের মৃক্তি, মিলনে তার অবসান এই বোধ তাঁর কবিতায় এবং অক্সান্ত সাহিত্যকর্মে বারবার আত্মপ্রকাশ করেছে।

রবীন্দ্রনাথের কাব্যোপলন্ধিতে প্রকৃতির ভূমিকা বিশিপ্টতম। প্রকৃতি-বিচ্যুত জীবনচেতনা যেমন তাঁর রচনায় কমই প্রকাশ পেয়েছে, তেমনি প্রকৃতির মধ্য দিয়ে অসীমের আহ্বানও কবি বার বার শুনেছেন। ললিত ও কঠোর প্রকৃতির ছই রূপকেই তিনি প্রাণ ভরে দেখেছেন, কিন্তু শেষ পর্যন্ত লালিত্যের মাহাত্মাই তাঁর কাব্যে প্রকাশ পেয়েছে। প্রকৃতির মধ্যে তিনি নুসন্ধান পেয়েছেন প্রাণের —প্রাণের আদিতম রূপ দেখেছেন বৃক্ষে, শুনুস্তকে কল্পনা করেছেন আদিজননী, বহুদ্ধরার মাতা বলে; স্থ তাঁর কাছে অফুভূত হয়েছে সর্বপ্রাণের উৎসক্রপে। বিশ্ব নিধিলের প্রাণের সঙ্গে আপনার যোগকে তিনি উপলন্ধি করেছেন নিবিভভাবে। যত্থকতর লীলা-আবর্তনের আনন্দরস আকণ্ঠ

পান করেছেন। তার মধ্যে দেখেছেন বিশ্বনিয়ন্ত্রার লীলানর্তন—মাহ্মবের প্রাণের মৃক্তি এই লীলারদ আস্থাদনে।

উপরে বিবৃত স্ত্রগুলির সহায়তায় রবীন্দ্র-কাব্য পাঠে মোটাম্টি ভাবে অগ্রসর হওরা যেতে পারে। কিন্তু কবি যাট বছরের বেশি সময় ধরে পয়তালিশ খানার উপরে কাব্য লিখেছেন। তার মধ্যে ক্রম বিবর্তনের একটি হ্রর সহজেই লক্ষ্য করা যায়। গভিশালতা রবীন্দ্রনাথের প্রতিভার একটি প্রধান বৈশিষ্ট্য।

১৮৭৮ সাল থেকে প্রকাশিত এবং ১৮৮২ সালের পূর্বে রচিত কাব্যগুলি কিশোর কবির অপরিণত রচনা। "কবিকাহিনী", "বনফুল", "ভয়ন্থদ্য" "ভাহ্মসিংহের পদাবলী", "শৈশব সঙ্গীত" এবং কয়েকটি গীতিনাট্য-কাব্যনাট্য এই পর্বের রচনা। গ্রন্থাকারে এর কোন কোন রচনা পরে প্রকাশিত হয়েছে। ভাবে এবং হুরে ও ছন্দ-নির্মিতিতে এরা পরবর্তী কালকে পরিচিত করে না। রবীক্রনাথ নিচ্ছে এদের আপন পরিণত কাব্য-সঙ্কলন থেকে পরিত্যাগ করতে পরামর্শ দিয়েছেন। এই সময়কার রচনার মধ্যে ভাহ্মসিংহের পদাবলী বিশ্বয় জাগার। বৈশ্বব কবিদের ভাবগভীরতা কিশোর কবির রচনার প্রত্যাশিত ছিল না। তবে শক্ষঝক্কার ও ছন্দ-লালিত্য মিলিয়ে সৌন্দর্য-স্কৃতিতে অনেকথানি সাফল্য যে কবি লাভ করেছেন তা স্বীকার্য।

"সদ্ধ্যাসন্ধীত" (১৮৮২) থেকে কবির কবিতা পরিণতি পেতে থাকে।
১৮৮৬ সালের মধ্যে "প্রভাতসন্ধীত", "ছবি ও গান", "কড়ি ও কোমল"
প্রকাশিত হয়। এই চারটি কাব্য মিলে কবিভাবনা ও রচনারীতির
প্রাথমিক পরীক্ষা-নিরীক্ষার পর্ব। সদ্ধ্যাসন্ধীত বিষয়তার হবে পরিপূর্ব।
কবি আপন মনের গহনে পথ হারিয়ে ফেলেছেন। রূপ-রস-সমৃদ্ধ জীবনের
সক্ষে অপরিচয়ই কবিচিত্তের এই তৃঃখ-বিলাসের কারণ। প্রভাতসন্ধীত ক'ব্যে
কবি প্রথম আপন মনের অন্দর থেকে দৃষ্টিকে বাহিরের জগতের প্রতি প্রসারিত
করেছেন। প্রথম দেখার জানন্দ ও বিশ্বর এই কাব্যের কবিতায় কলকণ্ঠে
আত্মপ্রকাশ করেছে। এই নৃত্তন ভাললাগার রপ্তে জড়িত কাব্য "ছবি ও
গান"। ছবি ও গানে বাহিরের জগতের বস্তর অজ্ঞ ছবি শব্দে সমর্শিত
হয়েছে। কোন ভাবগভীরতা এর মধ্যে প্রকাশ পায় নি। বস্তুচিত্রেই এই
কাব্যের কবিতাগুলি পূর্ণ। কবির প্রথম ভাললাগার রঙে চিত্রগুলি রঞ্জিত।
একটা ভারহীন সহজ্রের রসে কাব্যটি তৃপ্তি দেয়। "কড়ি ও কোমল" অনেক
পরিণত কাব্য। কবির ভাবায়্নভৃতি ও রূপসাধ্যা ক্রমেই পৃষ্টতর হুট্যিল।

এ কাব্যে সনেটের আন্ধিকে রচিত কবিতার সংখ্যাধিক্য। কবির মর্ত্যমমতা যে স্পাষ্টতর হয়ে উঠেছে তার প্রমাণ মিলল কাব্যটির বিষয়চয়নে। প্রথম যৌবনের মোহে নারীদেহ যে বিশ্বয়ের স্বষ্ট করৈছে কবির চিত্তে তাকে কাব্যে ধৃত করতে চেয়েছেন তিনি। কিন্তু তথন থেকেই তান্তিক নিরাস্তিক শু উধ্বিয়িনের স্বর কবিতার বাজতে আরম্ভ করেছে। এই ভাবে কবি প্রস্তুতিপরীক্ষার পর্ব শেষ করলেন ১৮৮৬ সালে।

নবপর্বের স্ট্রনা ১০৯০ সালে প্রকাশিত "মানসী" থেকে। সুন্মভাবে বিচার করলে বলতে হয় ১৮৯৪ সালে প্রকাশিত সোনারতরী থেকেই কবি পরিণত। মানসীর কোথাও কোথাও অপরিণতিজনিত হিধা আচে। মানগীর কাব্যে কবির প্রেমবোধে ইন্দ্রিয়ামুগ তীব্রতা কোথাও কোথাও প্রকাশিত, কিন্তু অতি ক্রত sublimation-এর সিদ্ধিতে পৌচে কবি নিশ্চিম্ভ হয়েছেন। এ-কাব্যে কবির প্রেমবোধ অনেকগুলি কবিতাকে আশ্রয় করেছে। এই যুগের অপর কোন কাব্যে এতগুলি প্রেমবিষয়ক কবিতা নেই। সোনারতরী-চি<u>জা</u>য় সৌন্দর্য ও প্রোমচেতনা যুগনদ্ধ রূপ লাভ করেছে।) মানসী কবির যৌবন-কালের কাব্য। ইন্দ্রিয়ামুগ প্রেমচেতনাকে ইন্দ্রিয়াতীত ভাব-সর্বস্বতায় উত্তীর্ণ করতে কবিকে অন্তরে অন্তরে সংগ্রাম করতে হয়েছে। ব্যক্তিচিহ্ন মুছে দিলেও এ-ইন্বিত এই কাব্য থেকে পাঠ করা যায়। মানসীতে কবির প্রকৃতিচেতনার বিশিষ্টতা দানা বাঁধতে আরম্ভ করেছে। কোন কোন কবিতায় স্পষ্ট প্রকাশ পেয়েছে চিরস্তন সৌন্দর্যের জ্বন্ত কবির রোমান্টিক বিরহাকৃতি 🗸 দোনারভরীতে এই অকারণ অনির্দেশ্য ও অনির্বাচ্য সৌন্দর্বের জন্ম নিক্লেণ যাত্রার কামনা যেমন একদিকে প্রবল হয়ে উঠেছে তেমনি এই কাব্যেই অন্তদিকে মঠ্যমমতা প্রথম তীব্র ও গভীরভাবে আত্ম-প্রকাশ করেছে। প্রিয়জনকে দেবভার আসনে বসিয়েছেন কবি, মায়াবাদী ধরিত্রীবিমুখ তাত্ত্বিকদের ধিকার দিয়েছেন। কিন্তু মৃত্যুর স্রোতে ভাসমান জীবনের ক্ষণিক অন্তিত তাঁকে ব্যাকুল করে তুলেছে। জীবনের প্রতি প্রেম ও মৃত্যুর রহন্ত-জটিল অনিবার্থতা এখনও কবিচিত্তে সমন্বিত ভাবরূপ সৃষ্টি করে নি। মিদর্গচেতনা অবশ্য একটা তাত্ত্বিক উপলব্ধির পূর্বতা লাভ করল এই স্কাব্যে। নিধিল বিখের সহিত একাত্মতা অহভব করলেন কবি। জড় শ্রাক্বতির মধ্যে প্রাণের অন্তিত্বে তাঁর দৃঢ় বিশ্বাস জন্মান। "চিত্রা" (১৮৯৬) এ-পর্বের বিশিষ্টভম কাব্য। এই কাব্য প্রসকে অধ্যাপক কুদিরাম দাসের মস্ভব্য श्रीनिधानस्थागा, "कात्रकनात क्रमिकारणत श्रेर्थ हिंबा इन त्मरे फेक्किशि

বেখানে সমস্ত পথ একটা স্থিরত্ব ও সংহতি লাভ করেছে, বেখানে উচ্চতা, পূর্ণতা ও বিরাম এবং বেখান থেকে দেখা যায় যে পথ বছদ্রে অনস্তে গিয়ে মিশেছে। তিত্রা কাব্যের এই পরিপূর্ণতাই চিত্রার বিশেষ লক্ষণ। এখানে দেখা যায়, কবির নিরুদ্দেশ সৌন্দর্যব্যাকুলতা স্থির সৌন্দর্য-অমুধ্যানে রূপান্ধরিত হয়েছে, মর্ত-উপলব্ধির আগ্রহ সাধারণ মর্তপ্রীতিকে অতিক্রম ক'রে বিশেষ ও বান্তব মানব-প্রীতির চরিতার্থতায় উপনীত হয়েছে, কাব্যের প্রকাশরীতিতে— শব্দবিস্থানে ও বাচনভঙ্গিতে বিশায়কর অনবছাতা এসেছে এবং সর্বোপরি কবি আপন স্বাষ্ট্রক্রিয়ারত গতিশীল ব্যক্তিসন্তার অজ্ঞাত পরিণামের পথে যাত্রা অমুভব ক'রে অপরিদীম বিশায় বোধ করেছেন।" চৈতালির কবিতাগুলি সনেট জাতীয়। এই কাব্যে কবির মর্তপ্রেম এবং বৈরাগ্যবিম্থ জীবনপ্রীতি মুগভীর ভাবে প্রকাশ পেয়েছে। কবির ধর্মচেতনা যে এই বোধের সঙ্গে অঙ্গালীবদ্ধ বর্তমান কাব্য থেকে তা স্পষ্টভাবে ব্যক্ত হয়েছে। চৈতালিতে সংস্কৃত কাব্য সাহিত্যের ভাণ্ডার থেকে সঙ্গলিত সৌন্দর্যতির আপন উপলব্ধির রঙে রঞ্জিত করে প্রকাশ করেছেন কবি। পূর্ব থেকেই ত্ব'একটি কবিতায় প্রাচীন কাব্যের রসচর্চা চলছিল, চৈতালি থেকে তা একটি প্রধান স্থ্রে পরিণত হল।

"কল্পনায়" স্বপ্নলোকে উজ্জ্বিনীতীরে প্রয়াণ করে তার রূপ-রস-সৌন্দর্য আহ্মাদ করেছেন কবি। সঙ্গে সঙ্গে সেই অতীতকালের বর্ণাঢ্য সৌন্দর্য আয়ন্তাতীত হওয়ায় বেদনার আতি প্রকাশ পেয়েছে কবির কঠে। কল্পনায় অপর এক হরের কবিতা আছে। সোনার তরী-চিত্রায় একটি-ছটি কবিতায় রবীক্সনাথ সৌন্দর্যের জগৎ থেকে কর্মের জগতে উত্তরণের বাসনা প্রকাশ করেছিলেন, কল্পনায় তা একটি প্রধান ধারায় পরিণত হয়ে বেশ কয়েকটি কবিতায় সবে আত্মপ্রকাশ করেছে। চৈতালি থেকে আরম্ভ করে "নৈবেছ" (১৯০১) কাব্য পর্যন্ত কবি বিশেষ ভাবে প্রাচীন ভারতে মানসভ্রমণ করেছেন। চৈতালি-কল্পনায় সেকালের বর্ণাঢ্য সৌন্দর্যসংস্কাণ ও কাহিনী"র গাথা কবিতা ও কাব্যনাট্যে সেকালীন জীবনাদর্শ ও চরিত্র-মাহাজ্যের বর্ণনা, "কণিকা"য় লঘুচ্টুল হরে সেকালের সৌন্দর্যের আহ্মাদ এবং "নৈবেছে" সেকালীন জীবনের ধর্মীয় বিশেষত উপনিষ্যাদিক আন্দর্শ কবিতার বিষয়বস্তরূপে আত্মপ্রকাশ করেছে।

মানসী থেকে ক্ষণিকা (১৯০০) পর্যন্ত রবীক্রকাব্যের একটি বিশিষ্ট পর্ব। মানবপ্রীতি, নিদর্গ-চেতনা, সৌন্দর্যবোধ ও প্রেমজিজ্ঞাদায় এই পর্বে ইন্দ্রিয়-উপলব্ধির বর্ণ-বিচিত্রতা চমৎকার প্রকাশিত হয়েছে। "থেরা" (১৯১০) প্রকাশের পূর্ব পর্যন্ত কবির কাব্য-সাধনায় একটি বড় ছেদ পড়েছে। "ম্মরণ", "শিশু" কাব্য ত্'টি ব্যক্তি-জীবনের সাময়িক কিছা শুরুত্বপূর্ণ ঘটনা কেন্দ্র করে রচিত।

"বেয়া", "গীতাঞ্জলি", "গীতিমাল্য", "গীতালি" অর্থাৎ ১৯১০ থেকে ১৯১৫ সাল পর্যস্ত একটি নবপর্বের বিস্তৃতি। থেয়াতে পার্থিব সৌন্দর্যজ্ঞগৎ থেকে বিদায় নিয়ে কবি অরপাহভৃতির আহ্বানে যাত্র। করেছেন। কিন্তু অরপ এখনও দ্র থেকে রহস্তাবৃত সংকেতে-ইঙ্গিতে কণে দেখা দিয়ে ক্লণে মিলিয়ে যাচেছ। পিছন থেকে রূপবর্ণগন্ধময় প্রেম-প্রীতির পৃথিবীর আকর্ষণও একেবারে থদে পড়ে নি। খেয়ায় এই আলোছায়ার খেলা স্থন্দর ফুটেছে। গীতাঞ্চলিতে অরপকে লীলাময়রূপে কবি নিকটে পেয়েছেন, তাঁর সঙ্গে একটা হার্দ্য সম্পর্ক গড়ে উঠেছে কবির। প্রকৃতির পটভূমি এই উপলব্ধিকে উজ্জ্বল করে প্রকাশ করেছে। এই তিনটি কাব্যের ভাবসাদৃশ্য ঘনিষ্ঠ হলেও গীতাঞ্চলি থেকে "গীতিমাল্যে" কিছু পার্থক্য লক্ষ্য করা যায়। বিশিষ্ট রবীন্দ্র-সমালোচক অজিত কুমার চক্রবর্তী বলেছিলেন, "গীতাঞ্চলি যেন দেবতার পায়ে সমন্ত্রমে গীতি-নিবেদন — সেধানে 'দেবতা জেনে দূরে রই দাঁড়ায়ে, বন্ধু বলে ত্হাত ধরি নে।' গীতিমাল্য বঁধুর গলায় গীতিমাল্যের উপহার। দূরত্বের বাধা দূর হইয়া অত্যন্ত নিকট নিবিড় পরিচয়।" গীতালিতে আবার কবি পৃথিবীর দিকে চোধ ফিরিয়েছেন। অরূপের আলোকে কবি জীবন ও গতিকে নৃতম করে দেখেছেন।

"বলাকা" (১৯১৬) থেকে "বনবাণী" (১৯৩১) পর্যস্ত কবির কার্বোর পরবর্তী পর্ব। এই পর্ব কালমাপে অভিনীর্য এবং মারখানে দীর্ঘকাল বন্ধা। কবি অরূপায়-ভৃতির জ্ঞাৎ থেকে আবার মাটির পৃথিবীর দিকে চোথ ফিরিয়েছেন। বলাকায় কবি জ্বেগে উঠলেন যে পৃথিবীতে তা সৌন্দর্যে পেলন নয়, কর্মে উদ্দীপ্ত। তথন য়ুরোপে প্রথম মহাযুদ্ধের স্ত্রপুত ঘটেছে। দানবীয় হিংপ্রতা, লোভকুটিল ভয়য়য়তা করালদংট্রা ব্যাদান করে আত্মপ্রকাশ করেছে। কবি তারই পটভূমিকায় নবযৌবনশক্তির উদ্বোধন-গীতি রচনা করেছেন, ভবিয়্তৎ কল্যাণের জ্ব্যা তাঁদের সংগ্রামে আহ্বান জানিয়েছেন। বলাকা গতিতত্বের কাব্যারপে পরিচিত। এ-কাব্যের কল্পনা, বার্গার গতিতত্বের বান্ধান প্রভাবিত। তবে ভারতীয় বেদাস্কদর্শন তথা রবীক্রনাথের কবিস্বভাবের সঙ্গে এই তত্ত্বের দাধারণ সাধর্মের ফলে কবির কাব্যে তা সহজ্ব স্থান করে নিয়েছে। বস্ত্রবিশ্বের অন্তর্যালে অরূপের গতির লীলা নিত্য চলেছে। তার

ফেনময় ব্ছুদাকার প্রকাশ এই বস্তবিশ্ব। কবিয় এই কল্পনাকে কেউ কেউ জীবন ও জনপের সমন্ত্র বলেছেন। বলাকার পরে "প্রবী" প্রকাশিত হল। মাঝগানে বেশ কয়েক বছরের ব্যবধান। প্রবীতে কবি মৃত্যুর মূথে দাঁড়িয়ে যৌবনস্থতি রোমস্থন করতে চেয়েছেন। জল্পলের ব্যবধানে রচিত তিনটি কাব্য বাট বংশর উত্তীর্ণ রবীজনাথের মনের একটি বিশিষ্ট ভাবাবেশ ধরে রেখেছে। প্রবীতে মৃত্যু-ভাবনার সঙ্গে সোনারভরীকালীন সৌন্ধ্যপ্র জড়িয়ে গিয়েছে, "মহুয়ায়" প্রেমভাবনা বিশায়কর বীর্ষময় রূপে আত্মপ্রকাশ করেছে, কবির স্থভাবস্থাভ sublimation থাকলেও ব্যক্তি-প্রেমের যে রূপ এ-কাব্যে ধরা পড়েছে প্র্বৈতী কাব্যে তা কমই চোথে পড়েছে, "বনবাণী" কাব্যে কবির সোনারভরী-চিত্রা পর্বের নিস্ক্রসস্থোগ নবরূপে আত্মপ্রকাশ করেছে। থেয়া থেকে গীতালি, বলাকা পর্যন্ত প্রকৃতি-রদের সংযোগ ছিল জন্ধপচেতনার সঙ্গে; বনবাণীতে বৃক্ষ "প্রথম প্রাণপ্রৈতি" রূপে অভিনন্দিত হল। ঋতুর উৎসবে নটরাজের কল্পনা পূর্ণমূর্তি লাভ করল।

"পুনশ্চ" থেকে রবীক্রকাব্যের শেষ পর্বের শুরু। ১৯৩২ সাল থেকে কবির মৃত্যুকাল ১৯৪১ দাল পর্যন্ত এই পর্ব বিস্তৃত। প্রথম মহাযুদ্ধের পরবর্তী কালে যুরোপের চিস্তাক্ষেত্রে স্থদুরপ্রসারী পরিবর্তন দেখা দিল। তার প্রতিফলন সমকালীন কাব্য-কবিতার উপরেও পড়ল। মানবমহিমায় বিশাস ও ভবিয়তের আখাস লুপ্ত হতে লাগল। "But with the disintegration of the ageold assumptions about the nature of man and the Universe. and with the collapse of optimism in war and unrest, there rose a fierce intellectualism, a literary revolt against the cult of progress, cosmic emotion, and subjectivity, accompanied by a search for impersonal concreteness and terseness of expression" (-The Trend of modern poetry) প্রথম মহাযুদ্ধের পরবর্তীকালে এই প্রবণতাগুলি ক্রমে বাড়ছিল। রবীক্রনাথের শেষ পর্বের কবিতার এই ঝড়ো হাওয়ার স্পর্শ কিছু লেগেছিল একথা মেনে নিতে হয়। অবশ্র বৃদ্ধ বনস্পতির উপর্ব শাধায় মাত্র চাঞ্চল্য কেগেছিল। পাতালের ভোগবতী পর্যন্ত প্রদারিত মূল রদের সঞ্চয়ে বঞ্চিত হয় নি কোন দিন। তাই বিংশ শতক রবীক্রনাথকে আন্দোলিত করল, কিছুটা বিমর্বও করল, দেখায় ও বলায় কিছু ভলিরও বদল হল। কিছু সংশয়ের ওছতা পাতা ঝরিরে দিল না, অবিখাদের আত্মানি ও যুগ্ধমণার আর্ডি তার পেলব মাধুর্থকে বিনষ্ট করতে পারল না। কবির এই সময়কার কাব্যগুলি স্বতন্ত্র স্বতন্ত্র ভাব পরিমগুলের জোতক হয়ে ওঠে নি, মোটামুটি একই জাতীয় ভাবধারা অফুসত হয়েছে এই কালের কাব্যে। প্রথমত, আসন্তর মৃত্যুকে অফুভব করেছেন কবি। মৃত্যু ও জীবনে যেন ভেদ ঘুচে গিয়েছে। তারই মধ্য দিয়ে রূপাতীত পরম সত্যের অনির্বাণ জ্যোতি যেন তিনি প্রত্যক্ষ করেছেন। দ্বিতীয়ত, মৃত্যুকে স্বীকার করেও কবি জীবনের প্রতি, মায়্র্যের প্রতি স্থগভীর ভালবাসা ব্যক্ত করেছেন। রোমাণ্টিক আকুলতার মধ্যে বাস্তব প্রত্যক্ষতার স্পর্শ সেগেছে এ ভালবাসায়। শ্রমজীবী জনসাধারণের প্রতি বিশাস, স্বার্থপরও লোভীদের প্রতি ভংগনা তীব্র হয়ে উঠেছে। চলে যেতে যেতে গভীর মায়ায় পৃথিবীর ছোট বড় সব কিছুকে ভালবেদে হ্রদয়বর্ণ ছড়িয়ে দিয়ে গিয়েছেন কবি। তৃতীয়ত, কবি কতকগুলি কাব্যে বিশুদ্ধ গছ ছন্দ ব্যবহার করেছেন; এবং পরবর্তী কোন কাব্যেই আর পূর্বের ছন্দ-সঙ্গীতের রাজ্যে ফিরে আদেন নি। শন্বচয়নে, চিত্ররচনায় ও ব্যঞ্জনায় পূর্ববর্তী রোমাণ্টিক সৌন্দর্শব্যাকুলতার স্থলে অভিনব তির্থকতা, শিথিল নিরাসক্তি, কচিং বিবর্ণ কচিং তীব্র বাক্বিয়াস নবীন রূপরীতির দ্বার উন্মোচন করল।

"পুনশ্চ" (১৯৩২), "বিচিত্তিতা", "শেষ সপ্তক", "বীথিকা", "পত্ৰপুট", "খ্রামলী" (১৯৩৬) প্রভৃতি কাব্যে নৃতন ছন্দভঙ্গি ও বাক্বিক্রাসরীতির বিচিত্র পরীক্ষা চলেছে। পরবর্তী তিনটি কাব্য "থাপছাড়া", "ছড়া ও ছবি", "প্রহাসিনী" কৌতুক-কবিতার সম্বলন। সম্ভবত পূর্ববর্তী কাব্যগুলির বিচিত্র মানসপরীক্ষায় ক্লাস্ভ কবি লঘু কৌতুকের রাজ্যে বিশ্রাম খুঁজেছেন। "প্রান্তিক" (১৯৩৮), "দেকুতি", "আকাশপ্রদীপ", 'নবজাতক", "সানাই" कार्त्य (১৯৪•) मृज्यु जार्चना, अर्थनिविषक त्यांध, जायन जारे कौरत्वत्र मृत्याग्रन, মর্ত্যমমতা প্রভৃতি প্রকাশ পেরেছে। বিশেষ করে নবজাতকে কবি আধুনিক সভ্যতার বান্ত্রিকতা এবং যুদ্ধমন্ত বর্বরতার প্রতি দ্বণাপ্রকাশ করেছেন এবং সানাই কাব্যে কবি মৃত্যুর মূথে দাঁড়িয়ে যৌষনের সোনালী দিনের স্বপ্নে মৃহুত-বিহ্বলতা অহুভব করেছেন। পরবর্তী ছটি কাব্য "রোগশ্যায়" (১৯৪০) এবং "আবোগ্যে" (১৯৪১) কবি পূর্বে বিবৃত উপলব্ধিগুলির সঙ্গে বোগভোগ**র্জ**নিত মানসঞ্জীর্ণতা এবং ঈষৎ বিকৃতিজ্বড়িত কিছু নব আস্বাদের সৃষ্টি করেছেন। জীবিতকালে প্রকাশিত তাঁর শেষকাব্য "জন্মদিনে" পৃথিবীর প্রতি প্রসন্ধ বিশাস ভাষা পেরেছে। তাঁর সব শেষের কবিতাওলি "শেষলেখা" নামে মনার পরে প্রকাশিত হয়।

নাটক

প্রাংলা রক্ষমঞ্চে প্রচলিত নাট্যধারার সক্ষে রবীক্ষনাথের যোগ সামান্ত। বাংলা দেশের সাধারণ রক্ষমঞ্চের উপরে তাঁর প্রত্যক্ষ প্রভাবও এমন কিছু নয়। কিছু বাংলা নাট্যসাহিত্যকে তিনি জনমনোরঞ্জনের স্থর থেকে উৎকৃষ্ট সাহিত্যকৃষ্টির স্থরে উন্নীত করলেন ়ে রবীক্ষনাথের নাটক অভিনয়যোগ্য কিনা এ নিয়ে বিতর্ক করে লাভ নেই। অভিনয় ও মঞ্চ উপস্থাপনাগত সাফল্য এবং জনপ্রিয়ভার চরম শিথরে পৌচলেও কোন নাটকের সাহিত্যিক ম্ল্যের বিচার শেষ হয় না। আভিন্যিক সাফল্যেরও রক্মফের আছে। স্ক্র ও ব্যঞ্জনাধর্মী উপস্থাপনা-কৌশলে রবীক্রনাট্য মঞ্চত্ম হলে বিদ্যা জনের মনোহরণ করতে পারে, কিছু গিরিশচক্রের প্রফুল কিংবা ক্ষীরোদপ্রসাদের নরনারায়ণের জনপ্রিয়তা ও মঞ্চসাফল্যের সঙ্গে কি তার তুলনা চলে । রবীক্রনাথ নাটককে উচ্চ সাহিত্যকর্মে উন্নত করেছেন ; বাংলা নাটকে তিনি বিচিত্র ধারাকে আমন্ত্রণ জানিয়েছেন এবং নবীন মুরোপীয় প্রচেষ্টার সঙ্গে বাংলা নাটকের সামীপ্য বিধান করেছেন। ০

ন রবীন্দ্রনাথ বাংলা মঞ্চায়গ নাটকের তুলনামূলক তুর্বলতার জন্মই যে শুধু সেদিকে আকর্ষণ বোধ কবেন নি তা নয়, দেক্সপীরিয় নাট্যধারায়মোদিত প্রবৃত্তিসংঘর্ষ, ঘটনাপ্রাধান্ত প্রভৃতির সঙ্গে তিনি মানস্গালোক্য কোন কালেই জায়ন্তব করেন নি। তার মনের ছটি প্রধান বৈশিষ্ট্য মঞ্চায়গ প্রচলিত নাটক রচনাত্র তাঁকে বাধা দিয়েছে। প্রথমত, তাঁর অতিমাজায় রোমান্টিক গীতিপ্রবণতা; এবং দ্বিতীয়ত, তাত্ত্বিকতার অতিরেক।

কাব্যনাট্য ॥ অপরিণত কৈশোরে রবীক্রনাথ কয়েকটি গীতিনাট্য ও কাব্যনাট্য রচনা করেন। "কল্রচ্ণু", "বাল্মাকি প্রতিভা", "প্রকৃতির প্রতিশোধ", "মায়ার খেলা" ১৮৮১ থেকে ১৮৮৪ সালের মধ্যে প্রকাশিত হয়। ন্বাল্মাকি প্রতিভায় দেশী ও বিদেশী সঙ্গীতের সম্মিলন চেষ্টা লক্ষণীয়। প্রকৃতির প্রতিশোধ তত্তপ্রধান রচনা। প্রথম বয়স থেকেই তত্ত্ব ও গীতিপ্রবশতা তাঁর নাটককে ক্টোবত্রই করেছে। এদের নাট্যগুণ একেবারে অকিঞ্চিৎকর। "চিত্রাক্রদা", "বিদায় অভিশাপ", "মালিনী", "কাহিনী" (এর অধিকাংশ রচনা) কাব্য ও নাট্য উভয়গুণেই সবিশেষ সমৃদ্ধ ৮ কবিছ এবং নাট্যরীতির সহাবস্থান মানেই কাব্যনাট্য নয়। নাটকের মধ্যে অকারণে কাব্যোচিত উল্লেখ্য, বর্ণনার অভিরেক এবং কবিচিত্রের আত্মপ্রতিফলন তার মাহিক্তাক প্রক্রান্ত

বিশ্বিত করে। কাব্যক্ষ এবং নাটকজের সংমিশ্রণে যে নবতর সাহিত্যিক রপের ক্ষা হর তাকে কাব্যনাট্য নাম দেওরা উচিতৃ। কবিতার আথেগোচ্ছাস এবং নাটকের ক্ষা এখানে সমষিত হয়। সাধারণ নাটকের ক্যায় এখানে ঘটনাগত ক্ষাক্ষে প্রাধান্ত দেওরা হয় না। ভাবাবেগের ক্ষাই এদের প্রাণকেন্দ্র রচনা করে। ঘটনার উত্তাসতা বিষয়ে ববীক্রনাথের স্বাভাবিক বিকর্ষণ, এই নবক্ষাক্ষিকে তাঁকে সাফল্য দিয়েছে। নাট্যরসের প্রধান আবেদন তার ক্ষা। তার নির্যাস গ্রহণ করে ভাবাবেগের সঙ্গে তাকে সমন্বিত করায় তিনি উৎসাহ বোধ করেছেন। কাব্য হিসেবে বিদায় অভিশাপ কিংবা চিত্রাক্ষার মূল্য সামান্ত নয়। তবে কাব্যনাট্যের আন্ধিক-সাফল্য মালিনী এবং কাহিনীতে শীর্ষে উঠেছে।

প্রথাফুগ ধারার অফুবত ন॥ কবি ১৮৮৯ সালে "রাজা ও বাণী," এবং ১৮৯০ দালে "বিদর্জন" নামে ছটি নাটক লিথলেন। এদের মধ্যে পূর্ণান্ধ ঘটনাবত্তল, মানবরসপুষ্ট এবং অনেকটা মঞ্চাত্তগ নাট্যরচনার চেষ্টা আছে। মানবরদপুষ্ট হলেও তিনি তাথিকতা মৃক্ত হতে পারেন নি। বাজা ও রাণীতে প্রেম ও কর্তব্য-বোধের ছল্বের কেন্দ্রে কাহিনীটি আবতিত। ঘটনার প্রাচ্ধ স্বষ্ট করতে গিয়ে নাট্যকার মেলোড্রামাকে প্রশ্র দিয়েছেন। উপকাহিনীয় অতিবিভারে শেষাংশে মূল কাহিনী আচ্ছন্ন হয়েছে। মৃত্যুঞ্জনিত ট্রাজেডি সৃষ্টির চেষ্টা সমাপ্তিকে রসচ্যুত করেছে। এর উপরে আছে "লিরিকের বড বাড়াবাডি।" রাজাও রাণীর অনেক ক্রটিই বিসর্জনে সংশোধিত হয়েছে। গীতোজুনির আধিক্য অবশ্র কমে নি, কিন্তু পার্যকাহিনী আর নাটককে কেন্দ্রচ্যত করে নি। রঘুপত্তি ও গোবিন্দমাণিকাকে কেন্দ্র কবে রাজশক্তি ও পুরোহিত-শক্তির ছন্দ্র বিদর্জনকে বল্পভিত্তি দিয়েছে। অবশ্র এখানেও প্রেম এবং কুদংস্কারাবন্ধ ধর্মাচরণের মধ্যে আদর্শগত বন্দই প্রধান হয়ে উঠেছে। রঘুপতি ও জয়সিংহের চৰিত্ৰ ফুলছিত। জয়সিংহের অন্তর্মন, আত্মঅবক্ষয় এবং তারই পরিণতিতে আংক্ষ্মন ট্রাঞ্চিক জীব্রতা নিয়ে এনেছে। কিন্তু পরিণতিতে যুরোপীয় নার্ট কর্মার্ক ফ্রীবেডিকে জরী হতে দেন নি রবীজনাথ। তিনি রগুপতির শক্তির মন্ততা পুচিয়ে বেদনার মধ্য দিয়ে প্রেমের ও কল্যাণের রাজ্যে উপনীত কল্পে নাটক ক্ষাপ্ত করেছেন।) প্রতাপাদিত্যের কাহিনী নিয়ে রচিত কান্ধনিক নাটক "প্রারশ্চিত্ত" (১৯০৯) জাতীয়তাবাদী আন্দোলনের যুগে किश्वकृत्यन स्ति करवर्ता । बाहित्तामा जिल्लाच अतिव अर्जनाच खरुक्के करवर्ता

"নটার পূকা"য় (১৯২৬) নৃত্যগীতের বাছল্য থাকলেও ঘটনাগত তীব্রতা আছে; আদর্শবাদের গভীর প্রলেপ স্ত্তেও চরিত্রচিত্রণের নিপূণতা এখানে প্রশংসনীয়। "তপতী" (১৯২৯) রাজা ও রাণীর পরিবর্তিত সংস্করণ হলেও নৃতন নাইক হয়ে উঠেছে। তত্ত্বর প্রাধান্ত এসেছে, বিষয়বস্ত একাগ্র হয়েছে, কিছ নাট্যগুলে পরিণতি এসেছে এমন কথা বলা চলে না। "পরিত্রাণ" (১৯২৯) প্রায়শ্চিত্রের রূপান্তর। ১৯৩০ সালে রচিত "বাশরী" নাট্যগুল সমৃদ্ধ না হলেও সংলাপের তীক্ষতা ও বৈদক্ষ্য এবং সমস্তার আধুনিকতার জন্ত উল্লেখযোগ্য।

কৌতৃক নাট্য ॥ বাংলা প্রহসনের ধারায় রবীন্দ্রনাথের কৌতুক নাট্যগুলিকে ফেলা চলে না। এদের আস্বাদ ভিন্ন, রচয়িতার মনোভাবেও রয়েছে মূলগত পার্থক্য। সামাঞ্চিক সমস্থাকে কেন্দ্র করে ব্যঙ্গাত্মক দৃষ্টিতে এ নাটকগুলি র্চিত হয় নি। ব্যক্ষিতে ধৃত সমকালীন সমাজজীবনের বিচ্ছিন্ন চিত্রসমষ্টি এখানে অন্ধিত হয় নি। সমাজসংস্থারের মনোবৃত্তি এর মধ্যে নেই। কবির হাক্ত স্মিত, ব্যক্ষের তীক্ষতা ও আক্রমণোগত মনোভঙ্গি এদের মধ্যে প্রকাশিত নয়। ব্যক্তিগত চরিত্রের বিচিত্র ছুর্বলতা এবং ঘটনা অপেক্ষা ভাষার ঈষৎ বক্রতা হাশুরদের কারণ হয়েছে। সে হাস্থে বৃদ্ধির খেলা. না থাকলেও মননশীলতার স্পর্শ আছে। তবে ঘটনার অভাব ও শিথিল গ্রন্থন, সংলাপের দৈর্ঘ্য ও অতিরেক এই রচনাগুলির নাট্যগুণের পক্ষে বাধা ছবে দাঁড়িরেছে। "গোড়ার গলদ" (১৮৯২)-রের মার্জিতরূপ "শেষরক্ষা"র (১৯২৮) উপরোক্ত ক্রটিগুলি সব থাকলেও পূর্ণাঙ্গ রঙ্গনাট্যগুলির মধ্যে সার্থকতম রচনা। "বৈকুঠের খাতা" (১৮৯৭) এবং "চিরকুমার সভা"'ও (১৯২৬) পূর্ণান্ধ রন্ধনাট্য। রন্ধাত্মক একাহিকা সহলন "হাস্ত কৌতুক" (১৯০৭) এবং "वाक कोजूरक" (১२०१) नांगाकिक पिक थिएक पने বিদেশী বিচিত্র রূপরীতির পরীক্ষা-নিরীকা আছে।

রূপক ও সংহত নাট্য॥ রবীন্দ্রনাথ বিংশ শতকের দিতীর দশকের প্রারম্ভেই একটি অভিনব নাট্যরীতির প্রবর্তন করলেন বাংলা সাহিত্যে। "শারদোৎসব" (১৯৬৮), "রাজা", (১৯১০) [এর অভিনয়যোগ্য পরিবর্তিত রূপ "অরূপরতন" প্রকাশিত হয় ১৯২০ সালে], "অচলায়তন" (১৯১২) [এর অভিনয়যোগ্য পরিবর্তিত রূপ "গুরু"র প্রকাশ কাল ১৯১৮], "ভাক্বর" (১৯১২), "কান্তনী" (১৯১৬), "মৃক্তধারা" (১৯২৫), "রক্তকরবী" (১৯২৬), "নাল্লেশ কাল্য ১৯৬৩) এল্লেশ্য বাংলিশ্ব

মঞ্চাহণ নাটক, প্রহণন, গীতিনাট্য কাব্যনাট্য প্রভৃতি থেকে একেবারে স্বতম্ন বস্তম্বণে দেখা দিল। এরা নৃতন নাম পেল রূপক-সংহতনাট্য। রূপক ও সংহ্রেজনাট্যের পার্থক্য এবং রবীন্দ্রনাথের কোন নাটকটি রূপক এবং কোনটি সংহত, কোনটি আবার মিশ্রসঙ্বেত তাই নিয়ে সমালোচকদের মধ্যে বিতর্ক আছে। এই নাট্যরীতি মেতারলিহ্ন, হপ্তম্যান, ট্রগুবার্গ প্রমুখ নাট্যকারদের হারা যুরোপথত্তে প্রতিষ্ঠা লাভ করে,। এরা রবীন্দ্রনাথের সমকালীন ব্যক্তি, তবে এঁদের রূপক-সংহতধর্মী নাটকগুলি রবীন্দ্রনাথের প্র জাতীয় নাটকের পূর্বেই রচিত হয়েছিল। রবীন্দ্রনাথ এসব নাটক হারা প্রভাবিত হয়ে থাকবেন। অবশ্ব হহস্তবিক্ষড়িত সংহত-রদের প্রতি তাঁর আকর্ষণ অনেকটা স্বভাবগত। তাঁর কবিতায় এই রদের অল্লাধিক আয়োজন পূর্ব থেকেট দেখা যাচ্ছিল। নাটকে এই রস পূর্ণমূর্তিতে আবিভৃতি হল।

রাজা এবং ডাক্ষর নাটক ছ'টিতে রহস্থজড়িত অম্পষ্টতারস সর্বাধিক ঘনীভূত। এই ছই নাটকে জগতাতীত অধ্যাত্ম উপলব্ধি নাট্যরূপ লাভ করেছে। ঘটনা এখানে সামাশ্য হতে বাধ্য, বাহ্যরূপ এখানে অপর্বাপ্ত হবেই। সাঙ্কেতিত অর্থের ব্যক্তনা পাঠক-দর্শক চিত্তে রূপাতীত আকৃতির অনির্বচনীয় রসাবেদনকে আমন্ত্রণ জানাবে। রাজা নাটকে রাণী স্থদর্শনার রূপাকাছ্যা থেকে রূপাতীতের চেতনায় উত্তরণের কাহিনী বিবৃত হয়েছে। ডাক্যরে গৃহবন্দী রোগার্ড বালক অমলের প্রকৃতির উদার সৌন্দর্শে মৃক্তির স্থতীত্র কামনার মধ্য দিয়ে ব্যঞ্জিত হয়েছে মানবাত্মার চিরস্তন মৃক্তির আকৃতি।

শারদোৎসব, ফাল্পনী প্রভৃতি নাটকে প্রকৃতি ও মানবজীবনের সম্পর্ক-রহস্থ নাট্যবিষয়ে বন্ধ। শরং কালের আহ্বান মৃক্ত প্রাণের লীলায়, কাজ ভূলানো নিরুদ্দেশ যাত্রার থেরাল খূশির আনন্দে। কিন্তু এরই গভীরে আছে মহত্তর কর্তব্য ও দায়িছের যোগ। মাহ্য এই আনন্দ-আমন্ত্রণে যোগ দিয়েই বিশ্বপ্রকৃতির তৃ'হাত ভরা সৌন্দর্যের ঝণ শোধ করছে এই তত্তবোধ বহু মজীতসহ্বোপে শারদোৎসবের ছুটির আনন্দ জমিয়ে তৃলেছে। ফাল্পনীর আদিকে পাল্পাত্রীর নাম ছাড়াই সংলাপের মালা সাজানো হয়েছে। যুবক যাত্রীদের ব্যক্তিত্বকে চিহ্নিত না করে সাধারণ ভাবে যৌবনকেই ব্যক্তিত্বকে তিহ্নিত না করে সাধারণ ভাবে যৌবনকেই ব্যক্তিত্বকে তিহ্নিত না করে সাধারণ ভাবে যৌবনকেই ব্যক্তিত করতে চেন্তেকেন। যৌবনের মৃত্যু নেই, বিরোধ নেই বার্ধক্যের সঙ্গে এবং ব্যক্তিচ্ছিতের সম্পর্কহীন প্রচলার সংলাপের মালায় ধরে রাথা হয়েছে।

্রিকুজধারা, রক্তকরবী, অচলায়তন, ভাগের দেশ, কালের যাত্রায় আধুনিক

যুগদমস্তাকে নাট্যভাত করা হরেছে। রবীন্দ্রনাথ মাহুষের মুক্তিমন্ত্রের সাধক। এই মৃক্তি প্রকৃতির সৌন্দর্যলোকে, লীলাময়ের আনন্দের মধ্যে। কিন্তু মানব-সমান্ধ এই মৃক্তির পথে নানাকুত্রিম-বাধা স্বষ্ট করে তোলে। মৃক্তধারা नार्टें रक्वतां विज्ञित रहे रक्व श्रक्तित मनामुक श्रान-निक्ति (वैर्ध्र हं। যন্ত্ৰকে ভিত্তি করে সাম্রাজ্যবাদী শোষণ মানবপ্রাণকে একালে লাস্থিত করছে দিকে দিকে —এ নাটকে তারই অবসানকে আমন্ত্রিত করেছেন কবি। এ নাটকের বৈশিষ্ট্য এখানে যে কাহিনী ও চরিত্রগুলির সহজ মানবিক রসের কিছুমাত্র হানি না ঘটিয়ে আধুনিক সভ্যতার সামগ্রিক সন্কটকে সাঙ্কেতিত করেছে। রক্তকরবীতে কিন্তু মানবরদ দর্বত্র অব্যাহত থাকে নি। রূপক ও দাঙ্কেতিকতার দাহায্য ছাড়া বছস্থানের সঙ্কত ব্যাখ্যা হয় না। এই নাটকে যন্ত্র্যানবসভ্যতার প্রভৃত শক্তি এবং চিত্তদীর্ণ সঙ্কট হাহাকার করে উঠেছে। প্রাণের ও গৌন্দর্যের কাছে যন্ত্রের নতিম্বীকারই এই নাটকের তথা রবীন্দ্র সমাব্দভায়ের ভবিষ্যৎ ফলশ্রুতি। স্মচলায়তনে মধ্যযুগীয় সংস্কার ও নিয়মের অত্যাচার প্রাণের মৃক্তিতে বাধা দিয়েছে। তাদের দেশ নৃত্যগীত প্রধান হলেও রূপকার্থের স্পষ্টতার জন্ম এ নাটক বর্তমান শ্রেণীতেই স্থাপনযোগ্য। বিদেশী রাজপুত্র এখানে আদ্ধ নিয়মে জড় ও প্রাণহীন ভূথতে প্রাণবস্তাকে আমন্ত্রণ করে এনেছে।

নৃত্যনাট্য॥ রবীক্রনাথ শেষ জীবনে (১৯৩৬-৩৯) চিত্রাক্ষণা, শ্রামা, চণ্ডালিকা প্রভৃতি নৃত্যনাট্য লিখেছিলেন। তবে নৃত্য-নিরপেক্ষভাবে গীতিনাট্য হিসেণেই এদের পূর্ণাস্বাদ সম্ভব। গানের স্থতে নাট্যদ্দকে যভটা সম্ভব ধরে রেখেছেন কবি, সম্ভবত নৃত্যসংযোগে তাকে দৃশ্যরূপ দেওয়ার চেষ্টা হয়েছিল।

উপস্থাস

ববীক্সনাথ ছোট বড় দশ-এগার খানা উপস্থাস লিখেছিলেন। বৃদ্ধমপ্রবর্তিত ধারার তিনি উপস্থাস রচনার জন্ম অগ্রসর হন। কিন্তু কবিপ্রতিভাগত মূল পার্থক্যের জন্ম তিনি এ ধারার বিশেষ স্বচ্ছন্দ হতে পারেন নি। তিনি রোমান্দ রচনার সেরপ কিছু বিশিষ্টতা প্রদর্শন করতে পারেন নি। অবশু সামাজিক সম্প্রামূলক উপস্থাসে তাঁর সাফল্য অনেক উচ্চত্তরের। কিন্তু বে উপস্থাস ধারার জন্ম রবীক্রনাথ ঐতিহাসিক এবং শৈল্পিক মর্ধাদা যুগপৎ দাবি করতে পারেন তার পথ কবি আবিদ্ধার করেছিলেন উত্তর জীবনে।

ঐতিহাসিক রোমান্দ। "বউঠাকুরাণীর হাট" (১৮৮০) এবং "রাজবি" (১৮৮৭) ঐতিহাসিক রোমান্দ রূপেই বিবেচিত হতে পারে। অবশ্র প্রতাপাদিত্যের কাহিনীতেও বেমন, ত্রিপুরারাজ গোবিন্দমাণিক্যের কাহিনীতেও ঠিক তেমনি কল্পনা বতটা আছে, ইতিহাস ততটা নেই। কল্পনাম্বও রবীন্দ্রনাথ ঐতিহাসিক রোমান্দের বর্ণাঢ্যতা উচ্চতাল কোলাহলের চর্চা বড় করতে চান নি। ডঃ শ্রীকুমার বন্দ্যোপাধ্যায় যথার্থই মন্তব্য করেছেন "ইতিহাসের বিচিত্র ও বর্ণবহল শোভাষাত্রা রবীন্দ্রনাথের মনকে সেরুপ প্রবলভাবে আকর্ষণ করিতে পারে নাই। ঐতিহাসিক যুদ্ধবিগ্রহ ও ভাগ্য পরিবর্তনের মধ্যে তিনি নিভ্ত সাধনা ও অথগু শান্থির নিবিড় আনন্দরসে মগ্র ইইয়াছিলেন।" রবীন্দ্রনাথ পরবর্তীকালে ঐতিহাসিক রস নামক জটিল গভীর ও বর্ণবন্ধ যে ঐকতানের কল্পনা করেছিলেন তাঁর প্রথম উপস্থাস ত্থানিতে তার স্থর বাজে নি। চরিত্রস্থির ক্ষেত্রেও রাজর্ষির রঘুপতি ব্যতীত অন্যক্র জটিলতা বা গভীরতা স্থির চিহ্ন বড় নেই। এই ছ'টি উপস্থাসে প্রস্তুতিকালীন প্রচেষ্টার চিহ্নই অধিক।

সামাজিক উপস্থাস। "চোধের বালি" (১৯০৩), "নৌকাড়ুবি" (১৯০৬) এবং "গোরা" (১৯১০) রবীন্দ্রনাথের এই তিনধানি উপস্থাসকে প্রচলিত ধারার সামাজিক উপস্থাস বলা চলে। এদের বৃদ্ধিমচন্দ্রের বিষর্ক্ষ-রুফ্পকাল্পের উইলের ঐতিহাসিক উত্তরস্বী বলতে বাধানেই। অবশ্য বৃদ্ধিমচন্দ্রের ও রবীন্দ্রনাথের জীবনদৃষ্টি, মানসপ্রবণতা ও রূপায়ণ বৈশিষ্ট্যের পার্থক্য এদের মধ্যে স্পষ্টই অরুভূত হবে। সামাজিক উপস্থানের মধ্যেও ঘটনার আকৃষ্মিকতায় ও প্রবলতায় বৃদ্ধিমচন্দ্র রোমান্দকে প্রশ্রম না দিয়ে পারেন নি। সংঘাতের প্রতি আকর্ষণের অভাব এই পথ থেকে রবীক্ষ্রনাথকে ল্রন্থ করেছে। তার সামাজিক উপস্থাসে রোমান্দরস একাস্কভাবেই চিন্তলোকে পরিব্যাপ্ত। বিতীয়ত, চরিত্রচিত্রণে রিমেষণরীতির প্রতি বৃদ্ধিমচন্দ্রের আকর্ষণ হিল না। রবীক্ষ্রনাথ পূর্ণান্ধ বিশ্বেষণরীতির প্রবর্তন করে আধুনিকতার পূর্বস্থরী হলেন। তৃতীয়ত, বৃদ্ধিমচন্দ্রের উপস্থাসে নীতিঘটিত প্রশ্নে রক্ষণশীলতার প্রতি বৃদ্ধি বৌদ্ধি হিল রবীক্রনাথে তা নেই, উপরক্ষ মানব্রন্থদয়ের আকৃতিকে (বৈধতা নিরপেক্ষ ভাবে) মর্যাদা দিয়ে তিনি ভার্বীত্রতের বিজ্ঞাহী মনোভাবকে আমন্ত্রণ জানিরেছেন।

চোখের বালি উপস্থানে মহেন্দ্র-বিনোদিনী-আশা-বিহারী এই চারন্ধনে মিলে তাদের চারিদিকে প্রবল ঘূর্ণিবায়ুর ক্ষ্ট্রিকরেছে। ঘটনাবুত্তে প্রবলতা বড় সঞ্চারিত হয় নি। মনোলোকে ঝড় উঠেছে। এদের চারটি চরিত্র ফল্ম বিশ্লেষণের মধ্য দিয়ে স্বতন্ত্র ব্যক্তিছের মধ্যে রূপলাভ করেছে। উপস্থাদের স্বচেয়ে আকর্ষণীয় অংশ মহেল্র-বিগুনাদিনীর আকর্ষণ-বিকর্ষণলীলা। বিনোদিনীর চরিত্রস্থিতে রবীন্দ্রনাথ যে জীক্ষ বাস্তববোধ ও নিরপেক্ষ দৃষ্টিভলির পরিচয় দিলেন বাংলা উপস্থাদকে তা ক্রত বিংশ শতকীয় আধুনিকতার মাঝখানে দাঁড় করিয়ে দিল।

নৌকাড়্বি মেন চোথের বালির লেথকের ক্লান্তি অপনোদন। সে তীব্র মনোবিক্ষোভ, জটল চরিত্রায়ন, সমাজনীতির প্রতি ক্রক্ষেপহীনতার স্থানে আক্সিক ঘটনাভিত্তিক কাহিনী বিবৃত হয়েছে। হেমনলিনীর চরিত্রচিত্রণের সাফল্যে এবং মাঝে মাঝে বর্ণনায় রবীক্রনাথের হাতের স্পর্শ অন্তত্ত্ব করা গেলেও উপক্যাস হিসেবে এ-গ্রন্থের স্থান খুব উচ্চে নয়।

গোরা রবীজ্ঞনাথের মহাকাব্যিক উপস্থাস। উনবিংশ শতকের শেষভাগ থেকে আরম্ভ করে বিংশ শতকের প্রথম দিক পর্যন্ত বাঙালীর জীবনে যে-সব ভাব ও কর্মতরঙ্গ দেখা দিয়েছিল তা এই উপস্থাসের পটভূমি রচনা করেছে। গোঁড়া হিন্দু পুনক্ষথানবাদ, ব্রাক্ষধর্মের আন্দোলন, নব্য স্থাদেশিকতা এই উপস্থাসে প্রাণাচাঞ্চল্যের ব্যাপকতা এনেছে। উপস্থাসটির মধ্যে গোরা, বিনয়, পরেশবার, হারাণ, স্ক্চরিতা, ললিতা, আনন্দময়ী সকলেরই প্রধান আগ্রহ মতবাদ প্রতিষ্ঠার দিকে ধাবিত হয়েছে। একটা স্কৃতীর বিতর্কের ঘূর্নিজ্ঞাল সমগ্র উপস্থাসটিকে যেন আছের করে ফেলেছে। বিতর্কের প্রাণান্তর ফলে কোন কোন চরিত্রের পূর্ণাক্ষ মান্ত্যরূপে বিকাশ বাধাগ্রন্থ হয়েছে। তবে বিতর্কের আধিক্যে পুরো উপস্থাসটি আলোচনার আসরে পরিণত হয় নি। মানবচিত্তের আবেগ, কামনা-বাসনার তরকোচ্ছ্রাস মতবাদের সঙ্গে অধিকাংশ স্থলেই সম্পর্কিত হয়ে প্রকাশ প্রেছে। তাই সর্ব্বে ব্যক্তিত্ব আবৃত নয়।

উপস্থাদশিলে নবধারার স্তরপাত॥ গোরার পরে ববীশুনাথের উপস্থাদ নৃতন পথ ধরল। বাংলা উপস্থাদদাহিত্যে এ ধারা ঐতিহ্নরহিত তো বটেই, অৃত্যন্ত ব্যক্তিগত লক্ষণাক্রান্ত বলে পরবর্তী উপস্থাদিকেরা এই ধারার বিশেষ অগ্রদরও হন নি। মূলত রোমাণ্টিক কবিহৃদয়ের অধিকারী রবীশুনাথ ঘটনাপ্রধান বিশ্লেষণবহল উপস্থাদে বেন আপনাকে দম্পূর্ণ প্রকাশ করতে পারেন নি। তিনি গোরার পরে উপস্থাদের এমন একটি শিল্পরীতি আবিশ্লার করনেন যার মধ্যে কল্পনার অবকাশ স্থ্রচুর, ঘটনার বন্ধন শিথিল; বর্ণনার ও

ভাবোজ্বাসের অভিরেকে, তত্ত্বের প্রাধান্তে প্রচলিত উপস্থাস থেকে স্পষ্ট স্বাভন্ত্র্য স্টিত হয়েছে। ভক্টর শ্রীকুমার বন্দ্যোপাধ্যার এই পার্থক্যের স্বাটিকে স্পষ্ট ব্যাধ্যা করেছেন, "ইহাদের অসম্পূর্ণতা, ইহাদের বিশ্বতাধিত আক্ষিকতা ও রিজ্ঞার মধ্যে অপ্রত্যাশিত প্রাচুর্য, ইহাদের জীবনের গ্রন্থিবছল কটিলভার মধ্যে ছই একটি রক্ষিন ও স্ক্র স্ত্রেকে পৃথককরণের চেষ্টা খুব তীব্রভাবেই আমাদের চোখে পড়ে। ইহাদের মধ্যে জীবনের যে অংশটুকু আলোচিত হইরাছে, তাহা আমরা উপলব্ধি করি ধারাবাহিকতার অবিচ্ছিন্ন আলোকে নহে, সংক্রিপ্ত গাংকেতিকতার চকিত বিহ্যুদ্ধীপ্তিতে।... কবি প্রপ্রাসিকের হাত হইতে লেখনী কাড়িয়া লইয়াছেন, বিরল-সন্ধিবেশ তথ্যের ফাঁকে ফাঁকে কাব্যের বাশি সাংকেতিকতার স্করে বাশ্বিয়া উঠিয়াছে, স্থল ঘটনার যবনিকা সরাইরা রক্ষমঞ্চে কবিক্সনা অধিষ্ঠিত হইয়াছে। Meredith-এর উপস্থাসের মত রবীন্দ্রনাথের শেষ যুগের উপস্থাস একপ্রকার তীক্ষ-কঠিন বৃদ্ধির চমকপ্রদ উজ্জ্বলা (intellectual brilliance), ক্রত অবসরহীন সংক্ষিণ্ডতার মধ্যে গভীর অর্থগৌরবের ছোতনা (epigram) আমাদিগকে পাতায় পাতায় চমৎক্রত ও অভিভূত করে।"

"ঘরে বাইরে" (১৯১৬), "চত্রক" (১৯১৬), "যোগাযোগ" (১৯২০), "শেষের কবিতা" (১৯২৯), "তুইবোন" (১৯৩৩), "মালঞ্চ" (১৯৩৪), "চার অধ্যায়" (১৯৩৪) উপন্থাসগুলি এই পর্বের অন্তর্গত। ঘরে বাইরে এবং চার অধ্যায় উপন্থাস তু'টিতে রাজনৈতিক আন্দোলনের প্রসঙ্গ প্রাধান্ত পেয়েছে। শেষের কবিতায় প্রেমাহভূতির তম্ব উপস্থাপনই হয়ত কবির লক্ষ্য ছিল, কন্ধ অমিত ও লাবণ্যের রোমাটিক প্রণয়-সম্পর্ক উপন্থাসটিকে আগ্রন্থ স্থনভিত করে রেখেছে। অমিত রায়ের চরিত্র এই উপন্থাসের সম্পদ বিশেষ। যোগাযোগ উপন্থাসে সংস্কার-সংস্কৃতি-ক্ষৃচির ঘন্দ তীব্রভাবে প্রকাশিত হয়েছে। বিবাহের চেয়েও বে নারীর ব্যক্তিত্ব বড় কুম্র চরিত্রকে অবলম্বন করে এই প্রত্যায়ে কবি পৌছতে চেয়েছিলেন। কিন্তু উপন্থাসের সমাধ্যি অন্থতর তান্থিক সিদ্ধান্তের দিকে ইন্ধিত করেছে। তুই বোন এবং মালঞ্চ তু'টিই খুব কুলাক্বতি উপন্থাস। উপন্থাস তু'টিতে জীবন্চিত্রণ অপেক্ষাও একটি প্রেমতত্বের প্রতিষ্ঠার প্রতিই ধেন কবি বিশেষভাবে দৃষ্টি দিয়েছেন।

ছোট গল্প

তিন পর্ব॥ বাংলা ছোট গঁরের রূপদিদ্ধি রবীন্দ্রনাথে। রবীন্দ্রনাথের ছোট গরগুলি তিন থণ্ড "গরগুচ্ছে" এবং "তিন সঙ্গী"তে প্রকাশিত হরেছে। গরগুচ্ছ প্রকাশের বহুপ্রেই "হিতবাদী", "সাধনা", "সব্জপত্ত" প্রভৃতি পত্তিকার তাঁর গরগুলি দেখা দিয়েছিল। ১৮৯১ থেকে ১৯০১ সাল পর্বন্ধ রবীন্দ্রনাথের ছোট গরের প্রথম পর্ব। কন্ধাল, অতিথি, ত্যাগ, একরাত্তি, কাবুলিওয়ালা, ছুটি, শান্ধি, সমান্থি, মেঘ ও রৌন্ধ, বিচারক, নিশীথে, মানভঞ্জন ক্ষতি পাষাণ, নইনীড, পোন্টমান্টার প্রভৃতি সেরা গরগুলি এই পর্বের লেখা। ১৯১৪ সালে "সব্জপত্ত"কে অবলম্বন করে আরম্ভ হল তাঁর ছোট গরের দ্বিতীয় পর্বের। হালদারগোষ্ঠা, হৈমন্ত্রী, স্ত্রীর পত্ত, পয়লা নম্বর প্রভৃতি গরা এই পর্বের অন্তর্গত। ১৯৪০ সালে প্রকাশিত "তিনসন্ধ্রী" ভৃতীয় পর্বের চিহ্নবাহী।

প্রথম পর্বের গল্প গলির বেশির ভাগই পদ্মাতীরে বদে লেখা। বাংলা গ্রামজীবনের নৈকট্য, বোটে পদ্মাবাস এই গল্পগুলিকে এমন সরস প্রাণরসে পূর্ণ
করেছে যার তুলনা মেলা ভার। মাহ্যয় ও প্রকৃতির মধ্যে একটি নিগৃঢ় সম্পর্ক
কবি আৰিক্ষার করেছেন। সাধাবণ মাহ্যয়ের জীবনের ছোট ছোট হাসিকাল্লা স্থপত্থ এই গল্পের মধ্যে রূপলাভ করেছে। বাংলা দেশ—ভার মাটি ও
মান্ত্র্য কবি-চিত্তের প্রীতির রসে জড়িত হয়ে এই গল্পগুলির জন্ম দিয়েছে।
অধ্যাপক নারায়ণ গঙ্গোপাধ্যায়ের ভাষায় "এদের মধ্যে বস্ত্র-বৈচিত্ত্র্য এবং
চরিত্র-বৈশিষ্ট্র যাই থাক—সামগ্রিকভাবে যেন প্রকৃতির একটি নিবিড় ছারা—
পদ্মার ওপর বিকীর্ণ একটি অবারিত আকাশের আলো—জলের কল্লোল
আর জীবনসজ্যোগের আনন্দ মিশে আছে।"

ষিতীয় পর্বের গল্পগুলিতে নাগরিক বাচনভঙ্গি এবং ভাবকল্পনার বিশিষ্টতা প্রকাশিত। নাগরিক চাতুর্য এবং বাগুবৈদক্ষ্যের নৈপুণ্যে, উইটের দীপ্তিতে, ক্ষরধার মন্তব্যে এবং গৃঢ় তির্বকতায় এ গল্পগুলি হরে উঠেছে চমকপ্রদ। এই গল্পগুলির জীবনবোধে উচ্চকণ্ঠ প্রচারধর্মের স্পর্ল লেগেছে। ব্যক্তিত্ব বনাম পরিবার-মর্বাদা ও সামাজিকতা তীর বন্দের স্প্রী করেছে। মান্তবের নৃতন মূল্যবোধের দিকে কবির দৃষ্টি পড়েছে।

ভৃতীয় পর্বের গল্পে বাচনভঙ্গির তির্বকতা এবং ভাবচেতনার আধুনিকতা তথা তত্তপ্রাধান্ত লক্ষণীয়। নারায়ণ গঙ্গোপাধ্যায় তিনস্পীর তিনটি গল্পের স্থাব পরিচয় দিয়েছেন, "প্রথমগল্প রবিবার একটি মনোর্ম প্রোকাহিনী. ষিতীয়টি আরণ্যক জৈবতার মতো অন্ধ আকর্ষণ থেকে অচিরার পুনক্ষণেধন এবং নবীনমাধবের অনিচ্ছালন্ধ মৃক্তি (শেষ কথা) এবং ভৃতীয়টিতে সোহিনী নামে এক জ্যোতির্ময়ীর প্রলোভনের অগ্নিচক্র রচনা করে নন্দকিশোরের বিজ্ঞানযজ্ঞের ঋত্বিককে বিফল সন্ধান (ল্যাবরেটরি)।"

বিষয় বৈচিত্র্য॥ রবীক্সনাথের ছোট গল্পে পরিবার-জীবনের চিত্র স্থান পেয়েছে, সমাজসমস্থার কথাও এসেছে। তবে সাধারণ বাঙালীর পরিবার-জীবনের সঙ্গে এতবড় ঘনিষ্ঠ পরিচয় তাঁর ছিল না যাতে তার বাজ্বে রসপুষ্ট কোন প্রতিফলন সেখানে প্রত্যাশা করা যেতে পারে। দেনাপাওনা, দানপ্রতিদান প্রভৃতি গল্পে রবীক্সনাথ তাই সে পরিমাণ স্বছন্দ নন, যতটা মানসমৃত্তি তিনি প্রকৃতির সঙ্গে সহযোগের মধ্য দিয়ে লাভ করেন! সংসার-বন্ধনে যে মাফ্র নিঃশেষিত নয় তারাই তাঁকে বেশি আকর্ষণ করে। রামকানাইয়ের নির্দ্ধিতা, স্বর্ণমৃগ তাই বাজ্বে জীবনসমস্থার মধ্যেও সামাল্য উপকরণে গভীর আলোড়ন এনেছে। সমাক্ষসমস্থা অবশ্য অগ্নিদাহ তীব্রতা নিয়ে নষ্ঠনীড় গল্পে দেখা দিয়েছে। অসামান্তিক প্রেমের এই গল্পে কবি আধুনিকতম বিজ্ঞাহী মনোভাবকে রূপায়িত করেছেন অথচ কোথাও পরিবারজীবনের ঘটনায় কিছুমাত্র নাটকীয়তা সঞ্চারিত করেন নি, কোথাও অস্বাভাবিকতাকে প্রশ্নর দেন নি। সব্জপত্র-যুগের গল্পগুলিতেও অবশ্য ব্যক্তিসতাকে সমাল্যক্ষন থেকে মৃক্ত করার কথা বলেছেন রবীক্রনাথ, ভবে একটু যেন প্রচারের স্বর লেগে এদের শিল্প-সৌন্দর্থের কিঞ্চিং হানি ঘটেছে।

যে সব গল্পে কবি পারিবারিক হাদয়-সম্বন্ধকে গৃহের সীমা থেকে মুক্তি দিয়ে নিথিলের বিস্কৃতিতে স্থাপিত করেছেন দেখানে শিল্প-সাফল্যের শীর্ষে উঠেছেন। কাব্লিওয়ালায় পিত্রদয়ের বেদনা ঘরের বন্ধনকে ছাপিয়ে উঠেছে। বহু ক্ষেত্রে প্রকৃতিকে কবি ব্যবহার করেছেন এই বিস্কৃতি আনবার জন্ম। পোস্টমাস্টার, সমাপ্তি প্রাকৃতি গল্পের নাম এই প্রাসক্ষেত্রকরা যেতে পারে।

প্রকৃতি ও মানবজীবনের সম্পর্ক প্রকাশ পেয়েছে যে গল্পগুলিতে স্প্রেলির উৎকর্ষ প্রশ্নের অতীত। ছুটির ফটিকের মৃজির বাসনা অতিথির তারাপদে আরও গভীর হল্নে কবির নিস্গ-চেতনার মূল ভিত্তিকেই যেন বিশায়কর, চমৎ-কারিত্বে প্রকাশ করেছে। স্বভা, একরাত্তি এই স্থারের উল্লেখযোগ্য গল।

মণিহারা, ক্ষ্ণিত পাষাণ, নিশীথে, দালিয়া, ত্রাশা প্রভৃতি গল্পে রোমান্সরস স্ষ্টিতে সাফল্য দেখিয়েছেন কবি। দালিয়া-ত্রাশার ইতিহাসগন্ধী রোমান্স-রস মিন্সন-মাধুর্বে এবং আশাভবের হাহাকারে যে ভাবে প্রকাশিত কবির ঐতিহাসিক রোমান্স জাতীয় উপস্থাস হ'টিতে তার চিহ্নমাত্র নেই। প্রথমোক্ত তিনটি গল্পে অতিপ্রাকৃত রস রোমান্সের উপকরণ যুগিয়েছে। রবীন্দ্রনাথের অতিপ্রাকৃতের সঙ্গে ভৌতিক ভাবের সম্পর্কমাত্র নেই। মানবচিত্তের অপ্রকল্পনা বা পাপবাধ কিংবা আত্যন্তিক তুর্বলতা এবং স্পর্শকাতরতা সত্য ও মায়ার বিভ্রম রচনা করে অতিপ্রাকৃত রস ঘনীভূত করে তুলেছে।

রবীন্দ্রনাথের গল্পে ঘটনার তীব্রতা নেই, বরং বহুক্ষেত্রে লিরিকের মেঞাজ আছে। চমকটুকু প্রায়ই বাহির থেকে কাহিনীর পথে আসে নি, নাটকীয় আকস্মিকতার অফুসরণ করা হয় নি, বরং ধীরে ধীরে একটি উচ্ছুসিত হুর বিশ্ব-বেদনাকে যেন স্পর্শ করেছে।

প্ৰবন্ধ-সাহিত্য

বাংলা দেশের অশুতম প্রধান প্রাবন্ধিক হিসেবে রবীক্রনাথের নাম উল্লেখ করতে হয়। চিস্তার মৌলিক বিশিষ্টতায় এবং রচনা রীতি ও ভাষাভালির অকুচে শিল্পগুণে তাঁর প্রবন্ধ-সাহিত্য তুর্লভ উৎকর্ষে ভূষিত হয়েছে। রবীক্রনাথের প্রবন্ধ বিষয়বস্তুর বিচিত্রভায় সমৃদ্ধ। শিক্ষা, ধর্ম, রাজনীতি-সমাজনীতি-ইতিহাদ, সাহিত্য-সমালোচনা প্রভৃতি নানা জাতের বিষয়গৌরবী প্রবন্ধ যেমন তিনি লিখেছেন তেমনি ভায়েরী, প্রাবলী, আত্মজীবনী ও নানা ধরনের আত্মগৌরবী প্রবন্ধও লিখেছেন।

সমালোচক রবীন্দ্রনাথ। ১৯০৭ সাল পর্যন্ত তিনি সাহিত্য সম্বন্ধে যে সব প্রবন্ধ লিখেছিলেন তার মধ্যে নির্বাচিত অনেকগুলি প্রবন্ধ বিষয়ামুসারে "প্রাচীন সাহিত্য", "আধুনিক সাহিত্য", "গাহিত্য", "লোকদাহিত্য" নামে গ্রন্থবদ্ধ হল এই বছরে। সাহিত্যের পথে" প্রকাশিত হয় ১৯৩৬ সালে, "সাহিত্যের স্বন্ধশ" নামক পুন্তিকাটি প্রকাশিত হয় কবির মৃত্যুর পরে। সাহিত্যে, সাহিত্যের পথে, সাহিত্যের স্বন্ধপ এই তিনটি গ্রন্থে সমালোচনার ম্লনীতি ও কর্তব্য এবং সাহিত্যের স্বন্ধপ এই তিনটি গ্রন্থে সমালোচনার ম্লনীতি ও কর্তব্য এবং সাহিত্যের স্বন্ধের বিচিত্র দিক নিয়ে আলোচনার করা হয়েছে। প্রাচীন সাহিত্যে গ্রন্থেকের প্রাচীন কাব্যাদির সৌন্দর্য তাঁর আলোচনার বিষয় হয়েছে। আধুনিক সাহিত্যে উনবিংশ শতান্ধীর বাংলার কয়েকজন কবি-সাহিত্যিকের কথা বলেছেন রবীন্দ্রনাথ। লোকসাহিত্যে রবীন্দ্রনাথের ভূমিকা যুগপং রসিক ও গবেষকের।

রবীন্দ্রনাথের সমালোচনা-পদ্ধতির প্রধানতম বৈশিষ্ট্য হল তাঁর উচ্ছল স্ঞ্জন-পর্ম। জিনি Synthetic তো বটেনই, মাঝে মাঝে Creative-ও হয়ে ওঠেন। সমালোচ্য কাব্যকে গ্রহণ করে তার স্বরূপ-সৌন্দর্যের ব্যাখ্যানে সীমাবদ্ধ না থেকে, আপনার ভাললাগা মন্দলাগা, আশা-আকাজ্যান, কামনা-বাসনার বর্ণে তাকে অমুরঞ্জিত করে নবতর স্বষ্টলোকে তিনি উত্তীর্ণ হতে চান। প্রাচীন সাহিত্য গ্রন্থের অস্তর্ভুক্ত মেঘদ্ত এবং কাব্যের উপেক্ষিতা প্রবৃদ্ধ গুটি এর প্রকৃষ্ট উদাহরণ মহাকবি কালিদাসের সৌন্দর্য-সন্তোগের কাব্য মেঘদ্ত রবীক্রনাথের সমালোচনার চিরন্থন স্নোন্দর্য-বিরহের বাণীমৃতি হয়ে উঠেছে। রবীক্র-সমালোচনার অমুতম প্রধান বৈশিষ্ট্য হল অলক্ষারশাস্ত্রোক্ত সংজ্ঞাকেই ধ্রুব্রুচন বলে মনে না করে কাব্যের অস্তর-সৌন্দর্যকে আবিদ্ধার করা।

মহাকালকে তিনি সাহিত্যের শ্রেষ্ঠ বিচারক বলে মনে করেন। কালের বিচারে যে সাহিত্য উত্তীর্ণ তার বিচার করার চেষ্টা না করে পূজা করাই সমালোচকের কর্তব্য। রবীন্দ্রনাথ সাহিত্যের চিরক্তনত্বে বিশাসী। যে সাহিত্য সাময়িক দাবি মেটায়, সাহিত্য হিসেবে তার মূল্য অকিঞ্চিৎকর। সাহিত্যের উদ্দেশ্য সম্বন্ধে রবীন্দ্রনাথ বিধাহীন। তাঁর মতে "আলভ্যের সহস্র সঞ্চয়"ই হল সাহিত্য—অপ্রয়েজনের আনন্দ-স্টে তার একমাত্র লক্ষ্য। সাহিত্য যে কোনদিন স্থল মাস্টারী বা নীতি-শিক্ষার দায়িত্ব নেয় নি, রবীন্দ্রনাথ একথা স্পষ্ট করে বলেছেন। জীবর্ত্তির উদ্বে যে মানবস্তা, কবির মতে সাহিত্যের আবেদন সেধানেই। বিশ্বযাপী অনাদি অনস্ত ও অশ্রুত এক সঙ্গীত স্রোতে যাবতীয় পার্থিব ঘটনা ও রূপজ্ঞাৎ ভাসমান। তারা 'ক্ষণিকে প্রকাশ' আবার 'ক্ষণিকে মিলায়'। কবি কানে শুনবেন রূপজ্ঞাতের অন্তর্যালের সেই অশ্রুত ধারা, তাকেই ফুটিয়ে তুলবেন আপনার ভাষায় ও ছন্দে। ঐশী চেতনার সক্ষে যুক্ত এই বিশায়ভূতিই রবীন্দ্র-সমালোচনার মৌল দর্শন। তার সৌন্দর্যন ও বাধের ভিত্তিতেই প্রতিষ্ঠিত।

কবিপ্রতিভার বৈশিষ্ট্যের ফলেই সাহিত্যের স্বরূপ নির্ণয় করতে গিয়ে তিনি প্রায়ই গীতিকাব্যোচিত একুটি সংজ্ঞায় পৌছেছেন। সাহিত্যের ভাৎপর্য প্রভৃতি প্রবন্ধে তিনি কবিচিত্তের রঙ্, ভাললাগা মনলাগা, আশা ও আকাজ্জার কথাই মুখ্যত বলেছেন। অবশু রবীন্দ্রনাথের সহুদয়তা ও সাহিত্যবোধের গভীরতা Absolute Vision বা নিরপেক্ষ-নিরাসজ্জ দৃষ্টির স্ষ্টি-সৌন্দর্যকে স্বস্থীকার করতে পারে নি। তাই সাহিত্যের পথে গ্রন্থের কোন কোন প্রবন্ধে "নিরাসক্ত মনই শ্রেষ্ঠ মন" বলে স্থীকারও করেছেন।

মহৎ সাহিত্যে সাহিত্যিকের জীবন-জিজ্ঞাসার প্রকাশ খুঁজেছেন রবীক্সনাথ। উচ্চতর সাহিত্য শুধুমাত্র ভাব-ভাষার নিপুণ বন্ধনজাত সৌন্দর্ধ-স্কটই নয়, আরও গভীরে প্রবেশ করে জীবনের সত্যকে সে আবিছার করে, ব্যাখ্যা করে, প্রকাশ করে কিন্তু প্রচার করে না।

রবীন্দ্রনাথের সাহিত্য সমালোচনার পদ্ধতি সর্বত্ত অমুসরণযোগ্য নয়। কিন্তু স্থতীত্র সাহিত্যিক স্পর্শকাতরতা, সৌন্দর্য-উপলব্ধির অস্তরতম প্রদেশে সহজ্ঞে অবতরণের আশ্চর্য ক্ষমতা, সহজাত রসবোধ এবং বহু অধ্যয়নজ্ঞাত অমুশীলনের সন্মিলনে তিনি কাব্য বা কবির আলোচনায় অধিকাংশ ক্ষেত্রেই নির্ভূল এবং গভীর।

বাংলা সমালোচনায় তাই রবীন্দ্রনাথই প্রধানতম পুরুষ।

বিষয়গৌরবী প্রবন্ধ । সাহিত্য সমালোচনা ভিন্ন অন্ত জাতীয় বিষয়-গৌরবী প্রবন্ধেও তাঁর সাফল্য শ্রন্ধার সঙ্গে স্মরণযোগ্য। ব্যাকরণ, ভাষাভত্ত, ছন্দ শাস্ত্র প্রভৃতি বিষয়ে তিনি "শব্দতত্ত্ব" (১৯০৯) "ছন্দ" (১৯৩৬), "বাংলাভাষা পরিচয়" (১৯৩৮) প্রভৃতি গ্রন্থ লিখেছেন। আজীবন ভাষা ও চন্দ নিয়েই তিনি কারবার করেছেন। সেই অভিজ্ঞতা ভাষার সরস্তায় এখানে গ্রন্থবন্ধ হয়েছে। "ধর্ম" (১৯০৯), "শাস্তিনিকেতন" (১৯০৯-১৬), "মাকুষের ধর্ম" (১৯৩৩) প্রভৃতি গ্রন্থে কবির ধর্মজিজ্ঞাসা স্থান পেয়েছে। সমকালীন পত্র-পত্তিকায় ব্রাহ্মধর্মান্দোলনের একজন প্রধান মুখপাত্ত হিসেবে তিনি বৃদ্ধিয় প্রমুখ হিন্দুধর্মের মুখ্য প্রবক্তাদের সঙ্গে ধর্ম-বিতর্কে প্রবৃত্ত হয়েছিলেন। পরিণত বয়সে ধর্ম নিয়ে ভর্কযুদ্ধে অবভীর্ণ হতে তিনি চান নি। সাম্প্রদায়িক গণ্ডীর উদ্বে এক ধর্মচেতনায় তিনি নিজে উদ্বন্ধ হয়েছেন, বিশ্বকে উদ্বন্ধ করতে চেয়েছেন। তিনি একে বলেছেন মাস্টবের ধর্ম। উপনিষ্দিক দর্শনের সঙ্গে এর যেমন গভীর সম্পর্ক তেমনি কবির ব্যক্তিগত উপলব্ধির মধ্যে এই সত্য ধৃত। কবি আপন ধর্ম ও দার্শনিক প্রত্যয়কে যুক্তি-তর্ক-তথ্যের পথ দিয়ে গ্রহণ করেন নি, প্রবন্ধ রচনার ক্ষেত্রেও তিনি ব্যক্তিগত উপলব্ধির স্থরই লাগিয়েছেন। সম্ভবত পিডা দেবেন্দ্রনাথের ধর্মব্যাখ্যান পদ্ধতির, দ্বারা কবির শাস্তিনিকেতনের প্রবন্ধ-গুলির রচনারীতি অনেকটা প্রভাবিত।

সক্রিয় বাজনীতিতে কবি ত্' একবার সামান্তত অংশ নিয়েছিলেন, কিন্তু ভারতের ইতিহাসের বৈশিষ্ট্য এবং রাষ্ট্রনৈতিক চিস্তার নানা দিক তার মনীবায় উদ্ভাসিত হয়ে উঠেছে। আমাদের ইতিহাস সামগ্রিক জীবনসাধনার নাম দিয়েছিল ধর্ম। ধর্মই এদেশের জীবনচর্চার কেল্লে ছিল অধিষ্ঠিত, ম্রোপের ক্যায় রাষ্ট্রনীতি নয়। রবীন্দ্রনাথ প্রথমদিকে উনবিংশ শতান্দীর চিস্তাধারা অস্থবায়ী ইংরেজদের সম্পর্কে হৈত মনোভাব পোষ্ণ করতেন।

ভিনি বড় ইংরেজ এবং ছোট ইংরেজ নামে তাদের অভিহিত করেছেন। তাঁর জাতীয়চেতনা বিশ্বমানবমৈত্রীর বিরোধিতা করে নি। পরিণত বয়দে কবি সাম্রাজ্যবাদীদের তীত্র ভং সনা কম্বেছেন, সোভিয়েট দেশের সমাজতরকে অভিনন্ধন জানাতেও ছিধা করেন নি। শিক্ষার ব্যাপারে রবীক্রনাথ ইংরেজপ্রচলিত ধারার পরিবর্তন চেয়েছিলেন। জীবনের সঙ্গে শিক্ষার ঘনিষ্ঠ সম্পর্কে, মাতৃভাষার মাধ্যমে শিক্ষা এবং প্রকৃতির পরিবেশে শিক্ষাগ্রহণে শিশুচিত্তের স্বাভাবিক বিকাশের সম্ভাবনা ছিল কবির শিক্ষাহেতনার মূল মন্ত্র। রবীক্রনাথের ইতিহাস, রাজনীতি, সমাজনীতি ও শিক্ষাবিষয়ক প্রবন্ধগুলি "আত্মাক্তি" (১৯০৫), "ভারতবর্ষ" (১৯০৬), "শিক্ষা" (১৯০৮), "রাজাপ্রজা" (১৯০৮), "স্বদেশ" (১৯০৮), "পরিচয়" (১৯১৬), কালান্তর" (১৯০৭), "সভ্যতার সঙ্কট" (১৯৪১) প্রভৃতি গ্রম্থেলত হয়েছে।

রবীন্দ্রনাথ বিষয়গোরবা প্রথক্ষে যুক্তির ভাষাকে ততটা অন্তুসরণ করেন নি যতটা করেছেন আবেগের ভাষাকে। যুক্তি-তথ্য প্রভৃতির সমাবেশে সিদ্ধান্তকে অভ্রান্ত করে তোলেন নি তিনি। উক্তির চমৎকারিত, উপমাদির প্রয়োগ ও চিত্ররচনার সৌন্দর্য ভাষাকে স্থরভিত করে তুলেছে।

আত্মগোরবী প্রবন্ধ। রবীন্দ্রনাথ জীবনশ্বতি, চিঠিপত্র, ভায়েরীজাতীয় অনেক লিখেছিলেন;—"মুরোপপ্রবাসীর পত্র" (২৮৮১), "মুরোপমাত্রীর ভায়েরী" (১৮৯১-৯), "জীবনশ্বতি" (১৯১০), "জাপান যাত্রী" (১৯১৯), "জাভাষাত্রীর পত্র", "রাশিয়ার চিঠি" (১৯৩১), "পথের দঞ্চয়" (১৯৩৯), "চেলেবেলা" (১ ৪০), "আত্মপরিচয়", "ছিয়পত্র" এবং বহুখণ্ডে দঙ্কলিত "চিঠি-পত্র"।

রবীন্দ্রনাথের চিঠিপত্রে কবির অনাবৃত ও অনলঙ্গত ব্যক্তিছের প্রকাশ প্রত্যাশিত ছিল। কিন্তু ব্যক্তির সেই রস কবির পত্রে বড় পাওয়া যায় না; ব্যক্তিকে আচ্ছন্ন করে তাঁর কবিমনের প্রতিফলনই সেথানে মূখ্য হয়ে উঠেছে। পত্রাবলীর মধ্যে সাহিত্যিক উৎকর্ষের দিক থেকে ছিন্নপত্র তুলনারহিত। কবির যৌবনে পল্যাবাসকালে রচিত এই পত্রগুলিতে কাব্যলান্থিত গছে (কবির নিক্রের ভাষায় "অনেকটা পৈট্রির মতো তনতে হবে") কোঁথাও চমৎকার কল্পনা, কোথাও নিবিড্তম উপলব্ধি কোথাও শব্দবিস্থানের চারুত্ব প্রকাশ পেয়েছে। মুরোপষাত্রীর ভায়েরীতে ভাব এবং ভাবনার মিলন ঘটেছে, প্রসন্থত মুরোপের সঙ্গে ভারতের কীবনচর্যা ও চিন্ধার পার্থক্যের নানা কথা

এদে পড়েছে। স্বাভাষাত্তীর পত্তে স্বদ্ধ স্বাভার প্রাচীন ভারতের অবশেষ দেখে কবির রোমাণ্টিক বিশ্বর প্রকাশ পেরেছে।

জীবনশ্বতি, আত্মপরিচয় এবং ছেলেবেলায় আত্মকথনের তিনটি ভিন্ন ভিঙ্গি আশ্বাদের স্বাতস্ত্র্য নিয়ে এদেছে। আত্মপরিচয়ে দার্শনিক উপলব্ধির আধিক্য। জীবনশ্বতিতে প্র্রৌঢ় কবি প্রথম জীবনের শ্বতিরোমন্থন করেছেন। এ-গ্রন্থের ভাষারীতি, চিত্ররচনাপদ্ধতি এক কথায় অনবছ। যে-জীবন অতীতের অথচ নিঃশেষে বিলুপ্ত নয় তারই মধুর আস্বাদ কবি পরিবেশন করেছেন। নিরাশক্তের কৌতুক এবং আসজ্বের প্রাণের ঈষৎ আবেগের আলোছায়ার স্পর্শে রচনাটির সৌন্দর্য বৃদ্ধি পেয়েছে।

"পঞ্চুত" (১৮৯৭) "একটি অভিনব কলাকৌশলে প্রকাশিত রচনা।… পঞ্চুত পঞ্চুতের থেয়াল খুশীতে ঘরোয়া আলাপ-আলোচনা; বিষয়ের কোন কিছু স্থানিদিষ্টতা নাই,—দাহিত্য, দৌন্দর্য, মন্তব্য-প্রকৃতি, বিজ্ঞান, প্রভৃতি গুরুলঘু বহু বিষয়ে আলাপ আলোচনা রহিয়াছে।" (—শশিভূষণ দাশগুপ্ত)। কিন্তু বিষয়বন্ত অপেক্ষা দৌন্দর্য সৃষ্টিই এখানে মুখ্য হয়ে উঠেছে। রোমান্টিক সৌন্দর্যব্যাক্লতা, বুদ্ধির দৃপ্ত বৈদ্ধ্যা, মননশীলতার সংমিশ্রণ কিঞ্চিৎ বিতর্কের সহযোগে অভিনব আস্বাদ বহন করছে এই রচনাট। স্থপ্রচুর কৌতুক হাস্য এই রচনাগুলিকে বিশিষ্ট করেছে, অথচ ভাবগান্তীর্যের কিছুমাত্র হানি ঘটে নি ("বিচিত্ৰ প্ৰবন্ধ" (১৯০৭) একটি অত্যুৎকৃষ্ট আত্মগোরবী প্ৰবন্ধ-সঙ্কন। ব্যক্তিগত হার এবং লঘু মেজাজ এ-গ্রন্থে বড় প্রকাশ পায়নি। কিছ গ্রভাষা স্বধর্মভাষ্ট না হয়ে কবিতার সৌন্দর্যের কত নৈকট্য পেতে পারে, কবি তা দেখিয়েছেন। ভাষাচিত্রের সৌন্দর্য ও বর্ণ-গৌরব এবং ভাবগভীরতায় এ গ্রন্থের তুলনা কমই পাওয়া যায়। শাখত দৌন্দর্য-বিরহের আতি. প্রয়োজনের জগংকে ছেড়ে অপ্রয়োজনের আনন্দলোভে অভিসার-বাসনা এথানে ভাষারূপে বন্ধ হয়েছে।) "লিপিকা"র (১৯২৭) কয়েকটি প্রচনায় নিঃসন্দেহে গতকবিতার স্টনা ^২ ঘটেছে, কয়েকটিতে ছোট গল্পের আমেজ আছে। অপর করেকটিকে আত্মগৌরবী প্রবন্ধ বা রসরচনা হিসেবে অভিভিত করা যায়। সেধানেও ভাষা গল্পের সীমান্ত অতিক্রম করে কবিতার রাজ্যে প্রবেশের জন্ত পা বাড়িয়েছে।

॥ इंडे ॥

রবীন্দ্র-পর্বের গল্প-উপস্থাস

ভূমিকা

রবীক্রনাথের দ্বিতীয় পর্বের উপন্থাস বিশেষ করে চোথের বালি পরবর্তী বাংলা কথাসাহিত্যকে বিশেষভাবে প্রভাবিত করেছে। রবীক্র-পর্বের বিশিষ্ট প্রপন্থাসিক শরৎচক্র এই উপন্থাসের জীবনদৃষ্টি ও বাচনভঙ্গির দ্বারা গভীরভাবে প্রভাবিত হয়েছেন। রবীক্রনাথের শেষ পর্বের উপন্থাসের নব্য আন্দিকে কবির ব্যক্তিত্বের ছাপ এত তীত্র যে এর অন্নসরবের মধ্য দিয়ে কোন নবধারা সৃষ্টি হয় নি। প্রমথ চৌধুরীর গয়ের ভাষারীতির সঙ্গে এদের সাদৃশ্য থাকলেও রবীক্রনাথের দ্বারা তিনি এ বিষয়ে প্রভাবিত এমন সিদ্ধান্ত করা চলে না।

বাংলা সাহিত্যে রবীক্রনাথ ছোট গল্পকে শিল্পরপের সম্চ স্বর্গে আসন দিলেন। প্রমথ চৌধুরীর ছোট গল্পের রীতি অবশ্য রবীক্র-নিরপেক্ষ ভাবেই গড়ে উঠেছিল। তবে সাধারণভাবে এ পর্বের এবং পরবর্তী কালের ছোট গল্পের লেথকেরাও রবীক্র-স্ট ভূমিতেই বিচরণ করেছেন।

শ্বরং কবি ব্যতীত এ-পর্বের বিশিষ্টতম কথাসাহিত্যিক শরৎচক্স বছদিক দিয়েই স্বাতন্ত্র্য দেখিয়েছেন। রবীক্র-পর্বেই তিনি নিজস্ব একটি ভাব-পরিমগুলের মধ্যে বছ কথাসাহিত্যিককেই আকর্ষণ করেছেন। নারী উপস্থাসিকদের কেউ কেউ; নরেশচক্র, চারুচক্র, উপেক্রনাথ কোন না কোন দিক দিয়ে শরৎচক্রের গরোপস্থাসের স্বারা প্রভাবিত হয়েছেন।

প্রভাতকুমার মুখোপাধ্যায় (১৮৭৩-১৯৩২)

উপক্সাস। রবীক্রান্ত্রক লেখকদের মধ্যে প্রভাতকুমার প্রচুর খ্যাতি অর্জন করেন। তিনি শরৎচক্র অপেক্ষা বয়সে তরুণ হলেও শরৎচক্রের পূর্বে উপন্যাস ও গল্প লিখতে শুরু করেছিলেন। "রমাস্থন্দরী" (১৯০৮), "নবীন দল্ল্যাসী" (১৯১২), "রত্বদীপ" (১৯১৫), "সিঁতুর কোটা" (১৯১৯), "মনের মান্ত্র্যু" (১৯২২), "জীবনের মৃল্যু" প্রভৃতি চৌদ্ধানা উপন্যাস তিনি লিখেছিলেন। এদের অধিকাংশই ফেনিয়ে তোলা বড় গল্প। প্রভাতকুমারের বুপ্রক্রাসিক্ষ্লভ সাহিত্যিক দৃষ্টি ছিল না। উপন্যাসিক জীবনের ঘটনাবছল বিস্তৃত রূপের ছবি আঁকেন এবং মানবচরিত্রের ক্রমবিকাশ ও মানবভাগ্যের বিচিত্রতা দেখে বিশ্বর বোধ করেন। প্রভাতকুমারের দৃষ্টি জীবনের বিপুল সমগ্রতার দিকে ক্রেকার না। ক্রম্বর ক্রম্বর দৃষ্টি জীবনের বিপুল সমগ্রতার দিকে

মাম্লি, প্রায় প্রাণহীন। পার্মকাহিনীগুলি অকারণ প্রাধান্ত পেয়েছে। তবে কোন কোন অংশ কৌতুকরদের স্পর্ণে কিছু উপভোগ্য হয়েছে।

রত্বদীপ তাঁর শ্রেষ্ঠ উপক্যাস। রচনা-উৎকর্ষে এটির মূল্য সামান্ত নয়... রাথাল নামক ব্যক্তির লোভ এবং লোভ জয়ের তীত্র হল্ব এই উপক্যাসে নিপুণতার সঙ্গেই চিত্রিত হয়েছে। এই কাহিনীটি বেশ সংহত ও একাগ্র।

ছোট গল্প। প্রভাতকুমারের আগল পরিচয় তাঁর ছোট গল্পে। তিনি শতাধিক ছোট গল্প লিখেছিলেন। দেগুলি "নবকথা" (১৮৯৯), "ষোড়শী" (১৯০৯), "দেশী ও বিলাতী" (১৯০৯), "গল্পাঞ্জলি", "পত্রপূপা", "গল্পবীথি" প্রভৃতি গ্রন্থে সক্ষলিত হয়েছে। রবীক্রনাথ তাঁর গল্পের প্রশংসা করে পত্র লিখেছিলেন, "তোমার গল্পগলি ভারি ভাল। হাসির হাওয়ায় কল্পনার বেশাকে পালের উপর পাল তুলিয়া একেবারে হু হু করিয়া ছুটিয়া চলিয়াছে, কোথাও কিছুমাত্র ভার আছে বা বাধা আছে তাহা অহুভব করিবার জোনাই।"

প্রভাতকুমারের ছোট গল্পের মাজিত আদিকনৈপুণ্য অবশ্বস্থীকার্য। তাঁর গল্পে মূল বিষয়-ব্যতিরিক্ত কোন ঘটনা বা বর্ণনার স্থান নেই। সব কিছুই অনিবার্য গতিতে সমাপ্তির দিকে এগিয়ে যায়। প্রভাতকুমারের গল্পের শেষে একটি করে আক্ষিক চমক থাকে। তাঁর অন্ততম বৈশিষ্ট্য তরল সরল কৌতুকরস। একৌতুকে ব্যঙ্গের তীত্র জালা নেই, আঘাত নেই। এমন নির্মল শুল্ল হাস্থ বাংলা সাহিত্যের আসরে খুব বেশি নেই। প্রভাতকুমারের এই হাস্থ জীবনদৃষ্টির বিশিষ্ট ভঙ্গির ফল। জীবনের স্থগভীর অন্থভৃতি প্রভাতকুমারকে আকর্ষণ করত না; কল্পনার বিচিত্ত স্থদ্বাভিসার এবং মনস্থত্বের জাটিল সমস্থার প্রতি তাঁর প্রবণ্ডা চিল না।

তিনি অবশ্য "দেবী", "আদরিণী" প্রভৃতি হ্'একটি গভীর রদের গল্প লিখেছেন, এবং দেবী গল্পটি মনস্থাত্তিক বিল্লেখণের দিক দিয়ে বিশায়কর সাফল্যও লাভ করেছে। কিন্তু "বলবান জামাতা", "কুদ্মকুমারীর গুপুক্থা", "হতাল প্রেমিকের ডায়েরী", "অদ্বৈতবাদ", "পোস্টমাস্টার", "মাস্টার মহাশার", "রদময়ীর রদিকতা"র মত কৌতুক-গল্পের প্রতিই তাঁর বিশেষ প্রবর্ণতা এবং এখানেই তাঁর সত্যকার সাফল্য।

अवस्टिस हर्ष्ट्रीभागाय (১৮৬৬-১৯৬৮)

পরিচয়॥ শরংচন্দ্র বাংলা দেশের সর্বাধিক জনপ্রিয় ঔপন্যাসিক। পূর্ববর্তী শ্রেষ্ঠ অপন্যাসিক বন্ধিমচন্দ্র ওবীন্দ্রনাথের দ্বারা তিনি যেমন প্রভাবিত হযেচিলেন তেমনি এর মধ্যেও নিজের মানসপ্রবণতা অস্থায়ী স্বাতন্ত্রের সৃষ্টি করেছিলেন।
শরৎচন্দ্র বন্ধিমের গল্পগঠনের রীতি ও পদ্ধতির অস্থারণ করলেও তাঁর রোমান্ধপ্রবণতা, ঘটনার বাছল্য ও প্রবলতা এবং অতিলোকিক উপকরণের প্রতি
আকর্ষণকে পরিহার করেছিলেন। বন্ধিমের সমাজদৃষ্টি শরৎচন্দ্রের নিকটে
নীতিবাগীশতা বলে মনে হয়েছিল। রবীন্দ্রনাথের চোথের বালির প্রভাব
যে তাঁর উপরে স্থাভীর একথা তিনি নিজে স্বীকার করেছিলেন।

শরংচন্দ্রের ঐপক্যাদিক প্রবণতার প্রধান দিকগুলির পরিচয় নেওয়া যাক। এক। শরংচন্দ্র অত্যন্ত ·আবেগপ্রবণ শিল্পী। আবেগকে সংহত ও সংযত করলে তা শিল্পকর্ম হয়ে দাঁডায়। সর্বদা শরৎচক্র দে সিদ্ধিতে পৌচতে চান নি। ছুই ॥ তিনি আসলে পারিবারিক জীবনের রূপকার। তাঁর বড় গল্পগুলিতে ('রামের স্থমতি", "বিন্দুর ছেলে", "নিম্কৃতি", "মেজদিদি" প্রভৃতি) পরিবারজীবনের কাহিনী ও সমস্তা প্রাধান্ত পাওয়ায় এখানে এক অভিনব পরিবাররদের আবেদন স্ষ্টিতে তিনি সমর্থ হয়েছেন। শরংচন্দ্রের যে-সব চিত্র কাহিনীকেল্ডে অধিষ্ঠিত, সমগ্র রচনাটি জুড়ে পরিবাররসের বিস্তার। তিন ॥ সামাজিক সংস্থার, নীতিবোধ এই বিশিষ্ট প্রশ্ন শরৎচল্লের উপন্যাদের কেন্দ্রীয় সমস্তা। বাংলাদেশের গ্রাম্য সমাজের নানা কদাচার, সমাজ-প্রধানদের অক্সায় স্বার্থপরতা, জমিদারদের অত্যাচার ও শোষণ এবং মামুষের হীনমন্ততাকে শরৎচন্দ্র বিধাহীন চিত্তে ধিকার দিয়েছেন। কিন্তু নরনারীর विवाहत्क जिनि मतन मतन अका ना अवनित्य शास्त्रन नि। अई विवाद यकि ব্যক্তিগত কামনা-বাসনার চরিতার্থতা নাও মেলে তবুও মনের মধ্যে তাকে গুরুতর মূল্য দিতে তিনি সঙ্কৃচিত হন নি। রাজলন্দ্রীর মত নারীর জীবনে वानेकी वृद्धित मर्था ७ वन्त्र माण्डित सःस्रात काक करत्र हि। मृशास्त्र विवाद তার বাসনা-কামনার সমাপ্তি ঘটেছে ; অথচ এই অসম মিলনকেও শরৎচ্জ এতবড় সভারপে গ্রহণ করেছেন যাতে জীবনসংগ্রামে ভগ্নতরী যাত্রীরা ঐ পোতেই আশ্রয় খুঁজেছে। অমদাদিদি যে তৃঃখের ও লাঞ্নার মধ্যেও আগুনের শিখার মত জলেছে তার কারণ ঐ ছন্নছাড়া সাপুড়ের সকৈ তার প্রকৃত সম্পর্ক স্বামী-স্ত্রীর। বৈধব্যের সংস্কার থেকে মৃক্ত হতে পারে নি রমা কিংবা সাবিত্রী, মুক্তির কথা ভাবতেও পারে নি বড়দিদি কিংবা পার্বতী। অবশ্র চুটি দিক থেকে শরৎচক্র এই অতি পুরাতন আদর্শের মধ্যে আলোড়ন करबरह्य । किया विवासिका मानीन प्रकारत प्राथरत अधिक प्राथकार ষ্ঠীত্র চিত্র এঁকেছেন; বিধবা নারীর প্রেমের কাহিনীতে তাঁর শিল্লীচিন্তের বিশেষ প্রবণতা প্রকাশ পেয়েছে। আদর্শ যাই হোক, দ্বীপের মত শাস্ত নিরাপদ বন্দরটি অদ্রে যত স্পষ্ট হয়ে চোথে পড়ুক না কেন, যে মাফুষের হাদয় সম্প্রতরক্ষে আন্দোলিত তাদের কথা বলতেই তিনি চেয়েছেন, তাঁর শিল্পীপ্রাণ অতৃপ্ত বাসনার আর্ড্র্রেনিই কান পেতে গুনেছে। মুণাল কিংবা অল্লাদিদি অথবা স্থরবালা তাই তাঁর উপন্তাসের প্রধান পাত্রী হয়ে ওঠেনি। রাজলন্দ্রী, অচলা, সাবিত্রী, কিরণময়ীরই সেধানে মুখ্য ভূমিকা। এদের কেউ বন্দরে ভেড়ান নৌকা, চেউয়ের আঘাতে দীর্ণপ্রায়, কিন্তু দড়ির ক্ষীণ বন্ধনটুকু ছেড়ে নি; কেউ আবার মাঝ দরিয়ায় আতক্ষে-উল্লাসে আর্ত হয়ে উঠেছে, তীরের বন্ধন হারিয়েছে; আবার যারা নিশ্চিন্ত আদর্শলোকের অধিবাসী তাদের প্রশান্তি ও সংযমের অন্তরালে অপচিত জীবনের কী নিদারণ চিত্র! শিল্পী শরৎচন্দ্র তাই বিশ্রান্ত, তরক্ষক্ষ্ক মানসিকতায় নি্ত্যআন্দোলিত; প্রাচীনকাল থেকে গড়ে ওঠা পাকা বন্দরের মোহে আবন্ধ, কিন্তু তার নিরাপত্তায় আরু মূল্যে সংশ্রী। এই সংশ্র আরু যন্ত্রণারই লেথকের বিংশ শত্রকীয় আধুনিকতার চিহ্ন।

তিনপর্ব ॥ শরৎচন্দ্রের উপন্যাসগুলিকে স্পষ্টরেথ পর্বে ভাগ করা কঠিন। তবুও মোটামূটি ভাবে তাদের তিন পর্বে ভাগ করে পাঠ করা সম্ভব।

প্রথম পর্বের বিস্তার ১৯১৭ দালের পূর্ব পর্যস্ত। এই সময় পর্যন্ত তার এই গল্প ও উপস্থাসগুলি প্রকাশিত হয়েছিল—"বড়িদি" (১৯১৩), "বিরাজ বৌ" (১৯১৪), "বিন্দুর ছেলে" (১৯১৪), "পরিণীতা" (১৯১৪), "পত্তিমশাই" (১৯১৪), "মেজদিদি" (১৯১৫), "পল্লীসমাজ" (১৯১৬), "চক্রনাথ" (১৯১৬), "বৈকুর্পের উইল" (১৯১৬) এবং "অরক্ষণীয়া" (১৯১৬)। শিক্ষানবীশির নানা চিহ্ন এই গল্ল-উপস্থাসগুলির মধ্যে প্রত্যক্ষ। উপস্থাসগুলিও আকারে-প্রকারে কৃত্র। একমাত্র পল্লীসমাজেই উপন্যাদের লক্ষণ আছে। এই উপন্যাদেই লেখকের অস্পষ্ট নীতিবিক্ষতা প্রথম দেখা দিল, অস্ত্র শরংচন্দ্র পরিবাররসের কাহিনীকখনেই প্রধানত তৃপ্ত। নারী-চরিত্র এই সমন্ত্র প্রেকেই তার গল্প-উপস্থাসের কেন্দ্রে আসন প্রেত বনৈচে।

১৯১৭ সাল থেকে ১৯২৪ সাল পর্যস্ত লেখা গল্প-উপন্তাসগুলিকে দ্বিতীয় পর্বের অস্তর্ভুক্ত করা চলে। অবশ্য ১৯২৬ সালে প্রকাশিত "পথের দাবী"কে ঠিক কোন পর্বের মধ্যেই ধরা সঙ্গত নয়। শরৎচক্রের উপন্তাসধারায় এটি (১৯১৭), "চরিত্রহীন" (১৯১৭), "দত্তা" (১৯১৮), "শ্রীকাস্ক ২য় পর্ব" (১৯১৮), "গৃহদাহ" (১৯২০), "বাম্নের মেরে", "দেনীপাওনা" (১৯২৩), "নববিধান" (১৯২৪)। এই পর্বের উপন্তাসগুলি আকারে বৃহৎ; ঘটনার ক্ষটিলতায় এবং চরিত্রের বিকাশে উপন্তাস নামের যোগ্য হয়ে উঠেছে। পরিবারজীবনের মধ্যে বৃহত্তর সমাজজিজ্ঞাদা তরকোছেলতার সাড়া তুলেছে। এই পর্বে শরৎচন্দ্র মানবন্ধীবনের গভীর ও জটিল সমস্তার মধ্যে প্রবেশ করেছেন। মারুষের মৃক্ত হৃদয় বিলোহী হয়ে সমাজনীতির সঙ্গে সংঘর্ষে প্রবৃত্ত হয়েছে। তার মধ্য দিয়ে অসহায় মানুষের চিত্ত-অবক্ষয়ের টাজেডি তিনি দেখেছেন এবং দীর্ঘশাদ ফেলেছেন। রচনাগত ক্রটিবিচ্যুতি ও ভাবালুতার আতিশয়্য সত্তেও লেথকের দৃষ্টিকোণের এই বিশিষ্টতা এই পর্বের উপন্তানে প্রকাশ প্রের্ছে।

"শেষ প্রশ্ন" (১৯৩১), "বিপ্রদাদ" (১৯৩৫) এবং অদম্পূর্ণ "শেষের পরিচয়" উপন্যাদে কিছু কিছু নৃতন লক্ষণ দেখা দিতে আরম্ভ করেছিল। এদের তৃতীয় পর্বের রচনা বলা চলে। প্রথম মহাযুদ্ধোত্তর যুরোপীয় সাহিত্যের নবীন জিজ্ঞাদা এদেশের কথাদাহিত্যে বিংশ শতকের তৃতীয় দশকের শেষার্থে প্রকাশিত হতে থাকে। শরৎচন্দ্রের মন এর পূর্বেই পরিণতি পেলেও এই নৃতন হাওয়া যে তাঁকেও কিছু চঞ্চল করেছিল তার চিছ এখানে আছে। ভাবাকুলতার অভিরেক সত্তেও কিছু মননশীলতা, সংলাপের ভাষায় বৃদ্ধির কিছু দীপ্তি এ পর্বে প্রকাশিত। এই উপন্যাদ তিনটিতে শরৎচন্দ্র যেন নরনারীর বিবাহের চেয়ে স্বতন্ত্র কিছু বিবাহের চেয়ে বড় কোন সম্বন্ধ থুঁজে খুঁজে দিশাহারা হয়ে পড়েছেন। এর সমাধান তিনি পান নি। কিছু শিল্পীব্যক্তিত্বের নিষ্ঠার দিক থেকে এই বিবর্তন একাছ ম্ল্যাহীন নয়।

্রপ্রমথ চৌধুরী (১৮৬৮-১৯৪৬)

প্রমথ চৌধুরী একটিও উপস্থাস লেখেন নি। বৃহদাক্ততি রচনার প্রতি তার কিছুমাত্র আকর্ষণ ছিল না। তাঁর মেজাজটিই ছিল ছোট গল্প লেখার জন্মকুল। বাংলা ভাষায় ফরাদী ছোট গল্পের আজিকরীতিকে তিনিই প্রথম পরিচিত করিয়েছিলেন। তাঁর গল্পগুলি রূপদিদ্ধ। আজিকগঠনে তুর্লভ নিপুণতার পরিচয় তিনি দিয়েছেন। তাঁর গল্পের ভাষার মধ্যে রয়েছে তীক্ষ্ণ মননশীলতা, বাক্কনাজর্ষের চমৎকাবিত্ত এবং বিছিব অসিচাল্লনা। কিন্তু তাঁব জ্ঞাৎ প্র জীবনদৃষ্টি বৃদ্ধিকে একমাত্র অবলম্বন করে তোলায় মান্ত্রকে সম্পূর্ণ দেখবার চেষ্টা করে নি। আবেগ ধে মানবচিত্তের একটা প্রধান অংশ; তৃঃখের তীব্র দাহ, রোমান্সের মায়ামরীচিকা, রোমান্টিক সৌন্দর্যধ্যান যে তথু মাত্র ব্যক্তের বা কৌতৃক-কটাক্ষে উড়িয়ে দেবার বস্তু নয় প্রমথ চৌধুরীর গল্প পড়ে তা ব্রবার উপায় নেই। গল্প অপেক্ষা বক্তৃতার, চরিত্রচিত্রণকে এবং প্রতিহত্ত করে বিতর্ক ও মন্তব্যের প্রাধান্ত দেখে মনে হয় যেন সত্যকার গল্পীর বা গভীর ভাবে জীবনকে ব্রবার চেষ্টা না করে তার উপরতলশান্তী বর্ণবিচ্ছুরণ-ভালিতে তিনি মৃশ্ব হয়েছেন এবং পাঠককে মৃশ্ব করতে চেয়েছেন।

নীললোহিত সম্পর্কে লেখা গল্পগুলি, "চারইয়ারী কথা", "রামখাম", "ভূতের গল্ল", "বীণাবাঈ", "ফরমায়েদী গল্ল", "অ্যাডভেঞ্চার জলে ও স্থলে" প্রভৃতি প্রমথ চৌধুরীর প্রধান গল্প বলে গ্রহণ করা চলে।

প্রমথ চৌধুরীর প্রভাব বাংশা গল্প সাহিত্যে খুব প্রত্যক্ষ ভাবে পড়ে নি। তবে তাঁর ভাষাভঙ্গি এবং ভাষনার ধারা পরবর্তী একটি গোষ্ঠীর উপরে বিশেষ ক্রিয়াশীল হয়েছে।

অন্তান্ত লেখক

অন্ধরপা দেবী (১৮৮২-১৯৫৮)॥ অন্ধরপা দেবী "পোয়পুত্র" (১৯১১), "জ্যোতিহারা" (১৯১৫), "মঙ্কশক্তি" (১৯১৫), "মঙ্কশক্তি" (১৯১৫), "মহানিশা" (১৯১৯), "মা" (১৯২০) প্রভৃতি অনেকগুলি উপস্থাস লিখেছিলেন। বিংশ শতকের প্রথম দিকে তিনি ঐতিহাসিক উপস্থাস লিখবার চেষ্টা করেছিলেন, এ ঘটনা বিশ্বয়কর। সাহিত্যের ইতিহাসে তাঁর দৃষ্টি ভবিষ্যতের দিকে প্রসারিত ছিল না এতে তার প্রমাণ আছে। বিংশ শতকের বিতীয়ার্ধে বাংলা উপস্থাসে ইতিহাসাশ্রিত রোমান্সের আবার পুনক্ষজ্ঞীবন ঘটেছে। বিংশ শতানীর প্রথমার্ধ একান্ত ভাবেই সামাজিক উপস্থাসের যুগ।

অনুরপাদেবী হিন্দুধর্মের প্রচলিত সংস্কারকে গৌরব দিতে চেম্বেছেন তাঁর উপস্থানে। পাশ্চান্ত্য ভাব-ভাবনার স্পষ্ট বিশ্বদ্ধাচারণ করতে তিনি দ্বিধা করেন নি। শিল্পোৎকর্ষের দিক থেকে তিনি মাঝারি ধরনের লেথিকা। কোন বিশিষ্ট স্বাতন্ত্যে তিনি পাঠকচিত্তকে আকর্ষণ করেন নি।

নিরুপমা দেবী॥ "দিদি" (১৯১৫), "বিধিলিপি" (১৯১৭), "শ্রামলী" (১৯১৮) প্রভৃতি উপন্তাস লিখে নিরুপমা দেবী খ্যাতি অর্জন করেছিলেন। ক্রিকিসাসিক উপনাস কর্মনাক প্রকি ক্রিকিসাসিক উপনাস কর্মনাক প্রকি ক্রিকিসাসিক উপনাস কর্মনাক প্রকি

কোন তীব্র দামাজিক দমশ্রা তাঁর উপস্থাদে গুরুত্ব পায় নি। তিনিও অরুরূপা দেবীর স্থায় হিন্দু-সংস্থারকে শ্রদ্ধা জানিয়েছেন। স্থলভ আবেগাতিশ্ব্য তাঁর উপস্থাদকে জনপ্রিয়তা দান করলেও শিল্পোৎকর্ষের দিক থেকে এদের স্থান খ্ব উচ্চে নয়।

নবেশচন্দ্র সেনগুপ্ত॥ "শুভা" (১৯২০), "সর্বহারা" (১৯২৯), "মিলন"পূর্ণিমা", "অভয়ের বিয়ে", "অগ্নিসংস্কার", "বিপর্যয়" প্রভৃতি অনেকগুলি
উপন্থাস লিখে নরেশচন্দ্র খ্যাতি অর্জন করেছিলেন। "নরেশচন্দ্রের উপন্থাসগুলি
ইইতে তাঁহার তীক্ষ্ণ মানসিকতা ও চিস্তাশীল বিশ্লেষণনৈপুণ্যের পরিচয়
পাওয়া যায়। তাঁহার প্রধান অভাব হইতেছে রসামুভূতি ও ভাবসঞ্চারের
তীত্রতার। তাঁহার অস্তম্বন্দ্রের চিত্রগুলির মধ্যে যে পরিমাণ জটিলতা আছে
অপ্রক্রপ ভাবগভীরতা নাই।" (—শীকুমার বন্দ্যোপাধ্যায়)।

চারুচন্দ্র বন্দ্যোপাধ্যায়॥ "চোর কাঁটা", "যম্না পুলিনের ভিথারিণী", "দোটানা" প্রভৃতি অনেকগুলি উপন্তাস লিথলেও চারুচন্দ্রকে সম্পূর্ণত মৌলিক উপন্তাসের লেথক বলা চলে না। বিদেশী উপন্তাসকে অবলম্বন করে এগুলি রচিত। কিছু লেথকের এখানেই নিপুণতা যে বাঙালী জীবনের পরিচিত পরিবেইনীর সঙ্গে তিনি তাদের একাকার করে ফেলতে সমর্থ হয়েছেন।

উপেক্সনাথ গঙ্গোপাধ্যায়॥ "শশীনাথ", "রাজপথ", "অন্তরাগ", "দিক্শৃল" উপন্যাদের লেখক উপেক্সনাথ শরৎচক্রের মন্ত্রশিষ্ট ছিলেন। আবেগের আধিক্যে, গল্পাঠনের বিশিষ্টভায় তিনি শরৎচক্রকে অফ্সরণ করলেও জীবনদৃষ্টির গভীরতায় বা সমাজনীতির সংঘর্ষে ব্যক্তিত্বের তীত্র অবক্ষয়ের চেতনায় তিনি কোন কালেই পৌছতে পারেন নি।

কেদারনাথ বন্দ্যোপাধ্যায়॥ "ভাতৃড়ী মশাই", "কোন্তির ফলাফল" প্রভৃতি উপন্থাদের লেথকরণে বিশেষ সাফল্যের পরিচয় দিয়েছেন কেদারনাথ। উপন্থাসিক সংহতি ও সমগ্রতার অপ্তাব থাকলেও হাস্থারদের সঙ্গে করুণরশের মিখ্রণে তিনি তাঁর রচনায় একজাতীয় নৃতন আস্বাদ এনেছেন।

॥ তিন ॥

'রবীন্দ্র-পর্বের কবিতা

ভূমিকা

রবীন্দ্রনাথের কবিতার ভাব ও রূপবৃত্তে সমকালীন কবিগণ দীর্ঘকাল আবর্তির্ভ হয়েছেন। একালের বহু কবিই রবীন্দ্রনাথের প্রভাব এড়াতে পারেন নি এবং সম্ভবত তা চানও নি। সম্ভবত রবীন্দ্র-মনন ও অফুভবের সীমাহীন বিস্তৃতি ও অতল গভীরতা যে তাঁদের আয়ত্তের অতীত, তার বাহ্য সরল ও তরল রূপই যে হবে তাঁদের অফুকরণে বাস্তব, এই বোধও বিলম্বিত ছিল। কিন্তু সবচেয়ে বিপদ রবীন্দ্রনাথের বিবর্তনধর্ম নিয়ে। জীবনপ্রত্যায়ের কেন্দ্রগত ভাবোপল্যরিতে অবিচল থেকেও যুগের পরিবর্তনকে আত্মন্থ করে নিম্নেছিলেন ভিনি। উনবিংশ শতান্ধীর বিশ্বাসের যোগ্যতম প্রতিনিধি হয়েও বিংশ শতকের যন্ত্রণারও এক অংশকে তিনি কাব্যভাষা দিয়েছিলেন যে আশ্চর্য নিপুণ্ডায়, তা একমাত্র রবীন্দ্রনাথেই সম্ভব। রবীন্দ্রঅফুকারীরা এই পরিবর্তনের বিত্যুৎচমকে দিশাহারা, পরিবর্তমান কবিকে অফুসরণের চেষ্টা না করেই তাঁরা নিশ্চিন্ত।

এই পর্বের কয়েকজন কবি রবীক্স-প্রভাব অতিক্রমের চেষ্টা করেছেন। এঁরা তুলনামূলক ভাবে অধিকতর শক্তির অধিকারী, রবীক্রোত্তর আধুনিক কবিতার স্চনাও এঁদেরই রচনায়।

প্রমথ চৌধুরী (১৮৬৮-১৯৪৬)

প্রমথ চৌধুরী সম্প্রসংখ্যক কবিতাই লিখেছেন। "সনেট পঞ্চাশং"য়ে (১৯১৩) তিনি সনেট আঙ্গিকে এক অভিনব পরীক্ষা চালিয়েছেন। ফরাসীরীতির সনেট তিনিই বাংলা ভাষায় নিয়ে এলেন। তাঁর ব্যক্ষ-বক্ত-বিদগ্ধ জীবনদৃষ্টির স্বাভাবিক আধার হিসেবে এই সনেটরীতি আশ্চর্য মানিয়েছে। তাঁর "পদচারণা"-এর (১৯১৯) বেশির ভাগ লেখাই কবিতা-কৌতুক, ত্'চারটি মাত্র সিদ্ধ সনেট। মৃষ্টিমেয় কবিতার রচয়িতা হলেও নব সম্ভাবনার পথিকং তিনি। বাংলা কবিতায় প্রমথ চৌধুরী এক উজ্জল ব্যক্তিয়। মননের দীপ্তি বিচ্ছুরণে তিনি অক্সভৃতির ক্রতির রাজ্যে বিপর্য আনেন, লঘু চপল ব্যক্ষকৌতুকে রোমান্টিক ভাবালুতার অতিবিদ্ধারের তিনি পক্ষচ্ছেদ করেন। হৃদয়্বস্তির সক্ষে জ্ঞানকর্মকে সংযুক্ত করার প্রযোজনীয়তা তাঁর কবিতা পাঠে উপলব্ধ হয়। রূপরচনার কী

আছুত নিষ্ঠা তাঁর রচনায়, চিত্রকল্পে শিথিলতার সম্পূর্ণ অমুপস্থিতি, আর শব্দচয়নে সংস্কৃত-লৌকিকের বিচিত্র আলিঙ্গন আধুনিক কবিতার রূপায়ণ-বৈশিষ্ট্যের পূর্বাভাস বয়ে আনে।

মোহিতলাল মজুমদার (১৮৮২-১৯৫২)

মোহিতলালের কবিতার আন্ধিকে ব্যক্তিছের বজ্রকঠিন লৌহকবচ। এ আবরণ কিংবা আভরণ উনিশ শতকের ক্লাসিক সংহতির অন্প্রারী। কিন্তু ভাবকল্পনায়, বিশেষ করে প্রেমসম্পর্কের নব তাৎপর্য আবিদ্ধারে, তিনি রবীন্দ্রোভর আধুনিকতার থাবোদঘাটনে এক অভিনব ভূমিকায় অবতীর্ণ। তাঁর প্রাণদৃপ্ত দেহবাদী চেতনা রবীন্দ্রকল্পনার অশরীরী প্রেমায়ভূতিকে অন্বীকার করন। তান্ত্রিক সাধকোচিত ইন্দ্রিরলোকের সম্পূর্ণ ও নিঃসংশয়িত অন্সীকারে সন্ন্যাস ও ত্যাগের আদর্শ পরিত্যক্ত ও ধিকৃত হল।

মোহিতলাল "স্থপনপদারী" (১৯২২), "বিশ্বরণী" (১৯২৭), "শ্বরগরল" (১৯৩৬), "হেমস্ত গোধূলী" (১৯৪১), "ছন্দ চতুর্দশী" (১৯৫১) প্রভৃতি কাব্য রচনা করেছেন। তাঁর কাব্যে উপলব্ধির গভীরতা, ভাবের মৌলিকতা এবং শ্বলনহীন রূপনির্মিতি সমকালীন কবিদের মধ্যে তাঁকে শ্রেষ্ঠ্য দিয়েছে। রবীশ্র-শ্রুদ্ধ ও কবিতার দেহগঠনে তাঁর আদর্শ রাসিক। এজন্ম তাঁকে পুরাতনশন্ধী বলে কেউ কেউ মনে করে থাকেন। কিন্তু কবিতার এই দেহরূপে তাঁর কল্পনার কঠিন পৌরুষ এবং গন্ধীর মনন ষ্থাযোগ্য প্রতিফলন লাভ করেছে। যতীশ্রনাথ সেনগুর (১৮৮৭-১৯৫৪)

"মরী চিকা" (১৯২৩), "মরু শিখা" (১৯২৭), "মরু মায়া" (১৯৩০), "সায়ম্" (১৯৪০), "বিষামা" (১৯৪৮), এবং "নিশান্তিকা" কাব্যে যতী জ্ঞনাথ আপন বিশিষ্টতা মূল্রিত করেছেন। যতী জ্ঞাথের সর্ব নশ্বতার ধারণা এবং তার সঙ্গে সম্পূত জীবনতৃষ্ণা একান্তই প্রত্যক্ষ ও ম্পট সত্য—জ্ঞানবৃদ্ধির আয়ত্তগম্য বিষয়। এখান থেকেই জন্ম নিয়েছে তাঁর হঃখবান। তাঁর হঃখবাদের মূলে কোন হুজে রতার চেতনা নেই। হুজে রতা, অসীমাভিম্থী রহ্জু জ্যোতনা, ইন্দ্রিয়াতীত স্ক্ষতা, প্রকৃতিপ্রীতি যতী জ্ঞানাথকে আকর্ষণ করতে পারে নি। পারে নি বলেই তিনি জড়বাদী, হঃখবাদী এবং রোমান্টিকতাবিরোধী।

ষতীন্দ্রনাথের প্রথম তিনটি কাব্যে এই স্থর পরিবর্তনহীনভাবে বেঞ্চেছে। কিন্তু "দারম" থেকে কবির ভাবভাবনায় পরিবর্তন স্ফুচিত হয়েছে, "জিষাম।" এবং "নিশান্তিকায়" তা স্পষ্ট প্রতিষ্ঠিত। তুঃখবাদী জীবনদৃষ্টি যতীক্তনাথকে সৌন্দর্য, প্রেম ও প্রকৃতির রাজ্য থেকে দ্রে সরিয়ে রেথেছিল। কিন্তু তুঃখবাদের মক্ষভূমিতে দীর্ঘকাল বিচরণ করতে করতে তাঁর দেহ উত্তপ্ত ও মন ক্লান্ত হয়ে পড়েছিল। যৌবনের উদ্দাম প্রাথর্যে তিনি হাদয়লোকের তুর্মর প্রেম-পিপাসা ও যৌবনতৃক্তাকে অকুভব করতে পারেন নি। বিশেষ করে তাাঁর উচ্চকণ্ঠ নেতিঘোষণার পশ্চাতে নিজের কামনা চাপা পড়ে গিয়েছিল। বার্ধক্যের হেমন্ত গোধ্লিতে তিনি আপন তুঃখবাদী জীবনদর্শনের দীর্ঘকালীন স্প্রেকর্মের দিকে তাকিয়ে আপনি চমকে উঠলেন। এককালে যাকে ব্যর্থ নমস্কারে ফিরিয়ে দিয়েছিলেন, আজ তারই ব্যর্থ সন্ধানের আর্তি ফুটে উঠল কবির কর্তে।

নজরুল ইসলাম (১৮৯৯-)

নজ্ফল ইণলাম কাব্য লিখেছিলেন অনেকগুলি। ১৯২২ থেকে ১৯৩০ দালের মধ্যে তাঁর অধিকাংশ কাব্য প্রকাশিত। এদের মধ্যে "অগ্নিবীণা", "ভাঞার গান", "বিষের বাঁশী", "দর্বহারা", "দোলনটাপা", "ছায়ানট", "পিন্দু-হিন্দোলের" নাম করা চলে। ১৯৩০-এর পর থেকে নজ্ফল প্রধানত দেখা দিলেন গীতিরচিয়িতা এবং স্থরকার হিসেবে। বাংলা গানের রাজ্যেত্রীর অবদান দর্বশীকৃত ব্যাপার। তাঁর গজল গানগুলির লঘু মিঠে বাণী ফাসী শক্ষের স্থদম প্রয়োগে কবিভার রাজ্যেও স্থান দাবি করতে পারে।

নজকলের কাব্যে পাশাপাশি ছটি ধারা চলেছে। প্রথম ধারাটি সাম্যবাদী চেতনাকে উত্তেজিত ভাষায় কাব্যভাত করেছে। এই চেতনা অবশু কোন বিশেষ মতবাদের বৃদ্ধিসমত স্বীকৃতির পথ ধরে আসে নি, কবির আবেগণভীরতা মন্থন করেই জন্ম নিধেছে। কিন্তু এই রাজনীতি-চর্চা—উচ্চকণ্ঠ দরিদ্র-প্রীতি, সাম্রাজ্যবাদ-বিরোধিতা—চিন্তাধারা হিসেবে মহৎ হলেও উৎকৃষ্ট কবিতার জন্ম দেয় নি। নজকলের জনপ্রিয়তা এই কারণেই। কিন্তু কবিতা হিসেবে এরা মৃশ্যবান নয়।

কিন্তু উচ্চকণ্ঠ মঞ্চবকৃত। এবং তীত্র রাষ্ট্রনৈতিক উত্তেজনার মধ্যে মাঝে মাঝে নেজকলের কণ্টকবিদ্ধ কবিপ্রাণ অভিযাত্রীদের দল থেকে বিচ্ছির হয়ে আপন মনের নিভৃত নির্জনে এসে আশ্রয় নিয়েছে। সেধানে তথন আদিগন্ত অবসাদ আর বিষয়তা। নজকলের কবিতার এক প্রান্তে তেজোদীপ্র গর্জনম্পরতা, অক্ত প্রান্তে কর্মণ চিত্ররচনায় লঘু থেয়ালী কর্মনাশ্রয়ী মনমৌমাছির মেতে ওঠা।

সত্যেন্দ্রনাথ দত্ত (১৮৮২-১৯২২)

সত্যেক্তনাথ অনেকগুলি কাব্য লিখেছিলেন। তার মধ্যে প্রধান "বেণু ও বীণা" (১৯০৬), "কুছ ও কেকা" (১৯১২), "অল্ল-আবীর" (১৯১৬), "মণিমঞ্ছা", "তুলির লিখন", "বেলাশেষের গান", "ফুলের ফসল" এবং ব্যক্ত-কবিতা সঙ্কলন "হসন্তিকা"। তাঁর "তীর্থসলিল" এবং "তীর্থরেণু", একনিষ্ঠ অমুব'দক-কবি হিদেবেও তাঁকে খ্যাতি দিয়েছিল।

সত্যেক্সনাথ বিচিত্র বিষয়ের কবিতা লিখেছেন। রাজনীতি-সমাঞ্চনীতি বিষয়ক কবিতায় তাঁর প্রগতিশীল চিস্তার পরিচয় আছে। কিন্তু এই দব উপকরণ কবিব্যক্তিত্বের অচ্ছেত্য অংশে পরিণত হয়ে ভাষারূপে প্রতিফলিত হলেই উৎকৃষ্ট কবিতা হয়ে উঠতে পারে। সত্যেক্সনাথের ক্ষেত্রে তা ঘটে নি। লঘু তরল কল্পনাবিলাসে, ছলের বিচিত্র পরীক্ষা-নিরীক্ষায়, শব্দ-চয়ন ও কবিতার দেহনির্মিতি ঘটত নানা কাক্ষকর্মে তিনি উৎসাহ দেপিয়েছেন। কিন্তু কাব্যেৎকর্মের সঙ্গে এই উৎসাহের কোন গভীর সম্পর্ক নেই।

দাধারণভাবে সত্যেক্সনাথে স্ক্ষ কল্পনার দৈল্ল লক্ষিত হবে। এই দৃশ্যমান প্রত্যক্ষ জগৎ এবং স্কুম্পট চিন্তাই তাঁর চিত্তকে আকর্ষণ করেছে। চারপাশের পৃথিবীতে, আরও ঘনিষ্ঠভাবে আপন দেশে এবং কালে, যে ঘটনা প্রাণাল্য পেয়েছে, যে সাময়িক আলোড়নে জনচিত্ত সংক্ষ্ হয়ে উঠেছে তাকে শব্দে সমর্পিত এবং ছল্পোবদ্ধ ভাষায় রূপদানের আগ্রহ কবি দেখিয়েছেন। কিংবা কোন বস্তু বা নিস্কাগ্যমারের কোন দৃশ্য যদি প্রেক্ষণীয় বলে মনে হয়েছে তাঁর কাছে তবে তার যে রূপ বাণীবিল্যাসে ধরা পড়বার তাকেই কবিতায় ফুটিয়ে তুলেছেন কবি। কবির ভাবদৃষ্টিগত দেখায় কোন অরণীয় বিশেষজ, প্রাণচাঞ্চল্যের কোন তরক, হুদ্গত কোন উৎকণ্ঠা যেমন প্রায়ই সেবস্তুকে চিত্তময় করতে পারে নি, ডেমনি কবি দ্র্যানী কল্পনার পাখায় চাপিয়ে তাকে অনন্ধ প্রণারিত দিগজ্যের অভিসারে পাঠাতে পারেন নি।

কবি-চতুষ্টয়

রবীশ্র-অন্থারী কবিদের সংখ্যা অনেক। তাঁদের মধ্যে নাম করতে হয় প্রমথনাথ রায় চৌধুরী, রজনীকাস্ত দেন, অতুল প্রসাদ দেন, ক্রিলগণন চট্টো-পাধ্যায় প্রভৃতির। বলেক্র নাথের "মাধবিক।" এবং "শ্রাবণী তে এমন কয়েকটি সনেট সঙ্কলিত হয়েছে যার মধ্যে ভাব ও প্রকাশভিক্ষিত কিছু স্বাতন্ত্রা চোথে পড়ে। এদেবেক্সনাথের সনেটের কিছু প্রভাব তাঁর রচনায় আচে বলে মনে হয়।

এই কবিদের মধ্যে কালিদাস রায়, ষতীক্রমোহন বাগচী, করুণানিধান বন্দ্যোপাধ্যায় এবং কুম্দরঞ্জন মল্লিক বিশেষভাবে আলোচিত হ্বার মত শক্তির অধিকারী। এঁদের ভারভঙ্গি এবং বাক্রীতির মধ্যে স্পষ্ট সাদৃষ্ঠ আছে। রবীক্র-কর্মনা ও রূপ-চেতনার চারপাশে এঁরা আবর্তিত হয়েছেন। বৈষ্ণব ভাব্কতাও এঁদের কবিতার একটি প্রধান স্থর। সহ্রবিম্থ পল্লীপ্রীতি এবং ধর্মপ্রাণ আন্তিকতা, সৌন্দর্যের প্রচলিত ধারণায় বিশাস, যুগ-চেতনার সংশয়, হতাশা ও বিল্লোহকে এড়িয়েযাবার চেষ্টা এঁদের এক গোষ্ঠিভুক্ত করেছে।

কর্মণানিধান বন্দ্যোপাধ্যায় (১৮৭৭-১৯৫৫) ॥ কর্মণানিধানের প্রধান কাব্য "বরাফুল" (১৯১১), "শান্তিজ্বল" (১৯১৩), এবং "ধানত্বা"। কর্মণানিধানের কবিতায় রূপমন্ততার স্পর্শ আছে। এই রূপান্তসন্ধান কবিকে গ্রামের সীমা ছাড়িয়ে পুরীতে, ত্রিকুটে, কাঞ্চনজন্তা-ওয়ালটেয়ার-পঞ্চকোটে, পদ্মাতটে কিংবা চিত্রাকুটে নিয়ে যায়। এর পিছনে কবির ধর্মপ্রবৃদ্ধ চিত্তের সহস্র প্রবণতা থাকলেও প্রকৃতির বিচিত্র রূপসৌন্দর্যের প্রতিও কিছু আকর্ষণ ছিল বলে মনে হয়। তাঁর বহু কবিতায় যৌবন-স্বপ্লের একটু আমেজও লক্ষ্য করা যায়।

যতীক্রমোহন বাগচী (১৮৭৮-১৯৪৮)॥ যতীক্রমোহনের "অপরাজিতা" (১৯১৯), "নাগকেশর", "নীহারিকা" (১৯২৭), "মহাভারতী" (১৯৩৬) সমকালে খ্যাতিলাভ করেছিল। ঐতিহাসিক চেতনা, বর্ণাঢ্য অতীতের সঙ্গে প্রাণের যোগাযোগ, মহাভারতের চরিত্রগুলিকে আধুনিক মানবদৃষ্টিতে উপস্থাপন, রচনায় মাঝে মাঝে নাটকীয় ভিন্ন তাঁর কাব্যের প্রধান লক্ষণ রূপে দেখা দিয়েছে। এ-ছাড়া সহন্ধ প্রাণের প্রীতির রসে সিঞ্চিত করে গ্রাম্য প্রকৃতি ও মানুষের চিত্র আঁকায়ও তিনি কৃতিত্ব দেখিয়েছেন।

কুম্দরঞ্জন মল্লিক (১৮৮২—)॥ "শতদল" (১৯০৬), "উজানী" (১৯১১), "একতারা" (১৯১৪), "বীণা" (১৯১৬), "বনমল্লিকা" (১৯১৮), "নৃপুর" (১৯২২), "বর্ণসন্ধ্যা" কুম্দরঞ্জনের প্রধান কাব্যগ্রন্থ। বাংলার গ্রামপ্রকৃতিই কুম্দরঞ্জনের কবিতার মূল আশ্রা। কুদ্র বস্তু, ভিমিত ভাবাবেগ, শাস্তরদ্ধ জীবনের নিশুরক্ষ ভক্তি-প্রবণতা, প্রকৃতির সহক্ষ সরল পরিচিত রূপ কুম্দরঞ্জনের কবিপ্রাণকে বিশিষ্ট করে তুলেছে। কবির জীবনদৃষ্টির কেন্দ্রে বৃদ্ধের সংষত শাস্তরদ আছে, পরিণত গভীরতানেই। সামান্যকে দেখে খুশি হবার মত মনের সরলতা এবং সরসতা আছে, কিন্তু জীবনজ্জাসার জাটলতানেই। কুম্দরঞ্জন ব্রন্ধায়ুগের মাহুষের চিস্তাত্থ ললাটে শান্তিকল ব্র্ব্রণ

করেন, কিন্তু ঘাসের শিষের শিশিরকণার মত তাঁর সংক্ষিপ্ত স্থিতি মুহুর্তে গুকিয়ে যায়। ঐ মুহুর্তশীতল্ভার মোহাবেশই তাঁর দান।

কালিদাস রায় (১৮৮৯—) ॥ তাঁর অনেকগুলি কাব্যের মধ্যে ''পর্ণপুট" (১৯১৪), "ব্রজ্বেণ্" (১৯১৫), "বল্লরী" (১৯১৫), "বৈকালী" (১৯৪০)-ই প্রধান। তাঁর কবিতায় আদিকসাধনার সচেতন প্রশ্নাস লক্ষণীয়। বিষয়বস্ত ও ভাবকল্পনার দিক থেকে তিনি কিছুটা কেন্দ্রচ্যুত। তবে মোটাম্টি ভাবে বলা যায় প্রাচীন কালের প্রতি শ্রদ্ধা, গ্রামজীবনের প্রতি আকর্ষণ, নৃতনের সংঘাতে পুরাতনের অবলুপ্তিতে বেদনার্ভ স্বীকৃতি এবং সর্বোপরি বৈষ্ণব রস্বৈচিত্র্যের আস্বাদান তাঁর কাব্যে ভাষারূপ পেয়েছে।

॥ होत् ॥

রবীম্রপর্বের প্রবন্ধ-সাহিত্য

ভূমিকা

রবীক্দ-পর্বের প্রবন্ধ-সাহিত্যের দীমারেখা মোটাম্টি ভাবে প্রমথ চৌধুরী পর্যন্ত বিস্তৃত। প্রমথ চৌধুরীর গলরীতির প্রভাব পরবর্তী অনেক প্রাবন্ধিকের উপরেই পড়েছে। তবে রবীক্দপর্বের অফুবর্তন পরবর্তী পর্বের অনেক ম্থ্য লেখকের মধ্যেই দেখা দিয়েছে। কাজেই প্রবন্ধ-সাহিত্যে খুব স্থনিদিষ্ট ভাবে দীমারেখা টানা কিছু কঠিন। রবীক্রপর্বেও বহু প্রাবন্ধিক উনবিংশ শতাব্দীর ধারা ধরে চলেছেন। প্রবন্ধ-সাহিত্যের সবটাই স্ক্রনমূলক নয়। স্ক্রনশীল সাহিত্যের লায় চিস্তাগর্ভ সাহিত্যে একই রীতিতে মুগ্-বিভাগ করা কিছু কঠিন।

রবীক্রপর্বের ম্থ্য প্রাবিদ্ধিকগণ ভাষাভন্ধিতে রবীক্রনাথের দ্বারা বিশেষ ভাবে প্রভাবিত হয়েছেন। জ্ঞানগর্ভ প্রবৃদ্ধেও ভাষা ও বাচনভঙ্গির সৌকর্ষ বিশেষভাবে অমুভূত হয়। আত্মগৌরবী প্রবন্ধে বেশ কয়েকজন উচ্চ সাফল্যের পরিচয় দিয়েছেন। নক্শাজাতীয় রচনার স্থানে রোমান্টিক ভাষাকুলতা আত্মগৌরবী প্রবন্ধের প্রধান স্থর হয়ে দাঁড়িয়েছে। সমালোচুনা-রীতিতে বিচিত্রতা স্টিত হয়েছে। বন্ধিম ব্যতীত সে যুগের অধিকাংশ সমালোচকই সৌন্ধর্য-দৃষ্টিতে বিশেষ গভীরতার পরিচয় দিতে পারেন নি। তীব্র সৌন্ধর্য-চেত্রনা রবীক্র-প্রভাবের সাধারণ ফলশ্রুতি হিসেবে এ পর্বের সমালোচনায়

বিজ্ঞানাদি বিষয়ক মৌলিক প্রবন্ধের অভাব এ পর্বেও ঘুচল না। অর্থনীতি-রাষ্ট্রনীতি বিষয়েও আমাদের প্রবন্ধ-সাহিত্যের তুর্বলতা অব্যাহত রইল। ইতিহাসচর্চা, দর্শনালোচনা এবং সাহিত্য ও সংস্কৃতি বিষয়ক আলোচনার দ্বারাই আমাদের বিষয়গৌরবী প্রবন্ধের ভাগুার পূর্ণ হয়ে উঠল; তার মধ্যে অবশু সাহিত্য-সংস্কৃতি বিষয়েই অধিক আগ্রহ প্রকাশ পেতে লাগল।

বলেন্দ্রনাথ ঠাকুর (১৮৭০-১৯০০)

বলেজনাথের "চিত্র ও কাব্য" নামে একটি প্রবন্ধ-গ্রন্থ আছে। তাঁর অধিকাংশ প্রবন্ধই অবশ্য সাময়িক পত্রে ছড়িয়ে ছিল। সম্প্রতি সেগুলি গ্রন্থবন্ধ হয়েছে। সাহিত্যসমালোচনা এবং আত্মগৌরবী প্রবন্ধে তিনি উল্লেখযোগ্য দক্ষতার পরিচয় দিয়েছেন।

প্রাচীন সংস্কৃত সাহিত্য সম্বন্ধে আলোচনায় তিনি রবীক্রনাথের ধ্যানধারণার দারা অনেকাংশে প্রভাবিত হলেও তাঁর মৌলিক দানও অস্বীকার্য নয়। বিশেষ করে কোন কোন প্রবন্ধে তিনি কালিদাসের সর্বধীক্বত কাব্যক্ষমতার সমালোচনা করেছেন। সমগ্রের চিত্র-অঙ্কনে কবির ব্যর্থতা এবং যে-কোন বিষয়ের চিত্রাঙ্কনে ইন্দ্রিয়াল্তা এবং লীলা-বিলাস চাপল্যের দিকে প্রবণতার কথা উল্লেখ করে তিনি যে সাহসিকতার পরিচয় দিয়েছেন তা তথনকার পক্ষেছিল অত্যন্ত চমকপ্রদ। বৈশ্বব কবিতার বিচারেও তিনি আশ্বর্ষ মৃক্ত মনের পরিচয় দিয়েছেন, তার আধ্যাত্মিক তাৎপর্য সরিয়ে রেথে শুধুমান্ত সাহিত্য-সৌল্বন্থকৈই আলোচনার বিষয়ীভূত করেছেন। এর অন্ত "ভারতী"-সম্পাদিকার সঙ্গে তাকে প্রত্যক্ষ বিভর্কে প্রবৃত্ত হতে হয়েছিল।

বলেজনাথের রোমাণ্টিক সৌন্দর্যকামী চিত্ত প্রাচীন ভারতের প্রতি এক গভীর আকর্ষণ অহভব করত। কণারক, প্রাচীন উড়িছা, খণ্ডগিরি, বারানসী প্রভৃতি বিষয়কে অবলক্ষ্ম করে কা ব্যহ্বরভিত ভাষায় তিনি প্রশংসনীয় সৌন্দর্যস্থাই করেছেন।

রামেন্দ্রস্থন্দর ত্রিবেদী (১৮৬৪-১৯১৯)

রামেক্রফ্রনর "প্রকৃতি" (১৮৯৬) গ্রন্থে বিজ্ঞানের বিষয়কে সাধারণের উপযোগী করে বিবৃত করেছেন; "চরিত কথায়" (১৯১৩) কয়েকজন বিশিষ্ট বাঙালীর ব্যক্তিত্বের মূল রহস্টি আবিষ্ধারের চেষ্টা করেছেন। "শক্ষকথা" য় শক্তত্ব ও ব্যাক্রণ এবং "নানাক্থায়" স্যাক্ত ও রাইনীতি কিল্লে আলোচনা করা হয়েছে। কিন্তু তাঁর শ্রেষ্ঠত্ব দার্শনিক প্রবন্ধ রচনায় "জিজ্ঞাসা" (১৯০৪) এবং "ক্র্মক্থা" (১৯১৩) তাঁর শ্রেষ্ঠ গ্রীয়।

রামেক্সফলর ভারউইন, ক্লিফোর্ড, হেল্মহোন্ট্স প্রভৃতি বৈজ্ঞানিকদের প্রদর্শিত পথে অগ্রসর হয়েছিলেন। কিন্তু শেষ পর্যন্ত তার সীমাবদ্ধতা অফুভব করতে পেরে অন্তহীন দার্শনিক জিজ্ঞাসায় গিয়ে পৌছলেন। তাঁর দার্শনিক প্রবন্ধগুলি চিস্তার গভীরতায়, যুক্তি, প্রদ্ধতি এবং সিদ্ধান্তের মৌলিকতায় এবং সর্বোপরি ভাষার গন্তীর সরলতায় বাংলা সাহিত্যে অতুলনীয়। রামেক্রফলরের ভাষায় যেমন গান্তীর্থের সঙ্গে সাবলীলতার সমন্বয় ঘটেছে তেমনি কৌতুক হাস্তের স্মিতস্পর্শ তাকে বিশায়কর সৌন্ধর্য দান করেছে।

বঙ্গলন্ধীর ব্রতকথা নামক রচনায় লেখকের স্থগভীর স্বাদেশিকতার সঙ্গে কবিত্বশক্তির সংযোগ ঘটেছে। জ্ঞানসাধকের ভাষায় কাব্যসৌন্দর্যের এরূপ প্রকাশ খুব স্থলভ নয়।

অবনীন্দ্রনাথ ঠাকুর (১৮৭১-১৯৫১)

"বাগীখরী শিল্প প্রবন্ধাবলী" এবং "বাংলার ব্রত" অবনীন্দ্রনাথের শিল্প সম্বন্ধীয় তাত্ত্বিক আলোচনার গ্রন্থ। কিন্তু জ্ঞানের বোধও প্রধানে তথ্য-তত্ত্বে কন্টকাকীর্ণ হয়ে প্রকাশ পায় নি। অবনীন্দ্রনাথ জ্ঞানের কথা বলতে গিয়েও যে গল্প ব্যবহার করেছেন তা চলিত ভাষারীতি, চিত্রাহ্বন পদ্ধতি এবং কাব্যধর্মের এক বিচিত্র মিশ্রণ হয়ে দেখা দিয়েছে। তাঁর "জোডাসাঁকোর ধারে", "অবারা", "আপন কথা" আত্মকথ্নমূলক রচনা হিসেবে বিশেষ উল্লেখযোগ্য। কতকগুলি গল্পকথনেও তিনি তাঁর বর্ণালীবিকিরিত ভাষার প্রয়োগ করেছেন। বাংলা গল্পীতি তাঁর হাতে এক নব্মৃতি ধারণ করেছে।

প্রমথ চৌধুরী (১৮৬৮-১৯৪৬)

"সব্জপত্ত" পত্তিকাকে কেন্দ্র করে প্রমথ চৌধুরী বাংলা গছে নবরীতির প্রবর্তন করলেন। চলিত ভাষায় যে গুরুলঘু সর্ববিধ ভাবভাবনার প্রকাশ সম্ভব প্রমথ চৌধুরী তা প্রমাণ করবার জন্ম অগ্রসর হলেন। তাঁর ভাষায় রয়েছে নাগরিক বৈদগ্ধ্য, মননের তীক্ষ চমক, রোমাটিক ভাবালুতার বিক্ষাতা, বৃদ্ধির অতিচর্চা এবং কচিৎ ব্যক্ষ, কচিৎরক্ষের হাসি। উইট-এপিগ্রামের মৃত্ত্ব্ ব্যবহারে তাঁর ভাষা সদা উচ্চকিত।

প্রমথ চৌধুরীর প্রবন্ধগুলি "ডেল-ফুন-লক্ডী" (১৯০৬), "বীরবলের

হাল থাত।" (১৯১৭), "নানাকথা" (১৯১৯), "নানাচর্চা" (১৯৩২) নামে সঙ্কলিত হয়েছিল। দর্শন, রাষ্ট্রনীতি, ভাষা, সাহিত্য, ইতিহাস নানা বিষয়ে তিনি প্রবন্ধ লিখেছিলেন। সর্বত্রই তাঁর রচনায় তীক্ষ মৌলিকতার চিহ্ন রয়েছে। বিষয়ের অন্তরে বিতর্কের ভঙ্গিতে প্রবেশ করে তার প্রাণকেন্দ্রটিকে আবিদ্ধার করতে প্রমথ চৌধুরীর জুড়ি নেই। অধ্যয়নের প্রাচুর্য এবং জ্ঞানের গভীরতা তাঁর কোন প্রবন্ধকেই ভারাক্রান্ত করে নি, ধারালো করে তুলেছে মাত্র।

সাহিত্যসমালোচক হিসেবেও তাঁর খ্যাতি সর্বজ্ঞনস্বীক্ষত। তাঁকে এককথায় "রপবাদী" আখ্যা দেওয়া যেতে পারে। ভাবের প্রকাশ নয়, ভাবের রপনির্মিতিই সাহিত্যিকের কর্তব্য। অনেকথানি ভাব মরে একটুখানি রূপে ধরা দেবে। সাহিত্যিকের প্রথর বস্তুজ্ঞানের উপরেই এই রপনির্মাণ নির্ভরশীল। তার সঙ্গে যুক্ত করতে হবে অতক্র নিষ্ঠা ও সাধনা। এই-ই হল প্রমথ চৌধুরীর অভিমত।

প্রমথ চৌধুরী বাংলা প্রবন্ধ-সাহিত্যে নবধারা স্প্রটির গৌরব দাবি করতে পারেন।

মোহিতলাল মজুমদার (১৮৮২-১৯৫২)

মোহিতলাল বাংলা সমালোচনা-সাহিত্যের এক উল্লেখযোগ্য ব্যক্তিত্ব। তাঁর বাক্রীতিতে উনবিংশ শতাব্দীস্থলভ অতি গান্তীর্য এবং শকাড়ম্বর লক্ষণীয়। কিন্তু ঐ ভাষাবন্ধে তাঁর ব্যক্তিত্বই যেন দেহরূপ লাভ করেছে। সমালোচক হিসেবে তিনি বহিমী রীতিতে কিছু বিখাদী হলেও রবীক্রযুগের তীব্র সৌন্দর্যক্ষতি তাঁর মধ্যে নিত্যব্দাগর ছিল। ইংরেক্স সমালোচক মিড্লটন মারের হারা তাঁর সমালোচনা বিশেষভাবে প্রভাবিত। ম্যাথ্ আর্ণক্ত-এর কিছু প্রভাবও তাঁর উপরে পড়েছে। তিনি "High Seriousness" এর ভক্ত ছিলেন। সাহিত্যেও এই আদর্শের অহুসরণ করতেন। বিশুদ্ধ সৌন্দর্য বিক্তানা তাঁর সমালোচনার কেন্দ্রবিদ্দু ছিল। সাহিত্যিকের ব্যক্তিত্বকে তিনি মূল্য দিতেন। মধুস্থান ও বহিমচন্দ্র সম্পর্কিত আলোচনায় তিনি স্থাভীর রসবোধ্যে পরিচর দিয়েছেন। তাঁর সমালোচনা-গ্রন্থজনির মধ্যে "কবি শ্রীমধুস্থান", "আধুনিক বাংলা সাহিত্য", "সাহিত্যবিতান", "সাহিত্যবিতান", "বাহ্মচন্দ্রের উপস্থান" প্রভৃতি প্রধান। বাংলা সাহিত্যের আধুনিক পরিবর্তন ধারাকে তিনি স্থানন্ধের দেখেন নি। অতিমান্ত্রার বাঙালীয়ানা এবং তারিকদৃষ্টি কোর সাহিত্য সমালোচনাকে সম্পর্ণভাবে গোঁডামী মক্ষ করকে প্রাক্র প্রাক্রের স্থাকে

অগ্যান্য প্রাবন্ধিক

দীনেশচন্দ্র সেন। বাংলা সাহিত্যের পুরাতন কলৈ নিমে তিনি উল্লেখযোগ্য গবেষণা করেছেন। তাঁর সাহিত্যিক রসদৃষ্টিও পুষ্ট ছিল। তাঁর ভাষা আবেগ-প্রধান, ভাবনা বৈষ্ণবতাম্থী। "বঙ্গভাষা ও সাহিত্য" তাঁর সবচেয়ে উল্লেখযোগ্য গ্রন্থ।

স্বরেশচন্দ্র সমাজপতি ও পাঁচকড়ি বন্দ্যোপাধ্যায়॥ "সাহিত্য" সম্পাদক স্বরেশচন্দ্র সাহিত্যসমালোচনায় রক্ষণশীল দলের হলেও রিদিক ব্যক্তি ছিলেন। সাহিদিক মনোভাব তাঁর প্রবন্ধগুলিকে গতান্তুগতিকতা থেকে মৃক্ত রেথেছিল। পাঁচকড়ি বন্দ্যোপাধ্যায় সাহিত্য-সমালোচনায় পুরাতন পন্থার প্রতি প্রবণতা দেখিয়েছেন। বাঙালীয়ানা তাঁর চরিত্রের একটি প্রধান লক্ষণ ছিল। নানা ভাবে বাঙালীর বিশিষ্টতা ও শ্রেষ্ঠায় তিনি প্রতিপাদন করতে চেয়েছেন।

শশাক্ষমোহন সেন। তিনি সমালোচক হিসেবে উল্লেখযোগ্য বৈশিষ্ট্য দেখিয়েছিলেন। "মধুস্দনের অন্তর্জীবন", "বাণীমন্দির" তাঁর দৃষ্টিভঙ্গির স্বাতস্ত্র্যের পরিচয় দেয়। বাহির থেকে সাহিত্যকে বিচার না করে অন্তরের গভীরে দৃষ্টিপাত করার রীতির উপরে তিনি বিশেষ শুরুত্ব দিয়েছিলেন। মোহিতলালের সমালোচনা কোথাও কোথাও শশাক্ষমোহন দ্বারা প্রভাবিত।

॥ औ्राप्त ॥

রবীন্দ্র-পর্বের নাটক

সমকালীন এবং অফ্জ নাট্যকারদের উপরে রবীক্রনাথ গুরুতর প্রভাব বিস্তার করতে পারেন নি। তাঁর গান্ধারীর আবেদন, কর্ণকৃষ্টী সংবাদের চরিত্র-পরিকল্পনার প্রভাব ক্ষীরোদপ্রসাদ-অপরেশচক্রের নাটকে কোথাও কোথাও সামান্ত দেখা গেলেও তার পরিমাণ যেমন অধিক নয় তেমনি দীর্ঘস্বায়ীও নয়।

রবীন্দ্র-নাটক রক্ষমঞ্চের জন্ম এই মন্ত্র নাট্যকারেরা ধ্রুব বুলু ধরোট্রলেন। গিরিশচন্দ্র-বিজ্ঞেলালের মঞ্চামুগ ধারাই দেখানে চলচিল।

রবীন্দ্রনাথের নাটকের বিশিষ্ট প্রবণতাগুলি এমন ব্যক্তিক যে সাধারণ মঞ্চে উপস্থাপিত হলে জনমনোরঞ্জনে সমর্থ হত না। তাই তার অনুসরণও

আধুনিক বাংলা শাহিত্যের ইতিহাস

230

বললেই চলে। রবীন্দ্র-গীতিনাট্যের সঙ্গে প্রচলিত অপেরার কোন সম্পর্কই ছিল না। মঞ্চে বেসব প্রহ্মন অভিনীত হত তার সঙ্গে রবীন্দ্র রঙ্গনাট্যের জাতিগত কোন মিল ছিল না।

রবীন্দ্রনাথের রচনায় বাংলা নাটক কোন বিদেশী ধারার ব্যর্থ অমুকরণ মাত্র না থেকে একটি স্বতন্ত্র পূর্ণাঙ্গ ও বিশিষ্ট সাহিত্যিক সৃষ্টি হয়ে উঠেছিল। কিন্তু উত্তরাধিকারের অভাবে বাংলা নাট্যসাহিত্যে এ ধারার পুষ্টি হয় নি।

भक्षम जशाम

॥ সাম্প্রতিক কালঃ সংশয়, যন্ত্রণা ও বিজ্ঞোহ ॥

ভূমিকা

প্রথম মহাযুদ্ধোত্তর কালে যুরোপীয় জীবনধারায় এবং চিস্তাজগতে গভীর পরিবর্তন স্থচিত হল। উনবিংশ শতকের ভাবভাবনার অবশেষ নিঃশেষে পরিত্যক্ত হতে লাগল। আইনস্টাইনের আপেক্ষিকবাদ স্থানকালের বোধকে উল্টে দিল। চিরস্তন কালের বোধ নস্তাৎ হয়ে গেল। গ্রহজগতের নৃতন নৃতন আবিক্রিয়া নিখিল বিখের পরিপ্রেক্ষিতে মানব-অন্তিত্বের তুচ্ছতাকে বৈজ্ঞানিক গবেষণায় মানবজীবন তথা জীবনমাত্রই বিশ্বপ্রবাহের ''বাইপ্রোডাক্ট'' বা অপ্রয়োজনীর আকশ্মিক স্বষ্ট বলে পরিচিত হল এবং ভবিষ্যতের ''কোল্ড ডেথের'' জন্ম প্রতীক্ষা করা ছাড়া আর গড়াস্কর রইল না। পূর্ব শতাব্দীতে যে বিজ্ঞান-চেতনা মানব-কল্যাণের আশা-উজ্জ্ঞল ভবিষ্যতের বাণীতে মুথর ছিল আজ তা সংশয়ে কম্পিত, হতাশায় মিয়মাণ হয়ে পভল। ফ্রান্তের চিন্তা সচেতন ভাবনাকে ক্লিম এবং মগ্ন চৈত্তত্তক স্ত্য বলে প্রচার কর্ল। মানবের মনোরাজ্যের বিরাট এক অন্ধকার প্রদেশ আলোকোজ্জল হল, কিন্তু আদিম প্রবৃত্তিতে তাকে পরিপূর্ণ দেখে দে শিউরে অবশ্য যন্ত্রবিজ্ঞানের প্রভৃত উন্নতিতে, চিকিৎসা শাল্পের আশ্চর্য অগ্রগতিতে, ভোগ্য পৃথিবীর দীমা অনেক বেশি আয়ত্তাধীন হয়ে পড়ায় বিশ্বয় ও আনন্দের যে নৃতনতর কোন জ্যোতি দেখা দিল না এমন নয়। কিন্তু ব্যবহারিকতার উধের্ব উচ্চতর দার্শনিক চেতনায় এরা খুব গভীর অন্ধ্রপ্রবেশ পেল না ।

আশা-আনন্দ-সম্ভাবনার দিক থেকে এ যুগে সবচেয়ে ব্যাপক প্রভাব ফেলল ১৯১৭ সালের রাশিয়ার সমাজতান্ত্রিক বিপ্রব। উনিশের শতকে পরিক্রিত মার্কসীয় সাম্যচিস্তার এই বাজব প্রয়োগে শোষণহীন, দানুর্দ্রন্ত্রীন জীবনের আশা-উজ্জ্বল ভবিশ্বং আর কল্পনামাত্র রইল না। কিন্তু যুরোপের বৃদ্ধিজীবীদের অধিকাংশ রক্তপাতে বিমর্থ হল; সমাজতান্ত্রিক ব্যবস্থায় ব্যক্তি স্বাধীনতার সার্থিক অবল্পির তৃঃস্থপ্ন দেখে আঁৎকে উঠল।

करेगा हिक्स राज्य के करण कर्म कर्म कार्याकार्याधिकार है कार कार करा के के

য়ুরোপে ধনতন্ত্রের শাশান যন্ত্রণাই নিয়ে এল, এদেশে কিন্তু স্বাধীনতার স্থপ তাকে শুধুমাত্র নেতিবাদী হয়ে থাকতে দিল না।

রবীন্দ্রোন্তর বাংলা সাহিত্য এই পটভূমিতে ভাব ও রূপে নৃতন বাঁক নিল।
১৯৩০-এর কাছাকাছি সময় থেকে বাংলা সাহিত্য নবপর্বে প্রবেশ করতে
থাকে। এই কালের ইতিহাসের ইন্ধিতমাত্র আমরা লাভ করেছি, এর পূর্ণ
ভাৎপর্য উপলব্ধির সময় এখনও আসে নি। গল্পোপস্থাস এবং কবিতার ক্ষেত্রে
কয়েকজন সত্যকার বড় শিল্পীর আবির্ভাব এই পর্বে ঘটেছে। কিন্তু বর্তমান
গ্রন্থে তাঁদের সামান্ততম পরিচয় মাত্র দেওরা হল। ভবিশ্বতের সাহিত্যের
ইতিহাসে এদের বিস্তৃত আলোচনা স্থান পাবে।

॥ এक ॥

উপদ্যাস ও ছোটগল্প

ভূমিকা

উপস্থাস-সাহিত্যে এই পর্বে কয়েকজন প্রকৃত বড় শিল্পীর আবির্ভাব ঘটেছে।
নানা স্বরের চর্চায় বাংলা উপস্থাস বিচিত্রমূখী হয়ে উঠেছে। শ্রমজীবী মাহুষের
জীবনকাহিনী উপস্থাসকে কর্ম ও প্রবৃত্তিতে তরঙ্গিত করে তুলেছে। রাজনীতিসমাজনীতির প্রত্যক্ষ প্রতিফলন একালের উপস্থাসে পড়েছে। পরিবারতক্ষের
চর্চা পরিহার করে সাম্প্রতিক উপস্থাসে বৃহত্তের মধ্যে মৃক্তি সাধনারও স্বত্রপাত
ঘটেছে। বিশ্লেষণের আধিক্যে উপস্থাসের দেহরূপের নবীনতায় (ঘটনাগত
চমকের স্বল্পতায়, স্বল্পথিত বৃত্তাক্বতি গল্পরীতির অভাবে) বাংলা উপস্থাসে
নবপ্রাণ সঞ্চারিত হয়েছে।

এই পর্বেই বাংলা ছোট গল্প বছ লেখকের সাধনায় বিচিত্রমুখা এবং রূপসিদ্ধ হয়ে উঠেছে।

পরশুরাম। বাংলা ব্যঙ্গগল্পের প্রধানতম শিল্পী পরশুরাম। তাঁর গল্পগুলি "গড়ালিকা", "ক্জুলী", "হুমুমানের স্বপ্ন", "নীলতারা", "ধুন্থরী মায়া", "ক্ফুকলি", "আনন্দীবাঈ" প্রভৃতি গ্রন্থে সঙ্কলিত হয়েছে। প্রথম দিকের গল্পগ্রন্থলির নিটোল সরসতা সর্বশ্রেণীর পাঠককে তৃপ্ত করেছে। ব্যক্তের সঙ্গে রক্তের সার্থক মিশ্রণে, সাম্যাক্তির সঙ্গে শাখত জীবন-প্রশ্নকে যুক্ত করার,

স্থাপনে এদের স্থান উচ্চমানে স্থনিদিই। পরবর্তী কালে শিল্পীর জীবনঞ্জিলাসা আনক সংহত হয়েছে, আরও শার্ণিত হয়েছে; কল্পনার অজস্র প্রগলভতায় কিছু ভাঁটা পড়লেও বিলুপ্তি আসে নি; পল্লবিত কথাবিস্থার সংক্ষিপ্ত ও একাগ্র হয়ে উঠেছে। পূর্বের উচ্ছুদিত সরস্তার প্রশন্ত থাত কিছু সন্থীর্ণ হলেও আরও অন্তর্গু দু হয়ে উঠেছে, অনেক কাঠিল পেয়েছে।

তারাশঙ্কর বন্দ্যোপাধ্যায়॥ সাম্প্রতিক উপন্যাস-সাহিত্যে তারাশঙ্কর পূর্বশক্তিধর প্রতিভা। তারাশঙ্করের উপস্থাদে মহাকাব্যিক ব্যাপ্তি আছে, জীবনঞ্জিজাদার গভীরতা আছে। বিংশ শতকের শিল্পী হয়েও তারাশঙ্কর ঐতিহাত্মরণ থেকে বঞ্চিত হন নি। আধুনিক হবার কোন বিশিষ্ট সাধনা বা কামনা তাঁর নেই। উচ্চকণ্ঠ স্বাতস্ত্রাঘোষণা বা রুগ্ন মানসিকতা, সৌধিন মঞ্জুরি কিংবা কারুদর্বস্বতা থেকে তিনি দর্ব প্রয়ত্ত্বে নিজেকে মৃক্ত রেখেছিলেন ঠিকই। তবুও বর্তমান যুগের তরক্ষসক্ষ্পতা তিনি উপলব্ধি নাকরে পারেন নি। সমাজের ও জীবনের দর্বন্তরের ক্ষয়িকুতা তাঁর কাছে গভীর বেদনার বার্তা বহন করে এনেছে, সমকালীন রাজনৈতিক আন্দোলনের পর্বে পর্বে তিনি সেই বেদনার সমাধান প্রত্যাশা করেছেন। আর একান্ত আধুনিক মননবলেই গণদেবতার অভিনন্দন রচনার ক্লান্তিহীন সাধনা করেছেন। কিন্তু বৃদ্ধির তীক্ষতা অপেকা হৃদয়ের ভাবাকুলতায় আস্থা তাঁর বেশি বই কম নয়। বিশ্লেষণের মনোভূমিতে স্বেচ্ছাবিচরণ অপেক্ষাও গোটা প্রাণবস্ত মাহৃষের সাহচর্যই তাঁর অধিক কাম্য। অবক্ষয়িত বর্তমান তাঁকে জীবনবিরোধী না করে জীবনসন্ধানী করে তুলেছে। রাঢ়ের রুক্ষভূমির স্পর্শ, প্রমজীবী চরিত্তের ভাস্কর্ধনিপুণ, গঠন এবং স্থতীত্র আত্মান্তসন্ধান তাঁর উপন্তাসকে হুর্লভ শিল্পোৎকর্ষ দিয়েছে। তাঁর উপন্তাদ গ্রন্থের মধ্যে "ধাত্রীদেবতা", "গণদেবতা", "পঞ্জাম", "হাঁম্বলী বাঁকের উপকথা", "নাগিনী কন্তার কাহিনী", "আরোগ্য নিকেতন", "উত্তরায়ন", "ব্রুবানবন্দী", "পপ্তপদী", উল্লেখযোগ্য। তার প্রধান গল্প সক্ষপন হল, "জলসাঘর", "বেদেনী", "কামধেত্ব"।

বিভূতিভূষণ বন্দ্যোপাধ্যায়॥ "পথের পাঁচালী", "অপরাজিত", "দৃষ্টিপ্রদীপ", "আরণ্যক", ''আর্দর্শ হিন্দু হোটেল", "ইছামতী" প্রভৃতি উপন্তাস, এবং ''মেঘমল্লার" "মৌরীফুল", "ধাজাবদল" প্রভৃতি ক্রেন্ট গল্প সকলন বিভৃতিভূষণকে বাংলা কথা সাহিত্যেররাজ্যে অমরতা দান করেছে।

বিভৃতিভূষণের ছোট গল্পগুলিতে পল্লীকীবনের ছোটপ্রাণ, ছোট কথার প্রাণবস্ত রূপ প্রকাশ পেয়েছে। তাঁর জীরনদৃষ্টির পরিচয় নিতে গেলে দেখা যায় প্রকৃতিপ্রীতি স্থপ্নিশ্ব মোহাবেশে তাঁর জীবনের জটিলতাকে আচ্ছর করতে চেয়েছিল। গ্রামবাংলার বৃক্ষপল্লবের শ্রামলতা আর নদীধারার পেলবতা তার নিত্য অভাবকেও এক ধরনের আবরণ দিয়ে নাগর বন্তীর কদর্বতা থেকে রক্ষা করে। বিভূতিভূষণের পল্লীপ্রকৃতি, শালমহ্যার দিগস্তম্পর্শী অরণ্যানী এবং নীল আকাশের স্থপ্প মেত্র হাতচানি একটা শোভা-সৌন্দর্য-ওচিতায় কামনার মোক্ষধাম অলকাপুরীতে পাঠককে নিয়ে গিয়েছে। মেন এই স্থপলোকই এক মাত্র বাস্তব, যেন একটি ভাবঘন রসব্যাকৃলতা স্পষ্ট করে হারিয়ে গেছে জীবন থেকে—এমনি একটি ভাবঘন রসব্যাকৃলতা স্পষ্ট করে তিনি অত্যুক্ত প্রতিভার পরিচয় দিয়েছেন। কিন্তু জীবনরসের চর্চা কোথায় ? দ্র থেকে ভেলে আদা তরক্ষের ভেলে পড়ার শব্দ শুধু শোনা যায়, কিন্তু সেই টেউরের মাথায় চড়ে উল্লাসে বা আর্তনাদে আন্দোলিত হওয়া নেই। বিভূতিভূষণ পাঠককে জীবনের মুখোম্থি দাঁড় করান নি, প্রকৃতিরস থেকে দৃষ্টিপ্রদীপের আলোয় অলোকিক দেবষানে তাকে অভিসার করিয়েছেন। জীবন থেকে রূপ-রস-বর্ণ-গন্ধ-ম্পর্শের নির্যাস তিনি গ্রহণ করেছেন, জীবনকে গ্রহণ করেন নি।

প্রেমেন্দ্র মিত্র ॥ উপক্যাসে প্রেমেন্দ্র মিত্র যথেষ্ট্র সাফল্য দেখাতে পারেন নি, কিন্তু চোট গল্পে তিনি প্রথম শ্রেণীর শিল্পী। "মিত ভাষণে, বক্তব্যের স্ক্রতার, চরিত্রস্থিতে এবং বৈচিত্রে" বাংলা ছোট গল্পে তিনি অসাধারণ। তাঁর ছোট গল্প ধেমন রূপনিষ্ঠ তেমনি নিগৃত্ সঙ্কেতে জীবনের বিষণ্ণতার উপস্থাপনে আশ্রুর্য সার্থক।

মানিক বল্যোপাধ্যায়॥ মানিক বল্যোপাধ্যায় সাম্প্রতিক বাংলা সাহিত্যের একজন প্রধান উপন্যাসিক ও ছোট গল্পলেখক। তাঁর উপন্যাসের মধ্যে "দিবারাত্রির কাব্য", "গুলুল নাচের ইতিকথা", "পদ্মানদীর মাঝি", ''শহরতলী'', ''চতুছোণ'', "অহিংসা", "নোনার চেয়ে দামী", "জীয়ন্ত" প্রভৃতি স্বাপেক্ষা উল্লেখযোগ্য। ছোট গল্প সঙ্গলভালির মধ্যে নাম করতে হয়, "অত্সীমামী", "প্রাগৈতিহাসিক", "মিহি ও মোটা কাহিনী", "সরীস্প", "ভেজাল" এবং "ছোটবকুলপুরের যাত্রী''র। শেষদিকের রচনায় দলীয় মতের তীব্র উপস্থাপন এবং অকাল মৃত্যুর ষবনিকা মানিক বন্দ্যোপাধ্যায়ের পূর্ণ-বিকাশে বাধা দিয়েছে, কিন্তু স্থতীক্ষ বিশ্লেষণে, আধুনিক সভ্যতাহত জীবনের প্রতি নীরব, নিক্রিয় ও বিমৃত দৃষ্টিপাতে, কথনও বা শাণিত আঘাতে তার বর্ণাত্য মুখোসের অন্তরাল থেকে ক্রন্সী মুখাবন্ধবের উদ্ঘাটনে শক্তির বিচিত্র

লীলার পরিচয় তিনি দিয়েছেন। অবচেতনার গহনে তাঁর সঞ্চরণ, আপাতউদ্ভট সমস্তার মধ্যে তাঁর অবগাহন; কিন্তু এরই মধ্যে চিরকালীন স্বীকৃত সত্য-শিব-স্থলরের অন্তরের ভেজাল আবিদ্ধারে তিনি নীলকণ্ঠ। নাটকীয়ভাকে পরিহার করে বক্রবাচনের ঔজ্জল্যে, স্বল্প কথায় এবং বহুল ইন্দিতে বৃদ্ধির সামাজ্যে অম্প্রবেশ করায় তিনি একক বৈশিষ্ট্যের পরিচয় দিয়েছেন। যৌনক্ষার বিকৃতিও যে শিল্পরূপের অতুল স্বর্গে স্থানলাভের যোগ্য বিপুল শক্তি নিয়ে মানিক বন্দ্যোপাধ্যায় তাই-ই প্রতিষ্ঠিত করলেন। উত্তর জীবনের রচনায় তিনি সাম্যবাদী মতাদর্শে বিশ্বাসের কথা প্রকাশ করেছেন। তবে বহুক্তেরে তা প্রচারধর্ম থেকে সমুলত হয় নি।

নারায়ণ গঙ্গোপাধ্যায়॥ "উপনিবেশ", "পদসঞ্চার", "বৈতালিক", প্রভৃতি উপন্তাদ এবং "বীতংদ", "ভাটিয়ালী", প্রভৃতি ছোট গল্প সকলন নারায়ণ গঙ্গোপাধ্যায়ের প্রতিভার পরিচয় বহন করছে। উপন্তাদের ক্ষেত্রে মহাকাবিটক পটভূমির দিকে তাঁর প্রবণতা লক্ষণীয়। ঐতিহাদিক রোমান্দের সঙ্গে বস্তবাদী জীবনদৃষ্টির তীক্ষতা মুক্ত হয়ে তাঁর রচনাকে বিশিষ্ট করে তুলেছে। ভাষার এরূপ উজ্জ্ল তীক্ষ্ণতা এবং রসনিটোল রূপ বাংলা সাহিত্যে প্রায় তুল্ভ। ছোট গল্প তাঁর হাতে আদ্বিক দিদ্ধির উচ্চলোকে উঠেছে।

বনফুল, প্রমথনাথ বিশী এবং স্ববোধ ঘোষ॥ বনফুল (বলাইটাদ ম্থোপাধ্যায়) এবং স্ববোধ ঘোষ গল্প ও উপন্থাস লিথলেও ছোটগল্পেই অধিক সাফল্য লাভ করেছেন। বনফুলের গল্পে আদিকের বিচিত্র পরীক্ষানিরীক্ষার সক্ষে যুক্ত হয়েছে জীবন সম্পর্কে তির্ঘক সিনিক উপলব্ধির। স্ক্রোধ ঘোষের গল্প ভাষার কারুকার্য এবং জীবনজিজ্ঞাসার গভীরে অবতরুণ করায় বিশিষ্ট উৎকর্য লাভ করেছে। প্রমথনাথ বিশী "জোড়াদিঘির চৌধুরী পরিবার", "কেরী সাহেবের মুন্সী"র ন্থায় মহাকাব্যিক উপন্থাস রচনায় তুর্ল ড সাফল্যের পরিচয় দিলেও তাঁর প্রতিষ্ঠা প্রধানত তীক্ষ ব্যক্ষাত্মক ছোট গল্প রচনায়।

প্রবীণ লেথকদিগের মধ্যে বিভৃতিভূষণ মুখোপাধ্যায়, মনোক্ত বস্থ, প্রবোধ কুমার সাদ্যাল, বৃদ্ধদেব বস্থ, অচিষ্ট্যকুমার সেনগুপ্ত, অন্নদাশন্ধর রায়, শৈলজান্দ মুখোপাধ্যায়, জগদীশ গুপ্ত, গোপাল হালদার, শরদিন্দু বন্দ্যোপাধ্যায় প্রভৃতির নাম উল্লেখ করতে হয়। নবীনদের মধ্যেও অনেকেই সম্ভাবনা নিথে এসেছেন। ভাঁদের কথা কিছু পরবর্তীকালে লিখিত সাহিত্যের ইতিহাসে অবশ্রই মর্যাদার আসন পাবে।

কবিতা

ভূমিক।

প্রেমেন্দ্র মিত্র॥ "প্রথমা", "সম্রাট", "ফেরারী ফৌজ", "সাগর থেকে ফেরা" প্রভৃতি কাব্যগ্রন্থের লেথক প্রেমেন্দ্র মিত্রের কবিতায় জীবনজিজ্ঞাসার তীব্রতা ও গভীর আকুতি সে পরিমাণ নেই যতটা আছে উচ্চকণ্ঠ আত্মঘোষণা। শ্রমিকদের আত্মীয়তার যে কামনা তাঁর কবিতায় ভাষা পেয়েছে ভা গৌধিনতাকে ছাপিয়ে ওঠে নি। বাক্ভিক্তিও আধুনিক কালের লক্ষণ তাঁর কবিতায় অম্পষ্টভাবেই মাত্র উকি মেরেছে।

বৃদ্ধদেব বস্থ॥ "বন্দীর বন্দনা", "কৃষাবতী", "দময়ন্তী", "শ্রৌপদীব শাড়ী", "শীতের প্রার্থনাঃ বসন্তের উত্তর" প্রভৃতি কাব্য রচনা করে বৃদ্ধদেব বস্থ সাম্প্রতিক কবিকুলের প্রথম সারিতে স্থান পেয়েছেন। তাঁর কবিতার দেহ অতিমার্ক্সিত। তবে হুর্বোধ্যতা এবং বাচনবক্রতা থেকে তাঁর কবিতা অনেকথানি মৃক্ত। তিনি দেহকামনার রক্তরাগ সঞ্চারিত করেছেন তাঁর প্রেমকবিতায়। উপলব্ধির প্রগাঢ় তীব্রতা এদের মধ্যে প্রকাশিত। তবে বৃদ্ধদেব বস্থ যে অস্করের গভীরে রোমান্টিক কবির বেশি বয়সের কবিতায় তার প্রমাণ মিলছে।

জীবনানন্দ দাশ। এই পর্বের সবচেয়ে শক্তিমান কবি জীবনানন্দ দাশ।
"ঝরাপালক", "মহাপৃথিবী", "বনলতা দেন", "সাতটি, ভারার তিমির",
ভাঁর প্রধান কাব্যগ্রন্থ। কবির বাক্বিগ্রাস পদ্ধতি এবং চিত্ররচনারীতি
সাংকেতিকতায় পূর্ণ। য়ুরোপীয় অত্যাধুনিক শিল্পান্দোলনগুলির সঙ্গে এই
রপভিন্নর সম্পর্ক আছে। জীবনানন্দের বিশিষ্ট কবি মেজাজটি একটু অস্পষ্ট
কুহেলী ঘেরা বিষয়তার রাজ্যে স্বাচ্ছন্য অমূভব করে। ময় চৈতত্তের
ব্যাখ্যাতীত রহস্ম তাঁকে হাতছানি দেয়, ইতিহাসের স্পষ্ট পদক্ষেপকে কবি
লঘু কৌতুকভরে যেন অতিক্রম করে যান। তবে তার মধ্য দিয়েও হেমস্কের
বাংলাদেশের গ্রামের ছবি ভেসে আসে, একটা বিশিষ্ট সিক্ত স্করে পাঠকচিত্তকে
তা আকুল করে তোলে।

স্থী জ্ঞানাথ দত্ত। "অকেট্রা", "ক্রন্দানী", "সংবর্ত", "দশমী" স্থবী জ্ঞানাথের বিশিষ্ট কাব্যক্তর। কবির বাক্রীতিতে ব্যক্তিবৈশিষ্ট্য অত্যন্ত প্রকট। তাঁর কাব্যাশিকে ভাস্কর্থের গঠনকাঠিন্য লক্ষণীয়। অপ্রচলিত শব্দ ব্যবহার ও দ্রাঘ্য তাঁর ভাষাকে জটিল করে তুলেছে। কিন্তু এ জটিলতা বাহির থেকে আরোপিত একটা ফ্যাসান মাত্র নয়, কবির জীবনদৃষ্টিতে রয়েছে এই জটিলতার মূল। একদিকে ব্যক্তিগত প্রেমায়ভূতি জ্লন্সদিকে বিশ্ববোধ, ইতিহাস ও সমাজচেতনা কবিকে বিষয় বেদনায় আহত করেছে প্রতিনিয়ত। এই যন্ত্রণক্ষ্ম চিত্তই ভাষায় জটিল এবং শব্দে ত্রুহ হয়ে আল্মপ্রকাশ করেছে তাঁর কবিতায়।

বিষ্ণু দে॥ "উর্বশী ও আর্টেমিন", সন্দীপের চর", "অন্থিষ্ট", "নাম রেখেছি কোমল গান্ধার" বিষ্ণু দের প্রধান কাব্যগ্রন্থ। বিষ্ণু দের কবিভাষাও ছিল অত্যন্ত জটিল এবং হর্বোধ্য। এই জটিলতা কি কবির অধ্যয়নের প্রাচূর্য এবং মননের বিচিত্ত্রম্থী জটিলতারই ফল? তাঁর কবিতায় এই অধ্যয়ন গভীরতার চিহ্ন শব্দ ও চিত্রে রূপ পেশ্বে পাঠকের বোধগম্যতাকে বাধা দিয়েছে। কিন্তু বিষ্ণু দের কবিতা ক্রমেই সরল হয়ে আসছে। তাঁর উপলব্ধিতে মার্ক্সবাদী গণপ্রীতি, সমাজতত্ত্বে বিশাস, শোষকদের প্রতি গুণা প্রকাশিত হয়েছে, কিন্তু চিন্তার ও উপলব্ধির স্বাতন্ত্র্য এদের আদেন প্রচারধর্মী হয়ে উঠতে দেয় নি। ব্যক্ষের তীক্ষ নিপুণতার মধ্যে রোমান্টিক অমুভূতির চকিত প্রকাশ তাঁর কবিতাকে রম্ণীয় করে তুলেছে।

অমিয় চক্রবর্তী। অহভূতি ও মননের হৃদর সমন্বয় হয়েছে অমিয় চক্রবর্তীর কবিতায়। তিনি জ্ঞানসাধকের দ্রম্ম নিম্নেও বিশ্বপৃথিবীকে ভালবেগেছেন। নিরাসক্তের এ আসক্তি তাঁর কবিতাকে বিচিত্র স্থরে পূর্ণ করেছে। "থসড়া", "একমুঠো", "মাটির দেওয়াল", 'পারাপার" তাঁর বিখ্যাত কাব্যগ্রস্থ ।

এ পর্বের অস্থান্থ বিশিষ্ট কবি হলেন অজিত দত্ত, সমর সেন, স্থভাষ ম্থোপাধ্যায়, স্থকান্ত ভট্টাচার্য প্রভৃতি। একান্ত তরুণদলের মধ্যেও বেশ ক্ষেকজন ভবিস্ততের প্রতিশ্রুতি নিয়ে এসেছেন। সাহিত্যের ইতিহাসে তাঁরা নিংসন্দেহে নিজেদের স্থান করে নেবেন।

॥ তিন ॥

নাটক

ভূমিকা

এই পর্বের নাট্যসাহিত্যের আধুনিকতা কাব্য বা কথাসাহিত্যের স্থায় তীব্রভাবে আত্মপ্রকাশ করে নি। উৎকর্ষের দিক থেকেও পূর্বেক্ত তৃটি ধারাকে স্পর্শ করবার যোগ্যতা পায় নি বাংলা নাটক। মোটাম্টিভাবে গিরিশচন্দ্র-ছিজেন্দ্রলালের ধারায়ই বাংলা নাটক চলেছে। তবে মঞ্চ ব্যবস্থার আধুনীকিকরণের সঙ্গে সঙ্গে নাট্য-আন্ধিকে কিছু নবীনতা এসেছে। তাছাড়া অপেশাদারী নাট্যান্দোলন নাট্যপরিবেশনায় পেশাদারী মঞ্চের গতাম্থ-গতিকতাকে অস্বীকার করায় নৃতন ধরনের অল্প ত্'চারখানা নাটকের আবির্ভাব ঘটতে লাগল। তাছাড়া যে সব সাহিত্যিক মঞ্চের সঙ্গে যুক্ত নন তাঁরা নৃতন ধরনের নাটক রচনায় অগ্রসর হয়েছেন। সমকালীন সাহিত্যধারার সঙ্গে বাদের সামান্তও সংযোগ আছে এমন নাট্যকারদের রচনায়ও কিছু নবীন ক্ষতির স্পর্শ লাগল।

্যোগেশ চৌধুরী॥ "গীতা", "চিগিজয়ী", "বাংলার মেয়ে" প্রভৃতি নাটকের রচয়িতা যোগেশ চৌধুরী চরিত্রস্টিতে কিছু গভীর দৃষ্টিভৃত্তির পরিচয় দিয়েছিলেন। অন্তর্মল তাঁর চরিত্রগুলিকে জটিল ও প্রাণময় করে তুলেছিল। এদের ত্বাই অভিনয়সাফল্যের উপরেও কিছু সাহিত্যিক মূল্য স্বীকার্য।

মন্মথ রায়। "একান্ধিকা"র নবআন্ধিকে তিনি একরপ সিদ্ধিলাভ করেছেন। প্রগলভ প্রবৃত্তি-সংকোভ এই নাটিকাগুলির সংহত ও সংক্ষিপ্ত অবয়বে ঝড়ের কম্পন এনে দিয়েছে। "দেবাস্থর", 'কোরাগার', 'শ্রীবৎস'' প্রভৃতি পৌরাণিক নাটকে তিনি দিজেন্দ্রলালের ব্যর্থ সাধনাকে অনেকটা সকল করে তুলেছেন। পুরাণ-ঘটনার পরিবেশে একালীন জীবনজিজ্ঞাসা ও চরিত্র-প্রত্যয় নিয়ে এসে তিনি নতন প্রাণরস এদের মধ্যে সঞ্চারিত ক্রেছেন।

শচীক্রনাথ সেনগুপ্ত॥ "গৈরিক পতাকা", "সিরাজদ্দৌলা", "ধাত্রীপায়া", "রাষ্ট্রবিপ্লব", "স্বামীস্ত্রী", "তটিনীর বিচার", "নার্সিং হোম" প্রভৃতি ঐতিহাসিক ও সামাজিক নাটক রচনা করে শচীক্রনাথ খ্যাতি অর্জন করেছিলেন। প্রথম দিকের ঐতিহাসিক নাটকগুলিতে স্বাদেশিকতা ও ভাবাতিরেক থাকলেও পরে তিনি সংহত অন্তর্জ মননপ্রবৃদ্ধ নাট্যরচনায় প্রবৃত্ত হয়েছিলেন। কিছু আদর্শবাদের প্রভাব সত্ত্বেও এদের সাফল্য স্বীকার্য। তাঁর সামাজিক নাটকগুলি একালের অতি জাটিল সামাজিক সমস্তা অবলম্বনে রচিত।

তুলদী লাহিড়ী ॥ "তৃ:খীর ইমান", "পথিক", "চেঁড়া তার" প্রভৃতি নাটকে তুলদী লাহিড়ী একদিকে প্রগতিশীল চিস্তাধারা অন্তদিকে স্থপরিচ্ছন্ন নাট্যবোধের পরিচয় দিয়েছেন। সামাজিক সমস্যাজনিত সংঘাত এবং ব্যক্তির সমস্যাও অন্তর্ভন্দ তাঁর নাটকগুলিতে অনেকটা সমন্বিত হয়েছে। বাঙালী ম্সলিম সমাজের পটভূমিতে ব্যক্তির ও সমাজের অন্তর্ভন্দ ছেঁড়া তার নাটকে প্রথম সম্যক নাট্যরূপ লাভ করেছে।

প্রমথনাথ বিশী॥ প্রমথনাথ বিশীর "ঋণং কৃত্বা", ''গুতুং পিবেং'' এবং "মৌচাকে চিল' বান্ধ নাট্যের ইতিহাসে একক স্থানের অধিকারী। পুরাতন প্রহসনের ক্রচিহীনতা এদের স্পর্শ করে নি। কিন্তু রবীক্রনাথস্থলভ শ্বিতহাস্থাও এথানে প্রত্যাশিত নয়। ব্যক্ষের তীব্রতা এদের কটু আস্বাদে বিশিষ্ট করে তুলেছে।

বনফুল (বলাই চাঁদ মুখোপাধ্যায়)॥ "শ্রীমধুস্দন" এবং "বিভাসাগর" লিখে বাংলা জীবনীনাট্যের উদ্বোধন করলেন। "দশুভাণ' প্রভৃতি গ্রন্থে বিবিধ নাট্য-আন্দিক নিয়ে তিনি পরীক্ষা করেছেন। তাঁর স্ক্র নাট্যচেতনা এই রচনাগুলির মধ্যে প্রকাশিত।

্ অক্সান্ত নাট্যকারদের মধ্যে নামোল্লেখ করতে হয় জলধর চট্টোপাধ্যায়, বিধায়ক ভট্টাচার্য, মহেন্দ্র গুপ্ত, তারাশঙ্কর বন্দ্যোপাধ্যায়, মনোন্ধ বস্থ প্রভৃতির।

॥ ठांत्र ॥

প্রবন্ধ-সাহিত্য

বাংলা প্রবন্ধ-সাহিত্য এই পর্বে পূর্ববর্তী পর্বের তুলনায় কোন বিশিষ্ট স্বাতস্ত্রা নিয়ে উপস্থিত হয় নি। বাংলা প্রবন্ধ যে বিষয়গুলির চর্চায় তুর্বল্ডা ছিল তা এ পর্বেও দ্রীভৃত হয় নি। প্রধানত দর্শন, সাহিত্য-সংস্কৃতি ও ইতিহাস চর্চায় বাংলা বিষয়গোরবী প্রবন্ধ আত্মনিয়োগ করেছে। রাজনীতি-অর্থনীতি বিষয়ক আলোচনায় কিছু জোয়ার এসেছে। বিশেষত সাম্যবাদী চিন্তাধারা নিয়ে নানা গ্রন্থ লিখিত হয়েছে। ইতিহাস ও সংস্কৃতি বিচারে এবং সাহিত্য স্মালোচনায় মাক্সবাদীরা গুরুত্বপূর্ণ ভূমিকা গ্রহণ করেছেন।

রম্যরচনা নামে একটি কথার বহুল প্রচলন হয়েছে। কিন্তু এর ষ্থাষোগ্য সংজ্ঞা খুঁজে পাওয়া যায় নি। আত্মগোরবী রচনার ক্ষেত্রে ভাবগভীরতা এবং সৌন্দর্যদৃষ্টির প্রভাব কমেছে, লঘু চটুলতা, আলাপচারী মনোভাব এবং ঠাট্টা ও রিশকতার ভাব প্রাধান্য পেয়েছে। প্রমথ চৌধুরীর প্রভাবে বাংলা প্রবন্ধে মননশীল, বৃদ্ধিচাতুর্যে দৃপ্ত, বাচনভঙ্গির প্রাথর্যে উজ্জ্ঞল একদল প্রাবন্ধিক দেখা দিলেন। কিন্তু অপর একদল চিন্তার মৌলিকতাকে এড়িয়ে শুধু ভাষার বক্রচতুর থেলাকেই প্রমথ চৌধুরীর উত্তরস্বীত্ব বলে চালাতে শুরু করলেন। বাংলা প্রবন্ধের ভবিন্তং সম্বন্ধে কাজেই সম্প্রতি নিশ্চিন্ত করে কিছু বলা কঠিন।

বিষয়গৌরবী প্রবন্ধ রচনায় স্থনীতি কুমার চট্টোপাধ্যায়, স্থনীল কুমার দে, রাজশেখর বস্থ, নীহাররঞ্জন রায়, স্থকুমার সেন সংস্কৃতির নানা দিকে দৃক্পাত করেছেন; শ্রীকুমার বন্দ্যোপাধ্যায়, শশিভ্ষণ দাশগুপ্ত, প্রমথনাথ বিশী সমালোচনায় কৃতিত্ব দেখিয়েছেন; রাধাগোবিন্দ নাথ দার্শনিক প্রবন্ধে মনীষার পরিচয় দিয়েছেন; বিবেকানন্দ মুখোপাধ্যায় রাজনৈতিক প্রবন্ধে সফল হয়েছেন। প্রমথ চৌধুরীর ধারার লেখকদের মধ্যে বিশিষ্ট স্থান পেতে পারেন অতুলচন্দ্র গুপ্ত, অল্লাশন্ধর রায়, ধৃজ্টিপ্রসাদ মুখোপাধ্যায় প্রভৃতি। নানা জাতীয় আত্মগোরবী স্ক্রনধর্মী প্রবন্ধে বৃদ্ধদেব বস্থ, অল্লাশন্ধর রায়, মৃজ্তবা আলী, মনোজ বস্থ, প্রবোধ কুমার সাল্ল্যাল, কুমারেশ ঘোষ, রঞ্জন, বিমলাপ্রসাদ মুখোপাধ্যায় কৃতিত্বের পরিচয় দিয়েছেন।

অ

অচিন্তাকুমার সেনগুপ্ত ২১৫
অব্লিভ দত্ত ২১৮
অতুলপ্রসাদ সেন ২০৩
অতুলচক্র গুপ্ত ২২০
অরদাশন্কর রায় ২১৫
অফুরপা দেবী ১৯৮
অবনীক্রনাথ ঠাকুর ২০৭
অমিয় চক্রবর্তী ২১৭
অম্যুত্রলাল বহু ৮৬
অক্ষয়কুমার দত্ত ৩৩
অক্ষয়কুমার বডাল ১২১
অক্ষয়কুমার সরকার ১৬৫
অক্ষয়কুমার সরকার ১৬৫
অক্ষয়কুমার সরকার ১৬৫

আ

আখ্যান-কাব্য ৫৪, ৯৩, ৯৬, ৯৭, ১০৪, ১১০, ১১১, ১১৪, ১১৫
আজুগৌরবী প্রবন্ধ (বা রচনা-সাহিত্য বা রসরচনা) ১২-১৩, ২০, ৩২, ৩৮, ১৪৪, ১৫৪, ১৫৮, ১৬০, ১৯১, ২০৫, ২০৬, ২০৭, ২১৯
আদি গজের চার রীতি ১২

É

हैखनाथ वत्माशाशाश्च ১১৫, ১৫०

R

ঈশানচন্দ্র বন্দ্যোপাধ্যায় ১১৪ ঈশার গুপ্ত ৫০ ইলসম্ম বিজ্ঞাসাগ্র ৩০ T

উইলিয়াম কেরী ১৮ উপন্থাসের কথা ১২৭ উপন্থাসের জন্ম (বাংলা) ১২৯ উপেন্দ্রনাথ গঙ্গোপাধ্যায় ১৯৯ উমেশচন্দ্র মিত্র ৬৭

4

"এডুকেশন গেজেট" পত্তিকা ২৫, ৪০ ঐ

ঐতিহাসিক নাটক ৭২, ৮০, ৮৪, ৮৯, ৯২, ২১৮-১৯
ঐতিহাসিক রোমান্স ও ঐতিহাসিক
উপত্যাস ১২৭, ১৩০, ১৩২-৩৩,
১৩৬-৩৭, ১৬৮, ১৩৯-৪০, ১৪০৪২, ১৪৪, ১৪৭, ১৪৮, ১৪৯, ১৫২,
১৫৫, ১৮২, ১৯৮, ২১৪

ক

কবিতায় যুগসদ্ধি ৪৬
কবিওয়ালা ৪৭
করুণানিধান বন্দ্যোপাধ্যায় ২০৪
কামিনী রায় ১২৪
কালিদাস রায় ২০৫
কালীপ্রসন্ধ সিংহ ৪৩, ৬৭
কালীপ্রসন্ধ ঘোষ ১৬৩
কিরণধন চট্টোপাধ্যায় ২০৩
কুম্দরঞ্জন মল্লিক ২০৪
কেশবচন্দ্র সেন ১৬২
কেদারনাথ বন্দ্যোপাধ্যায় ১৯৯
কুঞ্মোহন বন্দ্যোপাধ্যায় ৪৫

গ

গিরিশচক্র ঘোষ ৮১ वित्रीक्रायाहिनी मानी ১२६ গীতিকাব্য ৯৪, ১০২, ১০৬, ১০৯, তারকনাথ গঙ্গোপাধ্যায় ১৪৮ ১১৫, ১২০, ১২১, ১২২, ১২৩, তারাশঙ্কর তর্করত্ব ৪৬ 328, 32¢, 200-20¢, 235-36 (भाविन्स्टन्स् माम ১२८ গোপাল হালদার ২১৫

চন্দ্ৰাথ বস্তু ১৬৩ **हन्मरमथत भूरभाभाभाग ३००, ३**७७ **ठाक्**ठक वरन्गाभाधाय ১००

ছোট গল্পের স্বরূপ ১২৮ ছোট গল্পের জন্ম ও বিকাশ ১৩১, ১৪৪, দীনেশচক্র সেন ২০৯ ১৪৫-৪৬, ১৪৭, ১৫১, ১৫৩, ১৮৬, ८मरवस्त्रनाथ ठाकुत ०৮ >20, >26, >26, 4>2->6

क्रामीम खरा २১० कीवनानम मान २)१ कलथत हस्तिभाषाम २०२ ন্যোতিরিজ্ঞনাথ ঠাকুর ৮০

টপ্লাগান ও নিধুবাবু ৪৯ द्वीटकि (नांठेक) ७८, ७१, १२, १८, be, ba, 39a, 23b-3a

ঠাকুরদাস মুখোপাধ্যায় ১৬৬

"তত্তবোধিনী পত্রিকা" ৩৩ তারাচরণ শিকদার ৬৪ তারাশন্ধর বন্দ্যোপাধ্যায় ২১৩ जुनमी नाहिड़ी २১२ তৈলোক্যনাথ মুখোপাধ্যায় ১৪৫

नारमानत पूर्याभाधाय ১৫२ দাশর্থি রায় ৪৯ "मिन मर्भन" পত্রিকা ২৪ षिष्टक्रमाथ ठाकुत ১२७, ১७२ विष्कुलान ताथ ৮৮, ১২৫ দীনবন্ধ মিত্র ৭৩ দেবেজনাথ সেন ১২২

ਜ

নগেন্দ্রনাথ গুপ্ত ১৫৩ नकक्न डेमनाम २०२ ''নবজীবন'' পত্রিকা ১৫৪, ১৬৬ নবজাগতি (বাংলাদেশে) ৪-৭ নবজাগৃতির বাংলা সাহিত্যের সাধারণ নবীনচন্দ্ৰ সেন ১০৮ नद्रभावक स्मान्ध्र ३३३ नार्टेरक याजात्र क्षेष्ठाव ६२, ७१, ११, 42, 62 নাটকে সংস্কৃত রীতির প্রভাব ৫৯. ৬৭

নাটকে ইংরেজী রীতির প্রভাব ৫৯, ৬৭, ৮°০, ৮২, ৮৮ নারায়ণ গঙ্গোপাধ্যায় ২১৫ নিরুপমা দেবী ১৯৮ নীহাররঞ্জন রায় ২২০

9

পরশুরাম (রাজশেখর বস্থ) ২১২ পাঁচকডি বন্দ্যোপাধ্যায় ২০৯ প্যারীচাদ মিত্র ৩৭, ১৩০ (भोतानिक नाठक ७४, ७७, १०, १४, 99, 68, 66, 23, 236-32 প্রাক্-আধুনিক বাংলা গতা ১৪ ''প্রচার" পত্রিকা ১৫৪ প্রতাপচন্দ্র ঘোষ ১৪৮ প্রবোধকুমার সাকাল ২১৫ প্রভাতকুমার মুখোপাধ্যায় ১৯৩ প্রমথ চৌধুরী ১৯৭, ২০০, ২০৭ প্রমথনাথ বিশী ২১৫, ২১৯ প্রমথনাথ রায় চৌধুরী ২০৩ প্রবন্ধের তুই ধারার জন্ম ১২-১৩ প্রহসন ৬৬, ৬৭, ৭১, ৭৫,৮০,৮৭, ১৮०, २১৯

क

. कार्षे উই नियाग कल । ১৬-२२

প্রেমেন্দ্র মিত্র ২১৪, ২১৬

ৰ

বন্ধিমচন্দ্র চট্টোপাধ্যায় ১৩১, ১৫৫
"বন্ধন" পত্রিকা ১৫৫, ১৬৪
"বন্ধবাদী" পত্রিকা ১৪৬, ১৫১
বনফুল (বলাইটাদ মুখোপাধ্যায়) ১১৫

বলেক্সনাথ ঠাকুর ২০০, ২০৫

"বান্ধব" পত্রিকা 5৫৪, ১৬০
বিধায়ক ভট্টাচার্য ২১৯

"বিবিধার্থ সংগ্রহ" পত্রিকা ২৫
বিবেকানন্দ ১৬৬
বিবেকানন্দ মুখোপাধ্যায় ২১৫
বিভূতিভূষণ বন্দোপাধ্যায় ২১৫
বিষয়-গৌরবী প্রবন্ধ ১৫৪, ১৫৫, ১৫৬, ১৫৭, ১৫৯, ১৯০, ২০৫, ২০৬
২০৭, ২০৮, ২০৯, ২২০
বিষ্ণু দে ২১৭
বিহারীলাল চক্রবতী ১১৫
বুদ্ধদেব বন্ধ ২১৬

B

ভবানীচরণ বন্দ্যোপাধ্যায় ২৯ ভূদেব মুখোপাধ্যায় ৪০, ১৩০ "ভারতী" পত্রিকা ১৪৪

य

মনোমোহন বস্ত ৭৮

মনোজ বস্ত ২১৫

মন্মথ রায় ২১৮

মধুস্দন দত ৬৮, ৯৫

মধ্যযুগের বাংলাদেশ ১-২

মধ্যযুগের বাংলা সাহিত্যের বৈশিষ্ট্য

২-৪

মহাকাব্য ৯৩, ৯৪, ৯৯, ১০২, ১০৬,

১১১

মহাকাব্য-আধ্যানকাব্যধারার

পরিণতি ১১৪

মহিলা কবি (উনবিংশ শতক)
১২৪-২৫
মহেল্ড গুপ্ত ২১৯
মানকুমারী বস্থ ১২৫
মানিক বন্দ্যোপাধ্যায় ২১৪
"মানিক পত্রিকা" ২৫
মিশনারী ও বাংলা গভ ১১, ১৪
মিনেস ম্লেন্স (ফুলমণি ও করুণার বিবরণ) ১২৯
মীর মশার্বফ হোসেন ১৪৮
মৃজত্বা আলী ২২০
মোহিতলাল মজুমদার ২০ জ ২০৭
মৃত্যঞ্জয় বিভালকার ১৯

য

যতীক্রমোহন বাগচী ২০৪
যতীক্রনাথ সেনগুপ্ত ২০১
যাত্রা ৬০
যোগেশ চৌধুরী ২১৮
যোগেক্রচক্র গুপ্ত ৬৪
যোগেক্রচক্র বস্ত্ ১৫১
যোগেক্রনাথ বিভাভূষণ ১৬৪

র

রজনীকান্ত দেন ২০৩
রজনীকান্ত গুপ্ত ১৬৫
রজমঞ্চ ৬১
রজলান বন্দ্যোপাধ্যায় ৫৪
রবীন্দ্রনাথ—কাব্য ১৬৯
রবীন্দ্রনাথ—নাটক ১৭০
রবীন্দ্রনাথ—ভেগট গল্প ১৮৬
রবীন্দ্রনাথ—উপস্থান ১৮২

রবীজনাথ—প্রবন্ধ ১৮৮
রবীজ প্রভাব ১৬৮, ১৯৩, ২০০, ২০৫,
২০৯
রমেশচন্দ্র দন্ত ১৪০
"রহন্দ্র সন্দর্ভ" পত্রিকা ২৫
রাজরুফ রায় ৭৮
রাজরুফ মুখোপাধ্যায় ১৬৪
রাজেন্দ্রলাল মিত্র ৪৫
রাধাগোবিন্দ্র নাথ ২২০
রামরাম বস্থ ২১
রামমোহন রায় ২৬
রামনারায়ণ তর্করত্ব ৬৫
রামনারায়ণ তর্করত্ব ৬৫
রামনারায়ণ তর্করত্ব ৬৫

×1

রামেক্রফ্রন্দর ত্রিবেদী ২০৬

শরৎচন্দ্র চট্টোপাধ্যায় ১৯৪
শরদিন্ বন্দ্যোপাধ্যায় ২১৫
শচীন্দ্রনাথ সেনগুপ্ত ২:৯
শশান্ধমোহন সেন ২০৯
শশিভূষণ দাশগুপ্ত ২২০
শিবনাথ শাস্ত্রী ১৪৯, ১৫৯
শৈলজ্ঞানন্দ মুখোপাধ্যায় ২১৫
শ্রীকুমার বন্দ্যোপাধ্যায় ২২০
শ্রীশচন্দ্র মজুমদার ১৫২

39

"সংবাদ প্রভাকর" পত্তিকা ২৪ "সবৃজ পত্ত" :৮৬, ২০৭ "সম্বাদ কৌমুদী" পত্রিকা ২৪ "সমাচাব দর্পণ" পত্তিকা ২৪ "সমাচার চল্রিকা" পরিকা ২৪
সমালোচনা-সাহিত্য ১৩, ২১
১৫৫, ১৫৬, ১৮৮, ২০৫, ২০৬,
২০৭, ২০৮, ২০৯, ২১৯
সমর সেন ২১৭
"সমালোচক" পরিকা ১৫৪, ১৫৯,

সত্যেক্সনাথ দত্ত ২০৩
সঞ্জীবচন্দ্র চট্টোপাধ্যায় ১৪৮, ১৬১
সাময়িক পত্র ২২
সাম্প্রতিক সাহিত্যের লক্ষণ ২১১
সামাজিক নাটক ৬৬, ৬৭, ৭৪,

৮৫, ২১৮-১৯
সামাজিক ও পারিবারিক উপন্তাস
১২৭, ১২৯, ১৩০, ১৩৫,
১৩৭, ১৩৮, ১৪২, ১৪৫, ১৪৮,
১৪৯, ১৫০, ১৫০, ১৮৩, ১৯৩,
১৯৪, ১৯৮, ১৯৯, ২১২-১৫
"সাহিত্য" পত্রিকা ২০৯
"সাধনা" পত্রিকা ১৮৬

"সাধারণী" পত্তিকা ১৫৪

স্কুমার সেন ২২০
স্কান্ত ভূটাচার্ব ২১৭
স্বোধ ঘোষ ২১৫
স্থান্তনাথ দত্ত ২১৭
স্বনীতিকুমার চটোপাধ্যায় ২২০
স্বেলচন্দ্র সমাজপতি ২০৯
স্থান ম্থোপাধ্যায় ২১৭
স্থানকুমার দে ২২০
"সোমপ্রকাশ" পত্রিকা ১৫৪, ১৫৯
স্বর্ণকুমারী দেবী ১৪৪

₹

হরচন্দ্র ঘোষ ৬৫

হরপ্রসাদ শাস্ত্রী ১৫২, ১৬০

হাস্তরসাত্মক গল্প ও উপস্থাস ১৪৫

১৪৬, ১৫০, ১৫১, ১৫২, ২১২, ২১৫

"হিতবাদী" পত্রিকা ১৮৬

হেমচন্দ্র বন্দ্যোপাধ্যায় ১০৩

零

कीरवामश्रमाम विश्वीविद्याम ३०